

আপনি বাইবেল বুঝতে পারবেন!

পুরাতন নিয়ম পরিক্রমা

আদিপুস্তক – মালাখী

ড. বব উটলে

Hermeneutics এর অধ্যাপক

(বাইবেল ব্যাখ্যা)

BIBLE LESSONS INTERNATIONAL: MARSHALL, TEXAS

2002 (Revised 2010)

পুরাতন নিয়ম পরিক্রমা
আদিপুস্তক – মালাখী

ড. বব উটলে
বাইবেল লেসন ইন্টারন্যাশনাল

বিষয় বস্তু

- I. উত্তম বাইবেল অধ্যয়ন নির্দেশিকা
- II. প্রারম্ভিক বক্তৃতা
 - ক. ব্যবহৃত টার্মসমূহ
 - খ. কেন পুরাতন নিয়ম অধ্যয়ন
 - গ. পুরাতন নিয়ম কিভাবে অধ্যয়ন করতে হবে
 - ঘ. মূল (BASIC) মানচিত্র
 - ঙ. মূল (BASIC) সময় রেখা
- III. তোরা
 - ক. আদিপুস্তক
 - খ. যাত্রাপুস্তক
 - গ. লেবীয়
 - ঘ. গণনা
 - ঙ. দ্বিতীয় বিবরণ
- IV. পূর্বকালীন ভাববাদীগণ
 - ক. যিহোশূয়
 - খ. বিচারকর্তৃকগণ
 - গ. রুত (লেখনীসমূহ)
 - ঘ. শমূয়েল
 - ঙ. রাজাবলী
- V. চার্ট – বিভক্ত রাজ্যের রাজাগণ
- VI. লেখনীসমূহ
 - ক. বংশাবলী
 - খ. ইস্রা
 - গ. নহিমিয়

VII. ঘ. ইষ্টের
প্রজ্ঞা সাহিত্য

ক. হিব্রু কবিতা
খ. বইগুলি
ইয়োব
গীতসংহিতা
হিতোপদেশ
উপদেশক
পরমগীত

VIII. প্রধান ভাববাদীগণ

ক. পুরাতন নিয়মের ভাববাণীসমূহের ভূমিকা
খ. বইগুলি
যিশাইয়
যিরমিয়
বিলাপ
যিহিস্কেল
দানিয়েল

IX. ক্ষুদ্র ভাববাদীগণ

হোশেয়
যোয়েল
আমোষ
ওবদীয়
যোনা
মীখা
নহুম
হবককুক
সফনীয়
হগয়
সখরিয়
মালাখী

উত্তম বাইবেল অধ্যয়নের নির্দেশনাঃ

প্রমাণযোগ্য সত্যের জন্য ব্যক্তিগত অনুসন্ধান

(A GUIDE TO GOOD BIBLE READING:
A PERSONAL SEARCH FOR VERIFIABLE TRUTH)

আমরা কি সত্য জানতে পারি? কোথায় এটি পাবো? আমরা কি একে যুক্তিগত ভাবে প্রমাণ করতে পারি? সর্বোচ্চ কর্তৃত্বকারী বলে কি কেউ আছেন? এমন চূড়ান্ত কি কিছু আছে যা আমাদের জীবনকে, আমাদের পৃথিবীকে পরিচালনা দিতে পারে? জীবনের কি কোন অর্থ আছে? আমরা কেন পৃথিবীতে? আমরা কোথায় যাচ্ছি? এই প্রশ্নগুলি-যা সকল যুক্তিসম্মত লোকের গভীর ভাবে চিন্তার-মানবিক মেধাকে সময়ের শুরু থেকেই বিব্রত করেছে (উপদেশক ১:১৩-১৮; ৩:৯-১১)।

আমার জীবনের অখন্ড বিষয় নিয়ে আমার ব্যক্তিগত অনুসন্ধানকে স্মরণ করতে পারি। আমি খুব অল্প বয়স থেকেই একজন খ্রীষ্ট বিশ্বাসী, যার ভিত্তি ছিল প্রাথমিক ভাবে পরিবারের অন্যান্যদের তাৎপর্যপূর্ণ সাক্ষ্য। আমি যখন বয়ঃপ্রাপ্ত হলাম, সঙ্গে সঙ্গে আমার নিজের বিষয়ে এবং আমার জগৎ সম্পর্কে প্রশ্নও বাড়তে লাগলো। সাধারণ সাংস্কৃতিক ও ধর্মীয় কথামালা কোন অর্থ বহন করতো না সেই সব অভিজ্ঞতার যা আমি পাঠ করেছি বা যার সম্মুখাসম্মুখি হয়েছি। এটা ছিল অস্বস্তিকর, কঠোর জগত যে জগতে আমি বাস করি তার সামনে একটা দ্বিধাদ্বন্দ্বের, অশেষণের, আকাংখ্যার এবং প্রায়ই হতাশার অনুভূতির সময়।

অনেকে দাবী করে যে তাদের কাছে এই সব চূড়ান্ত প্রশ্নের উত্তর রয়েছে, কিন্তু গবেষণা ও চিন্তার পরে আমি পেয়েছি যে তাদের উত্তরগুলির ভিত্তি ছিল: (১) ব্যক্তিগত দর্শন, (২) প্রাচীন লোক-কাহিনী, (৩) ব্যক্তিগত অভিজ্ঞতা অথবা (৪) মানসিক অভিব্যক্তি। আমার দরকার ছিল কিছু নিশ্চয়তা, কিছু প্রমাণ, কিছু যুক্তি সম্মত বিচার যার উপরে আমার বিশ্ব-দর্শন, আমার অখন্ডতার কেন্দ্র, আমার বেঁচে থাকার যুক্তি নির্ভরশীল।

আমি এগুলি আমার বাইবেল অধ্যয়নে পেয়েছি। আমি এর বিশ্বাসযোগ্যতার প্রমাণের বিষয়ে অনুসন্ধান শুরু করি, যা আমি পেয়েছি (১) বাইবেলের ঐতিহাসিক বাস্তবতা যেটি নিশ্চিত করেছেন প্রত্নতত্ত্ববিদেরা, (২) পুরাতন নিয়মের ভাববাণীর নির্ভুলতা, (৩) বাইবেল লেখনীর সম্পূর্ণ ১৬ শত বছর এর বার্তার ঐক্য, এবং (৪) সেই সব লোকদের ব্যক্তিগত সাক্ষ্য, যাদের জীবন বাইবেলের সংস্পর্শে এসে স্থায়ীভাবে পরিবর্তিত হয়ে গেছে। খ্রীষ্টধর্ম, নির্ভরতা ও বিশ্বাসের একীভূত পদ্ধতি হিসাবে, মানুষের জীবনের এই সব জটিল প্রশ্ন নিয়ে আলোচনা করতে সমর্থ। এগুলি কেবলমাত্র যুক্তিসম্মত কাঠামো যোগায় না, কিন্তু বাইবেল নির্ভরতার অভিজ্ঞতা-ভিত্তিক দিকসমূহ আমাকে আবেগগত দিক দিয়ে আনন্দ ও দৃঢ় প্রত্যয় এনে দেয়।

আমি ভেবেছি যে আমার জীবনের জন্য অখন্ড কেন্দ্র পেয়ে গেছি-বাইবেল। এটি ছিল একটি শিহরণ জাগান অভিজ্ঞতা, এক আবেগময় প্রশান্তি। যাহোক, আমি এখনও স্মরণ করতে পারি সেই আঘাত ও যন্ত্রণা যখন এটি আমার কাছে প্রকাশিত হতে থাকে যে এই বইটির কতগুলি ভিন্ন ভিন্ন অনুবাদ যা লোকের দ্বারা সমর্থিত, কখনও কখনও একই মন্ডলীতে এবং চিন্তাশীল পণ্ডিতদের কাছে। বাইবেলের নির্ভরযোগ্যতা ও অনুপ্রেরণা অনুমোদনের শেষ ছিল না, কিন্তু কেবলমাত্র আরম্ভ ছিল। কিভাবে আমি শাস্ত্রের অনেক কঠিন অংশের পরস্পর বিরোধি ও পার্থক্য বিশিষ্ট অনুবাদকে যারা দাবী করছে যে তা কর্তৃত্বকারী ও নির্ভরযোগ্য সেগুলি প্রমাণ করবো বা বাতিল করবো?

এই কাজটি হয়ে পড়লো আমার জীবনের লক্ষ্য এবং বিশ্বাসের তীর্থযাত্রা। আমি জানতাম যে খ্রীষ্টে আমার বিশ্বাস আমার জীবনে মহা শান্তি ও আনন্দ এনেছে। আমার সংস্কৃতির সম্পর্কের মাঝখানে আমার মন আকাংখী ছিল কোন চূড়ান্ত কিছুর এবং ধর্মীয় পদ্ধতির গোঁড়ামীপূর্ণ দ্বন্দ্ব ও ডিনোমিনেশনগত উদ্ধত্য। প্রাচীন সাহিত্যের অনুবাদের বিষয়ে আমার বৈধ প্রক্রিয়ার অশেষণে, আমি বিস্মিত হয়েছিলাম আমার নিজের ঐতিহাসিক, সাংস্কৃতিক, ডিনোমিনেশনাল ও অভিজ্ঞতার পক্ষপাত আবিষ্কারে। আমি মাঝে মাঝেই বাইবেল পাঠ করি কেবলমাত্র আমার নিজের দৃষ্টিভঙ্গি পুনরায় শক্তিশালী করার জন্য। আমি এটি ব্যবহার করি গোড়ামির উৎস হিসাবে অন্যদের আক্রমণ করতে যখন পুনঃনিশ্চিত আমার নিজের নিরাপত্তাহীনতা এবং অপ্রতুলতার। এই বাস্তবতা উপলব্ধি আমার কাছে কতটা যন্ত্রণাদায়ক ছিল!

যদিও আমি কখনোই সম্পূর্ণরূপে উদ্দেশ্যমূলক হতে পারিনি, আমি একজন ভাল বাইবেল পাঠক হতে পেরেছি। আমি আমার মূল পক্ষপাতকে সীমাবদ্ধ করতে পারি সেগুলিকে চিহ্নিত করে এবং তাদের উপস্থিতি স্বীকার করে। যদিও আমি সেসব থেকে মুক্ত হতে পারিনি, কিন্তু আমি আমার নিজের দুর্বলতার সম্মুখাসম্মুখি হয়েছি। অনুবাদক প্রায়ই ভাল বাইবেল পাঠের সবচেয়ে খারাপ শত্রু!

সেজন্য, বাইবেল অধ্যয়নে আমি আমার পূর্ব ধারণাগুলি তালিকা করছি যেন আপনি, পাঠক হিসাবে, আমার সাথে সেগুলি পরীক্ষা করতে পারেন:

- (১) আমি বিশ্বাস করি বাইবেল হল একমাত্র সত্য ঈশ্বরের অনুপ্রাণিত আত্ম-প্রকাশ। সেজন্য, এটি অবশ্যই অনুবাদ করতে হবে নির্দিষ্ট ঐতিহাসিক অবস্থানে ঐশ্বরীক অনুপ্রাণিত মূল লেখকের মানবিক লেখকদের মাধ্যমে প্রকাশিত উদ্দেশ্যের আলোতে।
- (২) আমি বিশ্বাস করি যে বাইবেল সাধারণ মানুষেরা লিখেছেন- সকল মানুষের জন্য! ঈশ্বর নিজেকে স্পষ্টভাবে আমাদের সাথে কথা বলার পর্যায়ে এনেছেন ঐতিহাসিক এবং সাংস্কৃতিক প্রেক্ষাপটে। ঈশ্বর সত্য গোপন করেন না-তিনি চেয়েছেন আমরা যেন বুঝি! সেজন্য, এটি অনুবাদ হতে হবে সেই সময়ের আলোকে কিন্তু আমাদের সময়ের আলোকে নয়। বাইবেল এমন নয় যে আজকে আমাদের কাছে যে অর্থ প্রকাশ করছে তা তাদের কাছে কখনোই প্রকাশ করেনি প্রথম যারা এর কথা শুনেছে বা পাঠ করেছে। এটা গড়পড়তা সকল মানবিক মনের বোধগম্য এবং ব্যবহার যোগ্য সাধারণ মানবিক যোগাযোগ কৌশল ও প্রক্রিয়াতে।
- (৩) আমি বিশ্বাস করি বাইবেলে রয়েছে অখন্ড বার্তা ও উদ্দেশ্য। এটা কখনো নিজেকে নিজের সাথে বিরোধ করে না, যদিও এতে কঠিন ও অসামঞ্জস্যপূর্ণ প্যাসেজ আছে। তাই বাইবেল নিজেই হল বাইবেলের সবচেয়ে ভাল অনুবাদক।
- (৪) আমি বিশ্বাস করি প্রতিটি প্যাসেজের (ভাববাণী ছাড়া) একটি কেবলমাত্র একটিই অর্থ রয়েছে যার ভিত্তি মূল অনুপ্রাণিত লেখকদের লক্ষ্য। যদিও আমরা জানি আমরা কখনোই সম্পূর্ণ নিশ্চিত হতে পারি না মূল লেখকের লক্ষ্য সম্পর্কে, তবে এর দিকে অনেক নির্দেশক লক্ষ্য করায়:


- (ক) genre (সাহিত্যের রীতি) বেছে নেওয়া হয়েছে বার্তা প্রকাশের জন্য
- (খ) ঐতিহাসিক পরিস্থিতি এবং/অথবা নির্দিষ্ট উপলক্ষ্য যা এর লেখনীর জন্য দায়ী
- (গ) সমগ্র পুস্তকের সাহিত্য বিষয়ক প্রেক্ষাপট সেই সঙ্গে প্রতিটি সাহিত্যের একক

- (ঘ) সাহিত্যের এককের লেখনীর পরিকল্পনা (রূপরেখা) যেভাবে সেগুলি সমগ্র বার্তার সঙ্গে সম্পর্কযুক্ত
- (ঙ) নির্দিষ্ট ব্যাকরণগত গঠনশৈলী বার্তাটি যোগাযোগে কার্যরত।
- (চ) বার্তাটি উপস্থাপনে শব্দ চয়ন।

উল্লেখিত বিষয়গুলির প্রতিটি ক্ষেত্রের অধ্যয়ন হল আমাদের প্যাসেজ অধ্যয়নের উদ্দেশ্য। ভাল বাইবেল পাঠে আমার পদ্ধতি সম্পর্কে ব্যাখ্যা করার আগে আমাকে কিছু অনুপযুক্ত পদ্ধতি ব্যাখ্যা করতে দিন যেগুলি আজকে ব্যবহৃত হচ্ছে যার কারণে অনুবাদের অনেক বিভেদ সৃষ্টি হচ্ছে, যা অবশ্যই পরিহার করা হয়েছে:

- (১) বাইবেলের পুস্তকগুলির সাহিত্যের প্রেক্ষাপট অবহেলা করা এবং প্রতিটি বাক্য, বাক্যাংশ অথবা প্রতিটি স্বতন্ত্র শব্দসমূহকে সত্যের প্রকাশ হিসাবে নেওয়া যার সঙ্গে লেখকের উদ্দেশ্যের বা বৃহৎ প্রেক্ষাপটের কোন সম্পর্ক নেই। একে প্রায়ই বলা হয় “proof-texting.”
- (২) পুস্তকগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট অবহেলা করে অনুমান নির্ভর ঐতিহাসিক প্রেক্ষাপট নির্ণয় যা লেখনীর সঙ্গে সামান্য বা কোন ভাবেই সমর্থন করে না।
- (৩) পুস্তকগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট অবহেলা এবং একে সকালের স্থানীয় সংবাদপত্র যেটি লেখা হয় প্রাথমিক ভাবে আধুনিক স্বতন্ত্র খ্রীষ্টিয়াদের জন্য সেভাবে পাঠ করা।
- (৪) লেখনীকে দার্শনিক/ধর্মতাত্ত্বিক বার্তা হিসাবে রূপকাত্মক বা প্রতিকি হিসাবে নেওয়ার দ্বারা পুস্তকগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট অবহেলা করা সম্পূর্ণ ভাবে প্রথম শ্রোতাদের এবং মূল লেখকদের উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কযুক্ত নয়।
- (৫) নিজেদের ধর্মতাত্ত্বিক পদ্ধতি, পছন্দসই মতবাদ বা সমকালীন বিষয়সমূহ ইত্যাদি বিকল্প দ্বারা মূল বার্তাকে অবহেলা করা মূল লেখকদের উদ্দেশ্য এবং প্রকাশিত বার্তার সঙ্গে সম্পর্কযুক্ত নয়। প্রায়ই এই ঘটনা অনুসরণ করে বাইবেলের প্রাথমিক পাঠে প্রতিষ্ঠিত বক্তার কর্তৃত্ব প্রতিষ্ঠার একটি উপায় হিসাবে। একে প্রায়ই উল্লেখ করা হয় ‘পাঠকদের সাড়া প্রদান’ (‘আমার কাছে পাঠের অর্থ কি’ অনুবাদ) বলে।

সমস্ত লিখিত মানবিক যোগাযোগে অন্ততপক্ষে তিনটি সম্পর্কযুক্ত উপাদান পাওয়া যেতে পারে:



অতীতে, এই তিনটি উপাদানের যে কোন একটিতে ভিন্ন ভিন্ন পাঠ কৌশলে দৃষ্টি দেওয়া হতো, কিন্তু বাইবেলের সত্যিকার চমৎকার অনুপ্রেরণার নির্ভরতার সবচেয়ে উপযুক্ত হল একটি পরিবর্তিত ডায়গ্রাম:



সত্যে তিনটি উপাদানই অবশ্যই অন্তর্ভুক্ত হবে ব্যাখ্যাদানকারী প্রক্রিয়াতে। যথার্থতা নির্ণয়ের উদ্দেশ্যে, আমার অনুবাদের দৃষ্টি নিবদ্ধ হয় প্রথম দুটি উপাদানে: মূল লেখক এবং পাঠ। আমি সম্ভবত যে সব অবহেলা লক্ষ্য করেছি তাতে প্রতিক্রিয়া প্রকাশ করেছি (১) রূপকাত্মক বা আত্মিককরণ পাঠ এবং (২) “পাঠকের সাড়া প্রদান” অনুবাদ (আমার কাছে এর অর্থ কি)। অবহেলা প্রতিটি ধাপেই ঘটতে পারে। আমাদেরকে সব সময় আমাদের উদ্দেশ্য, পক্ষপাতিত্ব, কৌশল এবং প্রয়োগ পরীক্ষা করতে হবে। কিন্তু কিভাবে আমরা তা পরীক্ষা করবো যদি অনুবাদের কোন সীমানা, সীমারেখা, কোন নীতি না থাকে? এখানেই লেখকের উদ্দেশ্য এবং লেখনীর কাঠামো আমাকে কিছু নীতি যুগিয়ে দেয় সাম্ভাব্য বৈধ অনুবাদের সুযোগ সীমাবদ্ধ করার জন্য।

এই অনুপযুক্ত পাঠ কৌশলের আলোতে, উত্তম বাইবেল অধ্যয়ন ও ব্যাখ্যার কিছু সাম্ভাব্য প্রয়োগ কি যা একটি নির্দিষ্ট পরিমাণ নির্ভরতা ও সামঞ্জস্যতা দেবে?

এই পয়েন্টে আমি আলোচনা করছি না নির্দিষ্ট লেখনী অনুবাদের অপূর্ব কৌশল কিন্তু সাধারণ বাইবেল ব্যাখ্যার নীতিসমূহ যা সকল প্রকার বাইবেলের টেক্সটের জন্য বৈধ। লেখনী কৌশলের নির্দিষ্ট প্রক্রিয়ার একটি ভাল বই হল *How To Read The Bible For All Its Worth*, by Gordon Fee and Douglas Stuart, published by Zondervan.

আমার পদ্ধতি লক্ষ্য রাখে প্রাথমিক ভাবে পাঠকদের উপরে যাদের পবিত্র আত্মা বাইবেলের দ্বারা আলোকিত করেছে চারটি ব্যক্তিগত পাঠ চক্রের মাধ্যমে। এটি আত্মা, লেখনী এবং পাঠককে মুখ্য করে, গৌন করে না। এটি আরও পাঠককে রক্ষা করে ব্যাখ্যাকারকদের অতিরিক্ত প্রভাব থেকে। আমি এটা বলতে শুনেছি: “ব্যাখ্যার উপরে বাইবেল অনেক আলোক প্রক্ষেপ করেছে।” এর মানে এই নয় যে অধ্যয়ন উপকরণের প্রতি হীন মন্তব্য করা, কিন্তু সেগুলির সঠিক ব্যবহারে উপযুক্ত সময়ের আবেদন করা।

লেখনীই আমাদের অনুবাদকে সমর্থিত করবে আমাদের অবশ্যই এমন সক্ষমতা অর্জন করতে হবে। পাঁচটি ক্ষেত্র অন্ততপক্ষে এই সীমাবদ্ধ পার্থক্য দেখায়:

- (১) ঐতিহাসিক অবস্থান

- (২) সাহিত্যগত প্রেক্ষাপট
- (৩) ব্যাকরণগত কাঠামো(syntax)
- (৪) সমকালীন শব্দ ব্যবহার
- (৫) সুসঙ্গত সমান্তরাল প্যাসেজ

আমাদের অনুবাদের পেছনে কারণ এবং যুক্তি দেখানোর সক্ষমতা থাকার প্রয়োজন। বাইবেল হল আমাদের একমাত্র বিশ্বাস ও অনুশীলনের উৎস। দুঃখজনক ভাবে বলতে হয়, খ্রীষ্টিয়ানেরা প্রায়ই এর শিক্ষা বা এটি যা অনুমোদন করে তাতে একমত নয়।

চারটি পাঠ চক্র পরিকল্পিত করা হয়েছে পরবর্তী ব্যাখ্যানকারী অন্তর্দৃষ্টিতে:

(১) প্রথম পাঠ চক্র

ক) একবারেই বইটি পড়ে শেষ করা। তারপর ভিন্ন অনুবাদে এটি আবার পাঠ করুন, আশাশ্রদ্ধ ভাবে ভিন্ন অনুবাদ তত্ত্ব থেকে:

(১) word-for-word (NKJV, NASB, NRSV)

(২) গতিশীল সমতাপূর্ণ (TEV, JB)

(৩) ভাবার্থ প্রকাশ (Living Bible, Amplified Bible)

খ) সমগ্র লেখনীর কেন্দ্রীয় উদ্দেশ্যের দিকে লক্ষ্য রাখা। এর মূল ভাব চিহ্নিত করা।

গ) সাহিত্য একক, অধ্যায়, প্যারাগ্রাফ বা বাক্য বিচ্ছিন্ন (যদি সম্ভব হয়) করুন যেটি স্পষ্টভাবে এর কেন্দ্রীয় উদ্দেশ্য বা মূল ভাব প্রকাশ করেছে।

ঘ) প্রধান সাহিত্য রীতি চিহ্নিত করুন:

(i) পুরাতন নিয়ম

ক) হিব্রু বর্ণনা

খ) হিব্রু কবিতা (প্রজ্ঞা সাহিত্য, গীতসংহিতা)

গ) হিব্রু ভাববাণী (গদ্য, কবিতা)

ঘ) ব্যবস্থার শব্দ কৌশল (কোড)

(ii) নূতন নিয়ম

১) বর্ণনামূলক (সুসমাচার, প্রেরিত পুস্তক)

২) চিঠি/প্রেরিত পত্রসমূহ

৩) রহস্য প্রকাশমূলক সাহিত্য

(২) দ্বিতীয় পাঠ চক্র

ক) সমস্ত বইটি আবার পাঠ করুন, বড় বড় মূল বিষয় বা বিষয়বস্তু চিহ্নিত করতে অন্বেষণ করুন।

খ) বড় বড় মূল বিষয় রূপরেখা করুন এবং সহজ ভাবে তাদের বিষয়বস্তু সংক্ষেপে বর্ণনা করুন।

গ) আপনার উদ্দেশ্যের বিবৃতি পরীক্ষা করুন এবং অধ্যয়ন উপকরণের সাহায্যে রূপরেখাটি বড় করুন।

(৩) তৃতীয় পাঠ চক্র

ক) সমগ্র বইটি আবার পাঠ করুন, বাইবেলের পুস্তক থেকে ঐতিহাসিক প্রেক্ষাপট ও লেখার নির্দিষ্ট উপলক্ষ্য খুঁজে বের করে চিহ্নিত করুন।

খ) ঐতিহাসিক বিষয়গুলির তালিকা করুন:

(১) লেখক

(২) তারিখ

(৩) গ্রহীতা

(৪) লেখার পিছনে নির্দিষ্ট কারণ

(৫) সংস্কৃতিগত প্রেক্ষাপটের দিক সমূহ যা লেখার উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কযুক্ত

গ) যে বাইবেলের পুস্তকের আপনি অনুবাদ করছেন তার প্যারাগ্রাফ স্তর পর্যন্ত আপনার রূপরেখাকে প্রসারিত করুন। সব সময়ই সাহিত্যের একক চিহ্নিত করুন এবং রূপরেখা তৈরী করুন। এটা হতে পারে কয়েকটি অধ্যায় বা প্যারাগ্রাফ। এটি আপনাকে সক্ষম করবে মূল লেখকের যুক্তি এবং লেখনীর পরিকল্পনা অনুসরণ করতে।

ঘ) অধ্যয়ন উপকরণের সাহায্যে আপনার ঐতিহাসিক প্রেক্ষাপট পরীক্ষা করুন।

(৪) চতুর্থ পাঠ চক্র

ক) নির্দিষ্ট সাহিত্য একক কয়েকটি ভিন্ন ভিন্ন অনুবাদ থেকে পাঠ করুন

খ) সাহিত্যগত বা ব্যাকরণগত কাঠামো দেখুন:

(i) বারবার উল্লেখিত শব্দগুচ্ছ

(ii) বার বার উল্লেখিত ব্যাকরণগত কাঠামো

(iii) তুলনামূলক ধারণা সমূহ

গ) পরবর্তী বিষয়গুলি তালিকা করুন:

(i) তাৎপর্যপূর্ণ টার্মসমূহ

- (ii) অস্বাভাবিক টার্মসমূহ
 - (iii) গুরুত্বপূর্ণ ব্যাকরণগত কাঠামো
 - (iv) নির্দিষ্ট কঠিন শব্দসমূহ, বাক্যাংশ এবং বাক্যসমূহ
- ঘ) সমতাপূর্ণ সমান্তরাল প্যাসেজ দেখুন:
- (i) আপনার ব্যবহৃত বিষয়ের স্পষ্ট শিক্ষার প্যাসেজগুলি দেখুন:
 - ক) “ধারাবাহিক ধর্মতত্ত্ব” পুস্তক
 - খ) রেফারেন্স বাইবেল
 - গ) শব্দের অক্ষরগত সূচী (concordances) ব্যবহার করে
 - (ii) আপনার বিষয়ের মধ্যে সম্ভাব্য অসঙ্গত মনে হলেও সঙ্গত জোড়া বাক্য দেখুন; অনেক বাইবেলের সত্য উপস্থাপন করা হয়েছে যুক্তিগত আলোচনার জোড়ায়; অনেক ডিনোমিনেশনগত দ্বন্দ্ব এসেছে বাইবেলের দ্বন্দ্বের অর্থ প্রমাণিত লেখনী বা proof-texting থেকে। সমগ্র বাইবেল অনুপ্রাণিত, এবং আমাদের অবশ্যই এর সম্পূর্ণ বার্তা খুঁজে বের করতে হবে আমাদের অনুবাদে শাস্ত্রিয় সামঞ্জস্যতা যোগানোর স্বার্থে।
 - (iii) একই পুস্তক, একই লেখক বা একই সাহিত্য রীতির সমান্তরাল বিষয়গুলি দেখুন; বাইবেলই হল এর সবচেয়ে ভাল অনুবাদক কারণ এতে রয়েছে একজন লেখক, আত্মা।
- ঙ) ঐতিহাসিক প্রেক্ষাপট ও উপলক্ষ্য বিষয়ে আপনার পর্যবেক্ষণ অধ্যয়ন উপকরণের সহায়তায় পরীক্ষা করুন।
- (i) স্টাডি বাইবেল
 - (ii) বাইবেল বিশ্বকোষ, হ্যান্ডবুক ও ডিক্সনারী
 - (iii) বাইবেলের ভূমিকা
 - (iv) বাইবেল ব্যাখ্যাসমূহ (আপনার অধ্যয়নের এই পয়েন্টে, বিশ্বাসী সম্প্রদায়কে সুযোগ দিন, অতীত এবং বর্তমান, আপনার ব্যক্তিগত অধ্যয়নে সহায়তা ও সংশোধন করতে।)

এই পয়েন্টে আমরা প্রয়োগের দিকে যাব। আপনি মূল্য দিয়েছেন লেখনীর মূল প্রেক্ষাপট উপলব্ধিতে; এখন এটি আপনার জীবনে, আপনার সংস্কৃতিতে অবশ্যই প্রয়োগ করবেন। আমি বাইবেলের কর্তৃত্বকে এভাবে ব্যাখ্যা করি “মূল বাইবেল লেখক তার সময়ে কি বলেছেন এবং সেই সত্যকে আজকে আমাদের সময়ে প্রয়োগ করাটা বোঝা।”

প্রয়োগ অবশ্যই উভয় সময় এবং যুক্তিতে মূল লেখকের উদ্দেশ্য ব্যাখ্যা অনুসরণ করবে। আমরা ততক্ষণ পর্যন্ত বাইবেলের প্যাসেজ আমাদের সময়ে প্রয়োগ করতে পারি না যতক্ষণ পর্যন্ত আমরা বাইবেলের সময়ে এটি কি বলেছে তা না বুঝতে পারি! একটি বাইবেল প্যাসেজ অবশ্যই এই অর্থ প্রকাশ করবে না যা এটি কখনোই অর্থ করেনি!

আপনার বিশদ রূপরেখা, প্যারাগ্রাফ স্তরে (পাঠ চক্র#৩) আপনার নির্দেশক হবে। প্রয়োগ অবশ্যই প্যারাগ্রাফ স্তরে নির্ণিত হবে, শব্দ স্তরে নয়! শব্দের কেবল লেখনীর প্রসঙ্গে অর্থ থাকে; বাক্যাংশেরও কেবল এর প্রসঙ্গে অর্থ থাকে; বাক্যেরও এর প্রসঙ্গে কেবল অর্থ থাকে। কেবল অনুপ্রাণিত ব্যক্তি মূল লেখকের ব্যাখ্যা প্রক্রিয়ায় জড়িত থাকে। আমরা কেবল মাত্র তার পথ অনুসরণ করি পবিত্র আত্মার আলোকে। কিন্তু আলোকিতকরণ অনুপ্রেরণা নয়। বলা হয়, ‘এই সদাপ্রভুর বাক্য’, আমাদের অবশ্যই মূল লেখকের উদ্দেশ্য মেনে চলতে হবে। প্রয়োগ অবশ্যই নির্দিষ্ট ভাবে সম্পর্কযুক্ত হবে সমগ্র লেখনীর সাধারণ উদ্দেশ্যে, নির্দিষ্ট সাহিত্য একক এবং প্যারাগ্রাফ স্তরের চিন্তার উন্নয়নের সাথে।

আমাদের সময়ের বিষয়কে বাইবেলের অনুবাদে যুক্ত করবেন না; বাইবেলকে কথা বলতে দিন! এতে অবশ্যই আমাদের আবশ্যিক হবে লেখনী থেকে নীতি বের করা। এটি বৈধ যদি লেখনী নীতিকে সমর্থন করে। দুর্ভাগ্যজনক ভাবে, অনেক সময় আমাদের নীতিসমূহ এরকম হয়—“আমাদের” নীতি— কিন্তু লেখনীর নীতি নয়।

বাইবেল প্রয়োগে, এটা মনে রাখা দরকার যে (ভাববাণীর ক্ষেত্র ছাড়া) একটি নির্দিষ্ট বাইবেল লেখনীর একটি কেবলমাত্র একটিই অর্থ বৈধ। এই অর্থ মূল লেখকের উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কযুক্ত যেভাবে সে তার সময়ের কোন সমস্যা বা প্রয়োজন বিষয়ে বলেছে। এই একটি অর্থ থেকে অনেক সম্ভাব্য প্রয়োগ বের করা যেতে পারে। প্রয়োগের ভিত্তি হবে এইতার প্রয়োজন কিন্তু অবশ্যই মূল লেখকের অর্থের সঙ্গে সম্পর্কযুক্ত থাকবে।

যতটা সম্ভব আমি আলোচনা করেছি অনুবাদ ও প্রয়োগে জড়িত যুক্তিগত ও লেখনীগত কৌশল সম্বন্ধে। এখন আমি সংক্ষেপে অনুবাদের আত্মিক দিকসমূহ নিয়ে আলোচনা করবো। পরবর্তীতে উল্লেখিত পরীক্ষার তালিকা আমার জন্য সহায়ক হয়েছে:

- (১) আত্মার সাহায্যের জন্য প্রার্থনা (১ করি ১:২৬-২:১৬)।
- (২) ব্যক্তিগত ভাবে জানা পাপ সমূহের জন্য ক্ষমা ও শুচিতার জন্য প্রার্থনা (১ যোহন ১:৯)।
- (৩) ঈশ্বরকে আরও ভালভাবে জানার আকাংখ্যায় প্রার্থনা (গীতা ১৯:৭-১৪; ৪২:১ পদ থেকে কয়েকটি পদ; ১১৯:১ পদ থেকে কয়েকটি পদ)।
- (৪) যে কোন নূতন অন্তর্দৃষ্টি তৎক্ষণাৎ নিজের জীবনে প্রয়োগ।
- (৫) অবিরত নম্র ও শিখতে আগ্রহী থাকা।

যুক্তিগত প্রক্রিয়া এবং পবিত্র আত্মার আত্মিক নেতৃত্বের মধ্যে সমতা রক্ষা করা খুব কঠিন কাজ। পরবর্তী উদ্ধৃতি আমাকে সাহায্য করেছে দুটির মধ্যে সমতা রাখতে:

- (১) James W. Sire, *Scripture Twisting*, IVP, p. 17-18 থেকে:

“ঈশ্বরের লোকদের মনে ঈশ্বরের কাছ থেকে আলো আসে—কেবলমাত্র আত্মিক উত্তমতার জন্য নয়। বাইবেল ভিত্তিক খ্রীষ্টধর্মের কোন আত্মিক গুরুর (guru) ক্লাশ নয়, কোন আলোকিতকরণ নয়, কোন লোক নয় যাদের মাধ্যমে সঠিক অনুবাদ অবশ্যই আসবে। এবং এরকমই, যখন পবিত্র আত্মা প্রজ্ঞা, জ্ঞান এবং আত্মিক বিচক্ষণতার বিশেষ দান দেন, তিনি কখনোই দান প্রাপ্ত খ্রীষ্টিয়ানদের তাঁর

বাক্যের কর্তৃত্বকারী অনুবাদক হিসাবে বিবেচনা করেন না। এটি তাঁর প্রতিটি লোকের জন্য তারা শিখবে, বিচার করবে এবং মনোযোগ দেবে বাইবেলের উল্লেখ দ্বারা যেটি কর্তৃত্ব নিয়ে দাঁড়ান তাদেরও কাছে যাদের ঈশ্বর বিশেষ দক্ষতা দিয়েছেন। সকল কিছুর সারাংশে, বাইবেলের সমগ্র পুস্তকের বিষয়ে আমার অনুমান হল সে সকল মানুষের জন্য ঈশ্বরের সত্যিকার প্রকাশ, আর সকল বিষয় সম্পর্কে এটি যা বলে তাহল আমাদের চূড়ান্ত কর্তৃত্ব, এটা কোন ভাবেই সম্পূর্ণ রহস্যময় নয় কিন্তু প্রতিটি সংস্কৃতির সাধারণ লোকের দ্বারা তা সম্পূর্ণভাবে বোধগম্য হতে পারে।”

(২) ‘Kierkegaard’, Bernard Ramm, প্রতিষ্ঠিত *Protestant Biblical Interpretation*, (Grand Rapids, Mich.: Baker Book House, 1970), p. 75:

‘Kierkegaard’ অনুসারে বাইবেলের ব্যাকরণগত, শব্দগত ও ঐতিহাসিক অধ্যয়ন প্রয়োজন ছিল কিন্তু প্রাথমিকভাবে ছিল বাইবেলের সত্যিকার পাঠের জন্য। “ঈশ্বরের বাক্য হিসাবে বাইবেল পাঠ, লোকেরা অবশ্যই একে মুখে পাঠ করবে অন্তর দিয়ে, নিঃশব্দে, সাগ্রহে প্রত্যাহায়ে, ঈশ্বরের সঙ্গে কথা বলতে। চিন্তা-ভাবনা ছাড়া বা উদাসীনভাবে বা যত্নহীন ভাবে বা মানসিক ভাবে বা পেশাগতভাবে বাইবেল পাঠ ঈশ্বরের বাক্য হিসাবে বাইবেল পাঠ নয়। যেমন কেউ একজন এটি পাঠ করে যেভাবে ভালবাসার পত্র পড়ে সেভাবে, অন্যদিকে আর একজন পাঠ করে এটি ঈশ্বরের বাক্য হিসাবে।”

(৩) H. H. Rowley in *The Relevance of the Bible*, p. 19:

“বাইবেল কেবলমাত্র মেধাগত বোধগম্যতা নয়, যদিও সম্পূর্ণরূপে, সকলে এর সম্পদের অধিকারী হতে পারে। এটি এই ধরনের বোধগম্যতাকে হয়ে জ্ঞান করে না, কারণ এটি আবশ্যিক এর সম্পূর্ণ বোধগম্যতা। কিন্তু এটি অবশ্যই পরিচালিত করবে এই পুস্তকের আত্মিক সম্পদের আত্মিক বোধগম্যতার দিকে যদি এটি সম্পূর্ণ করা হয়। এই কারণে মেধাগত দক্ষতার প্রয়োজনের চেয়েও আত্মিক বোধগম্যতা আরও বেশী দরকারী। আত্মিক বিষয় আত্মিক বিচক্ষণায় দেখতে হবে, এবং বাইবেলের শিক্ষার্থীর দরকার আত্মিক ভাবে গ্রহণের মনোভাব, ঈশ্বরকে পাবার এক অদম্য আগ্রহ যা তাকে তাঁর কাছে সমর্পণ করতে পারে, যদি সে তার বৈজ্ঞানিক অধ্যয়নকে বাদ দিয়ে আসতে পারে সমস্ত পুস্তকের সবচেয়ে মহান উচ্চতর উত্তরাধিকারের দিকে।”

এই অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা পুস্তক পরিকল্পিত হয়েছে আপনার অনুবাদের কার্যধারার সাহায্য করতে পরবর্তীতে উল্লেখিত কয়েকটি উপায়ে:

১. প্রতিটি পুস্তকের একটি সংক্ষিপ্ত ঐতিহাসিক রূপরেখা দেওয়া হয়েছে। পাঠ চক্র#৩ শেষ করার পরে আপনার তথ্যগুলি পরীক্ষা করবেন।
২. প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি প্রতিটি অধ্যায়ের শুরুতে পাবেন। এটি আপনাকে দেখতে সাহায্য করবে যে কিভাবে সাহিত্যের একক বিন্যস্ত করা হয়েছে।
৩. প্যারাগ্রাফ বিভাগ এবং সেগুলির বর্ণনামূলক শিরোনাম কয়েকটি আধুনিক অনুবাদ থেকে দেওয়া হয়েছে:

- ক. The United Bible Society Greek text, fourth edition revised(UBS⁴)
- খ. The New American Standard Bible, 1995 Update (NASB)
- গ. The New King James Version (NKJV)
- ঘ. The New Revised Standard Version (NRSV)
- ঙ. Today’s English Version (TEV)
- চ. The Jerusalem Bible (NJB)

প্যারাগ্রাফ বিভাগ অনুপ্রাণিত নয়। সেগুলি অবশ্যই নির্ণয় করা হয়েছে লেখনীর প্রসঙ্গ থেকে। ভিন্ন ভিন্ন অনুবাদ তত্ত্ব ও ধর্মতাত্ত্বিক দৃষ্টিকোণের কয়েকটি আধুনিক অনুবাদের সঙ্গে তুলনা করে, আমরা সক্ষম হয়েছি মূল লেখকের চিন্তার আনুমানিক কাঠামো বিশ্লেষণ করতে।

প্রতিটি প্যারাগ্রাফে একটি বড় সত্য রয়েছে। একে বলা হয় “বিষয় বাক্য”(the topic sentence) বা “লেখনীর মূল চিন্তা।” এই যুক্ত চিন্তা হল চারিকাঠি সঠিক ঐতিহাসিক, ব্যাকরণগত অনুবাদের। কারোরই অনুবাদ, প্রচার বা শিক্ষা দেওয়া উচিত নয় কোন একটি প্যারাগ্রাফের ছাড়া! আরও মনে রাখা দরকার যে প্রতিটি প্যারাগ্রাফ তার চারপাশের প্যারাগ্রাফ দ্বারা বেষ্টিত। সেজন্য সমগ্র পুস্তকের প্যারাগ্রাফ স্তরের রূপরেখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের অবশ্যই সক্ষম হতে হবে বিষয়ের যুক্তিগত প্রবাহের দিক অনুসরণ করা যেটি অনুপ্রাণিত মূল লেখক বলতে চেয়েছেন।

৪. নোট verse-by-verse প্রক্রিয়া অনুবাদে অনুসরণ করেছে। এটি আমাদের বাধ্য করেছে মূল লেখকের চিন্তা অনুসরণ করতে। এই নোট আমাদের কয়েকটি ক্ষেত্রের তথ্য সরবরাহ করেছে:

- ক. সাহিত্যের প্রসঙ্গ
- খ. ঐতিহাসিক, সাংস্কৃতিক অর্ন্তদৃষ্টি
- গ. ব্যাকরণগত তথ্য
- ঘ. শব্দ অধ্যয়ন
- ঙ. সমতাপূর্ণ সমান্তরাল প্যাসেজ

৫. ব্যাখ্যার একটি নির্দিষ্ট পয়েন্টে, New American Standard Version-এর লেখনী হালনগদ যুক্ত করা হবে আধুনিক কয়েকটি অনুবাদের সংস্করণ দ্বারা:

- ক. The New King James Version (NKJV), এটি ‘Textus Receptus’ লেখনীগত পাণ্ডুলিপি অনুসরণ করেছে।
- খ. The New Revised Standard Version (NRSV), এটি National Council of Churches of the Revised Standard Version এর word-for-word সংশোধিত সংস্করণ।

গ. The Today’s English Version (TEV), এটি American Bible Society এর গতিশীল সমতাপূর্ণ অনুবাদ।

ঘ. The Jerusalem Bible (JB), এটি একটি ইংলিশ অনুবাদ যার ভিত্তি হল French Catholic গতিশীল সমতাপূর্ণ অনুবাদ।

৬. তাদের জন্য যারা গ্রীক ভাষাভাষে পড়তে পারেন না, তুলনামূলক ইংলিশ অনুবাদ সাহায্য করতে পারে লেখনীর সমস্যাসমূহ চিহ্নিত করতে:

- ক. পান্ডুলিপির পার্শ্বক্য
- খ. বিকল্প শব্দার্থ
- গ. ব্যাকরণগত সমস্যাবহুল লেখনী ও কাঠামো
- ঘ. দ্ব্যর্থব্যাঞ্জক লেখনী

যদিও ইংলিশ অনুবাদ এই সব সমস্যা সমাধান করতে পারে না, তবে তারা একে আরও গভীর ও ব্যাপক অধ্যয়নের বিষয় বস্তুতে পরিণত করে।

৭. প্রতিটি অধ্যায়ের শেষে সঙ্গতিপূর্ণ আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে যেগুলি লক্ষ্য করতে চেষ্টা করেছে ঐ অধ্যায়ের বড় অনুবাদকৃত বিষয়ের দিকে।

অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা পুস্তক এখন প্রাপ্য:

Vol. 0	“আপনি বাইবেল বুঝতে পারবেন” সেমিনার
Vol. 1	প্রথম খ্রীষ্টিয় পাঠ্য পুস্তক: মথি
Vol. 2	মার্ক লিখিত সুসমাচার: মার্ক এবং ১ এবং ২ পিতর
Vol. 3A	ঐতিহাসিক লুক: লুক লিখিত সুসমাচার (২০০৩ সন থেকে প্রাপ্য)
Vol. 3B	ঐতিহাসিক লুক: প্রেরিতদের কার্য বিবরণ (২০০৩ সন থেকে প্রাপ্য)
Vol. 4	প্রিয় শিষ্যের স্মৃতিকথা ও পত্রসমূহ: যোহন লিখিত সুসমাচার, ১, ২ এবং ৩ যোহন
Vol. 5	পৌলের লেখা সুসমাচার: রোমীয়
Vol. 6	সমস্যাগ্রন্থ মন্ডলীর প্রতি পৌলের পত্রগুলি: ১ ও ২ করিন্থীয় (২০০২ সন থেকে প্রাপ্য)
Vol. 7	পৌলের প্রথম পত্র: গালাতীয়, ১ ও ২ থিমলনীকীয়
Vol. 8	পৌলের কারাগারের পত্র: কলসীয়, ইফিসীয়, ফিলিমন এবং ফিলিপীয়
Vol. 9	পৌলের চতুর্থ প্রচার যাত্রা: ১ তীমথিয়, তীত, এবং ২ তীমথিয়
Vol. 10	নূতন নিয়ম বা চুক্তির সর্বোৎকৃষ্টতা: ইব্রীয়
Vol. 11	যীশুর সৎ ভাইদের বক্তব্য: যাকোব এবং যিহূদা
Vol. 12	কঠিন সময়ে আশা-চূড়ান্ত পর্দা : প্রকাশিত বাক্য
Vol. 1AOT	কিভাবে এই সকলের আরম্ভ হয়েছে: আদিপুস্তক ১-১১

প্রারম্ভিক বক্তৃতা
(OPENING LECTURE)

I. সাধারণ ভাবে ব্যবহৃত টার্মের সংজ্ঞা

ক. ঈশ্বরের নামগুলি

১. El
২. Elohim
৩. YHWH
৪. Adon
৫. El Shaddai

খ. লেখনী এবং অনুবাদগুলির নাম:

১. Masoretic Text (MT)
২. Septuagint (LXX)
৩. Vulgate
৪. Midrash
 - ক. Halakah – তোরা-এর উপরে ব্যাখ্যা
 - খ. Haggada – সমগ্র পুরাতন নিয়মের গল্প ও দৃষ্টান্তসমূহ
৫. Talmud
 - ক. Mishnah – প্রাচীন প্রখ্যাত রাব্বিদের তোরা-র উপরে মৌখিক ঐতিহ্য
 - খ. Gemara – পরবর্তীকালের রাব্বিদের Mishnah এর উপরে ব্যাখ্যা
৬. Targums
৭. Dead Sea Scrolls

II. কেন পুরাতন নিয়ম অধ্যয়ন

ক. এটাই ছিল যীশু এবং খ্রিস্টদের কাছে একমাত্র শাস্ত্র। তারা প্রায়ই এটা থেকে উদ্ধৃতি দিতেন।

খ. এটা ঈশ্বরের আত্ম প্রকাশ। এটি অনুপ্রাণিত।

- | | |
|--------------------------------|-------------------|
| ১. মথি ৫:১৭ পদ থেকে কয়েকটি পদ | ৫. ১ পিতর ১:২৩-২৫ |
| ২. ২ তীমথিয় ৩:১৫-১৭ | ৬. ২ পিতর ১:২০-২১ |
| ৩. ১ করি ২:৯-১৩ | ৭. ২ পিতর ৩:১৫-১৬ |
| ৪. ১ থিষ ২:১৩ | |

গ. এটা আমাদের জন্য লিখিত হয়েছে।

১. রোমীয় ৪:২৩-২৫; ১৫:৪
২. ১ করি ৯:৯-১০; ১০:৬,১১

- ঘ. কিভাবে খ্রীষ্টিয়ানদের এর প্রতি সাড়া প্রদান করা উচিত?
১. কয়েকটি ঐতিহাসিক প্রস্তাবনা
 ২. একে সম্পূর্ণভাবে রক্ষা করা
 ৩. একে সম্পূর্ণভাবে অবহেলা করা
 ৪. প্রত্যাদেশ হিসাবে এক শ্রদ্ধা করা কিন্তু বাধ্যবাধকতা নয়
 ৫. এটা পরিত্রাণের কোন উপায় নয়
 - ক. রোমীয় ৪
 - খ. প্রেরিত ১৫; গালাতীয় ৩
 ৬. ইব্রীয়
 ৭. এটা হল মানুষের কাছে ঈশ্বরের প্রকাশ। আমাদের জীবনে এর একটি উদ্দেশ্য রয়েছে। এটি নূতন নিয়মের ভিত্তি গঠন করেছে (পরিপূর্ণতার জন্য প্রতিজ্ঞাসমূহ।)

III. কিভাবে আমরা পুরাতন নিয়ম (বাইবেল) অধ্যয়ন করবো? কিছু মৌলিক ব্যাখ্যাকারী নীতিমালা:

- ক. বাইবেল লেখা হয়েছে সাধারণ মানবিক ভাষায়:
১. ঈশ্বর সত্য গোপন করেন নাই।
 ২. ঈশ্বর নিজেকে আমাদের বোধগম্যতার সক্ষমতার উপযোগি করেছেন।
- খ. সঠিক ব্যাখ্যার একমাত্র চাবি হল মূল অনুপ্রাণিত লেখকদের উদ্দেশ্য। এতে পাওয়া যাবে লেখকদের দ্বারা ব্যবহৃত টার্মসমূহের সহজ সরল অর্থ এবং মূল শ্রোতাদের বোধগম্যতা। সেজন্য, সঠিক ভাবে কোন প্যাসেজের ব্যাখ্যা করতে হলে পরবর্তীতে উল্লেখিত বিষয়সমূহের তথ্য সংগ্রহ করতে হবে:
১. ঐতিহাসিক অবস্থান;
 ২. সাহিত্যের প্রেক্ষাপট;
 ৩. সাহিত্য রীতি (সাহিত্যের প্রকৃতি);
 ৪. ব্যাকরণ (syntax);
 ৫. শব্দের সমকালীন অর্থ;
 ৬. লেখকের লেখনীগত পরিকল্পনা।
- গ. সমগ্র বাইবেল অনুপ্রাণিত (২ তীম ৩:১৬), সেজন্য, বাইবেলের সবচেয়ে ভাল ব্যাখ্যাকারী হল বাইবেল। আমরা একে বলি “বিশ্বাসের স্বরূপ” বা সমান্তরাল প্যাসেজ:
১. আমরা সুস্পষ্ট প্যাসেজ খুঁজি;
 ২. আমরা ঈশ্বরের সর্বোচ্চ উদ্দেশ্য খুঁজি;
 ৩. paradoxical জোড়ায় উপস্থাপিত সত্য আমরা খুঁজি।
- ঘ. কিভাবে একজন আন্তর্মিশ্রিত সংস্কৃতি ও অনন্তকালীন সত্য থেকে সংস্কৃতি এবং ক্ষণস্থায়ীত্বের পার্থক্য করবে?
১. পুরাতন নিয়মের সত্য কি নূতন নিয়মের লেখকদের দ্বারা নিশ্চিত হয়েছে?
 ২. বাইবেল কি এর সত্য উপস্থাপনায় সুসামঞ্জস্য?
 ৩. সত্য কি সুস্পষ্ট সংস্কৃতিক টার্মসমূহকে আচ্ছাদন করেছে?

IV. মূল প্রাচীন নিকট প্রাচ্যের মানচিত্র যেভাবে এটি পুরাতন নিয়মের সাথে সম্পর্কিত

- ক. জলাধারসমূহ (পশ্চিম থেকে পূর্ব)
- | | |
|--|------------------------------------|
| ১. ভূমধ্য সাগর
(মহা বা উচ্চতর সমুদ্র) | ৮. যব্বক নদী |
| ২. নীল নদ | ৯. অর্গন নদী |
| ৩. লোহিত সাগর | ১০. গালীল সাগর
(কিন্নেরথহুদ) |
| ৪. আকাবা উপসাগর | ১১. ইউফ্রেটিস নদী |
| ৫. মিশরের নদী (বা শ্রোতধারা) | ১২. টাইগ্রিস নদী |
| ৬. লবণ সাগর (মরু সাগর) | ১৩. পারস্য উপসাগর (নিম্নতর সমুদ্র) |
| ৭. জর্দন নদী | |
- খ. পুরাতন নিয়মে ঈশ্বরের লোকদের উপরে যে সব দেশ প্রভাব ফেলেছিল (পশ্চিম থেকে পূর্ব)

১. রোম	৬. পলেষ্টিয়	১১. অম্মোন	১৬. অশুর
২. গ্রীস	৭. যিহুদীয়া	১২. ফৈনিকিয়া (লেবানন)	১৭. বাবিল
৩. Caphtor (ক্রীতি)	৮. ইস্রায়েল	১৩. সিরিয়া	১৮. পারস্য
৪. Kittim (সাইপ্রাস)	৯. ইদোম	১৪. হিভিয় (আনাতোলিয়া)	১৯. মাদীয়
৫. মিশর	১০. মোয়াব	১৫. আরব	২০. এলম

গ. প্রধান দেশগুলির রাজধানী [দ্বিতীয় পরীক্ষা]

১. মেমফিস (মিশর)	৫. দমেশক (সিরিয়া)
২. যিরুশালেম (যিহুদীয়া)	৬. নিনবী (অশুর)
৩. শমরিয়া (ইস্রায়েল)	৭. বাবিল (বাবিল)
৪. সোর (ফৈনিকিয়া)	৮. সুসা (পারস্য)

ঘ. অন্যান্য গুরুত্বপূর্ণ নগরীসমূহ [তৃতীয় পরীক্ষা]

১. উর	৬. বেথলেহেম
২. হারণ	৭. হিব্রোণ
৩. মাগিদো	৮. বেরশেবা
৪. শিখিম	৯. অভারিস/সোয়ান/তানিস
৫. যিরিহো	১০. খীবস

ঙ. পর্বতসমূহ [তৃতীয় পরীক্ষা]

১. অরারট	৫. কর্মিল
২. হর্মেণ	৬. নবো/পিসগা
৩. তাবোর	৭. সিয়োন/মোরিয়া (যিরুশালেম)
৪. এবল বা গরিশীম (শিখিম)	৮. সিনাই/হোরের

V. পুরাতন নিয়মের মূল সময় রেখা

ক. তারিখহীন ঘটনাসমূহ (আদি ১-১১)

১. সৃষ্টি	৩. জল প্লাবণ
২. পতন	৪. বাবিলের দুর্গ

খ. দশটি তারিখ এবং ঘটনাসমূহ:

১. আদি পিতাদের সময়কাল (আদি ১২-৫০ এবং ইয়োব) - ২০০০ খ্রীষ্ট পূর্ব
২. যাত্রা (যাত্রাপুস্তক) - ১৪৪৫/১২৯০ খ্রীষ্ট পূর্ব
৩. বিজয় লাভ (যিহোশূয়) - ১৪০০/১২৫০ খ্রীষ্ট পূর্ব
৪. ঐক্যবদ্ধ রাজতন্ত্র (শৌল, দাযুদ, শলোমন) - ১০০০ খ্রীষ্ট পূর্ব
৫. বিভক্ত রাজতন্ত্র (রহবিয়াম-যারবিয়াম)-৯২২ খ্রীষ্ট পূর্ব
৬. শমরিয়ার পতন (ইস্রায়েল)-৭২২ খ্রীষ্ট পূর্ব
৭. যিরুশালেমের পতন (যিহুদীয়া) - ৫৮৬ খ্রীষ্ট পূর্ব
৮. কোরসের রাজাজ্ঞা (পরস্য)- ৫৩৮ খ্রীষ্ট পূর্ব
৯. দ্বিতীয় মন্দির- ৫১৬ খ্রীষ্ট পূর্ব
১০. পুরাতন নিয়ম সমাপ্ত (মালাখি)-৪৩০ খ্রীষ্ট পূর্ব


গ. ঈশ্বরের লোকদের প্রধান শত্রু:

১. মিশর	৬. বাবিল
২. কনান	৭. পারস্য
৩. পলেষ্টিয়	৮. গ্রীস
৪. সিরিয়া	৯. রোম
৫. অশুর	

ঘ. সময় রেখায় রাজগণ:

১. ঐক্যবদ্ধ রাজতন্ত্র
- ক. শৌল

- খ. দায়ুদ
গ. শলোমন
২. ইস্রায়েল
ক. প্রথম যারবিয়াম
খ. আহাব
গ. দ্বিতীয় যারবিয়াম
ঘ. হোশেয়া
৩. যিহূদীয়া
ক. রহবিয়াম
খ. উষিয়
গ. হিঙ্কিয়
ঘ. মনশি
ঙ. যোশিয়
৪. পরস্য
ক. ২য় কোরস (৫৫০-৫৩০ খ্রীষ্ট পূর্ব)
খ. ক্যামবেসিস (৫৩০-৫২২ খ্রীষ্ট পূর্ব)
গ. ১ম দারিয়াস (৫২২-৪৮৬ খ্রীষ্ট পূর্ব)
ঘ. ১ম জাক্সিস (৪৮৬-৪৬৫ খ্রীষ্ট পূর্ব)
ঙ. ১ম অর্তক্ষস্ত (৪৩৫-৪২৪ খ্রীষ্ট পূর্ব)
৫. যিহূদীয়া ও ইস্রায়েলের রাজাদের সম্পূর্ণ তালিকা দেখুন সেই সাথে ১ ও ২ রাজাবলীর শেষে অশুর, বাবিল, পরস্য এবং গ্রীসের রাজগণের।
- চ. যিহোয়াস (৩ মাস)
ছ. যিহোয়াকীম
জ. যিহোয়াখীন (৩ মাস)
ঝ. সিদিকিয়
ঞ. গদলিয় (পরস্যের শাসনকর্তা)






যিরূশালেমের প্রাচীর - নাহিমিয়
 তৃতীয়বার ফেরা - ইস্রা

দ্বিতীয়বার ফেরা - সরূক্ষাবিল
 প্রথমবার ফেরা - শেষবসর


- f - গদলিয় (P)
- a - সিদিকিয় (J)
- n - যিহিয়াকিন (J)
- m - যিহিয়াকিম (J)
- l - যিহিয়াহস (J)
- k - যোসিয় (P)
- j - মনশি (J)
- i - হিঙ্কিয় (J)
- h - উষিয় (J)
- g - ২ যারবিয়াম (I)

- f - আহাব (I)
- e - ১ যারবিয়াম (I)
- d - রহবিয়াম (J)
- c - শলোমন (UM)
- b - দামুদ (UM)
- a - শৌল (UM)




জলপথ



প্রাচীন
নিকট প্রাচ্য





পৰ্বত ^
ৰাজধানী ★



প্ৰাচীন
নিকট প্ৰাচ্য

ଅନ୍ୟାନ୍ୟ ନଗର



ପ୍ରାଚୀନ ନିକଟ ମାଧ୍ୟ



আদি পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO GENESIS)

I. বইয়ের নাম

- ক. হিব্রুতে (MT) এটি হল বইয়ের প্রথম শব্দ, *Bereshith*, “আদিতে” বা “আরম্ভের পথে।”
- খ. সেপ্টুয়াজিন্টের অনুবাদ থেকে এটি হল “আদি পুস্তক” যার অর্থ “আরম্ভ” বা “উৎপত্তি” যেটি নেওয়া হয়েছে ২:৪^ক পদ থেকে। এটি হতে পারে লেখকের মূল “রূপরেখার শব্দগুচ্ছ” বা প্রকাশকের ছাপ ভিন্ন ভিন্ন ধর্মতাত্ত্বিক জীবনচরিত একত্রে সংযোগের যেভাবে বাবিলিয় কীলকাকার লেখকেরা করেছেন। মূল রূপরেখার শব্দগুচ্ছ সামনের দিকে নয় বরং পিছনের দিকে দেখে।

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

- ক. হিব্রু ক্যাননের প্রথম বিভাগের এই অংশকে বলা হয়েছে “তোরা” বা “শিক্ষাগুলি” বা “ব্যবস্থা।”
- খ. সেপ্টুয়াজিন্টের এই অংশ পরিচিত পেন্টটুক (পাঁচটি গুটানো পুস্তক) হিসাবে।
- গ. একে কখনও কখনও ইংরাজিতে বলা হয়েছে “মোশির পঞ্চ পুস্তক।”
- ঘ. আদি পুস্তক-দ্বিতীয় বিবরণ হল মোশির একটি অবিচ্ছিন্ন বিবরণ যার বিষয় সৃষ্টি থেকে মোশির জীবন।

III. সাহিত্য রীতি – আদি পুস্তক মূলত ধর্মতাত্ত্বিক, ঐতিহাসিক বর্ণনা কিন্তু এতে আরও অন্তর্ভুক্ত হয়েছে অন্য ধরণের সাহিত্য রীতি:

- ক. কবিতা, উদাহরণ, ২:২৩; ৪:২৩ (সম্ভবত ১-২)
- খ. ভাববাণী, উদাহরণ, ৩:১৫; ৪:৯:১ থেকে কয়েকটি পদ (এছাড়াও কাব্যধর্মী)

IV. পুস্তকের রচয়িতা

- ক. বাইবেল কোন লেখকের নাম করেনি। আদি পুস্তকে ইস্রায়েলি, নহিমিয়ের মত কোন “আমি” অংশ নেই বা প্রেরিত পুস্তকের মত “আমরা” অংশ নেই।
- খ. যিহুদী ঐতিহ্য:
- প্রাচীন যিহুদী লেখকেরা বলেছেন মোশি এটি লিখেছেন:
 - Ben Sirah “উপদেশক” ২৪:২৩, লিখিত হয়েছে প্রায় ১৮৫ খ্রীষ্ট পূর্বে
 - Baba Bathra ১৪^ক, Talmud এর একটি অংশ
 - আলেকজান্দ্রিয়ার Philo, মিশর, একজন যিহুদী দার্শনিক, লিখেছেন যীশুর পরিচর্যার অল্প কিছুদিন আগে
 - Flavius Josephus, একজন যিহুদী ঐতিহাসিক, লিখেছেন যীশুর পরিচর্যার অল্প কিছুদিন পরে
 - তোরা হল একটি ঐক্যবদ্ধ ঐতিহাসিক বিবরণ, আদি পুস্তকের পরে প্রতিটি বই শুরু হয়েছে “এবং” conjunction দিয়ে (ব্যতিক্রম গণনা পুস্তক)।
 - এটি ছিল মোশির কাছে প্রত্যাদেশ
 - বলা হয়ে থাকে যে মোশি লিখেছেন:
 - যাত্রা পুস্তক ১৭:১৪
 - যাত্রা পুস্তক ২৪:৪, ৭
 - যাত্রা পুস্তক ৩৪:২৭, ২৮
 - গণনা পুস্তক ৩৩:২
 - দ্বিতীয় বিবরণ ৩১:৯, ২২, ২৪-২৬
 - বলা হয়ে থাকে যে ঈশ্বর মোশির মাধ্যমে বলেছেন:
 - দ্বিতীয় বিবরণ ৫:৪-৫, ২২
 - দ্বিতীয় বিবরণ ৬:১

- (৩) দ্বিতীয় বিবরণ ১০:১
- গ. বলা হয়ে থাকে যে মোশি লোকদের কাছে তোরার কথাগুলি বলেছেন:
- (১) দ্বিতীয় বিবরণ ১:১,৩
(২) দ্বিতীয় বিবরণ ৫:১
(৩) দ্বিতীয় বিবরণ ২৭:১
(৪) দ্বিতীয় বিবরণ ২৯:২
(৫) দ্বিতীয় বিবরণ ৩১:১,৩০
(৬) দ্বিতীয় বিবরণ ৩২:৪৪
(৭) দ্বিতীয় বিবরণ ৩৩:১
৪. পুরাতন নিয়মের লেখকেরা এগুলি মোশির উপরে আরোপ করেছেন:
- ক. যিহোশূয় ৮:৩১
খ. ২ রাজাবলী ১৪:৬
গ. ইস্রা ৬:১৮
ঘ. নহিমিয় ৮:১; ১৩:১-২
ঙ. ২ বংশাবলী ২৫:৪; ৩৪:১২; ৩৫:১২
চ. দানিয়েল ৯:১১
ছ. মালাখি ৪:৪
- গ. খ্রীষ্টিয় ঐতিহ্য
১. যীশুর তোরা থেকে উদ্ধৃতি সমূহ মোশির উপরে আরোপিত হয়েছে:
- ক. মথি ৮:৪; ১৯:৮
খ. মার্ক ১:৪৪; ৭:১০; ১০:৫; ১২:২৬
গ. লূক ৫:১৪; ১৬:৩১; ২০:৩৭; ২৪:২৭, ৪৪
ঘ. যোহন ৫:৪৬-৪৭; ৭:১৯, ২৩
২. অন্যান্য নূতন নিয়মের লেখকেরাও উদ্ধৃতি সমূহ মোশির উপরে আরোপ করেছেন:
- ক. লুক ২:২২
খ. প্রেরিত ৩:২২; ১৩:৩৯; ১৫:১, ১৫-২১; ২৬:২২; ২৮:২৩
গ. রোমীয় ১০:৫, ১৯
ঘ. ১ করিন্থীয় ৯:৯
ঙ. ২ করিন্থীয় ৩:১৫
চ. ইব্রীয় ১০:২৮
ছ. প্রকাশিত বাক্য ১৫:৩
৩. অধিকাংশ প্রাচীন মণ্ডলীর আদিপিতারা মোশির লেখকত্ব মেনে নিয়েছেন। Ireneaus, অলেকজান্দ্রিয়ার Clement, Origen এবং Tertullian, এদের সকলেরই প্রশ্ন ছিল বর্তমানের আদি পুস্তকের canonical রূপের সাথে মোশির সম্পর্ক সম্বন্ধে।
- ঘ. আধুনিক গবেষণা
১. সুস্পষ্ট ভাবে তোরায় কিছু সম্পাদকীয় সম্পাদনা আছে (বাহ্যিক ভাবে প্রাচীন লেখনীকে সমকালীন পাঠকদের কাছে আরও বোধগম্য করার):
- ক. আদি পুস্তক ১২:৬; ১৩:৭; ১৪:১৪; ২১:৩৪; ৩২:৩২; ৩৬:৩১; ৪৭:১১
খ. যাত্রা পুস্তক ১১:৩; ১৬:৩৬
গ. গণনা পুস্তক ১২:৩; ১৩:২২; ১৫:২২-২৩; ২১:১৪-১৫; ৩২:৩৩ পদ থেকে কয়েকটি পদ
ঘ. দ্বিতীয় বিবরণ ৩:১৪; ৩৪:৬
ঙ. প্রাচীন অনুলিপিকারকেরা ছিলেন উচ্চ প্রশিক্ষিত এবং শিক্ষিত। দেশ থেকে দেশে তাদের কৌশল ভিন্ন ভিন্ন হয়েছে:
- (১) মোসোপটেমিয়া তারা কোন কিছু পরিবর্তন করতে অত্যন্ত সতর্ক ছিলেন, এমনকি তারা তাদের কাজের অদ্রাস্ততার পরীক্ষা করতেন। এখানে প্রাচীন সুমেরিয় অনুলিপিকারকদের একটি পাদটিকা, (“কাজটি শুরু থেকে শেষ পর্যন্ত সম্পূর্ণ, অনুলিপিকরণ, সংশোধিত, তুলনা করা হয়েছে এবং স্বাক্ষরের যথার্থতা করা হয়েছে স্বাক্ষর দ্বারা” প্রায় ১৪০০ খ্রীষ্ট পূর্ব থেকে)
- (২) মিশরে তারা স্বাধীন ভাবে প্রাচীন লেখনী সংশোধিত করে হালনাগাদ করতেন সমকালীন পাঠকদের জন্য। কুমরানের অনুলিপিকারকেরা এই পদ্ধতি অনুসরণ করেছেন।
২. ১৯ শতকের পন্ডিতেরা তত্ত্ব উদ্ভাবন করেছেন যে তোরা হল বিরাট একটি সময়কালে অনেক উৎস থেকে পাওয়া একটি যৌগিক লেখনী (Graft-Wellhausen)। এর ভিত্তি ছিল:
- ক. ঈশ্বরের জন্য ভিন্ন ভিন্ন নাম,
খ. লেখনীতে দৃশ্যমান সন্দেহ,
গ. বিবরণের গঠন,

- ঘ. বিবরণের ধর্মতত্ত্ব।
৩. অনুমিত উৎস এবং তারিখ:
- ক. J উৎস (YHWH এর ব্যবহার) - ৯৫০ খ্রীষ্ট পূর্ব
- খ. E উৎস (Elohim এর ব্যবহার) - ৮৫০ খ্রীষ্ট পূর্ব
- গ. JE সমন্বিত- ৭৫০ খ্রীষ্ট পূর্ব
- ঘ. D উৎস (“ব্যবহার বই,” ২ রাজাবলী ২২:৮, যোষিয়ার সংস্কারের সময়ে আবিষ্কৃত যখন মন্দিরের পুনর্গঠন হচ্ছিল ধরে নেওয়া হয়েছে যে বইটি দ্বিতীয় বিবরণ, যোষিয়ার সময়ের একজন অজ্ঞাত পুরোহিত দ্বারা লিখিত তার সংস্কারকে সমর্থন করতে।)- ৬২১ খ্রীষ্ট পূর্ব
- ঙ. P উৎস (সকল যাজকীয় উপাদান বিশেষ করে ধর্মানুষ্ঠান এবং পদ্ধতি)- ৪০০ খ্রীষ্ট পূর্ব
- চ. তোরায়ে সুস্পষ্ট সম্পাদকীয় সম্পাদনা আছে। যিহূদীরা জোর দিয়ে বলছে যে এটা ছিল:
- (১) লেখানীর সময়ে মহাপুরোহিত,
- (২) ভাববাদী যিরমিয়,
- (৩) অনুলিপিকারক ইস্রা - বলেছেন তিনি এটি পুনরায় লিখেছেন কারণ এর মূল (original) লেখনীটি ৫৮৬ খ্রীষ্ট পূর্বে যিরূশালেমের পতনে ধ্বংস হয়ে গিয়েছে।
- ছ. যদিও, J. E. D. P. তত্ত্ব আমাদের আধুনিক সাহিত্য তত্ত্ব এবং শ্রেণীবিভাগ সম্বন্ধে তোরা থেকে পাওয়া প্রমাণের চেয়ে বেশি কিছু বলছে (R.K. Harrison, *Introduction to the Old Testament*, pp. 495-541 and Tyndale's Commentaries "Leviticus", pp. 15-25)।
- জ. হিব্রু সাহিত্যের বৈশিষ্ট্য
- (১) একই বিষয় দুইবার, যেমন আদি ১ এবং ২, হিব্রুতে সাধারণ। সাধারণত একটি সাধারণ বর্ণনা দেওয়া হয়েছে এবং তারপরে একটি নির্দিষ্ট বিবরণ অনুসরণ করা হয়েছে। এটা হতে পারে সত্য উচ্চারণের বা মৌখিক স্মৃতিচারণের একটি উপায়।
- (২) প্রাচীন রাব্বিরা বলেছেন ঈশ্বরের জন্য দুটি বেশি প্রচলিত নামের ধর্মতাত্ত্বিক তাৎপর্য রয়েছে:
- ক) YHWH - ঈশ্বরের জন্য নিয়মের নাম যেহেতু তিনি ইস্রায়েলের উদ্ধারকর্তা ও পরিত্রাতা হিসাবে সম্পর্কিত (গীত ১০৩)।
- খ) Elohim - সৃষ্টিকর্তা, যোগানদাতা, এবং পৃথিবীর উপরে সকল জীবনের অস্তিত্বের রক্ষাকর্তা হিসাবে ঈশ্বর (গীত ২০৪)।
- (৩) বাইবেল বহির্ভূত সিনকট প্রাচ্যের সাহিত্যে পদ্ধতি ও শব্দ ব্যবহারে ভিন্নতা খুব প্রচলিত ছিল যেটি দেখা যায় ঐক্যবদ্ধ সাহিত্য কর্মে (Harrison, pp. 522-526)।
- ঙ. প্রাচীন নিকট প্রাচ্যের সাহিত্যের প্রমাণ ইঙ্গিত দেয় যে মোশি আদি পুস্তক লিখতে ব্যবহার করেছেন লিখিত কীলকাকার চিহ্ন বা মেসোপটেমিয়ার পদ্ধতি মৌখিক ঐতিহ্য। এর অর্থ কোন ভাবেই ইঙ্গিত দেয় না অনুপ্রেরণার হ্রাস কিন্তু এটি হল একটি প্রচেষ্টা আদিপুস্তকের সাহিত্য বিষয়ক ঘটনাবলীর ব্যাখ্যা। আদি পুস্তকের ৩৭ অধ্যায়ের আরম্ভ থেকে মিশরীয় পদ্ধতির প্রভাব লক্ষণীয়, গঠন এবং শব্দ ব্যবহার উল্লেখ করে যে মোশি ব্যবহার করেছেন হয় সাহিত্য বিষয়ক উৎপাদনে না হয় মৌখিক ঐতিহ্য ইস্রায়েলীয়দের মিশরের দিনগুলি থেকে। মোশির আনুষ্ঠানিক শিক্ষা সম্পূর্ণরূপে ছিল মিশরীয়! পেন্টাটকের সঠিক সাহিত্য বিন্যাস অজ্ঞাত। আমি বিশ্বাস করি যে মোশি পেন্টাটকের বিশাল অংশের সংকলনকারী এবং লেখক, যদিও, তিনি হয়তো অনুলিপিকার ব্যবহার করেছেন এবং/অথবা লিখিত ও মৌখিক ঐতিহ্য। পুরাতন নিয়মের প্রথম কয়েকটি বাইবের ঐতিহাসিক সত্য এবং নির্ভরযোগ্যতা নিশ্চিত।

V. তারিখ

- ক. আদি পুস্তক যে সময়কাল ব্যাপি আলোচনা করেছে তাহল বিশ্ব ভ্রম্ভান্ডের সৃষ্টি থেকে অব্রাহামের পরিবার পর্যন্ত। এটা সম্ভব সেই সময়কালে বাইবেলের বাইরের সাহিত্য থেকে অব্রাহামের জীবনের তারিখ করা। মোটামুটি তারিখ হতে পারে ২০০০ খ্রীষ্ট পূর্ব, দ্বিতীয় খ্রীষ্ট পূর্ব সহস্রাব্দ। এর পক্ষে মূল ভিত্তি হল:
১. পিতা পরিবারে যাজক হিসাবে কাজ করতেন (যেমন ইয়োব),
২. পশু পালক ও পশুপাল অনুসরণ করে জীবন ছিল যাযাবরের,
৩. এই সময়ে যিহূদী (Semitic) লোকদের দেশান্তর হয়।
- খ. আদি ১-১১ অধ্যায়ের প্রাথমিক ঘটনাসমূহ হল নত “ঐতিহাসিক” ঘটনা (সম্ভবত “ঐতিহাসিক নাটক”) কিন্তু বর্তমানের প্রাপ্য সমূহের দ্বারা সময় নির্ধারণ করা যায় না।
- গ. এটা অবশ্যই স্মরণে রাখতে হবে যখন আদি পুস্তক অধ্যয়ন করা হবে যে ঐতিহাসিক ঘটনাবলী মোশির দ্বারা লিপিবদ্ধ হয়েছে যিনি ঈশ্বরের লোকদের মিশর থেকে বের করে নিয়ে এসেছিলেন হয় (১) ১৪৪৫ খ্রীষ্ট পূর্বে, ১ রাজাবলী ৬:১ পদের উপরে ভিত্তি করে; আর না হয় (২)

১২৯০ খ্রীষ্ট পূর্বে, প্রত্নতত্ত্বের উপরে ভিত্তি করে। সেজন্য, হয় মৌখিক ঐতিহ্য, অজ্ঞাত লিখিত উৎস, না হয় সরাসরি ঐশ্বরিক প্রত্যাদেশ দ্বারা, মোশি লিপিবদ্ধ করেছেন “এই সকলের কিভাবে শুরু হয়েছে” এবং “কেন।”

VI. ঐতিহাসিক অবস্থান সমর্থনের জন্য উৎস

ক. অন্যান্য বাইবেলের বই

১. সৃষ্টি – গীত ৮, ১৯, ৫০ এবং ১০৪
২. অব্রাহামের সময় – ইয়োব

খ. ধর্ম বহির্ভূত প্রত্নতাত্ত্বিক উৎস

১. আদি পুস্তক ১-১১ অধ্যায়ের সংস্কৃতিগত অবস্থানের প্রাচীনতম জানা সাহিত্য সমান্তরাল হল Ebla কীলককার ফলক যেটি পাওয়া গেছে সিরিয়ার উত্তরাংশে তারিখ প্রায় ২৫০০ খ্রীষ্ট পূর্ব, Akkadian লিখিত।

২. সৃষ্টি

ক. সবচেয়ে নিকটতম মেসোপটেমিয়ার বিবরণ *Enuma Elish*, যেটি সৃষ্টি সম্পর্কে আলোচনা করেছে, তারিখ প্রায় ১৯০০ থেকে ১৭০০ খ্রীষ্ট পূর্ব, যেটি পাওয়া গেছে নীনবীর অশুরবানিপালের (Ashurbanipal) গ্রন্থশালায় এবং অন্যান্য কয়েকটি স্থানে। সাতটি কীলককার ফলক Akkadian ভাষায় লিখিত যেখানে Marduk দ্বারা সৃষ্টির বর্ণনা করা হয়েছে।

- (১) দেবতা, *Apsu* (পরিষ্কার জল-পুরুষ) এবং *Tiamat* (লবণ জল-মহিলা) ছিল অবাধ্য, কোলাহলপূর্ণ সন্তান। এই দুই দেবতা চেষ্টা করেছে ছোট দেবতাকে নিশ্চূপ করতে।
- (২) দেবতার একজন সন্তান, *Marduk*, পরাজিত *Tiamat* কে সাহায্য করেছে। সে (*Tiamat*) তার দেহ থেকে পৃথিবী গঠন করেছে।
- (৩) *Marduk* গঠন করেছে মানুষ আর একজন পরাজিত দেবতা *Kingu* থেকে, যে ছিল *Tiamat* এর পুরুষ সঙ্গী *Apsu* এর মৃত্যুর পরে। মানুষ জাতি এসেছে *Kingu* এর রক্ত থেকে।
- (৪) *Marduk* কে বাবিলিয় আরাধ্য দেবতাদের প্রধান করা হয়েছিল।

খ. “সৃষ্টি মূদ্রাঙ্ক” হল একটি কীলককার ফলক যেটি হল ফলের গাছের পাশে একজন পুরুষ ও একজন মহিলার নগ্ন ছবি যেখানে একটি সাপ গাছের গুড়ি জড়িয়ে আছে এবং মহিলাটির কাধের উপরে দিয়ে মুখ বের করে আছে যেন মনে হচ্ছে এটি মহিলাটির সাথে কথা বলছে।

৩. সৃষ্টি এবং বন্যা- “*The Atrahasis Epic*” লিপিবদ্ধ করেছে ছোট দেবতাদের বিদ্রোহ অতিরিক্ত কাজের কারণে এবং সাতজন মানুষ দম্পতি সৃষ্টি এই ছোট দেবতাদের কর্তব্যগুলি পালন করার জন্য। কারণ হল : (১) অতিরিক্ত জনসংখ্যা, এবং (২) কোলাহল। মহামারি দ্বারা মানুষের সংখ্যা কমানো, দুটি দুর্ভিক্ষ এবং চূড়ান্ত ভাবে একটি বন্যা, *Enlil* দ্বারা পরিকল্পিত। এই প্রধান ঘটনাগুলি একই রকম ক্রমানুসারে আমরা দেখি আদি পুস্তক ১-৮ অধ্যায়ে। এই কীলককার রচনার তারিখ প্রায় একই সময় যেমন *Enuma Elish* এবং *Gilgamesh Epic*, প্রায় ১৯০০-১৭০০ খ্রীষ্ট পূর্ব। সবই Akkadian এ।

৪. নোহের বন্যা

ক. Nippur থেকে পাওয়া একটি সুমেরিয় ফলক, যাকে বলা হয়েছে *Eridu Genesis*, তারিখ প্রায় ১৬০০ খ্রীষ্ট পূর্ব, *Zivsudra* এবং আসন্ন বন্যা সম্পর্কে বলেছে।

- (১) *Enka*, জল দেবতা, আসন্ন বন্যার সতর্কবাণী করেছেন।
- (২) *Zivsudra*, একজন যাজক-রাজা, একটি বিরাট নৌকায় রক্ষা পান।
- (৩) বন্যা সাত দিন স্থায়ী হয়েছিল।
- (৪) *Zivsudra* নৌকার একটি জানালা খোলেন এবং শুকনা ভূমি দেখা যাচ্ছে কি না তা জানার জন্য কয়েকটি পাখী ছেড়ে দেন।
- (৫) এছাড়াও তিনি একটি ষাড় ও একটি মেঘ উৎসর্গ করেছিলেন যখন তিনি নৌকা ত্যাগ করেছিলেন।

খ. একটি যৌগিক বাবিলিয় বন্যার বিবরণ চারটি সুমেরিয় রূপকথা থেকে, পরিচিত হল *Gilgamesh Epic* হিসাবে মূল তারিখ ২৫০০-২৪০০ খ্রীষ্ট পূর্ব, এছাড়াও লিখিত যৌগিক গঠন ছিল কীলককার Akkadian, যা অনেক পরের। এটি বন্যায় উদ্ধার পাওয়া একজনের বিষয়ে বলেছে, *Utnapishtim*, যে *Uruk* এর রাজা গিলগামেশকে বলেছে যে কিভাবে সে মহাবন্যা থেকে রক্ষা পেয়েছে এবং অনন্তজীবন লাভ করেছে।

- (১) *Ea*, জলের দেবতা, আসন্ন বন্যার বিষয়ে সতর্ক করেছিলেন এবং *Utnapishtim* কে (*Zivsudra* এর বাবিলিয় গঠন) বলেছেন একটি নৌকা নির্মাণ করতে।
- (২) *Utnapishtim* এবং তার পরিবার, সাথে ছিল নির্বাচিত আরোগ্যদায়ক ঔষধী গাছ, বন্যা থেকে রক্ষা পেয়েছিল।
- (৩) বন্যা সাত দিন স্থায়ী হয়েছিল।
- (৪) নৌকাটি উত্তর পূর্ব পারস্যের, Nisir পর্বতে এসে লেগেছিল।
- (৫) তিনি ভূমি শুকনা হয়েছে কি না তা জানার জন্য তিনটি ভিন্ন ভিন্ন পাখী ছেড়েছিলেন।

৫. মেসোপটেমিয়ার সাহিত্য যেটি বর্ণনা করা হয়েছে একটি প্রাচীন বন্যার কথা যেগুলি সবই একই উৎস থেকে গৃহিত হয়েছে। নামগুলি প্রায়ই ভিন্ন ভিন্ন হয়েছে কিন্তু গল্পের কাহিনি একই। এর একটি উদাহরণ হল যে *Zivsudra*, *Atrahasis* এবং *Utnapishtim* সকলে হলেন একই মানবিক রাজা।
৬. আদি পুস্তকের প্রাথমিক ঘটনার ঐতিহাসিক সমান্তরাল ব্যাখ্যা করা যেতে পারে মানুষের ঈশ্বর সম্বন্ধে পূর্ব-বিক্ষিপ্ত (আদি ১-১১) জ্ঞান এবং অভিজ্ঞতার আলোকে। এই ঐতিহাসিক সত্যের মূল স্মৃতি পরিকল্পিত ও পৌরাণিকত্বে পরিণত হয়েছে বর্তমান বন্যার বিবরণে যেটি প্রচলিত সমগ্র বিশ্বব্যাপি বন্যায়। এই একই কথা বলা যেতে পারে: সৃষ্টি (আদি ১-২) এবং মানুষ এবং দূতদের ঐক্য (আদি ৬)।
৭. আদি পিতাদের দিন (Middle Bronze)
- ক. Mari ফলক – অনুমোদিত কীলকাকার (Ammonite সংস্কৃতি) এবং Akkadian এ ব্যক্তিগত লেখনী প্রায় ১৭০০ খ্রীষ্ট পূর্ব।
- খ. Nuzi ফলক – Akkadian এ লিখিত কিছু কিছু পরিবারের (Horite বা Hurrian সংস্কৃতি) কীলকাকার মহাফেজ খানা নীনবী থেকে ১০০ মাইল দক্ষিণ পূর্বে প্রায় ১৫০০-১৩০০ খ্রীষ্ট পূর্ব। সেগুলি লিপিবদ্ধ পারিবারিক ও ব্যবসা পদ্ধতি। আর নির্দিষ্ট উদাহরণের জন্য, দেখুন Walton, pp. 52-58।
- গ. Alalak ফলক – কীলকাকৃতি লেখনী উত্তর সিরিয়া থেকে পাওয়া প্রায় ২০০০ খ্রীষ্ট পূর্ব।
- ঘ. আদি পুস্তকে পাওয়া কিছু কিছু নাম যে নামগুলি Mari ফলকে স্থানের নাম হিসাবে: Serug, Peleg, Terah, Nahor। অন্যান্য বাইবেলের নামগুলিও প্রচলিত: Abraham, Isaac, Jacob, Laban and Joseph।
৮. “তুলনামূলক ইতিহাস বিষয়ক লেখনী অধ্যয়ন দেখিয়েছে যে, Hittites এর সাথে, প্রাচীন ইব্রীয়রা অনেক বেশি নিখুত, উদ্দেশ্য মূলক এবং দায়িত্ববান নিকট প্রাচ্যের ইতিহাস লিপিবদ্ধকারী,” R. K Harrison in *Biblical Criticism*, p 5।
৯. প্রত্নতত্ত্ব সাহায্যকারী বলে প্রমাণিত হয়েছে বাইবেলের ঐতিহাসিক সত্যতা প্রতিষ্ঠায়। যদিও, একটি সাবধান বাণী দরকারী। প্রত্নতত্ত্ব সম্পূর্ণরূপে নির্ভরযোগ্য নির্দেশক নয় কারণ:
- ক. প্রাথমিক খোঁড়াখুঁড়িতে দুর্বল কৌশল,
- খ. বিভিন্ন, হস্ত নির্মিত বস্তু যা আবিষ্কৃত হয়েছে তার বিষয় ভিত্তিক ব্যাখ্যা ভিন্ন ভিন্ন,
- গ. ঐক্যমত নাই-প্রাচীন নিকট প্রাচ্যের সময়ানুক্রমের বিষয়ে (যদিও একটি বিকশিত হয়েছে গাছের চাকা থেকে)।
- গ. মিশরীয় সৃষ্টি বিবরণ পাওয়া যেতে পারে John H. Walton’s, *Ancient Israelite Literature in Its Cultural Context*. Grand Rapids, MI: Zondervan, 1990. Pp. 23-34, 32-34।
১. মিশরীয় সাহিত্যে সৃষ্টি শুরু হয়েছে একটি কাঠামোহীন, বিশৃঙ্খল, আদিম জল দিয়ে। সৃষ্টিকে দেখা হয়েছে বিশৃঙ্খল বিশাল জলাধারা থেকে বিকশিত কাঠামো হিসাবে।
২. Memphis এর মিশরীয় সাহিত্যে, সৃষ্টির কাজ হয়েছিল Ptah এর মুখের কথার দ্বারা।
- ঘ. সৃষ্টিতত্ত্বের উপরে সুসমাচার প্রচারক দলের ঠিকানা:
১. Institute for Creation Research (Young Earth)
P. O. Box 2667
El Cajon, CA 92021-0667
২. Reasons to Believe (Old Earth)
P. O. Box 5978
Pasadena, CA 91117

VII. সাহিত্য একক (প্রসঙ্গ)

- ক. রূপরেখা মোশির “বংশধরগণ” (*toledoth*) শব্দগুচ্ছ ব্যবহারের উপরে ভিত্তি করে:
১. স্বর্গ ও পৃথিবীর উৎপত্তি, ১:১-২:৩
২. মানুষের উৎপত্তি, ২:৪-৪:২৬
৩. আদমের বংশধরগণ, ৫:১-৬:৮
৪. নোহের বংশধরগণ, ৬:৯-৯:১৭
৫. নোহের পুত্রদের বংশধরগণ, ১০:১-১১:৯
৬. শেমের বংশধরগণ, ১১:১০-২৬
৭. তেরহের (অব্রাহাম) বংশধরগণ, ১১:২৭-২৫:১১
৮. ইস্যালেলের বংশধরগণ, ২৫:১২-১৮
৯. ইসহাকের বংশধরগণ, ২৫:১৯-৩৫:২৯
১০. এসৌর বংশধরগণ, ৩৬:১-৮
১১. এসৌর পুত্রদের বংশধরগণ, ৩৬:৯-৪৩
১২. যাকোবের বংশধরগণ, ৩৭:১-৫০:২৬ (#১-১১ অধ্যায়ের রয়েছে মেসোপটেমিয়ার সাহিত্যের প্রেক্ষাপট কিন্তু #১২ অধ্যায়ে রয়েছে মিশরীয় সাহিত্যের ভাবধারা।)

- খ. উদ্দেশ্যমূলক রূপরেখা:
১. মানুষের জন্য সৃষ্টি এবং মানুষের, ১-২
 ২. মানুষ এবং সৃষ্টির পতন, ৩:১-১১:২৬
 ৩. সকলের জন্য একজন মানুষ (৩:১৫), ১২-৫০
 - ক. অব্রাহাম (১২:১-৩), ১১:২৭-২৩:২০
 - খ. ইসহাক, ২৪:১-২৬:৩৫
 - গ. যাকোব, ২৭:১-৩৬:৪
 - (১) যিহুদা (মনশির বংশ তালিকায়)
 - (২) যোষেফ (দ্বৈত ভূমির উত্তরাধিকারী), ৩৭:১-৫০:২৫

VIII. প্রধান সত্য

- ক. কিভাবে এই সব কিছুর শুরু হয়েছে?
১. ঈশ্বর (১-২)। বাইবেলের বিশ্বদর্শন বহু ঈশ্বরবাদ নয় কিন্তু এক ঈশ্বরবাদ। এটি “কিভাবে” সৃষ্টি সেদিকে লক্ষ্য করে না কিন্তু “কে।” বাইবেলের সময়ে এটি সম্পূর্ণরূপে অদ্বিতীয় ছিল।
 ২. ঈশ্বর সহভাগিতা চেয়েছেন। সৃষ্টি কেবলমাত্র ঈশ্বরের জন্য মানুষের সাথে সহভাগিতার একটি মঞ্চ ছিল।
 ৩. আদি পুস্তকের ১-৩ এবং ১২ অধ্যায় ছাড়া বাইবেলের বাকী অংশ বোঝার কোন সম্ভাবনাই নেই।
 ৪. মানুষকে অবশ্যই ঈশ্বরের ইচ্ছা সম্বন্ধে সে যা বুঝেছে তাতে সাড়া প্রদান করতে হবে (আদি ১৫:৬ এবং রোমীয় ৪)।
- খ. পৃথিবী কেন এত মন্দ ও অসৎ? এটি “অত্যন্ত ভাল” ছিল (১:৩১), কিন্তু মানুষ পাপ করেছে (৩)। এর ভয়ংকর ফলাফল দৃশ্যমান:
১. কয়িন হেবলকে হত্যা করে, (৪)
 ২. লেমকের প্রতিশোধ (৪:২৩)
 ৩. মানুষের দুষ্টিতা, (৬:৫, ১১-১২; ৮:২১)
 ৪. নোহের মাতলামি (৯)
 ৫. বাবিলের উচ্চগৃহ, (১১)
 ৬. উরের বহু ঈশ্বরবাদ
- গ. কিভাবে ঈশ্বর এগুলি নিরাময় করবেন?
১. মশীহ আসবেন (৩:১৫)
 ২. ঈশ্বর একজনকে আহবান করেছেন সকলকে আহবানের জন্য (আদি ১২:১-৩ এবং যাত্রা ১৯:৫-৬)
 ৩. ঈশ্বর পতিত মানুষের সাথে কাজ করতে ইচ্ছুক (আদাম, হবা, কয়িন, নোহ, অব্রাহাম, যিহুদী এবং পরজাতি) তাঁর অনুগ্রহের মাধ্যমে:
 - ক. প্রতিজ্ঞাসমূহ
 - খ. নিয়ম বা চুক্তি (শর্তহীন এবং শর্তসাপেক্ষ)
 - গ. উৎসর্গ
 - ঘ. আরাধনা

IX. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এবং ব্যক্তি সংক্ষিপ্ত ব্যাখ্যায়

- ক. টার্ম এবং শব্দগুচ্ছ
১. “ঈশ্বর বললেন..” ১:৩,৬,৯,১৪,২০,২৪ (NASB এবং NIV)
 ২. “আস আমরা..” ১:২৬; ৩:২২; ১১:৭ (NASB এবং NIV)
 ৩. “আমাদের প্রতিমূর্তিতে..” ১:২৬,২৭; ৫:১,৩; ৯:৬ (NASB এবং NIV)
 ৪. “সদাপ্রভু ঈশ্বর গমানাগমন করছিলেন” (ঈশ্বরকে মানবিক রূপদান) ৩:৮ (NASB এবং NIV)
 ৫. নেফিলিম ৬:৪ (NASB এবং NIV)
 ৬. নিয়ম বা চুক্তি ৬:১৮; ৯:৯-১৭ (NASB এবং NIV)
 ৭. “অব্রাহাম সদাপ্রভুতে বিশ্বাস করলেন; এবং তিনি একে তার ধার্মিকতা বলে গণনা করলেন ১৫:৬ (NIV, “অব্রাহাম প্রভুতে বিশ্বাস করলেন এবং তিনি একে ধার্মিকতা বলে ধরলেন”)
 ৮. প্রেমপূর্ণ দয়া (*hesed*) ২৪:১২,২৭; ৩২:১০ (NIV, “মহানুববতা”)
 ৯. গৃহস্থিত প্রতিমা (*teraphim*) ৩১:১৯,৩০,৩৪ (NIV, “গৃহস্থিত দেবতা”)
 ১০. ভবিষ্যৎ ঘটনার অন্তর্দৃষ্টি ৪৪:৫ (NASB এবং NIV)

- খ. ব্যক্তি সংক্ষিপ্ত ভাবে চিহ্নিতকরণ
- | | |
|-------------------------|-------------------------------------|
| ১. শেখ ৪:২৫ | ১১. হাগার ১৬:১ |
| ২. ইনোক, ৫:২১-২৪ | ১২. ইস্রায়েল, ১৫:১৫; ২৫:১২-১৯ |
| ৩. মথূশেলহ, ৫:২২, ২৫-২৭ | ১৩. ইসহাক, ২১:৩ |
| ৪. শেম, ৯:১৮; ১০:২৭-৩১ | ১৪. লাবণ, ২৪:২৯ |
| ৫. কনান, ৯:২০-২৭ | ১৫. কেটুরা ২৫:১ |
| ৬. নিমরোদ ১০:৮-১০ | ১৬. যাকোব (ইস্রায়েল), ২৫:২৬; ৩২:২৮ |
| ৭. তেরহ, ১১:২৪-৩২ | ১৭. দিনা, ৩০:২১ |
| ৮. লোট, ১১:৩১ | ১৮. পটিফর, ৩৭:৩৬ |
| ৯. অত্রাহাম, ১২:১৮ | ১৯. তামর, ৩৮ |
| ১০. মক্ষিষেদক, ১৪:১৮ | ২০. মনশি: ও ইফ্রয়িম, ৪১:৫১, ৫২ |

X. মানচিত্রে অবস্থান

- ক. প্রথম মানচিত্র – আদি পুস্তক ১-১১ (সংখ্যা দ্বারা)
- | | |
|-------------------------|----------------------------|
| ১. এদোন বাগান – ২:৮ | ৭. নীনবী, ১০:১২ |
| ২. টাইগ্রস নদী, ২:১৪ | ৮. যিবুষ, ১০:১৬ |
| ৩. ইউফ্রেটিস নদী, ২:১৪ | ৯. সদোম, ১০:১৯; ১৩:১০ |
| ৪. অরারট পর্বত, ৮:৪ | ১০. কলদীয় দেশের উর, ১১:২৮ |
| ৫. শিনিয়র, ১০:১০; ১১:২ | ১১. হারোন, ১১:৩১-৩২ |
| ৬. বাবিল, ১০:১০; ১১:৯ | |
- খ. দ্বিতীয় মানচিত্র আদি পুস্তক ১২-৫০ (সংখ্যা দ্বারা) অধ্যায়ের জন্য
- | | |
|-------------------------------|--------------------------------|
| ১. শিখিম, ১২:৬; ৩৩:১৮ | ১২. মোয়াব, ১৯:৩৭ |
| ২. বেথেল, ১২:৮; ১৩:৩; ৩৫:৬ | ১৩. অম্মোন, ১৯:৩৮ |
| ৩. নেগেভ, ১২:৯; ১৩:১ | ১৪. বেরশেবা, ২১:১৪; ২৬:৩৩ |
| ৪. জর্দন নদী, ১৩:১০-১১ | ১৫. পলেষ্টিয় অঞ্চল, ২১:৩২ |
| ৫. হিব্রোন, ১৩:১৮; ২৩:২ | ১৬. পারণ প্রান্তর, ২১:২১ |
| ৬. লবণ সমুদ্র, ১৪:৩ | ১৭. মোরিয়া দেশ, ২২:২ |
| ৭. কাদেশ বর্ণেয়, ১৪:৭; ১৬:১৪ | ১৮. অরাম, ২৪:১০ |
| ৮. দমেশক, ১৪:১৫ | ১৯. ইদোম, ২৫:৩০; ৩৬:১; ৮-৯, ১৯ |
| ৯. সালেম, ১৪:১৮ | ২০. যব্বোক নদী, ৩২:২২ |
| ১০. মিশরের নদী, ১৫:১৮ | ২১. বেথেলেহম, ৩৫:১৯ |
| ১১. শূর প্রান্তর, ১৬:৭ | ২২. গোশন প্রদেশ, ৪৫:১০; ৪৬:৩৪ |

XI. শিক্ষার্থীদের সন্তুষ্টির প্রশ্নাবলী

আদি পুস্তক ১-১১ অধ্যায়ের উপরে প্রশ্নাবলী

১. বাইবেল কি ঈশ্বরের উৎপত্তি নিয়ে আলোচনা করেছে?
২. সৃষ্টি সম্বন্ধে বাইবেল কি বিজ্ঞানের সাথে সাংঘর্ষিক?
৩. কিভাবে আদি পুস্তক ১ অধ্যায় অন্যান্য নিকট প্রাচ্যের সৃষ্টির বিবরণের সাথে সম্পর্কিত?
৪. ব্যাখ্যা করুন টার্ম *fiat* এবং *ex nihilo*।
৫. ১ এবং ২ অধ্যায়ে ঈশ্বরের দুটি ভিন্ন ভিন্ন নাম কেন?
৬. মানুষ সৃষ্টির কি দুটি ভিন্ন ভিন্ন বিবরণ রয়েছে?
৭. এর অর্থ কি যে পুরুষ এবং স্ত্রীলোক ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্টি?
৮. এক ঈশ্বরে সম্পর্কে কেন বহুবচন ব্যবহৃত হয়েছে? ১:২৬, ২৭; ৩:২২; ১১:৭
৯. বাইবেলের বাকী অংশ বুঝতে কেন ৩ অধ্যায় এতটা গুরুত্বপূর্ণ?
১০. কথা বলা জীবজন্তু (৩:১) কি প্রমাণ করে যে এই বিবরণ হল পৌরাণিক?
১১. কেন ৩:১৫ পদ এত গুরুত্বপূর্ণ?
১২. কিভাবে ৩:১৬ পদ আধুনিক জীবনে প্রয়োগযোগ্য?
১৩. এদোন বাগানে কি দুটি বা একটি বিশেষ গাছ ছিল?

১৪. কয়িনের বংশ থেকে আগত সমাজের বিকাশের তালিকা করুন, ৪:১৬-২৪।




১৫. বন্যার উদ্দেশ্য কি ছিল?

১৬. মানুষের বাবিলের উচ্চগৃহ নির্মাণের কি উদ্দেশ্য ছিল?

আদি পুস্তক ১২-৫০ আধ্যায়ের প্রশ্নমালা



১. অব্রাহাম ও নোহের সাথে করা নিয়ম কিভাবে আলাদা ছিল?
২. কিভাবে অব্রাহামের সাথে করা নিয়ম অযিহুদীদের সাথে সম্পর্কিত?
৩. ১২ অধ্যায়ে অব্রাহামের দুর্বলতা ও বিশ্বাসের অভাবের কোন দুটি চিহ্ন দেখা গিয়েছে?
৪. মঙ্কীষেদক কে এবং অব্রাহাম কেন তাকে দশমাংশ দিয়েছিলেন?
৫. ১৫:১২-২১ পদ কেন এত তাৎপর্যপূর্ণ?
৬. ১৮ অধ্যায়ে এই তিনজল লোক কারা ছিলেন? (কেন এবং কোথায়)?
৭. অব্রাহাম কেন সারাকে বিয়ে করার বিষয়ে মিথ্যা বলেছিলেন? কার কাছে মিথ্যা বলেছিলেন?
৮. রিবিকা ও যাকোব কেন ইসহাকের সাথে চালাকি করেছিলেন? (২৭)
৯. যতদূর সম্ভব মশীহের বংশধারা থেকে কেন রুবেন, লেবী ও শিমিয়োনকে প্রত্যাখান করা হয়েছিল? (৩৪ ও ৪৯)
১০. আপনার নিজের ভাষায় যোষেফের স্বপ্নের বর্ণনা দিন। (৩৭)
১১. যোষেফ কেন তার ভাইদের না চেনার ভান করেছিলেন?
১২. যাকোবের অন্যান্য ছেলেদের মতই কেন যোষেফের পুত্রেরা একই রবম উত্তরাধিকার লাভ করেছিল?

आदिपुस्तक १:१-११





आदिपुस्तक
निकट आद्य

আদিপুস্তক ১২-৫০





প্রাচীন
লিফট প্রাচ্য



**ප්‍රාචීන
ලිකිට් ප්‍රාච්‍ය**

প্যালেস্টাইন



যাত্রা পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO EXODUS)

I. বইয়ের নাম

- ক. হিব্রুতে (MT) এটি হল বইয়ের প্রথম শব্দ, “এবং এই কথাগুলি হল (নামগুলি)।”
- খ. LXX এর অনুবাদে এটি হল *ek 'odos*“ যার অর্থ “বেরিয়ে যাবার উপায়” বা “বেরিয়ে যাবার পথ।”
- গ. যেরোমের ল্যাটিন Vulgate এ এটি হল “প্রস্থান।”

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

- ক. হিব্রু ক্যাননের প্রথম বিভাগের এই অংশকে বলা হয়েছে “তোরা” বা “শিক্ষাগুলি” বা “ব্যবস্থা।”
- খ. LXX এ এই অংশ পরিচিত পেন্টাটুক (পাঁচটি গুটানো পুস্তক) হিসাবে।
- গ. একে কখনও কখনও ইংরাজিতে বলা হয়েছে “মোশির পঞ্চ পুস্তক।”
- ঘ. আদি পুস্তক-দ্বিতীয় বিবরণ হল মোশির একটি অবিচ্ছিন্ন ঐতিহাসিক বিবরণ যার বিষয় সৃষ্টি থেকে মোশির জীবন।

III. সাহিত্য রীতি – যাত্রা পুস্তকে অর্ন্তভুক্ত তিন ধরনের সাহিত্য রীতি।

- ক. ঐতিহাসিক বর্ণনামূলক, যাত্রা ১-১৯; ৩২-৩৪
- খ. কবিতা, যাত্রা ১৫
- গ. সমাগম তাম্বুর বিষয়ে নির্দিষ্ট বর্ণনা, যাত্রা ২৫-৩১, এবং এর নির্মাণ কৌশল, ৩৫-৪০

IV. পুস্তকের রচয়িতা

- ক. তোরা হল একটি ঐক্যবদ্ধ বিবরণ। যাত্রা পুস্তক “এবং” conjunction দিয়ে শুরু হয়েছে। দেখুন বিশদ আলোচনা আদি পুস্তকের রূপরেখায়।
- খ. যাত্রা পুস্তকে বেশ কয়েকটি জায়গা রয়েছে যেখানে বলা হয়েছে যে মোশি লিখেছেন:
১. ১৭:১৪; ২. ২৪:৪,১২; ৩. ৩৪:২৭,২৮
- গ. যিহোশূয় ৮:৩১ পদ যাত্রা ২০:২৫ পদ উদ্ধৃত করেছে এবং এটি আরোপ করেছে মোশির উপরে। যীশু যাত্রা ২০:১২,১৭ পদ উদ্ধৃত করেছেন এবং এটি মোশির উপরে আরোপ করেছেন, মার্ক ৭:১০।

V. যাত্রা পুস্তকের তারিখ

- ক. যাত্রা পুস্তকের তারিখ নিয়ে পণ্ডিতদের দুটি দুটি মতামত রয়েছে:
১. ১ রাজা ৬:১ পদ থেকে, যেখানে বলাছে, “মিশর থেকে বের হয়ে আসার ৪৮০ বছর পরে শলোমনের মন্দির নির্মাণকালে”:
 - ক. শলোমন ৯৭০ খ্রীষ্ট পূর্বে রাজত্ব করতে শুরু করেন। এটি নিরূপণ করা হয়েছে কর্করের যুদ্ধ (৮৫৩ খ্রীষ্ট পূর্ব) ব্যবহার করে নিশ্চিত আরম্ভের তারিখ হিসাবে।
 - খ. শলোমনের রাজত্বের ৪র্থ বৎসরে মন্দির নির্মাণ হয়েছিল (৯৬৫ খ্রীষ্ট পূর্ব), আর মিশর থেকে বেরিয়ে আসার ঘটনা ঘটেছিল প্রায় ১৪৪৫/৬ খ্রীষ্ট পূর্বে।
 ২. এই ঘটনা ঘটতে পারে ১৮তম মিশরীয় রাজত্বে।
 - ক. যাত্রা পুস্তকের ফরৌণ হতে পারেন *Thutmose III* (১৪৯০-১৪৩৬ খ্রীষ্ট পূর্ব)।
 - খ. যাত্রা পুস্তকের ফরৌণ হতে পারেন *Amenhotep II* (১৪৩৬-১৪০৭ খ্রীষ্ট পূর্ব)।

- (১) অনেকে বিশ্বাস করেন যিরিহোর ঘটনার ভিত্তি এই সত্যের উপরে যে *Amenhotep III* (১৪১৩-১৩৭৭ খ্রীষ্ট পূর্ব) এর শাসন কালে মিশর এবং যিরিহোর মধ্যে কোন রকম কূটনৈতিক পত্র বিনিময় সংঘটিত হয়নি।
 - (২) *Amarna* লেখনী লিপিবদ্ধ করেছে ostraca এ লিখিত কূটনৈতিক পত্র বিনিময় হয়েছে *Amenhotep III* এর রাজত্বকালে *Habiru*-দের কনান দেশ বিজয় সম্বন্ধে। সেজন্য, যাত্রা ঘটেছে *Amenhotep II* এর রাজত্বকালে।
 - (৩) বিচারকর্ভূকগণের সময়কাল খুব দীর্ঘ ছিল না যদি যাত্রার তারিখ হয় ১৩ শতক।
৩. এই তারিখগুলি সম্পর্কে সাম্ভাব্য সমস্যাগুলি:
- ক. সেপ্টুয়াজিস্ট-এ (LXX) আছে ৪৪০ বছর ৪৮০ নয়।
 - খ. এটা সম্ভব যে ৪৮০ বছর ৪০ বছর করে ১২টি বংশের প্রতিটির প্রতিনিধিত্ব করছে, সেজন্য, এটি একটি রূপক সংখ্যা।
 - গ. এরা হল হারন থেকে শলোমন পর্যন্ত যাজকীয় ১২টি বংশ (১ বংশ ৬), তারপরে ১২ শলোমন থেকে দ্বিতীয় মন্দির। যিহূদীরা, গ্রীকদের মতই, ৪০ বছর হিসাবে বংশ গণনা করতো। তাই, কম বেশি ৪৮০ বছর সময়কাল ছিল (সংখ্যার প্রতিকি ব্যবহার) (*Bimson's Redating the Exodus and Conquest*)।
৪. আরও তিনটি লেখনী রয়েছে যা তারিখ উল্লেখ করেছে:
- ক. আদি পুস্তক ১৫:১৩, ১৬ (প্রেরিত ৭:৬), ৪০০ বছরের বন্দিত্ব;
 - খ. যাত্রা পুস্তক ১২:৪০-৪১ (গালা ৩:১৭)
 - (১) MT - ৪৩০ বছর মিশরে প্রবাসকাল
 - (২) LXX - ২১৫ বছর মিশরে প্রবাসকাল
 - গ. বিচারকর্ভূকগণ ১১:২৬ - ৩০০ বছর যিশূহের সময় এবং বিজয় লাভ (১৪৪৫ তারিখ সমর্থন করে)
 - ঘ. প্রেরিত ১৩:১৯, যাত্রা, ভ্রমণ এবং বিজয় লাভ - ৪৫০ বছর
৫. রাজাবলীর লেখক নির্দিষ্ট ঐতিহাসিক সূত্র ব্যবহার করেছেন এবং ধরে নেওয়া সংখ্যা নয় (Edwin Thiele, *A Chronology of the Hebrew Kings*, pp. 83-85)
- খ. প্রত্নতত্ত্ব থেকে পরীক্ষামূলক প্রমাণ মনে হয় ১২৯০ খ্রীষ্ট পূর্ব তারিখের দিকে নির্দেশ করছে, অথবা ১৯তম মিশরিয় রাজবংশ।
১. এই একই সময়ে যোষেফ তার পিতা ও ফরৌণের সাথে দেখা করতে সমর্থ হয়েছিলেন। প্রথম দেশীয় ফরৌণ যে মিশরের রাজধানী Thebes থেকে নীল নদের বদ্বীপে স্থানান্তর করতে শুরু করেছিলেন, এই জায়গাটিকে বলে *Avaris/Zoan/Tanis* যেটি ছিল পুরাতন Hyksos এর রাজধানী, যিনি ছিলেন *Seti I* (১৩০৯-১২৯০)। তিনি হতে পারেন উৎপীড়নের ফরৌণ।
 - ক. এটি মনে হয় দুই খন্ড তথ্যের সাথে খাপ খায় মিশরে Hyksos এর রাজত্ব সম্পর্কে।
 - (১) একটি খোদাই করা লিপি ফলক পাওয়া গেছে Rameses II এর সময়কালের যেটি চারশত বছর আগেকার Avaris এর প্রতিষ্ঠার স্মারক (১৭০০ খ্রীষ্ট পূর্বের Hyksos এর দ্বারা)
 - (২) আদি পুস্তক ১৫:১৩ পদের ভাববাণী বলছে ৪০০ বছরের উৎপীড়নের
 - খ. এটি ইঙ্গিত দেয় যে যোষেফ ক্ষমতায় আরোহন করেছিলেন *Hyksos* (Semitic) ফরৌণের অধিনে। নূতন মিশরিয় রাজবংশের উল্লেখ যাত্রা ১:৮ পদে।
২. *Hyksos*, মিশরিয় শব্দের অর্থ “বিদেশি দেশের শাসক,” যারা ছিল মিশরিয় নয় এমন একদল Semitic শাসক, মিশর নিয়ন্ত্রণ করতেন ১৫তম এবং ১৬তম রাজবংশের সময় (১৭২০-১৫৭০ খ্রীষ্ট পূর্ব)। কেউ কেউ তাদের যোষেফের ক্ষমতায় আরোহনের সাথে সম্পর্কিত করতে চান। যদি আমরা যাত্রা ১২:৪০ পদের ৪৩০ বছর বাদ দেই ১৭২০ খ্রীষ্ট পূর্ব থেকে, তবে আমরা যে তারিখ পাই তা প্রায় ১২৯০ খ্রীষ্ট পূর্ব।
 ৩. *Seti I* এর পুত্র হলেন (১২৯০-১২২৪)। এই নাম উল্লেখ করা হয়েছে ইব্রীয় ক্রীতদাসদের দ্বারা নির্মিত একটি ভাভার নগরের, যাত্রা ১:১১। এছাড়াও গোশানের কাছে এই একই প্রদেশের নাম ছিল রামেশিষ, যাত্রা ৪৭:১১। *Avaris/Zoan/Tanis* পরিচিত ছিল “রামেশিষের গৃহ” হিসাবে ১৩০০-১১০০ খ্রীষ্ট পূর্ব থেকে।
 ৪. *Thutmoses III* পরিচিত ছিলেন একজন মহান নির্মাতা হিসাবে, যেমন ছিলেন Rameses II।
 ৫. Rameses II এর ছিল ৪৭ কন্যা যারা ভিন্ন ভিন্ন রাজ প্রাসাদে বাস করতো।
 ৬. প্রত্নতত্ত্ব দেখিয়েছে যে কনানের বেশির ভাগ দেওয়াল ঘেরা নগরী (Hazor, Debir, Lachish) ধংস হয়েছিল এবং খুব দ্রুততার সাথে পুনর্নির্মিত হয়েছিল ১২৫০ খ্রীষ্ট পূর্বের দিকে। এভাবে ৩৮ বছর প্রান্তরে ভ্রমণরত সময়কাল খাপ খায় ১২৯০ খ্রীষ্ট পূর্বের তারিখের সাথে।
 ৭. প্রত্নতত্ত্ব Rameses উত্তরসূরী *Merneptah* (১২২৪-১২১৪ খ্রীষ্ট পূর্ব [Merneptah এর ফলক লীপি, তারিখ ১২২০ খ্রীষ্ট পূর্ব]) এর স্মরণার্থক একটি ফলক লীপি থেকে একটি সূত্র পেয়েছে যে ইস্রায়েলীরা দক্ষিণ কনানে ছিল।
 ৮. ইদোম এবং মোয়াব মনে হয় দৃঢ় জাতিয় পরিচিতি লাভ করেছিল খ্রীষ্ট পূর্ব ১৩০০ শতকের শেষ দিকে। এই দেশগুলি ১৫ শতকের দিকে সংগঠিত ছিল না (Glueck)।
 ৯. John J. Bimson এর বই, যার শিরোনাম *Redating the Exodus and Conquest*, প্রকাশ করেছে University of Sheffield, 1978, প্রাচীন তারিখ সম্বলিত সকল প্রত্নতাত্ত্বিক প্রমাণের বিরুদ্ধে বিতর্ক তুলে ধরেছে।

VI. যাত্রা পুস্তকের সাথে সম্পর্কিত অন্যান্য অনিশ্চয়তা

- ক. মিশর থেকে কতজন লোক বের হয়ে এসেছিল তার সংখ্যার বিষয়ে সন্দেহ আছে
১. গণনা ১:৪৬; ২৬:৫১ লিখেছে যে সেখানে ৬০০,০০০ পুরুষ ছিল যুদ্ধ করার মত বয়সের (২০-৫০ বছর বয়সী, যাত্রা ৩৮:২৬)। সেজন্য, যদি কেউ মহিলা, ছেলেমেয়ে ও বয়স্ক লোক গণনা করে তবে সম্ভাব্য সংখ্যা হবে ১৫ লক্ষ থেকে ২৫ লক্ষ।
 ২. যদিও, হাজারের জন্য হিব্রু টার্ম, *Eleph*, অর্থ হতে পারে:
 - ক. একটি পরিবার বা এক গোষ্ঠি, যিহোশূয় ২২:১৪; বিচার ৬:১৫; ১ শমু ২৩:২৩; সখ ৯:৭
 - খ. একটি সামরিক একক, যাত্রা ১৮:২১,২৫; দ্বি বি ১:১৫
 - গ. আক্ষরিক হাজার, আদি ২০:১৬; যাত্রা ৩২:২৮
 - ঘ. প্রতিকিভাবে ব্যবহৃত, আদি ২৪:৬০; যাত্রা ২০:৬ (দ্বি বি ৭:৯); ৩৪:৭; যির ৩২:১৮
 - ঙ. Ugaritic থেকে (Semetic ভাষার সমজাতীয়), একই consonants হল *alluph* যার অর্থ “গোষ্ঠি প্রধান” (আদি ৩৬:১৫)। এর অর্থ হতে পারে যে গণনা ১:৩৯ পদ অনুসারে সেখানে দান বংশ থেকে ৬০ জন গোষ্ঠি প্রধান এবং ২৭০০ জন লোক ছিল। সমস্যা তখনই আসে যখন সেখানে কিছু কিছু গোষ্ঠির লোক সংখ্যার পক্ষে সুস্পষ্ট ভাবে অনেক গোষ্ঠি প্রধান থাকে।
 - চ. NIV স্টাডি বাইবেলে খুব ভাল আলোচনা রয়েছে, পৃ. ১৮৬
 ৩. প্রত্নতত্ত্ব এই সময়ের মিশর ও অশুরিয়া সৈন্য সংখ্যা হিসাব করেছে প্রায় এক লক্ষ। যিহোশূয়ে কিছু কিছু প্যাসেজ রয়েছে মনে হয় ইস্তিত করছে যে ইস্রায়েলের প্রায় ৪০,০০০ জনের একটি সৈন্যদল ছিল (যিহো ৪:১৩; ৭:৩; ৮:৩,১১,১২)।
- খ. যাত্রা পুস্তকের গমন পথটি সন্দেহজনক
১. অবস্থান হল: (১) মিশরিয় নগরী সমূহ; (২) জলাধার সমূহ; এবং (৩) প্রাচীন হিব্রু শিবির স্থাপনের জায়গাগুলি সবই অনিশ্চিত।
 ২. টার্ম “লোহিত সাগর” হল আক্ষরিক ভাবে *Yam Suph*, যেটি:
 - ক. অর্থ, “আগাছা সমুদ্র” বা “নল খাগড়ার সমুদ্র।” এটি উল্লেখ করতে পারে লবণ সমুদ্র, যোনা ২:৫; ১ রাজা ৯:২৬ বা সুপেয় জল, যাত্রা ২:৩; যিশা ১৯:২৬। LXX প্রথম অনুবাদ করেছে এটিকে “লোহিত সাগর” হিসাবে, পরে Vulgate এবং তারপরে King James Version।
 - খ. উল্লেখ করা হয়েছে “দক্ষিণের সাগর” বা “একেবারে শেষের (পৃথিবীর) সাগর।” এটা উল্লেখ হতে পারে বর্তমানের লোহিত সাগর, ভারত মহাসাগর বা পারস্য উপসাগর।
 - গ. পুরাতন নিয়মে বেশ কিছু ব্যবহার ছিল (গণনা ৩৩:৮,১০)।
 ৩. তিনটি সম্ভাব্য গমন পথ রয়েছে যেখানে অন্তর্ভুক্ত তিনটি ভিন্ন ভিন্ন জলাধার:
 - ক. উত্তরাংশের গমন পথ— এটি ভূমধ্যসাগর উপকূলে ছিল, বাণিজ্যিক রাজপথ অনুসরণ করা হয়েছে যেটি পরিচিত “পলেষ্টিয়র পথ” হিসাবে। এটি হতে পারে প্রতিজ্ঞাত দেশে যাবার সর্বাধিক পথ। জলাধার যার সম্মুখীন তারা হয়েছিল তা হতে পারে একটি অগভীর, জলাভূমি যাকে বলা হয়েছে: Lake Sirbonis বা Lake Menzalach। যদিও, যাত্রা পুস্তকের ১৩:১৭ পদের বিবরণ দেখে মনে হবে এই বিকল্প দিকটিকে অস্বীকার করা হয়েছে। এছাড়াও এই পথের পাশে মিশরিয় দুর্গসমূহের অবস্থান এই বিকল্প দিকের বিরুদ্ধে বলে।
 - খ. মধ্যবর্তী গমন পথ – এটিতে অন্তর্ভুক্ত কেন্দ্রীয় হ্রদসমূহ যাকে বলা হয়েছে: (১) “The Bitter Lakes”; (২) “Lake Balah”; (৩) “Lake Timsah।” এটি আরও হতে পারে Shur প্রান্তরের মধ্যে দিয়ে একটি কাফেলার গমন পথ অনুসরণ করা হয়েছে।
 - গ. দক্ষিণাংশের গমন পথ – এতে অন্তর্ভুক্ত লবণ জলের বিরাত জলাধার যাকে আজকে আমরা লোহিত সাগর বলে থাকি। এই অঞ্চলেও একটি কাফেলার গমন পথ রয়েছে যা এখন-গেষেরে “রাজার রাজপথ” (দম্বেশকের দিকে ট্রান্স জর্দান রোড) এর সাথে সংযুক্ত।
 - (১) এই জলাধারে নল খাগড়ার অনুপস্থিতির বিরুদ্ধে মত প্রকাশ করে
 - (২) এটি দেখিয়ে দেয় ১ রাজা ৯:২৬ পদের দিকে যেখানে বলাছে Yam-Suph এখন-গেষেরের উপরে। এটি হতে পারে Aqaba উপসাগর বা লোহিত সাগরের অংশ (গণনা ২১:৪; দ্বি বি ২৭; বিচার ১১:১৬; যির ৪৯:১২)।
 - ঘ. গণনা ৩৩ অধ্যায় স্পষ্ট ভাবে দেখিয়ে দেয় সমস্যা। ৮ পদে তারা “সমুদ্রের মধ্যে দিয়ে গমন করে,” তারপরে ১০ পদে তারা “লোহিত সাগর” এর পাশে শিবির স্থাপন করে, এটি একটি ভিন্ন জলাধার।
 - ঙ. যে জলাধারই তারা অতিক্রম করুক না কেন এটি ছিল ঈশ্বরের একটি অলৌকিক কাজ। ইস্রায়েলীয়দের মিশরিয় সৈন্যদের যুদ্ধান্ত্র গুলি সরবরাহ করা হয়েছিল যে মৃতদেহগুলি জলাধারে তাদের পাশেই ভাসছিল, এটি আর একটি অলৌকিক কাজ, যাত্রা ১৪:৩০; ১৫:৪-৫।
 - চ. অন্য সাহিত্য থেকে এটি সম্ভব যে “*yom suph*” ছিল তালিকাভুক্ত নয়, দক্ষিণের রহস্যময় জলাধার। কিছু কিছু সাহিত্যে ভারত মহাসাগর বা বঙ্গোপসাগরকে বলা হয়েছে “*yom suph*।”
 ৪. সিনাই পর্বতের অবস্থান নিয়েও সন্দেহ রয়েছে
 - ক. যদি মোশি ফরৌণের কাছে করা অনুরোধ তিন দিনের পথ রূপক ভাবে নয় বরং আক্ষরিক ভাবে বলে থাকেন (৩:১৮; ৫:৩; ৮:২৭), এটি আসলে যথেষ্ট দীর্ঘ সময় ছিল না ঐতিহ্যগত জায়গা দক্ষিণাংশের সিনাই উপদ্বীপে পৌছানোর জন্য। সেজন্য, অনেক পণ্ডিত পর্বতটি স্থাপন করেছেন কাশে-বর্ণের মরুদ্যানের কাছে।
 - খ. ঐতিহ্যগত জায়গাকে বলে সিন প্রান্তরে “Jebel Musa,” এর স্বপক্ষে বেশ কিছু বিষয় আছে:
 - (১) পর্বতের সামনে বিশাল সমতর ভূমি,

- (২) দ্বি বি ১:২ পদ বলে এটা ছিল সিনাই পর্বত থেকে কাদেশ বর্ণের দিকে ১১ দিনের ভ্রমণ পথ,
- (৩) টার্ম “সিনাই” কোন হিব্রু টার্ম নয়। এটা সংযুক্ত হতে পারে সিন প্রান্তরের সাথে, যেটি উল্লেখ করছে একটি মরণভূমির ছোট একটি ঝোপ। পর্বতের হিব্রু নাম হল হোরব (প্রান্তরে)।
- (৪) সিনাই পর্বত হল ঐতিহ্যগত জায়গা ৪র্থ শতকে থেকে। এটি হল “মিদিয়ন দেশে” যেখানে অন্তর্ভুক্ত আরব ও সিনাই উপদ্বীপের বিরাট অঞ্চল।
- (৫) এছাড়াও তিনি একটি ষাড় ও একটি মেঘ উৎসর্গ করেছিলেন যখন তিনি নৌকা ত্যাগ করেছিলেন।
- (৬) এটা মনে হয় যে প্রত্নতত্ত্ব নিশ্চিত হয়েছে যাত্রা পুস্তকের বিবরণে উল্লেখিত কিছু কিছু নগরীসমূহের অবস্থানে বিষয়ে (*Elim, Dophkah, Rephidim*) যেগুলি অস্তিত্ব সিনাই উপদ্বীপের পশ্চিম পাশে।

VII. ঐতিহাসিক অবস্থানে উৎসসমূহের সমর্থন:

- ক. যাত্রা পুস্তকের সম্বন্ধে মিশর থেকে এমন কোন লিখিত প্রমাণ পাওয়া যায়নি। *YHWH* এর মিশরীয় দেবতাদের সম্পূর্ণরূপে পরাজিত করণের আলোকে এটি অস্বাভাবিক নয়।
- খ. ব্যবস্থার কিছু সাংস্কৃতি উদাহরণ রয়েছে যেটি *Decalog* এর সাথে একই রকমের:
 ১. *Laws of Lipit-Ishtar* (সুমেরিয়), Isin এর রাজার কাছ থেকে (১৯৩৪-১৯২৪ খ্রীষ্ট পূর্ব)
 ২. *Laws of Eshnunna* (প্রাচীন বাবিলিয়), তারিখ প্রায় ১৮০০ খ্রীষ্ট পূর্ব Ashnunna এর রাজা Dadusha এর রাজত্ব থেকে
 ৩. *Hammurabi* এর আইন (প্রাচীন বাবিলিয়), বাবিলের রাজা Hammurabi এর সময় থেকে, (১৭২৮-১৬৫৬ খ্রীষ্ট পূর্ব
 ৪. হিতিয় রাজা Mupsilis I বা Hattusilis I এর ব্যবস্থার আইন, প্রায় ১৬৫০ খ্রীষ্ট পূর্ব থেকে
 ৫. মেসোপটেমিয়ার ব্যবস্থার আইন যার প্রাথমিক লক্ষ্য ছিল বেসামরিক ব্যবস্থা যখন বাইবেলের ব্যবস্থার লক্ষ্য ছিল প্রাথমিক ভাবে ধর্মীয়/ধর্মমতের ব্যবস্থা। “...আমরা পরামর্শ দিতে পারি সকল কীলকাকৃতির ফলকের ব্যবস্থা বেসামরিক পক্ষপাতের দিকে এবং ইস্রায়েলীয় ব্যবস্থায় ধর্মমতের দিকে পক্ষপাত..., মেসোপটেমিয়ায়, বিরোধিতা চূড়ান্ত ভাবে দৃষ্টি গোচর হতো সমাজের সাথে সম্পর্কে; অন্যদিকে ইস্রায়েলে, সকল বিরোধিতা চূড়ান্ত ভাবে ঈশ্বরের বিরুদ্ধে।” Walton, p. 80।
 ৬. *Albrecht Alt in Essays on Old Testament History and Religion*, Oxford, 1966, pp. 81-132, দুই ধরনের ব্যবস্থা চিহ্নিত করেছেন:
 - ক. *casuistic*, যেটি ব্যবহার করে *conditional clauses*। এটি বৈশিষ্ট্যময় করা হয়েছে একটি “যদি...তারপর” কাঠামো দ্বারা। এটি সামাজিক বা ধর্মীয় মানদণ্ডের আবেদন করে না কিন্তু বর্ণনা করে নিষেধাজ্ঞা এবং ফলাফল।
 - খ. *apodictic*, যেটি কখনই *conditional clauses* ব্যবহার করে না।
 - (১) যাত্রা ২১ এবং দ্বি বি ২৭:১৫-২৬ পদ ব্যবহার করে *third person* এবং ব্যক্তিগত, নির্দিষ্ট ক্ষেত্রে সম্পর্কিত
 - (২) লেবীয় ১৮:৭-১৭ এবং যাত্রা ২০/দ্বি বি ৫ অধ্যায় ব্যবহার করে *second person* এবং পরিসরে অধিক সাধারণ।
 - গ. মেসোপটেমিয়ার ব্যবস্থা প্রাথমিক ভাবে *casuistic* যখন ইস্রায়েলীয়দের ব্যবস্থা প্রাথমিক ভাবে *apodictic*।
 - গ. প্রাচীন উদার বিতর্ক মতে যে মোশি হয়তো জানতেন না যে কিভাবে লিখতে হয়, প্রত্নতত্ত্ব নিশ্চিত করেছে প্রাচীন কনানীয় অক্ষরের অস্তিত্ব যেটি মিশরে মোশির সময়ে ব্যবহৃত হতো।
 ১. খ্রীষ্ট পূর্ব ১৪০০ অব্দে অনুরূপ *Semitic* ক্রীতদাস সম্বন্ধে মিশরের সিনাইতে খনন কাজের পাওয়া যায় (Albright, *BASOR*, #110 [1948], p 12-13)।
 ২. *Queens* উপত্যকা থেকে পাওয়া (ভাস্মা মাটির পাত্র ব্যবহৃত হতো লেখা গ্রহণে) *ostracon* পাওয়া যায় Thebes এ, Albright, *BASOR*, #110 (1948), p 12।

VIII. সাহিত্য একক (প্রসঙ্গ)

- ক. একটি সংক্ষিপ্ত রূপরেখা
 ১. মিশরে ইস্রায়েলীয়রা, ১-১১
 ২. ইস্রায়েলীয়রা মিশর ত্যাগ করে, ১২-১৮
 ৩. সিনাই পর্বতে ইস্রায়েলীয়রা, ১৯-৪০
 - ক. সিনাই পর্বতে জীবনের ব্যবস্থা, ১৯-২৪
 - খ. সিনাই পর্বতে আরাধনার ব্যবস্থা, ২৫-৪০
 - (১) সমাগম তাম্বুর পরিকল্পনা, ২৫-৩১
 - (২) বিদ্রোহ ও নিয়ম নবায়ন, ৩২-৩৪
 - (৩) সমাগম তাম্বুর নির্মাণ, ৩৫-৪০
- খ. আঘাত
 ১. সেগুলি মিশরীয় দেবতাদের উপরে ঈশ্বরের বিচার দেখিয়েছে। মনে এই সব ঘটনা প্রায় ১৮ মাস সময়কালের মধ্যে ঘটেছে। সেগুলি সাথে স্বাভাবিক ঘটনা জড়িত, তথাপিও সাথে ছিল:

- ক. অতিপ্রাকৃতিক সময়
- খ. অতিপ্রাকৃতিক তীব্রতা
- গ. অতিপ্রাকৃতিক অবস্থান
- ২. ১০টি আঘাতের সংক্ষিপ্ত রূপরেখা
 - ক. নীল নদীর জল রক্তে রূপান্তর, ৭:১৪-২৫
 - খ. ব্যাঙ, ৮:১-১৫
 - গ. পিশু, মাছি, ৮:১৬-১৯
 - ঘ. দংশকের ঝাঁক, ৮:২০-৩২
 - ঙ. গরু ছাগলের রোগ, ৯:১-৭
 - চ. ক্ষতযুক্ত স্ফোটক, ৯:৮-১২
 - ছ. শিলাবৃষ্টি, ৯:১৩-৩৫
 - জ. পংগপাল, ১০:১-২০
 - ঝ. অন্ধকার, ১০:২১-২৯
 - ঞ. মৃত্যুদূত, প্রথমজাতদের মৃত্যু, ১১:১-৮

গ. ২৩ অধ্যায়ে উৎসব/উপবাস দিনের তালিকা:

- ১. সাপ্তাহিক সাব্বাথ, ২৩:৩
- ২. নিস্তার পর্ব (১৪ নিশান), ২৩:৫; যাত্রা ১২
- ৩. খামিহীন রুটি (১৫-২১ নিশান), ২৩:৬-৮; দ্বি বি ১৬:১-৮
- ৪. প্রথম ফল (২২ নিশান), ২৩:৯-১৪
- ৫. পঞ্চাশত্তমী বা সপ্তাহের উৎসব, (২১ নিশানের পরে ৫০তম দিন, ৬ শিভান), ২৩:১৫-২১; দ্বি বি ১৬:৯-১২
- ৬. তুরীধ্বনি (১ তিসরি), ২৩:২৩-২৫; গণনা ২৯:১-৬
- ৭. প্রায়শ্চিত্ত দিন (১০ তিসরি), ২৩:২৬-৩২; ২৯:৭-১১
- ৮. কুটিরোৎসব (১৫ তিসরি), ২৩:৩৩-৪৪; গণনা ২৯:১২-৪০; দ্বি বি ১৬:১৩-১৭

ঘ. বিশদ রূপরেখা

- ১. দেখুন, R. K. Harrison, *Introduction to the OT*, p 560-562
- ২. দেখুন, E. J. Young, *An Introduction to the OT*, p 63-72
- ৩. দেখুন, NIV Study Bible, p 85-87

IX. প্রধান সত্য

- ক. আদিপুস্তকে শুরু হওয়া ইতিহাস এখানে ধারাবাহিকতা বজায় রাখা হয়েছে। এখানে লিপিবদ্ধ করা হয়েছে মনোনীত পরিবার থেকে মনোনীত জাতির বিকাশ। যদিও, তারা মিশরে দাসত্বে ছিল, তারা প্রতিজ্ঞাত দেশের অধিকারী হবে (আদি ১২:১-৩; ১৫:১৬)।
- খ. এটি সিনাই পর্বতে (হোরবে) নিয়মের ব্যবস্থা লিপিবদ্ধ করেছে
 - ১. কিভাবে আমাদের জীবন যাপন করা উচিত! (দশ আজ্ঞা এবং অন্যান্য আরও কিছু)
 - ২. কিভাবে আমাদের আরাধনা করা উচিত! (সমাগম তাম্বু, যাজক, প্রক্রিয়া, সময়. এবং অনুষ্ঠান)
 - ৩. এটি হল সমাগম তাম্বুর জন্য “কিভাবে করতে হবে” তার নির্দেশিকা (লেবীয় পুস্তক)
- গ. এটি নথিভুক্ত করেছে ইস্রায়েলের প্রতি ঈশ্বরের মহা ভালবাসা ও দয়ার কাজ যা অব্রাহামের কাছে ভাববাণী করা হয়েছিল, আদি ১৫:১৬
- ঘ. ঈশ্বরের ফরৌণের সাথে মোকাবেলা দেখিয়েছে ঈশ্বরের সার্বভৌমত্ব ও মানুষের স্বাধীন ইচ্ছার মধ্যে সমতা:
 - ১. ঈশ্বর ফরৌণের হৃদয় কঠিন করেছিলেন
 - ক. ৭:৩, ১৩
 - খ. ৯:১২
 - গ. ১০:১, ২০, ২৭
 - ঘ. ১১:১০
 - ঙ. ১৪:৪, ৮
 - ২. ফরৌণ তার নিজের হৃদয় কঠিন করেছিলেন
 - ক. ৮:১৫, ৩২
 - খ. ৯:৩৪

X. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এবং সংক্ষিপ্ত ব্যাখ্যার ব্যাক্তি

ক. টার্ম এবং শব্দগুচ্ছ

১. প্রসব-আধার, ১:১৬ (NIV, প্রসবের আধার)
২. তোমার পাদুকা খুলে ফেল, ৩:৫ (NASB এবং NIV)
৩. “তিন দিনের পথ,” ৩:১৮; ৫:৩; ৮:২৭ (NASB এবং NIV)
৪. আমি তার হৃদয় কঠিন করবো,” ৪:২১; ৭:৩, ১৩; ৯:১২, ৩৫; ১০:১, ২০, ২৭ (NASB এবং NIV)
৫. যাদুকর, ৭:১১, ১২ (NASB এবং NIV)
৬. নির্দোষ, ১২:৫ (NASB এবং NIV)
৭. মেঘজন্ম, ১৩:২১-২২ (NASB এবং NIV)
৮. ভাববাদীনি, ১৫:২০ (NASB এবং NIV)
৯. রুটি (মান্না), ১৬:৪, ৮, ১৪-১৫, ৩১ (NASB এবং NIV)
১০. যাজকের রাজ্য, ১৯:৪-৬ (NASB এবং NIV)
১১. সম্পূর্ণরূপে ধংস (*herem*), ২২:২০ (NIV, ধংসপ্রাপ্ত)
১২. পবিত্র জন্ম, ২৩:২৪ (NIV, পবিত্র পাথর)
১৩. এফোদ, ২৫:৭ (NASB এবং NIV)
১৪. অনুগ্রহ সিংহাসন, ২৫:১৭ (NIV, প্রায়শ্চিত্ত আচ্ছাদন)
১৫. উরিম ও তুম্বিম, ২৮:৩০ (NASB এবং NIV)
১৬. বই টি, ৩২:৩২-৩৩ (NASB এবং NIV)
১৭. দর্শন রুটি, ৩৫:১৩ (NASB এবং NIV)

খ. সংক্ষিপ্ত ব্যাখ্যার ব্যাক্তি

১. Hyksos, ১:৮
২. প্রভুর দূত, ৩:১, ৪
৩. আমি আছি (YHWH), ৩:১৪; ৬:৩ (NIV, আমি যে আছি সেই আছি)
৪. রুয়েল, ২:১৮; যিশ্রো, ৩:১, ৯
১৮:১১-১২
৫. পীনহস, ৬:২৫
৬. ধংসকারী, ১২:২৩
৭. নাদব এবং অবিহু, ২৪:১
৮. অমালেক, ১৭:৮-১৬
৯. করব, ২৫:১৯

XI. মানচিত্রে অবস্থান (সংখ্যা দ্বারা)



১. পিথোম, ১:১১
২. রামিষেষ, ১:১১
৩. মিদিয়ন, ২:১৫
৪. হোরের পর্বত, ৩:১
৫. গোশন, ৮:২২
৬. ইয়াম সুফ, ১০:১৯ (NIV, লোহিত সাগর)
৭. শূর প্রান্তর
৮. সীন প্রান্তর
৯. পারণ প্রান্তর
১০. সমুদ্রের পথ (প্যালেস্টাইন), ১৩:১৭
১১. আগাবা উপসাগর

XII. শিক্ষার্থীদের সন্তুষ্টির প্রশ্নাবলী


১. ফরৌণ ইব্রীয়দের থেকে কেন ভয় পেয়েছিল? ১:৭-১০
২. কেন পুরুষ শিশুদের নীল নদীর জলে ফেলে দিতে হবে? কেন ফরৌণের পরিবার নীল নদীতে স্নান করতো? কেন নীল নদীর জল রক্তে রূপান্তর এত তাৎপর্যপূর্ণ?
৩. কেন মোশি মিদিয়নে পালিয়ে যান?
৪. কেন মোশির কাছে ঈশ্বরের প্রকাশিত নাম এত গুরুত্বপূর্ণ? (৩:১৩-১৬)
৫. ৩:২২ পদ মিশরিয় দেবতাদের সাথে YHWH এর দ্বন্দ্ব সম্বন্ধে কি বলে?
৬. আদি পুস্তকের ৪:২৬ পদে YHWH এর আবির্ভাবের আলোকে আমরা কিভাবে যাত্রা ৬:৩ পদ ব্যাখ্যা করতে পারি?
৭. কিভাবে আঘাতগুলি মিশরিয় ধর্মে প্রভাব ফেলেছিল?
৮. ঈশ্বর কি ফরৌণের হৃদয় কঠিন করে তার স্বাধীন মনোনয়নকে হরণ করেছিলেন?
৯. প্রথম জাতদের মৃত্যুর তাৎপর্য কি?

১০. ইস্রীয়রা কোথা থেকে তাদের সামরিক অস্ত্রশস্ত্র পেয়েছিল?
১১. কি উপায়ে ১৮ অধ্যায়ে যিশ্রোর প্রতি মোশির কাজ ইঙ্গিত দেয় যে সে *YHWH* এর প্রতি বিশ্বাস করেছিল?
১২. যাজকের জাতি হওয়ায় ইস্রায়েলের প্রতি প্রভাব কি ছিল?
১৩. ১০ আজ্ঞার তালিকা করুন।
১৪. ২৩ অধ্যায়ের উপবাসের দিনগুলির তালিকা করুন।
১৫. সমাগম তাম্বু এবং এর আসবাবপত্রের চিত্র অংকন করুন।
১৬. ৩২ অধ্যায়ের সোনার বাছুর কি প্রতীকিকরণ করে?

যাত্রাপুস্তক



প্যালেস্টাইন



০ ১০ ২০ ৩০ ৪০
মাইল মাপনি

লেবীয় পুস্তকের ভূমিকা (INTRODUCTION TO LEVITICUS)

I. বইয়ের নাম

- ক. হিব্রুতে (MT) এটি হল বইয়ের প্রথম শব্দ, “এবং তিনি (YHWH)আহবান করলেন।”
- খ. Talmud (Mishnah)একে বলেছে “যাজকদের জন্য ব্যবস্থা।”
- গ. LXX অনুবাদ থেকে এটি হল “লেবীয়দের বই।”
- ঘ. যেরোমের ল্যাটিন Vulgate এর শিরোনাম দিয়েছে “লেবীয় পুস্তক।”

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

- ক. এটি হল হিব্রু ক্যাননের প্রথম বিভাগের অংশ যাকে বলা হয়েছে “তোর” বা “শিক্ষাগুলি” বা “ব্যবস্থা।”
- খ. LXX এ এই অংশ পরিচিত পেন্টাটুক (পাঁচটি গুটানো পুস্তক) হিসাবে।
- গ. একে কখনও কখনও ইংরাজিতে বলা হয়েছে “মোশির পঞ্চ পুস্তক।”
- ঘ. এতে অন্তর্ভুক্ত মোশির দ্বারা কৃত সৃষ্টি থেকে মোশির জীবন পর্যন্ত একটি অবিচ্ছিন্ন বিবরণ, আদি পুস্তক-দ্বিতীয় বিবরণ।

III. সাহিত্য রীতি – বইটি বেশির ভাগ আইন কানুন সম্পর্কিত, ৮-১০ অধ্যায়ের ঐতিহাসিক বর্ণনামূলক বিবরণ ছাড়া।

IV. পুস্তকের রচয়িতা – ১:১ পদটি প্রায়ই পুনরাবৃত্তির নমুনায় (৩৫ বার) স্থাপিত “YHWH মোশিকে বললেন।” আদি পুস্তকের রূপরেখায় বিশদ আলোচনা দেখুন।

V. তারিখ – তুলনা করুন যাত্রা ৪০:২,১৭ পদের সাথে গণনা ১:১ পদ। এটি দেখায় যে এটি মোশিকে ঈশ্বর দ্বারা দত্ত হয়েছে মহা প্রস্থানের পরে দ্বিতীয় বৎসরের প্রথম মাসে। যাত্রা পুস্তকের রূপরেখায় বিশদ আলোচনা দেখুন।

VI. সমর্থিত উৎসসমূহের ঐতিহাসিক অবস্থান

- ক. মেসোপটেমিয়ার ধর্মানুষ্ঠান সমূহের ব্যবস্থা
 ১. উৎসর্গ ছিল মুখ্যত একটি ভোজ দেবতাদের উদ্দেশ্যে উৎসর্গীকৃত। বেদি ছিল দেবতাদের টেবিল যেখানে খাবার রাখা হতো। বেদির পাশে ছিল ধূপধূনা রাখার পাত্র যেটি ছিল দেবতাদের আকর্ষণ করার জন্য। সেখানে রক্তের কোন ধর্মীয় অনুষ্ঠানের ইঙ্গিত ছিল না। তরবারী ধারকেরা পশুর গলা কাটতো। খাবার ভাগ করা হতো দেবতাদের, যাজক-রাজা এবং উপস্থিত লোকদের মধ্যে। উৎসর্গদানকারীরা কিছুই পেত না।
 ৩. কোন প্রায়শ্চিত্তমূলক উৎসর্গ ছিল না।
 ৪. অসুস্থতা বা বেদনা ছিল দেবতাদের থেকে শাস্তি। এটি পশু আনা হতো এবং ধংস করা হতো: এটি কাজ করতে উৎসর্গদানকারীর বিকল্প হিসাবে।
 ৫. ইস্রায়েলীয়দের ধর্মীয় অনুষ্ঠান ছিল পৃথক ও স্বতন্ত্র। এটি মনে হয় উৎপত্তি হয়েছে একজন ব্যক্তির তার প্রয়োজনীয় খাবারের জন্য পরিশ্রমে ঈশ্বরের অংশটি ফিরিয়ে দেবার (আদি ৪:১-৪; ৮:২০-২২)।
- খ. কনানে ধর্মীয় অনুষ্ঠানের ব্যবস্থা (ইশ্রায়েলের সাথে খুবই সাদৃশ্যপূর্ণ)
 ১. উৎস সমূহ
 - ক. বাইবেলের বিবরণ
 - খ. ফৈনিকীয় সাহিত্য
 - গ. Ugarit এ পাওয়া Ras Shamra ফলক যেটি কনানীয় দেবতাদের ও পৌরাণিক কাহিনি সম্বন্ধে যার তারিখ প্রায় খ্রীষ্ট পূর্ব ১৪০০ অব্দ।

২. ইস্রায়েলীয়দের ও কনানীয়দের উৎসর্গসমূহ খুবই সাদৃশ্যপূর্ণ ছিল। যদিও, কনানের উৎসর্গে পশুর রক্তের উপরে জোর দেওয়া হয়নি।

গ. মিশরের ধর্মানুষ্ঠান সমূহের ব্যবস্থা

১. উৎসর্গ দান করা হতো কিন্তু গুরুত্বদান করা হতো না
২. উৎসর্গ গুরুত্বপূর্ণ ছিল না কিন্তু উৎসর্গদানকারী মনোভাবের প্রতি ছিল
৩. উৎসর্গদান করা হতো দেবতাদের রাগ দমন করার জন্য
৪. উৎসর্গদানকারীরা উদ্ধার পাবার বা ক্ষমা লাভের আশা করতো

ঘ. ইস্রায়েলীয়দের উৎসর্গের পদ্ধতি – ইস্রায়েলীয়দের উৎসর্গসমূহ কনানের সাথে খুবই ঘনিষ্ঠ ছিল যদিও তাদের সবগুলির সাথে সম্পর্কিত ছিল না।

১. বর্ণনামূলক শব্দগুচ্ছ

- ক. উৎসর্গ ছিল মানুষের ঈশ্বরকে প্রয়োজনের স্বতঃস্ফূর্ত প্রকাশ
- খ. পুরাতন নিয়মের ব্যবস্থা যা উৎসর্গকে নিয়ন্ত্রণ করতো তাকে বলা যেতে পারে না উৎসর্গের সূচনা (আদি ৭:৮; ৮:২০)
- গ. উৎসর্গ ছিল একটি উপহার (পশু বা শাকশজি)
- ঘ. অবশ্যই একটি উৎসর্গ হবে যেটি সম্পূর্ণ বা আংশিক ধংসিত হবে বেদির উপরে ঈশ্বরের প্রতি শ্রদ্ধায়
- ঙ. বেদি ছিল উৎসর্গের স্থান এবং ঐশ্বরীক উপস্থিতির প্রতিকিরণ
- চ. উৎসর্গ ছিল বাহ্যিক আরাধনার একটি কাজ (একটি প্রার্থনা যেটি বাইরে করা হতো)
- ছ. উৎসর্গের সংজ্ঞা হল “সক্রিয় প্রার্থনা” বা “ধর্মানুষ্ঠানগত প্রার্থনা।” ধর্মানুষ্ঠানের তাৎপর্য এবং আমাদের সংস্কৃতি পক্ষপাত গ্রন্থ Gordon J. Wenham এ যেভাবে প্রকাশিত হয়েছে তার বিরুদ্ধে (Tyndale, *Numbers*, p.25-39)। লেবীয় পুস্তক ও গণনা পুস্তক উভয়েরই বিষয়বস্তু এই ধরণের বিষয়ে যেটি দেখায় এর গুরুত্ব মোশি ও ইস্রায়েলের প্রতি।

২. উৎসর্গ অন্তর্ভুক্ত

ক. ঈশ্বরের প্রতি উপহার

- (১) এর মধ্যে স্বীকৃতি অন্তর্ভুক্ত যে পৃথিবীর সব কিছু প্রভুরই
- (২) মানুষের যা কিছু আছে, সে ঈশ্বরের কাছে স্থগি
- (৩) সেজন্য, এটা ঠিক যে মানুষ ঈশ্বরের কাছে অর্ঘ্য আনবে
- (৪) এটা ছিল এক বিশেষ ধরণের অর্ঘ্য বা উপহার। এটা ছিল এমন কিছু যা মানুষের নিজের অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য দরকার। এটা ছিল কেবলমাত্র দেওয়ার চেয়েও বেশি কিছু, এটা ছিল তার দরকারী এমন কিছু। এটা ছিল নিজের একটি অংশকে ঈশ্বরকে দেওয়া।
- (৫) উপহার ধংসের দ্বারা এটা পুনরায় দাবী করা যেত না
- (৬) পোড়ান উপহার হয়ে পড়েছিল অদৃশ্য এবং ঈশ্বরের রাজ্যে উঠে যেত
- (৭) প্রাথমিক বেদিগুলি সেখানেই নির্মিত হতো যেখানে ঈশ্বর দর্শন দিতেন। বেদিকে খুব পবিত্র স্থান হিসাবে দেখা হতো সেজন্য, উৎসর্গ এখানে নিয়ে আসা হতো।

খ. একজনের সমগ্র জীবন ঈশ্বরের কাছে উৎসর্গের প্রকাশ করা

- (১) পোড়ান উপহার ছিল তিনটি স্বেচ্ছামূলক উৎসর্গের একটি।
- (২) সমগ্র পশুটি পোড়ান হতো ঈশ্বরের প্রতি আমাদের গভীর শ্রদ্ধা প্রকাশে।
- (৩) এটা ছিল ঈশ্বরের প্রতি অত্যন্ত সুস্পষ্ট প্রকাশমূলক উপহার।

গ. ঈশ্বরের সাথে সহভাগিতা

- (১) উৎসর্গের সহভাগিতার দিকগুলি
- (২) একটি উদাহরণ হতে পারে শান্তি উৎসর্গ যেটি প্রতিকিরণ করতো ঈশ্বর মানুষের মধ্যকার সহভাগিতা
- (৩) উৎসর্গ দান করা হতো এই সহভাগিতা লাভ করতে বা পুনরায় লাভ করতে

ঘ. পাপের প্রায়শ্চিত্ত

- (১) যখন মানুষ পাপ করতো তখন তাকে ঈশ্বরের কাছে সম্পর্ক (নিয়ম) পুনস্থাপনের প্রার্থনা করতো হতো যেটি মানুষ ভঙ্গ করেছে
- (২) পাপের উৎসর্গ নিয়ে কোন সহভাগিতার ভোজ ছিল না ভেঙ্গে যাওয়া সম্পর্কের কারণে
- (৩) রক্তের অন্তর্নিহিত তাৎপর্য
 - ধ. মানুষের জন্য বেদির উপরে রাখা
 - ন. যাজকের জন্য পর্দার উপরে রাখা
 - প. মহা যাজক ও জাতির জন্য অনুগ্রহ সিংহাসনের উপরে রাখা (লেবীয় ১৬)
- (৪) দুই ধরণের পাপ উৎসর্গ রয়েছে। দ্বিতীয়টিকে বলা হয় দোষার্থক উৎসর্গ বা লংঘনার্থক উৎসর্গ। এর মধ্য দিয়ে দোষকারী তার সহ ইস্রায়েলীয়দের সম্পর্ক পুনস্থাপন যেটি দূর করা হয় বা নষ্ট করা হয় পশু উৎসর্গের সাথে।
- (৫) পূর্ব পরিকল্পিত বা ইচ্ছাকৃত পাপের জন্য কোন উৎসর্গ ছিল না, ৪:১, ২২, ২৭; ৫:১৫-১৮; ২২:১৪

ঙ. ভিন্ন ভিন্ন উৎসর্গের জন্য প্রক্রিয়া

১. ১ অধ্যায়

- ক. পরিচিতিমূলক সূত্র, “সদাপ্রভু মোশিকে বললেন,” ১:১-২; ৪:১; ৫:১৪; ৬:১,১৯; ৭:২২, ২৮
- (১) পশুপাল বা মেঘপাল থেকে
 - (২) “কখন,” ২ পদ, দেখায় যে এটা ছিল স্বেচ্ছামূলক কিন্তু বাধ্যতামূলক নয়
- খ. পোড়ান উৎসর্গ, ৩-১৭ পদ (৬:৮-১৩)
- (১) বেদি
 - ক) পিতলের বেদি, যেটি আরও বলা হতো পোড়ান উৎসর্গের বেদি, সমাগম তাম্বুর দরজার পাশেই ছিল, বা শিটিম কাঠের বেদি, পিতল দ্বারা আচ্ছাদিত (যাত্রা ২৭)
 - খ) এটি একে স্বতন্ত্র করেছে মহা পবিত্র স্থানের (যাত্রা ৩০) ধূপ বেদি (সোনার বেদি) থেকে
 - গ) পিতলের বেদি থেকে অঙ্গুর ধূপ বেদিতে নেওয়া হতো
 - ঘ) পিতলের বেদি সমাগম তাম্বুর প্রবেশ পথের মধ্য স্থানের ঠিক ডান দিকে ছিল
 - ঙ) বেদির শৃংগ যেটি ছিল এর সবচেয়ে পবিত্র অংশ। এই শৃংগে রক্ত প্রক্ষেপ করা হতো (যাত্রা ৩০:১০)।
 - চ) শৃংগগুলি সম্ভবত এই জন্য ছিল:
 ১. উৎসর্গ উর্দ্ধে তুলে ধরার হাতের প্রতিক
 ২. সবলতা বা প্রতিষ্ঠিত ক্ষমতার প্রতিক (দ্বি বি ৩৩:১৭; ২ শমু ২২:৩)
 ৩. পরবর্তীতে, যে কেউ বেদির শৃংগ ধরতো তার বিচারাদিন মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সে নিরাপদ (১ রাজা ১:৫০-৫১; ২:২৮)
 - (২) উৎসর্গ
 - ক) নির্দোষ ষাড় যেটি প্রথমেই উল্লেখ করা হতো কারণ এর গুরুত্ব ও মূল্য, ৩ পদ
 - খ) পুরুষ ছাগল বা মেঘ, ১০ পদ
 - গ) বন্য কবুতর বা অল্প বয়সী ঘুঘু ১৪ পদ (দরিদ্রদের জন্য ব্যবস্থা)
 - (৩) পোড়ান উৎসর্গের জায়গা ছিল সমাগম তাম্বুর দরজার সামনে
 - (৪) হস্তার্ণ করা – এটা ছিল কেবলমাত্র ষাড়ের জন্য, কিন্তু ছাপল, মেঘ বা পাখির জন্য নয়,
 - ক) উৎসর্গ এটি নিজে করতো (পুরোহিত নয়)
 - খ) অনেকে মনে করেন যে এটা ছিল দোষ স্থানান্তরের একটি প্রতিকি কাজ
 - গ) অনেকে বিশ্বাস করেন এর অর্থ এই যে:
 ১. এই পশুটি আসতো নির্দিষ্ট ব্যক্তির কাছ থেকে
 ২. উৎসর্গটি উপস্থিত করা হতো উৎসর্গকারীর নামে
 ৩. এই উৎসর্গের ফল সেই লোকের হতো যে তার হাত পশুর উপরে রাখতো
 - (৫) পশু হত্যা
 - ক) ষাড় – “সদাপ্রভুর সামনে” লোকটি দ্বারা উৎসর্গ করা হতো। উৎসর্গকারী হত্যা করতো, চামড়া, এবং পশুটি টুকরা টুকরা করতো। যাজকের ভূমিকা (প্রকাশ্য উৎসর্গের ক্ষেত্র ছাড়া) শুরু হতো যখন লোকটি পশুটি বেদির কাছে আনতো।
 - খ) মেঘ বা ছাগল, ১১ পদ – “সদাপ্রভুর সামনে বেদির উত্তর দিকে” এটি উল্লেখ করতো একটি বিশেষ জায়গার এই রকম ছোট পশুর জন্য।
 - গ) পাখি – যাজক এটি হত্যা করতো এবং উপহারটি উৎসর্গ করতো। উৎসর্গদানকারীর পাখির দেহ সরিয়ে ফেলতে হতো
 - (৬) রক্তের ব্যবস্থাপনা
 - ক) পশু
 - ১) যাজক বেদির উপরে রক্ত প্রক্ষেপ করতো, এবং বেদির চারদিকে রক্ত ছিটিয়ে দিত।
 - ২) পশুর জীবন ছিল রক্তে (আদি ৯:৪; লেবীয় ১৭:১১)। জীবন ইতিমধ্যে ঈশ্বরের অধিকার, সেজন্য, রক্ত মানুষের উপহারের কোন অংশের প্রতিনিধিত্ব করতো না।
 - ৩) পাখির রক্ত বেদির পাশ দিয়ে পড়ে যেত আঙুনে পুড়তো না।
 - (৭) মাংসের ব্যবস্থাপনা
 - ক) ষাড়, ৬ পদ
 - ১) উৎসর্গকারী উপহারের চামড়া ছাড়াবে। যাজক চামড়া রাখতে পারবেন (৭:৮)
 - ২) উৎসর্গকারী এটি টুকরা টুকরা করে কাটবেন
 - ৩) যাজক বেদির উপরে এমন ভাবে উপহার সাজিয়ে রাখবেন যেমন এটি জীবিত অবস্থায় ছিল
 - ৪) পা এবং নাড়ীভুড়ি জলের পাত্রের জল দিয়ে ধুয়ে ফেলতে হবে
 - ৫) সব কিছু যাজক বেদির উপরে পোড়াবেন
- গ. পোড়ান উৎসর্গের উপলক্ষ্য
- (১) সমাগম তাম্বুর, কুটিরোৎসব উৎসবে
 - (২) প্রায়শ্চিত্ত দিনে
 - (৩) সপ্তাহের, প্রথম ফসল বা পঞ্চাশতমীর উৎসবে
 - (৪) ত্বরীধ্বনির উৎসবে

- (৫) দোলনীয় আটি (লেবীয় ২৩)
 (৬) খামিহীন রুটি, নিস্তার পর্বের উৎসবে
 (৭) মাসের, নূতন চাঁদের শুরুতে
 (৮) বিশ্রামবার
- ঘ. পোড়ান উৎসর্গের অর্ন্তনিহিত তাৎপর্য
- ১) ঈশ্বরের প্রতি একটি উপহার
 - ২) সবচেয়ে মূল্যবান প্রকৃতির উপহার হিসাবে দেখা হয়েছে।
 - ৩) এটা মনে হয় যে সাধারণ ভাবে বা ধন্যবাদ সহকারে পাপের বিষয়ে মোকাবেলা করা হয়েছে।
 - ৪) উৎসর্গের ধারণার সবচেয়ে নিখুঁত প্রতিনিধিত্বকারী।
 - ৫) একজনের জীবনের প্রতিকি উপহার দান।
 - ৬) ঈশ্বরের সেবায় একজন ব্যক্তির জীবনের শুচিকরণ প্রতিনিধিত্ব সুসম্পন্ন
 - ৭) উপহারের মূল্যের স্তর
 - ক) ষাড়
 - খ) মেঘ – ছাগল
 - গ) পাখি
 - ৮) এটা দেখায় যে কেউ আত্মিক প্রয়োজনের বিষয়ে সচেতন হয়ে প্রভুর দিকে এগিয়ে যেতে পারে। ঈশ্বর প্রতিটি মানুষের জন্য ব্যবস্থা করে রেখেছেন।
- ঙ. যাজকদের জন্য বিশেষ নির্দেশনা, ৬:৮-১২
- (১) পোড়ান উৎসর্গ সারা রাত বেদির চুলার উপরে থাকবে
 - (২) পোড়ান উৎসর্গের নিচে বেদির আগুন অবিরত ভাবে উৎসর্গ পোড়াতে থাকবে
 - (৩) নির্দেশনা অর্ন্তভুক্ত যাজকদের পোষাকের বিষয়ে
 - (৪) ছাই অপসারণের বিষয়ে নির্দেশনা

২. ২:১-১৬ অধ্যায় (৬:১৪-২৩)

- ক. ভূমিকা
- (১) এই অধ্যায় শস্য উৎসর্গের বিষয়ে আলোচনা করেছে
 - (২) শস্য উৎসর্গ যার মূল অর্থ ছিল “উপহার।” এটা হয়েছিল একটি কৌশলগত টার্ম পশু ছাড়া বা শাকশক্তি উৎসর্গের।
 - (৩) নির্বাসনের পরে শস্য উৎসর্গ পোড়ান উৎসর্গের ও শান্তি উৎসর্গের অতিরিক্ত হিসাবে আবির্ভূত হয় এবং রাব্বি রা বলেন যে এটা অত্যন্ত দরিদ্রেরা একাকীই উৎসর্গ করতে পারে।
 - (৪) এছাড়া লবণ চুক্তি উল্লেখিত হয়েছে গণনা ১৮:১৯ এবং ২ বংশ ১৩:৫ পদে। লবণ হল ভামির বিপরিত। এটা ব্যবহৃত হয়েছে ঈশ্বরের নিয়মের প্রতিক হিসাবে কারণ এটি দূষিত হয় না ও স্থায়ী।
- খ. শস্য উৎসর্গের সাথে জড়িত একজনের পরিশ্রমও ঈশ্বরকে দেওয়া হয়েছে।
- (১) এটা ঈশ্বরের প্রতি একটি উপহার লোকদের প্রতিদিনের খাবার থেকে।
 - (২) এটা ছিল সাধারণত অতিরিক্ত (বিশেষত নির্বাসন উত্তর কালে) পোড়ান উৎসর্গ বা শান্তি উৎসর্গের সাথে।
 - (৩) উৎসর্গ ছিল ঈশ্বরের ব্যবস্থা যাজকদের জন্য। কেবলমাত্র একটি ছোট অংশ পোড়ান হতো সব কিছুর স্মরণার্থক হিসাবে।
 - (৪) “স্মরণার্থক” শব্দ বর্ণনা করে উৎসর্গকৃত অংশ, বা সেই অংশ যার সম্পূর্ণতা ঈশ্বরের সামনে আনা হতো।
 - (৫) “স্মরণার্থক” হিসাবে প্রভুর ভোজের নূতন নিয়মের ধারণা পুরাতন নিয়মের এই ধারণার প্রকাশ।
 - (৬) “পবিত্র” এবং “মহা পবিত্র” এই দুইটি টার্মের মধ্যে স্বতন্ত্রতা হল:
 - ক) “পবিত্র”- যাজক এবং পরিবার এটি খেতে পারতো যে কোন শুচি যায়গায় বসে
 - খ) “মহা পবিত্র”- একমাত্র খেতে পারতো যাজকেরা এবং সমাগম তাম্বুর সমাগতরা
- গ. প্রকার ভেদ
- (১) না সৈঁকা ময়দা (ধনীদের জন্য), ২:১-৩
 - (২) সৈঁকা রুটি বা পিঠা, ২:৪-১১
 - (৩) শস্য বা গমের কোমল শীষ (গরীবদের জন্য), ২:১২-১৬
 - ক) না সৈঁকা ময়দা হল সর্বোচ্চ উপহার। এটা ছিল গমের ময়দার সবচেয়ে ভাল।
 - খ) সৈঁকা পিঠা
 - ১) তেল ছিল একটি উপাদান
 - ২) চুলায় প্রস্তুত হতো, ৪ পদ
 - ৩) একটি সৈঁকার লোহার পাত্রে, ৫ পদ
 - ৪) একটি মাটির সৈঁকার পাত্র, ৭ পদ
 - ১) শস্য বা গমের কোমল শীষ
 - ২) অবশ্যই বালসানো হতে হবে
 - ৩) ভেঙ্গে ফেলতে হবে গুড়া গুড়া করে

৪) এমন ভাবে সজ্জিত হবে যে অতিথিদের সামনে খাবার রাখা হয়েছে।

ঘ. উপাদানসমূহ

- ১) সুক্ষ্ম ময়দা প্রতিনিধিত্ব করে নিখুঁত পশুর
- ২) তেল ছিল সমৃদ্ধির একটি প্রতিক এবং সেজন্য ঈশ্বরের উপস্থিতির প্রতিক
 - ক) খাবার, উৎসর্গ, ঔষধ, এবং অভিষেকের জন্য ব্যবহৃত
 - খ) সম্ভবত তেলের ব্যবহার তেল উৎসর্গের জায়গা নিয়েছিল
- ৩) ধূপ ধূনা ভারত বা আরব থেকে আসতো
 - ক) খুব নিখুঁত হিসাবে দেখা হতো সাথে ছিল চমৎকার সুগন্ধ
 - খ) প্রার্থনা ও প্রশংসাকে প্রতিকিকরণ করতো
- ৪) লবণ
 - ক) জীবনদায়ী সাথে সাথে সংরক্ষণের গুণসম্পন্ন
 - খ) সম্ভবত সংরক্ষণের চেয়ে টেবিলের সহভাগিতা জন্য অধিক
- ৫) বর্জনকৃত উপাদান সমূহ
 - ক) খামি বর্জন, ১১ পদ
 - ১) সম্ভবত গাঁজানোর কারণে
 - ২) গাঁজানো অবিশুদ্ধতার সাথে সম্পর্কিত
 - ৩) প্রথম ফলের সাথে উৎসর্গ করা হতো এবং যাজকের কাছে
 - খ) মধু বর্জন
 - ১) ফলের রস ফল থেকে পাওয়া যেত মোমাছি থেকে নয়
 - ২) সম্ভবত যেহেতু এটি কনানীয় ধর্মানুষ্ঠানে ব্যবহার

ঙ. ধর্মানুষ্ঠানে উৎসর্গ

- (১) এটি যাজকের কাছে আনতে হতো। তিনি সমস্ত অনুষ্ঠানটি পরিচালনা করতেন (২:২,৯.১৬)
- (২) পবিত্র স্থানে বসেই এই উৎসর্গের অংশ বিশেষ যাজকের দ্বারা খাওয়া হতো। এটি ছিল সবচেয়ে পবিত্র।

চ. তাৎপর্য

- (১) নিম্নতর থেকে সর্বোচ্চ উপস্থাপনা
- (২) এর কিছু পোড়ান প্রতিনিধিত্ব করতো একজনের ঈশ্বর প্রতি পরিশ্রমের আংশিক শুচিকরণ
- (৩) দৃশ্যমান অর্থ
 - ক) পোড়ান উৎসর্গ – একজনের জীবনের শুচিকরণ
 - খ) খাদ্য উৎসর্গ – একজনের দৈনিক পরিশ্রম নিবেদন

ছ. শস্য উৎসর্গের জন্য বিশেষ নির্দেশনা, ৬:১৪-২৩

- ১) বেদির সামনে উৎসর্গ করতে হবে
- ২) পরিশ্রমীর ঈশ্বরের প্রতি উপহার উৎসর্গ করতো কিন্তু প্রকৃতপক্ষে এটি যাজককে সাহায্য করতো

৩. ৩:১-১৭ অধ্যায় (৭:১৩-৩৪) মঙ্গলার্থক উৎসর্গ

ক. ভূমিকা

- (১) কেন
 - ক) সহভাগিতার উৎসর্গ
 - খ) নিয়মের উৎসর্গ
 - গ) যৌথ উৎসর্গ
 - ঘ) উপসংহারের উৎসর্গ
- (২) এটি প্রকাশ করে ঈশ্বর প্রতি কৃতজ্ঞতাভঙ্গাপন ঈশ্বরের সাথে সহভাগিতার কারণে, পরিবার ও বন্ধুবান্ধবদের।
- (৩) এটি ছিল সাধারণত ধারাবাহিক উৎসর্গের শেষ কাজ যার মধ্যে দিয়ে পূনর্মিলন প্রতিষ্ঠিত হয়।
- (৪) পোড়ান উৎসর্গ প্রকাশ করে বাধ্যতার বহুমূল্যতা যখন মঙ্গলার্থক উৎসর্গ প্রকাশ করে ঈশ্বরের সাথে সহভাগিতার আনন্দ এবং সন্তুষ্টি।
- (৫) পুরুষ বা স্ত্রী কিন্তু নির্দোষ হতে হবে
- (৬) উৎসর্গের ভিন্নতা
 - ক) পশুপাল থেকে; পুরুষ অথবা স্ত্রী
 - খ) ছাগল ও মেষের মধ্যকার স্বতন্ত্রতা নির্ণয় করতো মেষের লেজের চর্বি
 - ১) মেষের পাল – পুরুষ বা স্ত্রী
 - ২) ছাগলের পাল – পুরুষ অথবা স্ত্রী

খ. ধর্মানুষ্ঠান

- (১) উৎসর্গের উপস্থাপনা
 - ক) উৎসর্গের উপরে হস্তার্পণ করা

- খ) সমাগম তাম্বুর দরজায় একে হত্যা করা
- গ) উৎসর্গ চিহ্নিতকরণ পোড়ান উৎসর্গের মতই একই রকম
- ঘ) বেদির চারিদিকে রক্ত প্রক্ষেপ করা
- ঙ) নির্বাচিত অংশ সদাপ্রভুর জন্য বেদিতে পোড়ান
 - ১) চর্বি (মেঘ-চবিযুক্ত লেজ) প্রতিক্রিয়াকরণ করতো সমৃদ্ধির
 - ২) বৃক্ক, যকৃৎের নিম্নাংশ প্রতিক্রিয়াকরণ করতো ইচ্ছা ও আবেগের আসন
 - ৩) উৎসর্গকারীর পোড়ান উৎসর্গের স্থানে চর্বিযুক্ত অংশ রাখা অথবা প্রাতকালের মেঘ উৎসর্গ

(২) ধন্যবাদজ্ঞাপন উৎসর্গে অর্ন্তভুক্ত (৭:১১-১৪)

- ক) তেলে মিশ্রিত খামিহীন পিঠা
- খ) তেল ছটানো খামিহীন পাতলা রুটি
- গ) তেলে মিশ্রিত সূক্ষ্ম ময়দা

গ. যাজকের অংশ, ৭:২৮-৩৫

- (১) দোলনীয় উৎসর্গ হিসাবে যাজকের অধিকার
- (২) দোলানোয় অর্ন্তভুক্ত উৎসর্গের স্থান উৎসর্গকারীর হাতে এবং যাজকের হাতে। এটা দেখাত যে উৎসর্গকারী ঈশ্বরের প্রতি উৎসর্গ করেছেন, এবং পরে এটি যাজকের দ্বারা গৃহিত হতো।
- (৩) ডান উরু পরিচালনাকারী যাজকের অধিকার
- (৪) উৎসর্গ ঈশ্বরে প্রতি তুলে ধরা এবং পরে যাজকের দ্বারা গৃহিত হতো

ঘ. উৎসর্গকারীর অংশ, ৭:১৫-১৮

- (১) একটি ধন্যবাদ জ্ঞাপনের উৎসর্গ উৎসর্গের দিনেই খেয়ে ফেলতে হতো, ১৫ পদ
- (২) একটি প্রতিজ্ঞা (শপথ) বা স্বেচ্ছাকৃত উৎসর্গ উৎসর্গের দিনেই খেয়ে ফেলতে হবে অথবা পরের দিন, ১৬ পদ
- (৩) এই অংশটি ছিল সেগুলি যেগুলি ঈশ্বরের দেওয়া হতো না এবং ঈশ্বর দ্বারা পুরাহিতকে
- (৪) ঈশ্বর প্রতিক্রিয়ায় এই উৎসর্গ উৎসর্গকারী ও তার পরিবার ও বন্ধুবান্ধবদের সাথে খেতেন
- (৫) এই উৎসর্গ নির্ণিত হতো যে সহভাগিতার সম্পর্ক পুনঃস্থাপিত হয়েছে

৪. ৪:১-৫:১৩ অধ্যায় (৬:২৪-৩৪) পাপ উৎসর্গ

ক. ভূমিকা

- (১) এটি হল প্রথম উৎসর্গ যেটিতে প্রায়শ্চিত্ত ছিল প্রধান উপাদান।
- (২) এই উৎসর্গ নিয়ম পুনঃপ্রতিষ্ঠিত করে মানুষ ও ঈশ্বরের মধ্যে। এটি সহভাগিতা পুনরুদ্ধার করে।
- (৩) এই উৎসর্গে অর্ন্তভুক্ত:
 - ক) অজ্ঞানতা বশত: পাপ
 - খ) অসাবধানতা বশত: পাপ
 - গ) উত্তেজনা বশত: পাপ
 - ঘ) অবহেলাজনিত পাপ
 - ঙ) এটি ঈশ্বরের বিরুদ্ধে স্বেচ্ছাকৃত দাঙ্কিতা বিদ্রোহের পাপের প্রায়শ্চিত্ত করে না। স্বেচ্ছাকৃত, উদ্ধত, পরিকল্পিত পাপের জন্য কোন উৎসর্গ নেই (গণনা ১৫:২৭-৩১)।

খ. অর্থ

- (১) এই উৎসর্গ পাপের জন্য দোষ ও শাস্তির প্রায়শ্চিত্ত করে।
- (২) এতে অর্ন্তভুক্ত ঈশ্বরের দিক থেকে অনুগ্রহ এবং মানুষের দিক থেকে বিশ্বাস।
- (৩) কেবলমাত্র আনুষ্ঠানিক উপহার দ্বারা কোন উৎসর্গই কোন কিছু সাধন করে না। উৎসর্গকারীর বিশ্বাস এর পিছনে কাজ করে।
- (৪) তথাপি, উৎসর্গ উৎসর্গকারীর কেবলমাত্র প্রকাশের চেয়ে উৎসর্গ বেশি কিছু। এটা তার জন্য কিছু করে। এটি ঈশ্বরের সাথে সম্পর্ক পুনঃস্থাপন করে।
- (৫) ধর্মানুষ্ঠান ছিল একটি ঈশ্বর দত্ত ক্ষতিপূরণের উপায়, কিন্তু ব্যক্তিগত বিশ্বাসের বিকল্প নয়।
- (৬) ঈশ্বর অনেক ধর্মীয় কাজ ঘৃণা করেন যার পিছনে বিশ্বাস নেই, যিশা ১:১০-২০; আমোষ ৫:২১-২৪; মীখা ৬:৬-৮।

গ. ধর্মানুষ্ঠান

- (১) মহা পুরোহিতের জন্য, ৩-১২ পদ
 - ক) মহা পুরোহিত – অভিষিক্ত পুরোহিত
 - ১) পাপ, লোকদের ভুল পথে পরিচালিত করে
 - ২) পাপ, ব্যক্তিগত স্বভাবে
 - ৩) মহা পুরোহিত, হলেন সমাজের আত্মিক প্রতিনিধিত্বকারী। যদি তিনি পাপ করেন, সব পাপ তার উপরে পড়বে। এটি ছিল যিহুদীদের মিলিত উপলব্ধি (যিহো ৭; রোমীয় ৫:১২ পদ থেকে কয়েকটি পদ)।
 - খ) প্রক্রিয়া
 - ১) মহা পুরোহিত নির্দোষ একটি অল্প বয়সী ষাড় বেদির কাছে আনবেন।

- ২) তিনি এটির মাথার উপরে হাত রাখবেন
 - ৩) মহা পুরোহিত পশুটি হত্যা করবেন
 - ৪) মহা পুরোহিত পর্দার সামনে ৭ বার রক্ত ছিটাবেন
 - ক) এটি সমাগম তাম্বুকে শুচি করে
 - খ) প্রতিকি ভাবে ঈশ্বরের কাছে যাবার পথ উন্মুক্ত করে
 - গ) ধূপ বেদির শৃংগের উপরে রক্ত রাখা হয়
 - ঘ) পোড়ার উৎসর্গের বেদির ভিত্তি অবশিষ্ট রক্ত ঢেলে দেওয়া হয়
 - ৫) বেদির উপরে সকল পোড়ান চর্বি রাখা হয়
 - ৬) অবশিষ্ট সকল পশু শিবিরের বাইরে শুচি জায়গাতে নিয়ে যাওয়া হবে, ১২ পদ, যেখানে বেদির ছাই ঢেলে দেওয়া হতো। সেখানে, পশুর বাকী অংশ পোড়ান হতো।
- (২) জাতির জন্য, ১৩-২১ পদ
- ক) তারা পাপ করতো যখন ব্যবস্থার আদেশ পরিপূর্ণ করা না হতো, ১৩-২১ পদ
 - খ) প্রক্রিয়া
 - ১) প্রাচীনরা নির্দোষ ঘাড় বেদির কাছে আনবেন।
 - ২) প্রাচীনরা এর মাথার উপরে হাত রাখবেন।
 - ৩) প্রাচীনরা পশুটি হত্যা করবেন।
 - ৪) মহা পুরোহিত পর্দার সামনে ৭ বার রক্ত ছিটাবেন।
 - ক) এটি সমাগম তাম্বুকে শুচি করে
 - খ) প্রতিকি ভাবে ঈশ্বরের কাছে যাবার পথ উন্মুক্ত করে
 - গ) ধূপ বেদির শৃংগের উপরে রক্ত রাখা হয়
 - ঘ) উৎসর্গের বেদির ভিত্তি অবশিষ্ট রক্ত ঢেলে দেওয়া হয়
 - ঙ) এর সব কিছুই বেদির উপরে উৎসর্গ করা হয়
 - চ) অবশিষ্ট সকল পশু শিবিরের বাইরে শুচি জায়গাতে নিয়ে যাওয়া হবে, ১২ পদ, যেখানে বেদির ছাই ঢেলে দেওয়া হতো। সেখানে, পশুর বাকী অংশ পোড়ান হতো। পশুটি পোড়ান হয়েছে এটি তার স্মরণার্থক।
- (৩) নেতাদের জন্য, ২২-২৬ পদ
- ক) নেতা (শাসক) ২২-২৬ পদ
 - ১) গোষ্ঠীর নেতা
 - ২) সমাজের দায়িত্ববান ব্যক্তি
 - ৩) প্রাচীন
 - খ) প্রক্রিয়া
 - ১) নেতা একটি পুরুষ ছাগল (বয়স্ক, লোমশ) বেদির কাছে আনবেন।
 - ২) নেতা এর মাথার উপরে হাত রাখবেন।
 - ৩) নেতা পশুটিকে হত্যা করবেন।
 - ৪) মহা পুরোহিত পোড়ান উৎসর্গের বেশির শৃংগে রক্ত রাখবেন- অবশিষ্ট রক্ত উৎসর্গের বেদির ভিত্তির উপরে ঢেলে দেওয়া হতো।
 - ৫) সকল চর্বি বেদিতে পোড়ান হতো।
 - ৬) পুরোহিত অবশিষ্ট মাংস খাবেন।
- (৪) ব্যক্তির জন্য, ২৭-৩৫ পদ
- ক) ব্যক্তির জন্য – যখনই সে জানবে যে তার পাপ রয়েছে তখনই সে এই উৎসর্গ করবে
 - খ) প্রক্রিয়া
 - ১) ব্যক্তি একটি স্ত্রী ছাগল বা মেঘ আনবেন।
 - ২) ব্যক্তি এর মাথার উপরে হাত রাখবেন।
 - ৩) ব্যক্তি পশুটিকে হত্যা করবেন।
 - ৪) মহা পুরোহিত উৎসর্গের বেশির শৃংগে রক্ত রাখবেন- অবশিষ্ট রক্ত উৎসর্গের বেদির ভিত্তির উপরে ঢেলে দেওয়া হবে।
 - ৫) সকল চর্বি বেদিতে পোড়ান হবে।
 - ৬) পুরোহিত অবশিষ্ট মাংস খাবেন।
- (৫) বিশেষ ক্ষেত্রে পাপ উৎসর্গে অর্ন্তভূক্ত, ৫:১-১৩ (এখানে মনে হয় একজন সহ নিয়মের অধীন লোকের বিরুদ্ধে ইচ্ছাকৃত পাপ অর্ন্তভূক্ত)
- ক) যদি কোন সাক্ষী সামনে এগিয়ে না আসে এবং সাক্ষ্য না দেয় (তথ্য দিতে ব্যর্থ হয়), ৫:১
 - খ) অশুচি পশু স্পর্শ করে, ৫:২
 - গ) অশুচি মানুষ স্পর্শ করে, ৫:৩
 - ঘ) শপথ করে কোন কিছু না ভেবে বলে, ৫:৪

- ঙ) উল্লেখিত পাপ সমূহের জন্য উৎসর্গ:
- ১) স্ত্রী ছাগল বা মেঘ
 - ২) দুটি বন্য কবুতর বা দুটি ঘুঘু
 - ৩) ১/১০ ঐফা সুফ্ল সূজী
- (৬) পাপ উৎসর্গের ধর্মানুষ্ঠান, ৬:২৪-৩০
- ক) যা অবশিষ্ট তা যাজক খেতে পারে।
 - খ) যদি রক্ত কাপড়ে লাগে তবে কাপড় অবশ্যই ধুতে হবে।
 - গ) যদি রক্ত কোন মাটির পাত্রে লাগে, পাত্রটি ভেঙ্গে ফেলতে হবে।
 - ঘ) যদি রক্ত পিতলের পাত্রে লাগে, পাত্রটি ধুতে হবে।
 - ঙ) যদি পোড়ান উৎসর্গের রক্ত মহা পবিত্র স্থানে আনা হয় তাহলে মাংস অবশ্যই পোড়াতে হবে এবং যাজক খেতে পারবেন না।
- (৭) পাপ উৎসর্গের অন্তর্নিহিত তাৎপর্য
- ক) পূর্ব পরিকল্পিত পাপের কোন উৎসর্গ নেই— কেবলমাত্র অনিচ্ছাকৃত পাপ বা অজ্ঞানতানশত পাপের রয়েছে, ৫:১৫, ১৮।
 - খ) ক্ষমায় কি কি অর্ন্তভুক্ত:
 - ১) মানুষের দিক থেকে বিশ্বাস
 - ২) ঈশ্বরের দিক থেকে অনুগ্রহ

৫. ৫:১৪-১৯ অধ্যায় দোষার্থক বা লংঘন জনিত উৎসর্গ

ক. ভূমিকা

- (১) যখন পাপ উৎসর্গ কৃত পাপের বিষয়ে কাজ করে, দোষার্থক উৎসর্গ কাজ করে নিয়মের অধীন সহ লোকের ক্ষতি এবং কি ক্ষতিপূরণ সম্ভব সে সব বিষয় নিয়ে।
- (২) পাপ এবং লংঘন উৎসর্গ প্রায় একই রকমের।
- (৩) ব্যক্তির অধিকার দশ আঙ্গায় প্রকাশ করা হয়েছে (যাত্রা ২০; দ্বি বি ৫)।
 - ক) গৃহে
 - খ) ভাল সঞ্চয়
 - গ) জীবন
- (৪) এই উৎসর্গ গুরুত্ব দান করে পাপের ফলে আমাদের ভাইয়ের কি ক্ষতি হয়েছে এবং তার জন্য যা ক্ষতি হয়েছে তার ক্ষতিপূরণ মূল্য সাথে ১/৫ অতিরিক্ত।

খ. পাপের আবশ্যিকতার উৎসর্গ

- (১) ঈশ্বরের বা যা কিছু তাঁর অধিকারের তার বিরুদ্ধে
 - ক) প্রথম ফল
 - খ) প্রথম জাত, ১৪-১৬
 - গ) দশমাংশ
 - ঘ) সঠিক ভাবে উপহার না দেওয়া
 - ঙ) কম দামী উপহার
- (২) “যদি কোন লোক পাপ করে এবং ঈশ্বর যা কিছু আদেশ করেছেন তার কোন একটি সাধন না করে, যদিও সে অসচেতন, তথাপি সে দোষি, আর তার শাস্তি সে পাবার যোগ্য।”

চ. প্রাচীন উৎসর্গ সাধন করা হতো বেশ কয়েকটি কারণে:

- ক. রাগী দেবতাকে শাস্ত করতে
- খ. দেবতাকে খাওয়াতে
- গ. দেবতার সাথে সহভাগিতা রাখতে
- ঘ. একটি প্রশংসার কাজ
- ঙ. ক্ষমা লাভের বা পুনর্মিলনের প্রয়োজন অর্থে

VII. সাহিত্য একক (প্রসঙ্গ)

ক. একটি সংক্ষিপ্ত রূপরেখা

১. ১-১৬ অধ্যায় -- কিভাবে একজন পবিত্র ঈশ্বরের কাছে এগিয়ে যেতে হবে?
২. ১৭-২৬ অধ্যায় -- কিভাবে একজন অবিরত একজন পবিত্র ঈশ্বরের সাথে সহভাগিতা রক্ষা করে যেতে পারবে?

খ. লেখকের নিজস্ব ব্যবহারের পরিচিতিমূলক সূত্র, “এবং সদাপ্রভু মোশিকে (বা হারোনকে) বললেন...”

১. এটা হতে পারে ইঙ্গিত দিচ্ছে যে এই প্রকাশিত বিষয়সমূহ বহুকাল ধরে দেওয়া হয়েছে।
২. যে সব জায়গার সূত্রটি দেখা যায় : ১:১-৩:১৭; ৪:১-৫:১৩; ৫:১৪-১৯; ৫:২০-২৬; ৬:১-১১; ৬:১২-১৬; ৬:১৭-৭:২১; ৭:২২-৩৮; ৮:১-১০:২০; ১১:১-৪৭; ১২:১-৮; ১৩:১-৫৯; ১৪:১-৩২; ১৪:৩৩-৫৭; ১৫:১-৩৩; ১৬:১-৩৪; ১৭:১-১৬; ১৮:১-৩; ১৯:১-৩৭; ২০:১-২৭; ২১:১-২৪; ২২:১-১৬; ২২:১৭-২৫; ২২:২৬-৩৩; ২৩:১-৮; ২৩:৯-২২; ২৩:২৬-৩২; ২৩:৩৩-৪৪; ২৪:১-২৩; ২৫:১-২৬:৪৬; ২৭:১-৩৪;

গ. বিস্তারিত রূপরেখা:

১. অশুচিতা দূরিকরণ, ১-১৬ অধ্যায়

ক. উৎসর্গের নিয়ম কানুন, ১:১-৭:৩৮

- (১) পোড়ান উৎসর্গ, ১:৩-১৭ এবং ৬:৮-১৩
- (২) খাবার উৎসর্গ, ২:১-১৭ এবং ৬:১৪-২৩
- (৩) মঙ্গল উৎসর্গ, ৩:১-১৭; ৭:৩৩ এবং ৭:১১-২১
- (৪) পাপ উৎসর্গ, ৪:১; ৫:১৩ এবং ৬:২৪-৩০
- (৫) দোষার্থক উৎসর্গ, ৫:১৪-৬:৭; ৭:১-১০

ক) YHWH এর নিয়মের বিরুদ্ধে অনিচ্ছাকৃত পাপ, ৪:১-৩৫; ৫:১৪-১৯

খ) নিয়মের সহ অংশীদারের বিরুদ্ধে ইচ্ছাকৃত পাপ, ৫:১-১৩; ৬:১-৭

(লোকদের জন্য ১ অধ্যায় থেকে ৬:৭ পদ; ৬ অধ্যায় ৮ পদ থেকে ৭ অধ্যায় ৩৬ পদ যাজকদের জন্য)

খ. যাজকদের শুচিকরণ, ৮:১-১০:২০

- (১) অভিষেকের জন্য প্রস্তুতকরণ, ৮:১-৫
- (২) ধৌতকরণ, পোষাক এবং অভিষেক, ৮:৬-১৩
- (৩) অভিষেকার্থক উৎসর্গ, ৮:১৪-৩২
- (৪) হারোনকে মোশির দেওয়া নির্দেশনা, ৯:১-৭
- (৫) হারোন এবং পুত্রদের আরম্ভ, ৯:৮-২১
- (৬) হারোনের লোকদের ও YHWH এর আশীর্বাদ
- (৭) অবিহু ও নাদবের পাপ, ১০:১-৩
- (৮) তাদের ভাগ্য এবং দূরিকরণ, ১০:৪-৭
- (৯) কর্তব্য পালনের সময় দ্রাক্ষারস থেকে সংযম, ১০:৮-১১
- (১০) উৎসর্গে যাজকের অংশ, ১০:১২-২০

গ. শুচি এবং অশুচি, ১১-১৫ অধ্যায়

- (১) পশু, ১১ অধ্যায় (দ্বি বি ১৪:৬-২০)
- (২) শিশু জন্মদান, ১২ অধ্যায়
- (৩) চর্ম রোগ, ১৩-১৪ অধ্যায়
- ক) মানুষের, ১৩:১-৪৬
- খ) পোষাকের, ১৩:৪৭-৫৯
- গ) বিশুদ্ধকরণ, ১৪:১-৩২
- ঘ) গৃহে, ১৪:৩৩-৫৩
- ঙ) উপসংহার, ১৪:৫৪

(৪) দেহ থেকে কিছু নিঃসৃত হওয়ার জন্য বিশুদ্ধকরণ (পুরুষ ও স্ত্রীলোক), ১৫ অধ্যায়

ঘ. প্রায়শ্চিত্ত দিন (Yom Kippur), বাৎসরিক শুচিকরণ দিন, ১৬ অধ্যায় (এটি মনে হয় চূড়ান্ত হয়েছে ১-১৬ অধ্যায়ে)

- (১) যাজকীয় প্রস্তুতি, ১৬:১-৪
- (২) মহা পুরোহিতের জন্য পাপ উৎসর্গ, ১৬:৫-১০
- (৩) ধর্মানুষ্ঠান, ১৬:২৩-২৮
- (৪) পশু বিষয়ক আইন, ১৬:২৯-৩৪

২. ঈশ্বরের সাথে সহভাগিতা ও পবিত্রতার পুনরুদ্ধার, ১৭-২৬ অধ্যায়

ক. উৎসর্গের রক্ত, ১৭:১-১৬

খ. ধর্মীয় ও নৈতিক মানদণ্ড, ১৮:১-২০:২৭

- (১) অগম্যগমন
- (২) যৌনতার পাপ
- (৩) শাস্তি, ২০ অধ্যায়

গ. যাজকদের পবিত্রতা, ২১:১-২২:৩৩

ঘ. বাৎসরিক উসব দিনের পবিত্রতা, ২৩:১-২৪:২৩

- (১) সাব্বাথ, ২৩:১-৩
- (২) নিস্তারপর্ব ও খামিহীন রুটি, ২৩:৫-৮
- (৩) প্রথম ফল, ২৩:৯-১৪
- (৪) ফসল সংগ্রহ, ২৩:১৫-২৪
- (৫) পঞ্চাশত্তমী, ২৩:২৩-২৫
- (৬) প্রায়শ্চিত্ত দিন, ২৩:২৬-৩২ (কেবলমাত্র উপবাস দিন)
- (৭) সমাগম তাম্বু (কুটিরোৎসব), ২৩:৩৩-৪৩
- ঙ. বিশেষ বৎসর, ২৫:১-৫৫
 - (১) বিশামার্থক বৎসর, ২-৭ পদ
 - (২) জুবিলি, ৮-৫৫ পদ
 - ক) উৎসব, ৮-১২ পদ
 - খ) কার্যকর, ১৩-৩৪ পদ
 - গ) প্রত্যেক নিয়মবদ্ধ ব্যক্তি যোগ্য এবং স্বাধীন, ৩৫-৫৫ পদ
- চ. নিয়মের আশীর্বাদ ও অভিশাপ, ২৬:১-৪৬
৩. পরিশিষ্ট (শপথ), ২৭:১-৩৪
 - ক. ব্যক্তি, ১-৮ পদ
 - খ. পশু, ৯-১৩ পদ
 - গ. আবসস্থল, ১৪-১৫ পদ
 - ঘ. ভূমি, ১৬-২৫ পদ
 - ঙ. প্রথমজাত, ২৬-২৭ পদ
 - চ. উৎসর্গের জিনিস, ২৮-৩৯ পদ
 - ছ. দশমাংশ, ৩০-৩৪ পদ

VIII. প্রধান সত্য

- ক. লেবীয় পুস্তক ইস্রায়েল জাতির ধর্মীয় ও নাগরিক জীবনের বৈধ ভিত্তির বিষয়ে আলোচনা করেছে এবং যাজকের ভূমিকা সম্বন্ধে। এটি যাত্রা পুস্তকের ২৫-৪০ অধ্যায়ে বর্ণিত সমাগম তাম্বুর ব্যবহারের নির্দেশনা দিয়েছে।
- খ. এটি বর্ণনা করছে কিভাবে একজন পাপী মানুষ ঈশ্বরের কাছে যেতে পারে এবং কিভাবে সে সহভাগিতা রক্ষা করতে পারে। “পবিত্রতা” হল বইয়ের মূল বিষয় (১১:৪৪ { মথি ৫:৪৮ })।
- গ. চমৎকারের চমৎকার, ঈশ্বরের আকাংখ্যা যে পাপী মানুষ তাঁর কাছে আসুক এবং তিনি একটি উপায় দিয়েছেন, তাহল উৎসর্গের পদ্ধতি।
- ঘ. YHWH এর বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে:
 ১. উৎসর্গের পদ্ধতি যোগানোর মাধ্যমে, ১-৭ অধ্যায় (অনুগ্রহ)
 ২. ঐতিহাসিক কাজে, ৮-১০ অধ্যায় (ন্যায় বিচার)
 ৩. লোকদের সাথে তাঁর অবিরত উপস্থিতির মাধ্যমে (বিশ্বস্ততা)

IX. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এবং ব্যক্তির সংক্ষিপ্ত ব্যাখ্যা



- ক. টার্ম এবং শব্দগুচ্ছ
 ১. প্রায়শ্চিত্ত, ১:৪; ৪:২৬ (NASB এবং NIV)
 ২. সৌরভার্থক উপহার, ১:৯.১৩ (NIV, সৌরভে সম্ভ্রুতি)
 ৩. অনিচ্ছাকৃত, ৪:১,২২,২৭; ৫:১৫-১৮; ২২:১৪ (NASB এবং NIV)
 ৪. পুনস্থাপন, ৬:৫ (NASB এবং NIV)
 ৫. দোলনীয় উপহার, ৭:৩০ (NIV, দোলান)
 ৬. পবিত্র (*kadosh*), ১১:৪৪ (NASB এবং NIV)
 ৭. কুষ্ঠ রোগ, ১৩:১ থেকে কয়েকটি পদ (NIV, সংক্রামক চর্ম রোগ)
 ৮. পাপ বহনকারী ছাগল, ১৬:৮ (NASB এবং NIV)
 ৯. ছাগের মন্দ আত্মা, ১৭:৭ (NIV, ছাগ দেবতা)
 ১০. গণক বিদ্যা, ১৯:২৬ (NIV, যাদুবিদ্যা)
 ১১. জুবিলি, ২৫:৩০ (NASB এবং NIV)

- খ. ব্যক্তির সংক্ষিপ্ত ব্যাখ্যা
১. নাদব এবং অবিহু, ১০:১
 ২. Azazel, ১৬:৮,১০ (NIV, পাপ বহনকারী ছাগের)
 ৩. মোলক, ১৮:২১; ২০:২

X. মানচিত্রে অবস্থান – নাই


XI. শিক্ষার্থীদের সন্তুষ্টির প্রশ্নাবলী

১. উৎসর্গের পদ্ধতি কি প্রতিনিধিত্ব করে? কেন “রক্ত” প্রায়ই উল্লেখিত হয়েছে, (৩:১৭; ৭:২৬; ১৭:১১)?
২. কিভাবে একটি পশুর মৃত্যু মানুষের পাপের ক্ষমা করতে পারে?
৩. কেন পাঁচটি উৎসর্গের মধ্যে তিনটি স্বেচ্ছাকৃত?
৪. হারোনের ছেলেরা কি করেছিল যাতে তারা মৃত্যুর যোগ্য হয়ে পড়েছিল?
৫. শুচি ও অশুচি পশুর মধ্যে কেন পার্থক্য ছিল?
৬. ইস্রায়েলে প্রতিষ্ঠিত সকল উৎসবের মধ্যে প্রায়শ্চিত্ত দিনের কি চমৎকারিত্ব ছিল?
৭. বিশ্রাম বৎসর ও জুবিলি বৎসরের পিছনে কি সত্য ছিল?



**ප්‍රාචීන
ලිඞ්කට් ප්‍රාඞ්**

প্যালেস্টাইন



০ ১০ ২০ ৩০ ৪০
মাইল মাপনি

গণনা পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO NUMBERS)

I. বইয়ের নাম

- ক. হিব্রুতে (MT) শিরোনাম হল “প্রান্তরে।” এটি প্রথম শব্দ নয় কিন্তু এটি হল প্রথম বাক্যের পঞ্চম শব্দ।
- খ. LXX এ এর শিরোনাম “গণনা” কারণ ১-৪ এবং ২৬ অধ্যায়ে দু’বার লোকগণনা করা হয়েছে।

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

- ক. এটি হল হিব্রু ক্যাননের প্রথম বিভাগের অংশ যাকে বলা হয়েছে “তোরা” বা “শিক্ষাগুলি” বা “ব্যবস্থা।”
- খ. LXX এ এই অংশ পরিচিত পেন্টাটুক (পাঁচটি গুটানো পুস্তক) হিসাবে।
- গ. একে কখনও কখনও ইংরাজিতে বলা হয়েছে “মোশির পঞ্চ পুস্তক।”
- ঘ. এতে অন্তর্ভুক্ত মোশির দ্বারা কৃত সৃষ্টি থেকে মোশির জীবন পর্যন্ত একটি অবিচ্ছিন্ন বিবরণ, আদি পুস্তক-দ্বিতীয় বিবরণ।

III. সাহিত্য রীতি – এই বইটি যাত্রা পুস্তকের মত একই রকমের। এটি হল ঐতিহাসিক বর্ণনা ও আইন কানুন বিষয়ক সাথে সাথে Balaam এর প্রাচীন কবিতা আকারে দৈববাণীর সমন্বয় (গণনা ২৩-২৪)।

IV. পুস্তকের রচয়িতা

- ক. এটি হল লিখিত উৎসরে নামের তোরার প্রথম বই, “YHWH এর যুদ্ধের বই,” ২১:১৪-১৫। এটি স্পষ্ট ভাবে দেখায় যে মোশি অন্যান্য উৎস ব্যবহার করেছিলেন।
- খ. এই বই বর্ণনা করেছে যে মোশি প্রান্তরে ভ্রমণের সময়কালীন ঘটনাসমূহ লিখতে পারেন বা লিপিবদ্ধ করেছেন।
- গ. গণনা পুস্তক আরও যোগান দিয়েছে বেশ কিছু সুস্পষ্ট সম্পাদনার সংকলনের উদাহরণ দিয়েছে (সম্ভবত যিহোশূয় বা শমূয়েল):
১. ১২:১,৩ ২. ১৩:২২ ৩. ১৫:২২-২৩ ৪. ২১:১৪-১৫ ৫. ৩২:৩৩ থেকে কয়েকটি পদ ৬. ৩২:৩৩ থেকে কয়েকটি পদ
- ঘ. বেশির ভাগ ক্ষেত্রে মোশি third person হিসাবে উল্লেখিত ব্যতিক্রম কেবল সরাসরি উদ্ধৃতি। এটা ইঙ্গিত দেয় যে মোশি এই সব কিছু সংকলন করতে অনুলিপিকারকদের সহায়তা ব্যবহার করেছিলেন।
- ঙ. এটা উল্লেখ করা বেশ মজার যে গণনা পুস্তক দুটি অ-ইস্রায়েলীয় সাহিত্যের লেখনী অন্তর্ভুক্ত করেছে: (১) ২১:২৭-৩০ পদে (সম্ভবত ৩০ পদ, ছিল ইস্রায়েলীয় সংকলন) Amorite taunt poem; এবং (২) ২৩-২৪ অধ্যায়ে বালামের মোয়াবের রাজা বালাকের সাথে কথোপকথন। সেগুলি দেখায় যে লিখিত বা মৌখিক বিষয়সমূহের ব্যবহার বই সংকলনে অন্তর্ভুক্ত (*The Book of the Wars of the Lord.*)।

V. তারিখ

- খ. বইটি নিজেই আমাদের তারিখ দিয়েছে:
১. ১:১, ১০:১০ পদ বলে এটি ছিল মহা প্রস্থানের দ্বিতীয় বৎসরের দ্বিতীয় মাস। এর পরে ৩৮ বছরের প্রান্তরে ভ্রমণের সময়কাল ছিল।
২. ৯:১ পদ বলে এটি ছিল মহা প্রস্থানের দ্বিতীয় বৎসরের প্রথম মাস।
- ন. মহা প্রস্থানের সময় অনিশ্চিত। এটাই হতে পারে ১৪৪৫ বা ১২৯০ খ্রীষ্ট পূর্ব।

VI. সমর্থিত উৎসসমূহের ঐতিহাসিক অবস্থান

- ক. গণনা পুস্তক থেকে চারটি বিষয় পাওয়া যায় যা অদ্বিতীয় ভাবে প্রতিফলিত করেছে মিশরীয় সংস্কৃতি:

১. গোষ্ঠি অনুসারে ইব্রীয়দের শিবির স্থাপন (গণনা ২:১-৩১; ১০:১১-৩৩) এবং গোষ্ঠি সমূহের অগ্রযাত্রার সজ্জিতকরণ (গণনা ১-৭)। এই শৃংখলাটি একেবারে ঠিক সেরকম ছিল যেভাবে Rameses II তার সিরিয়ান অভিযানে ব্যবহার করেছিলেন যা আমরা Armarna Texts থেকে জেনেছি। ১৩০০ খ্রীষ্ট পূর্ব সময়কালের এই কনানীয় নথিপত্র, বর্ণনা করেছে কনান ও মিশরের মধ্যে সামাজিক, রাজনৈতিক এবং ধর্মীয় সংযোগ। এটি আরও তাৎপর্যপূর্ণ যে মিশরিয় সজ্জিতকরণ এবং ব্যবস্থাপনা পরিবর্তিত হয়েছে যেমন আমরা জেনেছি খ্রীষ্ট পূর্ব প্রথম সহস্রাব্দের Assyrian bas-reliefs থেকে। অশুরিয়রা গোলাকার ভাবে শিবির স্থাপন করতো।
 ২. গণনা ১০ অধ্যায়ের রূপার তুরী প্রতিপলিত করে মিশরিয় উৎস। প্রত্নতত্ত্ববিদেরা বিশেষ কিছু নমুনা পেয়েছেন Tutankhamen অঞ্চলে, যার তারিখ ১৩৫০ খ্রীষ্ট পূর্ব। এছাড়াও, এই রূপার তুরীগুলির Armarna Texts অনুসারে ধর্মীয় ও বেসামরিক উদ্দেশ্যে ব্যবহার প্রচলিত ছিল।
 ৩. ষোড়ায় টানা রথ মিশরিয়রা প্রচলন করেছিল Hyksos নামে একজন যিহুদী (Semitic) শাসক দ্বারা ১৫ এবং ১৬ রাজবংশে। ষাড় টানা মালবাহী গাড়ি মিশনের অদ্বিতীয় ছিল। সেগুলি দেখা গিয়েছিল Tuthmose III এর ১৪৪০ খ্রীষ্ট পূর্বে সিরিয় অভিযানে। কনানের লোকেরা এই ধরনের গাড়ীর সাথে পরিচিত ছিল না, সম্ভবত কারণ ছিল কনান ছিল বন্ধুর ও পর্বতময়। এই ধরনের মালবাহী গাড়ী যাকোবকে আনার জন্য প্রেরিত হয়েছিল (আদি ৪৫:১৯, ২১, ২৭)। এগুলি আরও ব্যবহৃত হয়েছে ইব্রীয়দের দ্বারা যাত্রা পুস্তকে (গণনা ৭:৩, ৬.৭)।
 ৪. আর একটি চমৎকার মিশরিয় উপাদান যা ইব্রীয়রা অনুকরণ করেছিল তা ছিল সম্পূর্ণ ভাবে দাড়ি গোফ কামানো যাজক (৮:৭)।
- খ. দুটি লোক গণনা ১-৪ এবং ২৬ অধ্যায়ে পাওয়া যায়, এগুলি সমান্তরাল হল:
১. ১৭০০ খ্রীষ্ট পূর্বের Mari ফলক।
 ২. মিশরে প্রাচীর রাজ্যের সময়কালের, ২৯০০ -২৩০০ খ্রীষ্ট পূর্ব, একটি নথি

VII. সাহিত্য একক (প্রসঙ্গ)

- ক. ভৌগলিক প্রেক্ষাপটের উপরে ভিত্তি করে একটি সংক্ষিপ্ত রূপরেখা
১. প্রতিজ্ঞাত দেশের দিকে যাত্রার প্রস্তুতি সিনাই পর্বতে বসে নেওয়া, ১:১-১০:১০।
 ২. প্রতিজ্ঞাত দেশের দিকে যাত্রা, ১০:১১-২১:৩৫
 - ক. কাদেশের দিকে, ১০:১১-১২:১৬
 - খ. কাদেশে, ১৩:১-২০:১৩
 - গ. কাদেশ থেকে, ২০:১৪-২১:৩৫
 ৩. মোয়াব সমভূমিতে ঘটা ঘটনাসমূহ, ২২:১-৩৬:১৩
- খ. বিশদ রূপরেখা
১. R.K. Harrison, *Introduction to the Old Testament*, pp. 614-615.
 ২. E. J. Young, *An Introduction to the Old Testament*, pp. 84-90.
 ৩. NIV Study Bible, pp. 187-188.
- গ. গণনা পুস্তক বিশ্লেষণে একটি সমস্যা হল এর বিষয়সমূহের অস্বাভাবিক বিন্যাস; অর্থাৎ, ব্যবস্থা ও বর্ণনা এবং বিভিন্ন বিষয়বস্তুর উপসংহারের মিশ্রণ। এর কাঠামোর বিষয়ে বেশ কিছু তত্ত্ব হল:
১. এটি ছিল সুস্পষ্টরূপে “তথ্যগত অনুমান,” এর প্রবক্তাদের দ্বারা ব্যবহৃত, J.E.D.P. এই বইকে অনেক ঐতিহাসিক নয় এমন, মোশির নয় এমন ভাবে বিভক্ত করা।
 ২. J.S. Wright প্রস্তাব করেছেন মোশির বিষয়বস্তুগুলি অনুলিপিকারকদের সাথে পরামর্শ করে তার জীবনের শেষ দিকে সংকলিত করার। গণনা পুস্তকের খন্ড খন্ড চরিত্রগুলি লিপিবদ্ধ হয়েছে কিন্তু মোশির জীবনকালে তা গুরুত্বহীন করা হয়েছে।
 ৩. Gordon J. Wenham (*Tyndale Commentary on Numbers*, p. 14-18) প্রস্তাব করেছেন বাইবেলের বিষয়বস্তুর একটি ত্রিমুখী সমান্তরাল ব্যবহৃত হয়েছে যাত্রা পুস্তক, লেবীয় পুস্তক এবং গণনা পুস্তক থেকে, এবং সেগুলিকে তিনটি যাত্রায় সম্পর্কিত করা হয়েছে: (১) সিনাই এর পথে লোহিত সাগর; (২) সিনাই থেকে কাদেশ; এবং (৩) কাদেশ থেকে মোয়াব। এই উভয় করতে যেনে বিষয়বস্তুর সম্পর্কের জন্য “ভ্রমণ করার” এবং “থেমে থাকা” এর একটি উল্লেখযোগ্য সমান্তরাল হয়েছে ঘটনাত। তিনি এই সম্পর্কে আরও বলেছেন এই ত্রিমুখী সমান্তরালবাদ আদি ১-১১; ১২-১৫ অধ্যায় এবং দ্বিতীয় বিবরণ পর্যন্ত। এটি মনে হয় বেশ আশাশ্রিত। এটা আমাদের দেখায় যে প্রাচীন নিকট প্রাচ্যের লেখকদের সাহিত্য কাঠামো বা নমুনা ছিল যেটি নিয়ন্ত্রণ করতো তাদের সাহিত্য কাঠামো কিন্তু আমাদের মত পশ্চিমাদের কাছে তা অজ্ঞাত।

VIII. প্রধান সত্য

- ক. এটি আদি পুস্তকে শুরু হওয়া ঐতিহাসিক বর্ণনার ধারাবাহিকতা। কিন্তু এটি অবশ্যই মনে রাখতে হবে যে এটি কোন “পশ্চিমা ইতিহাস” নয় বরং নিকট প্রাচ্যের একটি ধর্মতাত্ত্বিক ইতিহাস। ঘটনাসমূহ সম্পূর্ণ ভাবে কালানুক্রম অনুসারে লিপিবদ্ধ হয়নি বরং নির্বাচিত অংশ প্রকাশ করেছে ঈশ্বর এবং ইস্রায়েলীয়দের চরিত্র।
- খ. এটি দেখিয়েছে ঈশ্বরের চরিত্র:
১. মেঘে তাঁর উপস্থিতি দেখা গেছে:
 - ক. সমাগম তাম্বুর “মহা পবিত্র স্থানের” উপরে মেঘ অবস্থিতি করতো, ৯:১৫। ঈশ্বর এটি এবং এর প্রক্রিয়া গ্রহণ করেছিলেন ঈশ্বর মানুষের মিলিত হবার জন্য একটি উপায় ও স্থান হিসাবে!
 - খ. মেঘ লোকদের পরিচালনা দিত, ৯:১৭-২৩। ঈশ্বর তাদের সঙ্গে ছিলেন, এবং তাঁর উপস্থিতি দিয়ে তাদের পরিচালনা দিতেন।
 - গ. মেঘ ঈশ্বরের উপস্থিতির প্রতিরূপ হয়ে মোশির কাছে নিজেকে প্রকাশ করতেন, ১১:১৭, ২৫; ১৬:৪২-৪৩।
 - ঘ. মেঘ ঈশ্বরের বিচার ও প্রকাশে তাঁর উপস্থিতির প্রতিক হয়ে দাঁড়িয়েছিল, ১২:১-৮; ১৪:১০।
 - ঙ. মেঘ ঈশ্বরের উপস্থিতির দৃশ্যমান প্রতিক ছিল কেবলমাত্র ইস্রায়েলের কাছে নয় বরং আশে পাশের জাতিদের কাছেও, ১৪:১৪; ২৩:২১।
 - চ. ঈশ্বরের উপস্থিতির প্রতিকরূপ হয়েছিল মেঘে যাত্রা পুস্তকে এবং প্রান্তরে ভ্রমণের সময়কালে, এর বন্ধ হয়ে গেছিল যখন ইস্রায়েলীয়রা প্রতিজ্ঞাত দেশে প্রবেশ করেছিল কিন্তু তারপরেও ঈশ্বর প্রতিকভাবে তাদের সাথে ছিলেন সিন্দুকে, ৩৫:৩৪।
 ২. তাঁর দয়া ও অনুগ্রহ ছিল:
 - ক. তাদের সাথে তাঁর অবিরত উপস্থিতি ছিল তাদের অসন্তোষের মধ্যে এবং তাঁর নেতাদের প্রত্যাখ্যানে, ১১:১; ১৪:২, ২৭, ২৯, ৩৬; ১৬:১১, ৪২; ১৭:৫; ২০:২; ২১:৫।
 - খ. প্রান্তরে তাদের জন্য তাঁর যোগান ছিল:
 - (১) জল
 - (২) খাবার
 - ক) মান্না (সাব্বাথ ছাড়া প্রতিদিন)
 - খ) কোয়েল পাখী (দু’বার)
 - গ) পোষাক যা ছিড়ে যায়নি
 - ঘ) মেঘ
 - ১) ছায়া
 - ২) আলো
 - ৩) পথ প্রদর্শন
 - ৪) প্রত্যাদেশ
 - গ. তাঁর মোশির মধ্যস্থতা শ্রবণ:
 - (১) ১১:২
 - (২) ১২:১৩
 - (৩) ১৪:১৩-২০
 - (৪) ১৬:২০-২৪
 - (৫) ২১:৭
 ৩. তাঁর ন্যায় বিচার (পবিত্রতা) ছিল:
 - ক. ইস্রায়েলীয়দের ৩৮ বছরের শাস্তি প্রান্তরে ভ্রমণের সময়কাল (১৪)।
 - খ. মোশির শাস্তি ছিল সে প্রতিজ্ঞাত দেশে প্রবেশ করতে পারবে না (২০:১-১৩; ২৭:১৪; দ্বি বি ৩:২৩-২৯)।
 - গ. কোরহ এবং রূবেনের নেতার মৃত্যু, (১৬:১-৪০)।
 - ঘ. লোকদের মধ্যে মহামারী মোশি ও হারোনের নেতৃত্ব অস্বীকার করাত, (১৬:৪১-৫০)।
 - ঙ. শিটিমে ব্যভিচার ঈশ্বর দ্বারা বিচারিত হয়েছিল লেবীয়দের হাতে দোষীদের মৃত্যু (২৫)।
 - গ. সিনাই পর্বতে যেহেতু ইস্রায়েলীয়রা নিয়মের চুক্তিতে আবদ্ধ হয়, সেহেতু তারা *YHWH* এর নির্ভর রাখবে এবং কেন্দ্রীয় বিষয় হিসাবে তাঁর বাক্য কঠিন ভাবে পালন করবে।

IX. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এবং ব্যক্তির সংক্ষিপ্ত ব্যাখ্যা

- ক. টার্ম এবং শব্দগুচ্ছ
১. সমাগম তাম্বুর, ১:১ (NASB এবং NIV)
 ২. মুক্তিপণ, ৩:৪৬ (NIV, উদ্ধার)
 ৩. নাসরিয়, ৬:২ (NASB এবং NIV)
 ৪. বিদেশি প্রবাসী, ৯:১৪ (NIV, বিদেশি)
 ৫. মেঘ, ৯:১৫ (NASB এবং NIV)

৬. বিশৃংখল লোক যারা তাদের মধ্যে আছে,” ১১:৪ (NASB এবং NIV)
৭. “তাদের কাপড় ছিড়ল,” ১৪:৬ (NASB এবং NIV)
৮. কাপড়ে ঝালর, ১৫:৩৮ (NASB এবং NIV)
৯. *Sheol*, ১৬:৩০ (NIV, কবর)
১০. লাল বাছুর, ১৯:২ (NASB এবং NIV)
১১. জ্বলন্ত সর্প, ২১:৬ (NIV, বিষাক্ত সাপ)
১২. আশ্রয় নগর, ৩৫:৬ (NASB এবং NIV)
১৩. রক্তের প্রতিশোধদাতা, ৩৫:১৯,২১ (NASB এবং NIV)

খ. ব্যক্তির সংক্ষিপ্ত ব্যাখ্যা:

১. কৃশীয়া স্ত্রীলোক, ১২:১ (NIV, “তার কৃশীয়া স্ত্রী)
২. অনাক, ১৩:২৮,৩৩
৩. যিবুযীয়, ১৩:২৯
৪. কোরহ, ১৬:১ (NIV, “কোরহ”)
৫. বালাম, ২২:৫
৬. বাল, ২২:৪১

X. মানচিত্রে অবস্থান (সংখ্যা দ্বারা)



১. ইসকোল উপত্যকা, ১৩:২৩ (হিব্রোনের উত্তরে)
২. রাজ পথ, ২০:১৭
৩. পিসগা পর্বত, ২১:২০
৪. অর্নোন নদী, ২১:২৪
৫. যব্বোক নদী, ২১:২৪
৬. অশূর, ২৪:২২
৭. শিটিম, ২৫:১
৮. কিন্নেরৎ সাগর, ৩৪:১১ (NIV, “কিন্নেরথ সাগর”)

XI. শিক্ষার্থীদের সম্ভষ্টির প্রশ্নাবলী

১. অন্যান্য গোষ্ঠীদের সাথে লেবীয়দের কেন গণনা করা হয় নি, ১:৪৯?
২. কিভাবে লেবীয়রা প্রথমজাতদের সাথে সম্পর্কিত. ৩:১২-১৩?
৩. ব্যভিচারের পরীক্ষা বর্ণনা করুন, ৫:১৬ থেকে কয়েকটি পদ।
৪. নাসরিয় শপথের জন্য আবশ্যকীয় বিষয়ের তালিকা করুন, ৬:১ থেকে কয়েকটি পদ।
৫. কিভাবে আপনি ৪:৩ পদের সাথে ৮:২৪ পদ ব্যাখ্যা করবেন?
৬. মোশি কি লিখতেন ১২:৩?
৭. কেন ৪০ বছর প্রান্তরে ভ্রমণকাল স্থির করেছিলেন?
৮. পাপ এবং উৎসর্গের সম্পর্কের সাথে “অনিচ্ছাকৃত” টার্মের অর্থ কি যেটি পাওয়া যায় ১৫ অধ্যায়ে?


৯. ২০ অধ্যায়ে মোশির পাপ কি ছিল? এর ফল কি হয়েছিল?

১০. বালামের গাধা কি সত্যিই কথা বলেছিল? ২২:২৮ পদ। বালাম কি পরামর্শ দিয়েছিল যে বালাক ইস্রায়েলকে পরাজিত করবে?



**ප්‍රාචීන
ලිකිට් ප්‍රාභ්‍ය**

প্যালেস্টাইন



০ ১০ ২০ ৩০ ৪০
মাইল মাপনি

দ্বিতীয় বিবরণের ভূমিকা

(INTRODUCTION TO DEUTERONOMY)

I. তাৎপর্য

- ক. এটি হল পুরাতন নিয়মের চারটি বইয়ের একটি যেটি সবচেয়ে বেশি নূতন নিয়মে উদ্ধৃত করা হয়েছে (আদি পুস্তক, দ্বিতীয় বিবরণ, গীতা সংহিতা, এবং যিশাইয়)। দ্বিতীয় বিবরণ ৮৩ বার উদ্ধৃত করা হয়েছে।
- খ. পুরাতন নিয়মে এটি অবশ্যই যীশুর একটি প্রিয় পুস্তক ছিল:
১. প্রান্তরে শয়তান যখন তাঁকে পরীক্ষা করছিল তখন তিনি বারবার এই পুস্তক থেকে উদ্ধৃতি দিচ্ছিলেন (মথি ৪:১-১৬; লুক ৪:১-১৩)।
 ২. এটি সম্ভবত ছিল পর্বতে দত্ত উপদেশের রূপরেখা, মথি ৫-৭ অধ্যায়।
 ৩. যীশু দ্বিতীয় বিবরণ ৬:৫ পদ উদ্ধৃত করেছেন সবচেয়ে বড় আদেশ বলে, মথি ২২:৩৪-৪০; মার্ক ১২:২৮-৩৪; লুক ১০:২৫-২৮।
 ৪. প্রায়ই যীশু পুরাতন নিয়মের এই অংশ উদ্ধৃত করেছেন (আদি - দ্বিতীয় বিবরণ) কারণ তাঁর সময়ের যিহূদীরা একে ক্যাননের সবচেয়ে কর্তৃত্ব পূর্ণ বলে বিবেচনা করতো।
- গ. একটি নূতন পরিস্থিতিতে ঈশ্বরের দ্বারা পূর্বের প্রত্যাদেশের শাস্ত্রীয় পুনঃব্যাখ্যার এটি আমাদের প্রধান উদাহরণ। একটি উদাহরণ হতে পারে সামান্য পার্থক্য যুক্ত যাত্রা ২০ অধ্যায়ের দশ আঙা বনাম দ্বিতীয় বিবরণ পাঁচ অধ্যায়ের মধ্যে। যাত্রা ২০ অধ্যায় ছিল যখন ইস্রায়েলীয়রা প্রান্তরে ভ্রমণ করছিল সে সময়ের আর দ্বিতীয় বিবরণ ৫ অধ্যায় ছিল যখন লোকেরা কনানে বসতি স্থাপনের প্রস্তুতি নিচ্ছিল সে সময়ের।
- ঘ. দ্বিতীয় বিবরণ, এর নিজের বিবৃতি হল, মোশির দ্বারা দত্ত ধারাবাহিক বার্তা:
১. ইস্রায়েলের প্রতি ঈশ্বরের বিশ্বস্ততার কাজ আগাগোড়া বর্ণনা করা;
 ২. সিনাই পর্বতে দত্ত ব্যবস্থার উপরে পুনরায় গুরুত্ব দান;
 ৩. কনানে ভূমি ও কৃষি বিষয়ক জীবনের এর প্রয়োগের জন্য পুনঃব্যাখ্যা;
 ৪. প্রতিজ্ঞাত দেশে নিয়মের নবায়ন উৎসবের জন্য প্রস্তুতি (যিহোশূয়);
 ৫. মোশির মৃত্যু এবং যিহোশূয়ের প্রতি ক্ষমতা হস্তান্তরের নথিপত্র
- ঙ. এছাড়াও দ্বিতীয় বিবরণ আজকে এর সাহিত্য কাঠামোর জন্য ধর্মতাত্ত্বিকদের মধ্যে বিতর্কের কেন্দ্র। আধুনিক পণ্ডিতেরা বিভক্ত এর পেন্টাটুক বিষয়ক সংকলনের তত্ত্বের উপরে।

II. পুস্তকটির নাম

- ক. হিব্রুতে বইটির শিরোনাম পেন্টাটুকে হল প্রথম দশটি শব্দের একটি, সাধারণত তাদের প্রথম শব্দ:
১. আদি পুস্তক, “আদিত”
 ২. যাত্রা পুস্তক, “এবং তাহদের নাম এই এই”
 ৩. লেবীয় পুস্তক, “আর তিনি ডাকলেন”
 ৪. গণনা পুস্তক, “প্রান্তরে”
 ৫. দ্বিতীয় বিবরণ পুস্তক, “এবং এই সকল কথা”
- খ. তালমুদে (Mishnah Hattorah on 17:18) একে বলে “ব্যবস্থার পুনরাবৃত্তি।”
- গ. পুরাতন নিয়মের গ্রীক অনুবাদে, যাকে বলা হয়ে থাকে সপ্টুয়াজিন্ট (LXX) লিখিত হয়েছে খ্রীষ্ট পূর্ব ২৫০ অব্দের দিকে, একে বলা হয়েছে “দ্বিতীয় ব্যবস্থা” কারণ এর ১৭:১৮ পদের ভুল অনুবাদ।
- ঘ. আমরা আমাদের ইংরাজী শিরোনাম পেয়েছি Jerome এর ল্যাটিন Vulgate থেকে যেখানে একে বলা হয়েছে “দ্বিতীয় ব্যবস্থা” (Deutro-nomian)।

III. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত - এটি হল তোরার শেষ বই যেটি গঠন করেছে হিব্রু ক্যাননের তিনটি ভাগের প্রথমটি

- ক. তোরা বা ব্যবস্থা -- আদি পুস্তক-দ্বিতীয় বিবরণ
- খ. ভাববাদী:

১. পূর্বকার ভাববাদী -- যিহোশূয়-রাজাবলী (রক্ত বাদে)
২. পরবর্তী ভাববাদী--যিশাইয়-মালাখী (দানিয়েল এবং বিলাপ বাদে)

গ. লেখনীসমূহ:

১. Megelloth (৫টি গুটানো পুস্তক):
 - ক. পরমগীত
 - খ. উপদেশক
 - গ. রক্ত
 - ঘ. বিলাপ
 - ঙ. ইস্টের
২. দানিয়েল
৩. প্রজ্ঞা সাহিত্য:
 - ক. ইয়োব
 - খ. গীতসংহিতা
 - গ. হিতোপদেশ
৪. ১ ও ২ বংশাবলী

IV. সাহিত্য রীতি

- ক. দ্বিতীয় বিবরণ হল একটি ধারাবাহিক বার্তা, সাথে সাধারণ পরিচিতি ও মোশির মৃত্যুর সমাপনি বর্ণনা, যেটি জর্দন নদীর পূর্ব পাড়ে বসে প্রতিজ্ঞাত দেশে ইস্রায়েলের প্রবেশের পূর্বে মোশি দিয়েছিলেন।
- খ. এই বইটিতে আরও আছে মোশির প্রাচীন গান/গীতসংহিতা, ৩১:৩০-৩২:৪৩ পদ।
- গ. আদি ৪৯ অধ্যায়ের মত, দ্বিতীয় বিবরণ ৩৩ অধ্যায় হল যাকোবের সন্তানদের জন্য ভাববাণী।
- ঘ. এই বইটিতে আরও রয়েছে মোশির মৃত্যুর বিবরণ, ৩৪ অধ্যায়।

V. পুস্তকের রচয়িতা

ক. যিহুদী ঐতিহ্য:

১. সর্বসম্মতিতে গৃহিত প্রাচীন ঐতিহ্য হল যে লেখক ছিলেন মোশি।
২. এটি বলা হয়েছে:
 - ক. তালমুদ- Baba Bathra 14b
 - খ. Mishnah
 - গ. Ben Sira এর উপদেশকের ২৪:২৩ (প্রায় ১৮৫ খ্রীষ্ট পূর্বে লিখিত)
 - ঘ. আলেকজান্দ্রিয়ার ফিলো
 - ঙ. Flavius Josephus
৩. শাস্ত্র নিজে:
 - ক. বিচার ৩:৪ এবং যিহোশূ ৮:৩১
 - খ. “মোশি বলেছেন”:
 - (১) দ্বিতীয় বিবরণ ১:১,৩
 - (২) দ্বিতীয় বিবরণ ৫:১
 - (৩) দ্বিতীয় বিবরণ ২৭:১
 - (৪) দ্বিতীয় বিবরণ ২৯:২
 - (৫) দ্বিতীয় বিবরণ ৩১:১,৩০
 - (৬) দ্বিতীয় বিবরণ ৩২:৪৪
 - (৭) দ্বিতীয় বিবরণ ৩৩:১
 - গ. “YHWH মোশিকে বললেন”:
 - (১) দ্বিতীয় বিবরণ ৫:৪-৫,২২
 - (২) দ্বিতীয় বিবরণ ৬:১

- (৩) দ্বিতীয় বিবরণ ১০:১
- ঘ. “মোশি লিখেছেন”:
- (১) দ্বিতীয় বিবরণ ৩১:৯.২২.২৪
- (২) যাত্রা ১৭:১৪
- (৩) যাত্রা ২৪:৪,১২
- (৪) যাত্রা ৩৪:২৭-২৮
- (৫) গণনা ৩৩:২
- ঙ. যীশু দ্বিতীয় বিবরণ থেকে উদ্ধৃতি দিয়েছেন বা পরোক্ষ ভাবে উল্লেখ করেছেন এবং বলেছেন “মোশি বলেছেন/মোশি লিখেছেন”:
- (১) মথি ১৯:৭-৯; মার্ক ১০:৪-৫ – দ্বিতীয় বিবরণ ২৪:১-৪
- (২) মার্ক ৭:১০ – দ্বিতীয় বিবরণ ৫:১৬
- (৩) লূক ১৬:৩১; ২৪:২৭, ৪৪; যোহন ৫:৪৬-৪৭; ৭:১৯, ২৩
- চ. পৌল লেখক হিসাবে মোশির উপরে জোর দিয়েছেন:
- (১) রোমীয় ১০:১৯ – দ্বিতীয় বিবরণ ৩২:২১
- (২) ১ করি ৯:৯ – দ্বিতীয় বিবরণ ২৫:৪
- (৩) গালাতীয় ৩:১০ – দ্বিতীয় বিবরণ ২৭:২৬
- (৪) প্রেরিত ২৬:২২; ২৮:২৩
- ছ. পিতর তার প্রৈরিতিক বক্তৃতায় জোর দিয়ে লেখক হিসাবে মোশির কথা বলেছেন – প্রেরিত ৩:২২
- জ. ইব্রীয় পুস্তকের লেখক মোশিকে লেখক হিসাবে বলেছেন – ইব্রীয় ১০:২৮; দি বি ১৭:২-৬
- খ. আধুনিক পণ্ডিতগণ
১. ১৮ ও ১৯ শতকের অনেক ধর্মতত্ত্ববিদ, Graf-Wellhausen এর বহু লেখকের তত্ত্ব (J.E.D.P.) অনুসরণ করেছেন, জোর দিয়ে বলেছেন যে দ্বিতীয় বিবরণ লেখা হয়েছে যিহূদায় বেশিয়ার রাজত্ব কালে তার আত্মিক সংস্কারকে সমর্থন দিতে যাজক/ভাববাদীদের দ্বারা। এর অর্থ হতে পারে যে বইটি খ্রীষ্ট পূর্ব ৬২১ অব্দের দিকে মোশির নামে লেখা হয়েছে।
২. তারা এর ভিত্তি করেছেন:
- ক. ২ রাজাবলী ২২:৮; ২ বংশাবলী ৩৪:১৪-১৫ পদ। “আমি সদাপ্রভুর গৃহে ব্যবস্থার বইখানি পাইলাম।
- খ. ১২ অধ্যায় আলোচনা করেছে সমাগম তাম্বু ও পরবর্তীতে মন্দিরের জন্য একটি স্থান;
- গ. ১৭ অধ্যায় আলোচনা করেছেন পরবর্তী রাজার;
- ঘ. এটা সত্য যে প্রাচীন নিকট প্রাচ্যে এবং যিহূদী পরিমন্ডলে অতীতের কোন বিখ্যাত ব্যক্তির নামে বই লেখা খুব সাধারণ বিষয় ছিল;
- ঙ. পদ্ধতিতে, ভাষার ব্যবহারে এবং ব্যাকরণে দ্বিতীয় বিবরণ ও যিহোশূয়, রাজাবলী এবং যিরমিয়ের মধ্যে সাদৃশ্য রয়েছে;
- চ. দ্বিতীয় বিবরণ মোশির মৃত্যুর বিবরণ লিপিবদ্ধ করেছে, ৩৪ অধ্যায়ে;
- ছ. পেন্‌টাটিকে সুস্পষ্টভাবে পরবর্তীতে সম্পাদিত সংকলন হয়েছে:
- (১) দ্বিতীয় বিবরণ ৩:১৪
- (২) দ্বিতীয় বিবরণ ৩৪:৬
- জ. কখনও কখনও অপ্রত্যাশিত পার্থক্য দেখা যায় ইশ্বরের নাম ব্যবহারে: El, El Shaddai, Elohim, YHWH, দৃশ্যত একই রকম প্রেক্ষাপটে ও ঐতিহাসিক সময়কালে।

VI. তারিখ

- ক. যদি মোশির দ্বারা লিখিত হয়, দুটি সম্ভাবনা রয়েছে মিশর থেকে মহা প্রস্থানের সময় ও স্থিতিকালের সাথে সম্পর্কিত:
৩. যদি ১ রাজাবলী ৬:১ পদের অর্থ আক্ষরিক ভাবে নেওয়া হয় পদকে তাহলে প্রায় ১৪৪৫ খ্রীষ্ট পূর্ব (Thutmose III এবং Amenhotep II এর ১৮তম রাজবংশ)
- ক. LXX তে আছে ৪৮০ বছরের পরিবর্তে ৪৪০ বছর।
- খ. সংখ্যাটি প্রতিফলিত করতে পারে প্রজন্ম কিন্তু বৎসর নয় (প্রতিকিভাবে)।
৪. ১২৯০ খ্রীষ্ট পূর্বের প্রত্নতাত্ত্বিক প্রমাণ যাত্রা পুস্তকের জন্য (১৯তম মিশরীয় রাজবংশ):
- ক. Seti I (১৩৯০-১২৯০) মিশরের রাজধানী Thebes থেকে অববাহিকা অঞ্চল- Zoan/Tanis এ স্থানান্তর করেছিলেন।
- খ. Rameses II (১২৯০-১২২৪):
- (১) ইব্রীয় ক্রীতদাসদের দ্বারা নির্মিত তার নাম বহনকারী একটি নগর, আদি ৪৭:১১; যাত্রা ১:১১;
- (২) তার ৪৭টি কন্যা ছিল;
- (৩) তিনি তার বড় পুত্রের দ্বারা সাফল্য লাভ করেন নাই।
- গ. প্যালেস্টাইনের সকল দেওয়াল ঘেরা নগরী ধংস হয়েছিল এবং অতিক্রান্ত পুনর্নির্মিত হয়েছিল প্রায় ১২৫০ খ্রীষ্ট পূর্বের দিকে।

- খ. আধুনিক পণ্ডিতদের একের অধিক লেখকের তত্ত্ব:

১. J (YHWH) ৯৫০ খ্রীষ্ট পূর্ব

২. E (Elohim) ৮৫০ খ্রীষ্ট পূর্ব
৩. JE (combination) ৭৫০ খ্রীষ্ট পূর্ব
৪. D (Deuteronomy) ৬২১ খ্রীষ্ট পূর্ব
৫. P (Priests) ৪০০ খ্রীষ্ট পূর্ব

VII. সমর্থিত উৎসসমূহের ঐতিহাসিক অবস্থান

- ক. খ্রীষ্ট পূর্ব ২য় সহস্রাব্দের Hittite রচনাবলী আমাদেরকে দিয়েছে দ্বিতীয় বিবরণের কাঠামোর প্রাচীন, ঐতিহাসিক সমকালীন সমান্তরাল সেই সাথে যাত্রা-লেবীয়, এবং যিহোশূয় (২৪)। এই রচনাবলীর নমুনা খ্রীষ্ট পূর্ব ১ম সহস্রাব্দে পরিবর্তিত হয়েছে। এটি আমাদের দ্বিতীয় বিবরণের ঐতিহাসিকতার বিষয়ে প্রমাণ দিয়েছে। এই ক্ষেত্রে আরও অধ্যয়নের জন্য, দেখুন G.E. Mendenhall's *Law and Covenants in Israel and the Ancient Near East*।
- খ. Hittite নমুনা এবং এর দ্বিতীয় বিবরণের সমান্তরাল:
 ১. ভূমিকা (দি বি ১:১-৫, বক্তার পরিচিতি, YHWH)
 ২. রাজার অতীতের কার্যাবলীর পুনরালোচনা (দি বি ১:৬-৪:৪৯ পদ ইস্রায়েলীয়দের জন্য ঈশ্বরের অতীতের কাজ)
 ৩. চুক্তির শর্তাবলী (দি বি ৫:২৬):
 - ক. সাধারণ (দি বি ৫-১১)
 - খ. সুনির্দিষ্ট (দি বি ১২-২৬)
 ৪. চুক্তির ফলাফল (দি বি ২৭-২৯)
 - ক. উপকার (দি বি ২৮)
 - খ. ফলাফল (দি বি ২৭)
 ৫. ঈশ্বরের সাক্ষ্য (দি বি ৩০:১৯; ৩১:১৯, এছাড়াও ৩২, মোশির গান সাক্ষ্যের মত কাজ করেছে):
 - ক. ঈশ্বরের মন্দিরের অনুকরণ;
 - খ. আনুগত্যের পত্রের অনুলিপি বাৎসরিক পাঠ;
 - গ. পরবর্তীকালের অশুরিয় এবং সিরিয় চুক্তি থেকে Hittite এর চুক্তির অনন্যতা ছিল:
 - (১) রাজার অতীতের কাজের ঐতিহাসিক পুনরালোচনা;
 - (২) অভিষেকের অংশ কত উচ্চারিত ছিল।

VIII. সাহিত্য একক (প্রসঙ্গ)

- ক. বইয়ের পরিচিতি, ১:১-৫
- খ. প্রথম বক্তৃতা, ১:৬-৪:৪৩ (আজকের জন্য YHWH এর অতীতের কার্যাবলী):
- গ. দ্বিতীয় বক্তৃতা, ৪:৪৪-২৬:১৯ (আজকে এবং সকল সময়ের জন্য YHWH এর ব্যবস্থা):
 ১. সাধারণ - দশ আজ্ঞা (৫-১১)
 ২. সুনির্দিষ্ট উদাহরণ এবং প্রয়োগসমূহ (১২-২৬)
- ঘ. তৃতীয় বক্তৃতা, ২৭-৩০ (ভবিষ্যতের জন্য YHWH এর ব্যবস্থা ২৭-২৯):
 ১. অভিষাপ (২৭)
 ২. আশীর্বাদ (২৮)
 ৩. চুক্তির বা নিয়মের নবায়ন (২৯-৩০)
- ঙ. মোশির শেষ কথা, ৩১-৩৩:
 ১. “বিদায়ী” বক্তৃতা, ৩১:১-২৯
 ২. মোশির গান, ৩১:৩০-৩২:৫২
 ৩. মোশির আশীর্বাদ, ৩৩:১-২৯
- চ. মোশির মৃত্যু, ৩৪

IX. প্রধান সত্য

- ক. প্রতিজ্ঞাত দেশে প্রবেশের পূর্বে চূড়ান্ত প্রস্তুতি। ঈশ্বরের অব্রাহামের সাথে চুক্তি (আদি ১২:১-৩) একটি প্রতিজ্ঞাত দেশ এবং একজন বংশধর। পুরাতন নিয়মের লক্ষ্য দেশের প্রতি।
- খ. মোশি লোকদের প্রস্তুত করছেন স্থায়ী কৃষিভিত্তিক জীবনের জন্য বনার একটি যাযাবরের জীবন থেকে। তিনি সিনাই চুক্তি প্রতিজ্ঞাত দেশের জন্য গ্রহণ করছেন।
- গ. বইটি ঈশ্বরের অতীত, বর্তমান ও ভবিষ্যতের বিশ্বস্ততার উপরে গুরুত্বারোপ করেছে। চুক্তি, যদিও, শর্তসাপেক্ষ! ইস্রায়েলীয়দের অবশ্যই সাড়া প্রদান করতে হবে এবং অবিরত বিশ্বাস, মন পরিবর্তন ও বাধ্যতায় থাকতে হবে। যদি সে তা না করে তবে ২৭-২৯ অধ্যায়ের অভিশাপ তার উপরে বাস্তব হয়ে দেখা দেবে।

X. ব্যক্তি, টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এর সংক্ষিপ্ত ব্যাখ্যা

ক. টার্ম এবং শব্দগুচ্ছ:

১. “আমি স্বর্গ মর্ত্যকে সাক্ষি মেনে বলছি,” ৪:২৬ (NASB এবং NIV)
২. “পিতার অপরাধ সন্তানদের উপরে...,” ৫:৯ (NIV, “পিতাদের অপরাধের জন্য সন্তানদের শাস্তি দান করি তাদের তৃতীয় ও চতুর্থ পুরুষ পর্যন্ত”)
৩. “..কিন্তু সহস্র বছর পর্যন্ত দয়া করি...,” ৫:১০ (NIV, “কিন্তু তাদের সহস্র পুরুষ পর্যন্ত দয়া করি”)
৪. “শোনা,” (Shema) ৬:৪ (NASB এবং NIV)
৫. “তোমার কপালের মধ্যস্থানে,” (ছোট চামড়ার বাস্তব যিহুদীদের) ৬:৮ (NIV, “প্রতিক হিসাবে...”)
৬. “সেগুলি তোমার দরজার চৌকাঠে লিখে রাখবে,” (*mezuzah*) ৬:৯ (NIV, “দরজার ফ্রেম”)
৭. “নিষিদ্ধ কৃত” *herem*, ১৩:১৭ (NIV, “যেগুলি দোষযুক্ত জিনিস”)
৮. “স্বর্গীয় বাহিনী,” ১৭:৩ (NIV, “আকাশের তারাগণ”)
৯. “আগুনের মধ্যে দিয়ে গমন” ১৮:১০ (NIV, “উৎসর্গ”)
১০. মাধ্যম, ১৮:১১ (NASB এবং NIV)
১১. উদ্ধার, ২১:৮ (NASB এবং NIV)
১২. “প্রেমহীন,” ২১:১৫ (NIV, “অন্যদের জন্য নয়”)
১৩. “গাছে টাঙ্গান,” ২১:২৩ (NASB এবং NIV)
১৪. “একটি কুকুরের মজুরি,” ২৩:১৮ (NIV, “আয় করা...পুরুষ বেশ্যা”)
১৫. “তালাক পত্র,” ২৪:১ (NASB এবং NIV)
১৬. “নিজেকে তেল দ্বারা অভিষেক,” ২৮:৪০ (NIV, তেলের ব্যবহার”)

খ. ব্যক্তির সংক্ষিপ্ত ব্যাখ্যা:

১. অনাকীম, ১:২৮ (NIV, “অনাকীয়”)
২. রিফয়ীম, ৩:১১ (NIV, “রাফায়ীরা”)
৩. হিন্তিয়, ৭:১
৪. আসেরিম, ৭:৫ (NIV, “আসেরা খুটি”)
৫. ভাববাদী, ১৮:১৫-২২
৬. যিশুরূপ, ৩২:১৫; ৩৩:৫,২৬


XI. মানচিত্রে অবস্থান (সংখ্যা দ্বারা)

১. হোরের পর্বত, ১:২,৬,১৯; ৪:১০,১৫
২. সেয়ির পর্বত, ১:২,৪৪; ২:১,৪,৫,৮,১২,২২ (একটি পর্বতশ্রেণী)
৩. কাদেশ বর্ণেয়, ১:৪৬; ৩২:৫১ (NIV, “কাদেশ”)
৪. বাসন, ১:৪; ৩:১,৩,৪,১০,১১,১৩; ৪:৪৩,৪৭
৫. এলাথ, ২:৮ (আয়ন-গেবার)
৬. হার্মোণ পর্বত, ৩:৮,৯; ৪:৪৮
৭. এবল পর্বত, ১১:২৯; ২৭:৪,১৩

৮. গরিষীম পর্বত, ১১:২৯; ২৭:১২
৯. হোর পর্বত, ৩২:৫০ (যাবেল হারুন)


XII. শিক্ষার্থীদের সম্ভষ্টির প্রশ্নাবলী

১. কিভাবে যাত্রা পুস্তক এবং গণনা পুস্তক থেকে দ্বিতীয় বিবরণ পৃথক (সাহিত্য রীতি)?
২. কেন মোশি যাত্রার পুস্তকের ইতিহাস পুনরাবৃত্তি করেছেন?
৩. আপনার সম্ভানকে শিক্ষা দেবার জন্য কেন এত রেফারেন্স (৪:৯; ৬:৭, ২০-২৫; ১১:১৯; ৩২:৪৬)?
৪. কিভাবে দ্বিতীয় বিবরণ ৫ অধ্যায়ের আঙার বিবরণ যাত্রা পুস্তকের ২০ অধ্যায়ের থেকে আলাদা?
৫. কেন তারা বলেছে যে তাদের পবিত্র সম্ভসমূহ ধূলিসাৎ করতে এবং তাদের আশেরা মূর্তি ভেঙ্গে ফেলতে (৭:৫)?
৬. কিভাবে ১০:১২-২১ পদ দ্বিতীয় বিবরণকে বৈশিষ্ট্যময় করে?
৭. সমগ্র পুরাতন নিয়ম ব্যাখ্যায় কেন ২৭-২৯ অধ্যায় এত গুরুত্বপূর্ণ?
৮. কে মোশির মৃত্যুর বিবরণ লিপিবদ্ধ করেছে (৩৪)?



**ප්‍රාචීන
ලිකිට් ප්‍රාභ්‍ය**

প্যালেস্টাইন



০ ১০ ২০ ৩০ ৪০
মাইল মাপনি

যিহোশূয় পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO JOSHUA)

I. পুস্তকটির নাম

- ক. বইটির নাম এসেছে মোশির উত্তরসূরী এবং এই বইয়ের প্রধান চরিত্রের নাম থেকে।
- খ. তার নামটি দুটি হিব্রু টার্মের সমন্বয়ে গঠিত:
১. YHWH (J plus a vowel)
 ২. পরিত্রাণ (Hoshea)
- গ. এটি একেবারে ঠিক সেই একই হিব্রু নাম যেমন যীশুর (মথি ১:২১)।

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

- ক. হিব্রু ক্যাননের প্রথম ভাগ যেটি পরিচিত “ভাববাদী” বলে তার প্রথম বই হল যিহোশূয়।
- খ. এই ভাগটি দুটি অংশে বিভক্ত:
১. আগেকার ভাববাদী যার মধ্যে অন্তর্ভুক্ত যিহোশূয়-রাজাবলী (রুত বাদে)
 ২. পরবর্তী ভাববাদী যার মধ্যে অন্তর্ভুক্ত যিশাইয়-মালাখী (দানিয়েল ও বিলাপ বাদে)

III. সাহিত্য রীতি

- ক. এই ঐতিহাসিক বই আদি পুস্তকে আরম্ভ হওয়া ঈশ্বরের লোকদের ধারাবাহিক ইতিহাস। এটি কোন পশ্চিমা কালানুক্রমিক ইতিহাস নয়, কিন্তু একটি নির্বাচিত ধর্মতাত্ত্বিক ইতিহাস। এর মানে এই ইঙ্গিত নয় যে এটি সত্য বা সঠিক নয়, কিন্তু এর মানে হল যে লেখক নির্দিষ্ট কিছু বিষয় নির্বাচন করেছেন ঈশ্বর, মানুষ, পাপ, পরিত্রাণ, ইত্যাদি বিষয়ে ধর্মতাত্ত্বিক সত্য শিক্ষা দিতে। এই অর্থে সেগুলি নূতন নিয়মের সুসমাচার ও প্রেরিত পুস্তকের মত একই রকমের
- খ. যিহুদীদের ইতিহাস চক্রের মত ছিল না যেমন ছিল এর চারপাশের প্রতিবেশীদের যার ভিত্তি ছিল প্রকৃতির চক্রের উপরে, কিন্তু এটি ছিল “ধর্মতাত্ত্বিক।” এর একটি লক্ষ্য, একটি উদ্দেশ্য ছিল। ঈশ্বর একটি পূর্ব নির্ধারিত লক্ষ্যের দিকে এগিয়ে যাচ্ছিলেন, অর্থাৎ পতিত চগতের উদ্ধার (আদি ৩:১৫)।

IV. পুস্তকের রচয়িতা

- ক. ঐতিহ্যগত ভাবে এই বইয়ের লেখক যিহোশূয়:
১. তার নাম আসলে হোশেয়া (পরিত্রাণ), গণনা ১৩:৮।
 ২. মোশি তার নাম পরিবর্তন করে রেখেছিলেন যিহোশূয় (YHWH “হলেন” পরিত্রাণ), গণনা ১৩:১৬।
 ৩. কোন এক অজ্ঞাত কারণে তার নামটির বানান চারটি ভাবে করা হতো:
 - ক. *yeshoshu'a*, (প্রচলিত) যিহোশূয় ১:১
 - খ. *yehoshu'a*, দ্বি বি ৩:২১
 - গ. *hoshe'a*, দ্বি বি ৩২:৪৪
 - ঘ. *yeshu'a*, নহিমিয় ৮:১৭
- খ. Baba Bathra 14b বলেছে যে যিহোশূয় বইটি লিখেছেন কেবলমাত্র তার মৃত্যুর অংশ বাদে যে অংশটি লিখেছেন যাজক ইলিয়েষর, ২৪:২৯-৩০ পদ এবং তার পুত্র, পিনহস (গণনা ২৫:৭-১৩; ৩১:৬-৮; যিহোশূয় ২২:১০-৩৪), বইটি শেষ করেছেন ইলিয়েষরের মৃত্যু লিপিবদ্ধ করে, ২৪:৩১-৩৩ পদ।
- গ. মানুষ যিহোশূয়:
১. মিশরে ক্রীতদাসত্বের সময় জন্মেছিলেন
 ২. বারো জন গুপ্তচরের মধ্যে একজন; কেবল মাত্র তিনি ও কালেব বিশ্বাসের সংবাদ এনেছিলেন (গণনা ১৪:২৬-৩৪)

৩. সমগ্র যাত্রা পুস্তকের অভিজ্ঞতায় মোশির বিশ্বস্ত সহায়কারী। তিনিই ছিলেন একমাত্র ব্যক্তি যিনি মোশির সাথে সিনাই পর্বতে উঠেছিলেন (অর্ধ পথ – যাত্রা ১৩-১৪)।
৪. ইস্রায়েলীয় সৈন্যদের সেনাপতি (যাত্রা ১৭:৮-১৩)
৫. মোশির উত্তরসূরী হিসাবে কনান বিষয়ে পরিচালনা দিয়েছিলেন (দ্বি বি ৩১:২৩)

ঘ. যিহোশূয়ের লেখকত্বের কিছু প্রমাণ:

১. বইটি বলেছে যে যিহোশূয় লোকদের সাথে করা ঈশ্বরের নিয়ম লিপিবদ্ধ করেছেন, ২৪:২৬, সেজন্য আমরা জানি যে তিনি লিখতে পারতেন।
২. এটি স্পষ্টত চাক্ষুষ সাক্ষির বিষয়:
 - ক. “আমরা,” ৫:১ (MSS পার্থক্য)
 - খ. “যিহোশূয় তাদের ত্রুটি করেছেন,” ৫:৭-৮
 - গ. যিহোশূয়ের ব্যক্তিগত সাক্ষাৎ সদাপ্রভুর দূতের সাথে, ৫:১৩-১৫
 - ঘ. “সে (রাহব) আজ পর্যন্ত ইস্রায়েলের মধ্যে বাস করছে,” ৬:২৫ (এটি পরবর্তীকালের সম্পাদনা নয় কিন্তু সমকালীন চাক্ষুষ সাক্ষি)
৩. তিনি কিছু লিখিত উৎস ব্যবহার করেছেন:
 - ক. যাসের বই, ১০:১৩ (২ শমু ১:১৮)
 - খ. “একটি বইতে,” ১৮:৯
৪. প্রাচীন নগরসমূহের নামের সঠিক তালিকা যা সমকালীন লেখকের বিষয়ে খাপ খায় পরবর্তী সম্পাদনা নয়:
 - ক. যিরুশালেমকে যিবুয বলা, ১৫:৮; ১৮:১৬, ২৮
 - খ. হিব্রোনকে কিরিয়োৎ-অর্ব বলা, ১৪:১৫; ১৫:১৩, ৫৪; ২০:৭; ২১:১১
 - গ. কিরিয়োৎ-যিয়ারিমকে বলাহ বলা – ১৫:৯, ১০
 - ঘ. সিদোনকে উল্লেখ করা হয়েছে ফৈনিকিয়ার প্রধান নগর বলে, সোরকে নয়, ১১:৮; ১৯:২৮, যেটি পরবর্তী কালে প্রধান নগর হয়েছিল।
৫. যিহোশূয়, পেন্টাটকের মতই, কিছু সম্পাদিত সম্পাদনা রয়েছে:
 - ক. যিহোশূয়ের মৃত্যু
 - খ. পরবর্তীতে হিব্রোন বিজয়, ১৪:৬-১৫; ১৫:১৩-১৪
 - গ. পরবর্তীতে দেবির বিজয়, ১৫:১৫, ৪৯
 - ঘ. দানের উত্তর দিকে চলে যাওয়া, ১৯:৪৭
 - ঙ. শব্দগুচ্ছ “আজ পর্যন্ত” অনেকবার দেখা গেছে যেটি দেখায় পরবর্তী সংকলন, ৪:৯; ৫:৯; (৬:২৫); ৭:২৬ (দু’বার); ৮:২৮-২৯; ৯:২৭; ১০:২৭; ১৩:১৩; ১৪:১৪; ১৫:৬৩; ১৬:১০; ২২:৩

ঙ. আধুনিক পণ্ডিতগণ:

১. যিহোশূয় ও পেন্টাটকের মধ্যে উল্লেখ্য সাদৃশ্য:
 - ক. পদ্ধতি
 - খ. ভাষার ব্যবহার
২. J, E, D, P এর অনুমিত তথ্য দেখায় বইটি লেখা হয়েছে অনেকের দ্বারা দীর্ঘকাল ধরে:
 - ক. J উৎস লিখেছে ১-১২ অধ্যায়ের অংশ বিশেষ যেটি একক যুদ্ধের দিকে লক্ষ্য রেখেছে (খ্রীষ্ট পূর্ব ৯৫০-৮৫০)
 - খ. E উৎস লিখেছে ১-১২ অধ্যায়ের অংশ বিশেষ যেটি ঐক্যবদ্ধ অভিযানের দিকে লক্ষ্য রেখেছে (খ্রীষ্ট পূর্ব ৭৫০)।
 - গ. J এবং E এর সমন্বয় ঘটেছে প্রায় খ্রীষ্ট পূর্ব ৬৫০ অব্দের দিকে এতে বেশির ভাগ J বাদ দেওয়া হয়েছে
 - ঘ. বইটি পুনঃসম্পাদিত হয়েছে যিহোশূয়ের সময়ের যাজক/ভাববাদীদের দ্বারা যারা দ্বিতীয় বিবরণ লিখেছে। এই ব্যক্তি বা দলকে বলা হয় Deutonomist উৎস। এই উৎস আরও লিখেছে দ্বিতীয় বিবরণ ৬২১ খ্রীষ্ট পূর্বে যিহোশূয়ের সংস্কারের সমর্থনে যার লক্ষ্য ছিল যিরুশালেমই হল একমাত্র সত্য ঈশ্বরের উপাসনালয়।
 - ঙ. P উৎস ছিল একদল যাজক যারা খ্রীষ্ট পূর্ব ৪০০ অব্দের দিকে ১৩-২১ অধ্যায় লিখেছে।
 - চ. এছাড়াও আরও অনুমিত সংযুক্তি খ্রীষ্ট পূর্ব তৃতীয় শতকে করা হয়েছিল।
৩. লক্ষ্য করুন তত্ত্বের পূর্ব অনুমিত ধারণা! লক্ষ্য করুন যে এটি কিভাবে লেখনীকে এর ঐতিহাসিক প্রেক্ষাপট এবং লেখক থেকে কেটেছে। এটি হল আজকের আধুনিক প্রচেষ্টা আধুনিক সাহিত্য তত্ত্বের আলোকে প্রাচীন লেখনীকে বিশ্লেষণ করা। যদিও, এটি অবশ্যই বর্ণিত হয়েছে:
 - ক. যিহোশূয় পুস্তকের রচয়িতার নাম বর্ণিত হয়নি।
 - খ. যিহোশূয়ের মৃত্যু, মোশির মতই, এই বইতে লিখিত হয়েছে।
 - গ. পুরাতন নিয়মের বইগুলির কিছু চলমান সম্পাদনা ছিল।
 - ঘ. আমরা সজ্জিতকরণের প্রক্রিয়া গ্রহণ করি যা পুরাতন নিয়মকে অনুপ্রাণিত হিসাবে তৈরী করেছে।
 - ঙ. Hexateuch এর বিরুদ্ধে প্রমাণ। (আদি-যিহোশূয়):
 - (১) যিহুদী ঐতিহ্যে স্পষ্ট স্বাভাবিকতা রয়েছে মোশির পাঁচটি বই (পেন্টাটক) এবং যিহোশূয়ের মধ্যে যেটি শুরু হয়েছে হিব্রু ক্যাননের “ভাববাদী” অংশে:

- ক) উপদেশকের লেখক Ben Sira, লিখিত হয়েছে খ্রীষ্ট পূর্ব ১৮৫ অব্দের দিকে, পার্থক্য সৃষ্টি করেছে, ৪৮:২২-৪৫:১২।
- খ) Falvius Josephus তার বই *Contra Apioness* ১:৭ থেকে কয়েকটি পদ পার্থক্য সৃষ্টি করেছে।
- গ) পেণ্টাটুকের Masoretic Text (MT) এর শেষ অনুলিপিকারকদের নোট পার্থক্য সৃষ্টি করেছে।
- ঘ) সমাজগৃহে সাপ্তাহিক বাইবেল পাঠ যাকে বলা হতো *Haphtaroth* পার্থক্য সৃষ্টি করেছে।
- ঙ) শমরিয়রা পেণ্টাটুকে শাস্ত্র হিসাবে গ্রহণ করেছিল কিন্তু যিহোশূয়ের বইকে নয়।
- (২) অভ্যন্তরীণ প্রমাণ (Young, p 158):
- ক) যিহোশূয় পুস্তকে pronoun এর বিশেষ ব্যবহার রয়েছে যা পেণ্টাটুকে নেই।
- খ) যিরিহো নগরের নামের বানান করা হয়েছে ভিন্ন ভাবে।
- গ) ঈশ্বরের জন্য উপাধি, “ইশ্রায়েলের ঈশ্বর,” যিহোশূয়ে ১৪ বার দেখা যায় কিন্তু পেণ্টাটুকে কখনই নয়।
- চ. আমাদের অবশ্যই স্বীকার করতে হবে যে পুরাতন নিয়মের এই বইগুলির বর্তমান অবস্থায় সজ্জিতকরণের পিছনে অনেক কিছু রয়েছে যা আমরা জানি না।

V. তারিখ

- ক. এই বইটি প্রতিজ্ঞাত দেশ বিজয় সম্বন্ধে আলোচনা করেছে। যেহেতু আমরা মহা প্রস্থানের ও প্রান্তরের তারিখ সম্বন্ধে অনিশ্চিত, সে হিসাবে আমরা বিজয়ের তারিখ সম্বন্ধেও অনিশ্চিত:
১. ১৪৪৫ - ৪০ --- প্রায় ১৪০০ খ্রীষ্ট পূর্ব (১ রাজা ৬:১)
 ২. ১২২৯ - ৪০ --- প্রায় ১২৫০ খ্রীষ্ট পূর্ব (প্রত্নতত্ত্ব)
- খ. যিহোশূয় লিখিত হয়েছে বা সম্পাদিত হয়েছে বিচারকর্তকগণের সময়কালে; কিছু নগর তাদের নাম পরিবর্তন করেছে ইস্রায়েলীয় বিজয়ের পরে। একটি উদাহরণ হল কণানীয় নগর যেফাত, যেটি পরে পরিবর্তিত হয়ে হয়েছে হর্মা, বিচার ১:১৬-১৭ পদ। যদিও, পরবর্তি নামটি পাঠ আমাদের ফিরিয়ে নেয় যিহোশূয় ১২:১৪; ১৫:৩০; ১৯:৪ পদ।
- গ. R. K. Harrison ধারণা করেন যে এটি লিখিত হয়েছে শমুয়েলের দ্বারা দায়ূদের রাজত্বের সময়ে এবং এই শমুয়েল হতে পারেন শিলোর ঐতিহ্যের উৎস (*Introduction to the Old Testament*, p. 673).

VI. সমর্থিত উৎসসমূহের ঐতিহাসিক অবস্থান

- ক. প্রত্নতত্ত্ব দেখিয়েছে যে কনানের বেশির ভাগ দেওয়াল ঘেরা নগর ধংস হয়েছে এবং অতি দ্রুত নির্মিত হয়েছে প্রায় ১২৫০ খ্রীষ্ট পূর্ব অব্দের দিকে:
১. হাসোর
 ২. লাখিশ
 ৩. বৈথেল
 ৪. দবির (আগে বলা হতো কিরিয়ত সেফর বা কিরত সেফার)
- খ. প্রত্নতত্ত্ব এখনও নিশ্চিত করতে পারেনি বা প্রত্যাখ্যান করতে পারেনি যিরিহো পতনের বাইবেলের বিবরণ। এর কারণ হল জায়গাটির এই রকম বেহাল দশার কারণে:
১. আবহাওয়া/অবস্থান
 ২. পরবর্তীকালে পুনঃনির্মাণে এখানের পুরাতন দ্রব্য সামগ্রীর ব্যবহার
 ৩. স্তরের তারিখ সম্বন্ধে অনিশ্চয়তা
- গ. প্রত্নতত্ত্ব এবল পর্বতে একটি বেদি পেয়েছে যেটি সম্ভবত হতে পারে যিহোশূয় ৮:৩০-৩১ পদের সাথে সম্পর্কযুক্ত (দ্বি বি ২৭:২-৯)। এটা *Mishnah* (Talmud) পাওয়া বর্ণনার সাথে খুবই সাদৃশ্যপূর্ণ
- ঘ. Ras Shamra টেক্সট পাওয়া গেছে Ugarit তে যেটি দেখায় ১৪০০ খ্রীষ্ট পূর্বের কনানীয় জীবন এবং ধর্ম:
১. বহু দেবতার প্রকৃতির আরাধনা (উর্বরতার আরাধনা)
 ২. El ছিল প্রধান দেবতা
 ৩. El এর সঙ্গী ছিল (পরবর্তীতে সে Ba'al এর সঙ্গি হয়)
 ৪. তাদের পুত্র ছিল Ba'al (Haddad), ঝড়ের দেবতা
 ৫. Ba'al কনানীয় সকল আরাধনার “প্রধান দেবতা” হয়ে পড়েছিল। Anat ছিল তার সঙ্গি।
 ৬. উৎসব ছিল মিশরের Isis এবং Osiris এর অনুরূপ
 ৭. Ba'al এর আরাধনার লক্ষ্য ছিল স্থানীয় “উচ্চ জায়গা” বা পাথরের মঞ্চ (বেশ্যবৃষ্টির ধর্মানুষ্ঠান)

৮. Ba'al প্রতীকি ভাবে একটি দাঁড় করানো পাথরের স্তম্ভ ছিল (phallic symbol), অন্যদিকে Asherah বা Astarte ছিল প্রতীকি ভাবে খোদাই করা কাঠের খুঁটি বা জীবন্ত গাছ, যেটি প্রতীকিকরণ করতো “জীবন গাছ।”
- ঙ. প্রত্নতত্ত্ব এটা নিশ্চিত করেছে যে অঞ্চলের প্রধান সাম্রাজ্য (হিভিয়, মিশরিয় এবং মোসোপটেমিয়) প্যালেষ্টাইনের উপরে প্রভাব বিস্তারে অক্ষম ছিল এই সময়ে যাকে আমরা ব্রোঞ্জ যুগের শেষ দিক বলে জানি (খ্রীষ্ট পূর্ব ১৫৫০-১২০০)।
- চ. প্রাচীন নগরসমূহের নামের সঠিক তালিকা সমকালীন লেখকের সাথে খাপ খায় কিন্তু পরবর্তীকালের সম্পাদনা নয়:
১. যিরূশালেমকে যিবুশ বলা, ১৫:৮; ১৮:১৬, ২৮ (১৫:২৮ পদ বলছে যিবুশিয় এখনও যিরূশালেমের একটি অংশ)
 ২. হিব্রোনকে কিরিয়োট-অর্ব বলা, ১৪:১৫; ১৫:১৩, ৫৪; ২০:৭; ২১:১১
 ৩. কিরিয়োট-যিয়ারিমকে বালাহ বলা - ১৫:৯, ১০
 ৪. দবিরকে কিরিয়োট-সানাহ বলা, ১৫:৪৯
 ৫. সিদোনকে উল্লেখ করা হয়েছে ফৈনিকিয়ার প্রধান নগর বলে, সোরকে নয়, ১১:৮; ১৯:২৮, যেটি পরবর্তী কালে প্রধান নগর হয়েছিল।
- ছ. যিহোশূয় ২৪ অধ্যায় সঠিক ভাবে খাপ খায় হিভিয়দের খ্রীষ্ট পূর্ব ২য় সহস্রাব্দের চুক্তির নমুনার সাথে (দ্বিতীয় বিবরণের মত)।

VII. সাহিত্য একক (প্রসঙ্গ)

- ক. ভৌগলিক গতিবিধি এই বইয়ের রূপরেখা গঠন করেছে:
১. মোয়াবের সমভূমি থেকে শুরু হয়েছে, ১-২
 ২. যিরিহোর নিকটবর্তী গিলগলে জর্দন নদী পার হওয়া, ৩-৪
 ৩. মধ্য কনানে সামরিক অভিযান, ৫:১-১০:১৫
 ৪. দক্ষিণ কনানে সামরিক অভিযান, ১০:১৬-৪৩
 ৫. উত্তর কনানে সামরিক অভিযান, ১১:১-২৩
 ৬. গোষ্ঠীসমূহের মধ্যে দেশের ভৌগলিক বিভাগ, ১২-২১
- খ. সংক্ষিপ্ত রূপরেখা:
১. কনান বিজয়, ১-১১
 ২. প্রতিজ্ঞাত দেশ গোষ্ঠীসমূহের মধ্যে বিভাগ, ১২-২১
 ৩. যিহোশূয়ের শেষ কথা ও মৃত্যু, ২২-২৪

VIII. প্রধান সত্য

- ক. দেশ সম্বন্ধে অব্রাহামের কাছে করা প্রতিজ্ঞার (আদি ১২:১-৩) প্রতি ঈশ্বরের বিশ্বস্ততা ও ক্ষমতার প্রদর্শন (আদি ১৫-১৬)।
- খ. এটি আদি পুস্তকে শুরু হওয়া ইতিহাসের ধারাবাহিকতা বজায় রেখেছে এবং একে একটি নতুন সময়কালে নিয়ে এসেছে। এই সময়কালে, স্বেচ্ছামূলক গোষ্ঠীগত সংগঠন ছিল কেন্দ্রীয় ঐক্যবদ্ধ বিষয়। কোন কেন্দ্রীয় শাসন ছিল না।
- গ. “পবিত্র যুদ্ধের” (*herem* - নিষেধের অধীনে) ধারণা আমাদের কাছে মনে হয় খুব নির্ভর কিন্তু ঈশ্বর ইস্রায়েলীয়দের কনানীয়দের পাপের বিরুদ্ধে সতর্ক করেছিলেন। যেহেতু ঈশ্বর কনানীয়দের পাপের কারণে দেশ থেকে তাদের স্থানান্তর করেন, এছাড়া ঈশ্বর যিহুদীদেরও উৎপাটন করেছিলেন সেই একই পাপের কারণে (নির্বাসন-অশুর ও বাবিলিয়দের দ্বারা)।

IX. ব্যক্তি, টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এর সংক্ষিপ্ত ব্যাখ্যা

- ক. টার্ম এবং শব্দগুচ্ছ:
১. নদীর অগভীর অংশ ২:৭ (NASB এবং NIV)
 ২. চকমকি পাথরের ছুরি, ৫:২ (NASB এবং NIV)
 ৩. “দুগ্ধ মধু প্রবাহি দেশ” ৫:৬ (NASB এবং NIV)
 ৪. “তোমার পাদুকা খুলে ফেল” ৫:১৫ (NIV, তোমার পা থেকে পাদুকা খুলে ফেল)
 ৫. “পবিত্র” (*kadosh*), ৫:১৫
 ৬. “নিষেধের অধীনে,” (*herem*), ৬:১৭ (NIV, “নিবেদিত”)
 ৭. “সূর্য গিবিয়ানে স্থির হইয়া রহিল,” ১০:১২ (NASB এবং NIV)
 ৮. “এই রাজাদের গলার উপরে তোমার পা দেও,” ১০:২৪ (NASB এবং NIV)

৯. (লেবীয়দের নগরী), ২১:১-৩ (NIV, “মোশি আদেশ দিয়েছিলেন যে তোমরা আমাদের বাস করার মত জায়গা দেও”)
 ১০. “সদাপ্রভুর দাস,” ২৪:২৯ (NASB এবং NIV)

খ. ব্যক্তির সংক্ষিপ্ত ব্যাখ্যা:


১. রাহব, ২:১
২. “সদাপ্রভুর সৈন্যের অধ্যক্ষ,” ৫:১৪ (NIV, “সদাপ্রভুর সৈন্যদলের কমান্ডার।”)
৩. আখন, ৭:১
৪. সলফাদ, ১৭:৩
৫. পীনহস, ২২:১২

X. মানচিত্রে অবস্থান (সংখ্যা দ্বারা)

১. মহাসমুদ্র, ১:৪
২. শিটিম, ২:১
৩. আদম, ৩:১৬
৪. অয়, ৭:১
৫. গিবিয়োন, ৯:৩
৬. নেগেভ, ১১:১৬
৭. অরাবা, ১১:১৬
৮. হিসবোন, ১২:৫
৯. মিশরের নদী, (*wadi al 'arish*), ১৫:৪ (NIV, “মিশরের ওয়াড়ি”)
১০. হিল্লোম উপত্যকা, ১৫:৮ (NIV, “বেন হিল্লোম উপত্যকা”)
১১. শিখিম, ১৭:৭
১২. মাগিদো, ১৭:১১
১৩. শিলো, ১৮:১
১৪. বেরশেবা, ১৯:২



XI. শিক্ষার্থীদের সম্ভ্রুতির প্রশ্নাবলী

১. কিভাবে ঈশ্বর যিহোশূয়েকে উৎসাহিত করেছিলেন যেন সে মোশির মত কাজ করে (১:১ থেকে কয়েকটি পদ; ৫:১৩-১৫)?
২. ব্যাখ্যা করুন কিভাবে বিশ্বাসে ইস্রায়েলীয়দের বিশ্বাসে জর্দন নদী পার হতে হয়েছিল (৩)।
৩. কেন মান্না বন্ধ হয়ে গিয়েছিল?
৪. কেন ইস্রায়েলীয় সৈন্যরা অয়ে পরাজিত হয়েছিল?
৫. কিভাবে গিবিয়োনিয়েরা যিহোশূয়ের সাথে চালাকি করেছিল?
৬. এটা কি নিশ্চিত যে ১০ অধ্যায় একটি অলৌকিক কাজ ছিল? কেন/কেন নয়?
৭. ব্যাখ্যা করুন লেবীয়দের নগর ও আশ্রয়নগর সমূহের মধ্যকার সম্পর্ক।
৮. ২২ অধ্যায়ে কি সমস্যা ঘটেছিল?



ମିନିକଟ୍ ମାଧ୍ୟ ପ୍ରାଦୀପ

প্যালেস্টাইন



বিচারকর্তৃগণ পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO JUDGES)

I. পুস্তকটির নাম

ক. বইটির শিরোনাম এসেছে হিব্রু টার্ম "shophetim" থেকে যার অর্থ “বিরোধ নিষ্পত্তি করা।” এই হিব্রু টার্ম যার সাথে সাদৃশ্যপূর্ণ:

১. “রাজ প্রতিনিধি” এর জন্য ফৈনিকিয় টার্ম
২. “শাসক” এর জন্য আক্কাদিয়ান টার্ম

খ. এটি LXX এ অনুবাদ করা হয়েছে "krital" বা বিচারকর্তৃগণ হিসাবে

গ. Vulgate এর "judicum" থেকে আমাদের ইংরাজী শিরোনাম এসেছে।

ঘ. ইংরাজী শিরোনাম ভুল পথে পরিচালিত কারণ এই লোকেরা বিচার পদ্ধতি অনুসারে কাজ করে না বরং ঈশ্বর দ্বারা উথিত, তাঁর আত্মা দ্বারা শক্তি প্রাপ্ত গতিশীল স্থানীয় নেতার মত (৩:১০; ৬:৩৪; ১১:২৯; ১৪:৬,১৯; ১৫:১৪), এই নির্দিষ্ট লোকদের উদ্দেশ্য ঈশ্বরের লোকদের বিদেশী অত্যাচারের হাত থেকে মুক্ত করা (২:১৬)। একটি উপযুক্ত শিরোনাম হতে পারতো “উদ্ধারকর্তৃগণ।”

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

ক. বইটি হিব্রু ক্যাননের দ্বিতীয় ভাগের দ্বিতীয় বই। একে বলা হয়েছে ভাববাদীগণ।

খ. এই দ্বিতীয় ভাগটির দুটি উপ বিভাগ রয়েছে:

১. আগেকার ভাববাদী যাকে আমরা বলি ঐতিহাসিক বই: যিহোশূয়-রাজাবলী (রক্ত বাদে)
২. পরবর্তী ভাববাদী যাকে আমরা বলি ভাববাদীগণ: যিশাইয়-মালাখী (দানিয়েল ও বিলাপ বাদে)

III. সাহিত্য রীতি – এটি প্রাথমিক ভাবে ঐতিহাসিক বর্ণনামূলক

IV. পুস্তকের রচয়িতা

ক. বাইবেল এ বিষয়ে নিরব

খ. Baba Bathra 14b বলেছে যে শমূয়েল বইটি লিখেছেন যেটি তার নাম বহন করে এবং বিচারকর্তৃগণ ও রক্ত

গ. এই বইটি অনেক বছর সময়কাল কভার করেছে, সেজন্য, একজন চাক্ষুষ প্রত্যক্ষদর্শী লেখক হতে পারে না

ঘ. এই বইটি সংকলন করা হয়েছে সম্ভবত:

১. বেশ কিছু অজ্ঞাতনামা লিখিত উৎস থেকে যেমন:

ক. "The book of the Wars of the Lord" যেটি হল গণনা ২১:১৪ পদে উল্লেখিত একটি ঐতিহাসিক উৎস

খ. "The book of Jashar" যেটি হল যিহোশূয় ১০:১৩ এবং ২ শমূ ১:১৫ পদে উল্লেখিত আর একটি ঐতিহাসিক উৎস

২. সম্ভবত বেশ কিছু মৌখিক উৎস থেকে। সঠিক মৌখিক ইতিহাস প্রাচীন নিকট প্রাচ্যে প্রচলিত ছিল যেখানে লিখিত জিনিসগুলি ছিল খুব ব্যয় সাপেক্ষ এবং বহন করা কষ্টসাধ্য। এর একটি উদাহরণ হতে পারে:

ক. ১ বংশ ২৯:২৯ পদে “শমূয়েল দর্শকের পুস্তক,.....নাথন ভাববাদীর পুস্তক,.....গাদ দর্শকের পুস্তক

ঙ. এটা মনে হয় যে মূল সংকলনকারী লিখেছিলেন যুক্ত রাজতন্ত্রের প্রথম দিকে:

১. প্রায়ই বেথলেহেমের উল্লেখ সম্ভবত প্রতিফলিত করছে দায়ূদের সময় (১৭:৭,৮,৯; ১৯:১,২,১৮ [দু'বার])।

২. বেশ কিছু লেখনী প্রতিফলিত করে রাজতন্ত্রের সময়কাল এই শব্দগুচ্ছ দ্বারা “সেই সময়ে যখন ইস্রায়েলে কোন রাজা ছিল না (১৭:৬; ১৮:১; ১৯:১; ২১:২৫)। চারিদিকের জাতিগণের রাজা ছিল, যদিও ইস্রায়েলের ছিল না।

চ. প্রমাণ রয়েছে পরবর্তীকালের সম্পাদকের:

১. ১৮:৩০ পদ প্রতিফলিত করে:

ক. ৭২২ খ্রীষ্ট পূর্বে উত্তরের দশ বংশের অশুরীয় নির্বাসন

- খ. সম্ভবত এলির সময়ে পলেস্টিয়দের দ্বারা নিয়ম সিন্দুক অধিকার, ১ শমু ১-৭
২. যিহূদী ঐতিহ্য জোর দিয়ে বলছে যে যিরমিয় এবং/বা অধ্যাপক ইহ্রা পুরাতন নিয়মের অংশ বিশেষ সম্পাদনা করেছেন। পুরাতন নিয়মের বর্তমান রূপে সজ্জিতকরণটি আমাদের কাছে হারিয়ে গেছে। যদিও, এতে এই পুরাতন নিয়মের বইগুলির ঐশ্বরীক অনুপ্রেরণায় কোন প্রভাব পড়েনি।

V. তারিখ

- ক. যদিও সম্ভবত দায়ূদের রাজত্বকালে সংকলনকারীদের দ্বারা লিখিত তবে এটি এই ইঙ্গিত দেয় না যে ঐতিহাসিক বিষয়গুলি চাক্ষুষ প্রত্যক্ষদর্শীদের কাছে থেকে আসেনি। এই বিষয়ে দুটি ভাল উদাহরণ রয়েছে:
১. ১:২১ পদে যিবুযীয়েরা তখনও যিবুয (পরে যিরুশালেম) দুর্গের ভিতরেই বাস করছিল। ২ শমূয়েল ৫:৬ থেকে কয়েকটি পদ পর্যন্ত দায়ূদ দুর্গটি জয় করতে পারেন নাই।
 ২. ৩:৩ পদে সিদোন, সোর নয়, ফৈনিকিয়ার প্রধান নগর হিসাবে তালিকাভুক্ত।
- খ. এই বইটি যিহোশূয়ের বিজয়ের পর থেকে শমূয়েলের জন্ম পর্যন্ত সময়কাল কভার করেছে। শুরু তারিখ নির্ভর করে মহা প্রস্থানের তারিখের উপরে (খ্রীষ্ট পূর্ব ১৪৪৫-১২৯০), ১৩৫০ বা ১২০০ খ্রীষ্ট পূর্ব। সমাপ্তের তারিখ হতে পারে প্রায় খ্রীষ্ট পূর্ব ১০২০, যেটি হল শৌলের রাজত্বের আরম্ভ (Bright)।
- গ. বিচারকত্বগুণে দেওয়া তারিখগুলি যদি কেউ একত্র করেন, তবে এটি হবে ৩৯০-৪১০ বছরের মধ্যে। এটি সময়ানুক্রম হিসাবে নেওয়া যেতে পারে না কারণ ১ রাজাবলী ৬:২১ পদে বাইবেল বলেছে যে মহা প্রস্থানের সময় থেকে শলোমনের মন্দির নির্মাণের মধ্যবর্তী সময়কাল ৪৮০ বছর, খ্রীষ্ট পূর্ব ৯৬৫। এর অর্থ বিচারকত্বগুণ প্রাথমিক ভাবে অবশ্যই স্থানীয় নেতা ছিলেন এবং সেজন্য তাদের তারিখ একটির উপরে আর একটি মিশেছে (overlap)।

VI. ঐতিহাসিক অবস্থান

- ক. বিচারকত্বগুণের আরম্ভের অধ্যায়গুলি আমাদের দেখায় যে যিহোশূয়ের বিজয় কতটা সীমাবদ্ধ ছিল। যিহোশূয় মূলত কনানীয়দের দেওয়াল ঘেরা প্রধান নগরগুলি ও তাদের সামরিক সম্ভাবনাকে পরাজিত করেছিলেন। ঈশ্বর প্রতিটি গোষ্ঠিকে তাদের নিজস্ব ক্ষেত্রে পেশাগত শ্রমের কাজকে তাদের উপরে ছেড়ে দিয়েছিলেন, ২:৬ পদ। এই কৌশল আসছে ছিল ইস্রায়েলীয়দের নূতন প্রজন্মকে পরীক্ষা করেছিল যারা যাত্রা পুস্তকের ও বিজয়ে ঈশ্বরের অলৌকিক কাজ দেখে নাই, ২:১-১০:৩:১ পদ।
- খ. নূতন প্রজন্ম পরীক্ষায় ব্যর্থ হয়েছিল, ২:১১ থেকে কয়েকটি পদ; ৩:৭,১২; ৪:১; ৬:১; ১০:৬; ১৩:১ পদ। ঈশ্বর তাদের পাপের প্রতি সাড়া প্রদান করে বিদেশি অত্যাচারীদের হাতে তাঁর লোকদের শাস্তি দিয়েছিলেন। লোকেরা মন পরিবর্তন করেছিল এবং ঈশ্বরের সাহায্যের জন্য ক্রন্দন করেছিল। ঈশ্বর একজন “উদ্ধারকারীকে” পাঠিয়েছিলেন। তারপর অনেক বছর দেশটি শান্তিতে ছিল। এটি মূলত নমুনা ছিল যা বিচারকত্বগুণের বইতে বর্ণনা করা হয়েছে, ২:৬-১৬:৩১ পদ। (“পাপ, দুঃখ, অনুনয়, পরিদ্রাণ।”)

VII. সাহিত্য একক (প্রসঙ্গ)

- ক. এটা মনে হয় যে বিচারকত্বগুণের সময়কালকে ধর্মতত্ত্বগত ভাবে তিনটি ভিন্ন ভাবে বর্ণনা করা হয়েছে। এই তিনটি দিক বইটির রূপরেখা গঠন করেছে:
১. যিহোশূয়ের বিজয়ের ফলাফল
 ২. উদ্ধারকর্তাদের প্রয়োজন
 ৩. ধর্ম ত্যাগের উদাহরণ
- খ. বইটির সংক্ষিপ্ত রূপরেখা:
১. বিজয়ের একটি সংক্ষিপ্ত রূপরেখা, ১:১-২:৫
 ২. ঈশ্বরের লোকদের পাপ, বিচার এবং উদ্ধার, ২:৬-১৬:৩১
 ৩. ঈশ্বরের লোকদের পাপের তিনটি উদাহরণ যা প্রকাশ করেছে সেই সময়ের নৈতিক পরিস্থিতি:
 - ক. মিথ্যার প্রতিমাপূজা, ১৭
 - খ. দানের অন্যদেশে চলে যাওয়া, ১৮
 - গ. গিবিয়ার যৌন পাপ, ১৯-২১
- গ. প্রধান বিচারকত্বগুণ ও তাদের শত্রুরা:

নাম	টেক্সট	শত্রু	শান্তির সময় (১) বা বিচারের সময় (২)
১। অর্থনিয়েল	৩:৭-১১	মোসোপটেমিয়া (কুশন-রিশিয়াথয়িম)	৪০ বছর (১)
২। এহুদ	৩:১২-৩০	মোয়াব (ইগলোন)	৮০ বছর (১)
৩। দেবোরা (বারক)	৪:১-২৪ (গদ্য) ৫:১-৩১ (কবিতা)	কনানীয়রা (যাবিন এবং শীষরা)	৪০ বছর (১)
৪। গিদিয়োন	৬ - ৮	মিদিয়নীয় এবং অমালেকিয়	৪০ বছর (১)
৫। যিশুহ	১০:১৭-১২:৭	অম্মোনীয় (এবং ইফয়িম)	৬ বছর (২)
৬। শিমশন	১৩ - ১৬	পলেষ্টিয়	২০ বছর (২)

ঘ. অপ্রধান বা ছোট বিচারকর্তৃগণ:

নাম	টেক্সট	শত্রু	বিচারের সময়কাল
১। শমগড়	৩:৩১	পলেষ্টিয়	?
২। তোলয়	১০:১-২	পলেষ্টিয়	২৩ বছর
৩। যায়িন	১০:৩-৫	পলেষ্টিয়	২২ বছর
৪। ইবসন	১২:৮-১০	পলেষ্টিয়	৭ বছর
৫। এলন	১২:১১-১২	পলেষ্টিয়	১০ বছর
৬। অবদোন	১২:১৩-১৫	পলেষ্টিয়	৮ বছর

ঙ. অবিমলক, ৯:১-৫৭:

- একজন উপপত্নির গর্ভে গিদিয়োনের পুত্র
- সে কেবলমাত্র একটি নগরকে প্রভাবিত করেছিল, শিখিম
- সে অন্য সকল বিচারকর্তৃগণ অপেক্ষা ভিন্ন ছিল

VIII. প্রধান সত্য

ক. এই বইটি স্পষ্ট ভাবে দেখায় পতনের ধারাবাহিক ফলাফল:

- একটির পর একটি প্রজন্ম চুক্তি ভঙ্গ করেছে এবং কনানীয় উর্বারা দেবীর অনুসরণ করেছে।
- এমনকি প্রতিজ্ঞাত দেশেও, ঈশ্বর দ্বারা গোষ্ঠিত জায়গার নিরূপন সত্ত্বেও, দান গোষ্ঠি ঈশ্বর যে পলেষ্টিয়দের পরাজিত করবেন তাতে নির্ভর না রেখে একেবারে উত্তরে জায়গায় স্থানান্তর করে।

খ. ঈশ্বর পৌত্তলিক লোকদের ব্যবহার করেন তাঁর লোকদের দণ্ড দেবার জন্য(পরে সিরিয়, আশুরিয় এবং বাবিল)। এটি প্রতিফলিত করে দ্বিতীয় বিবরণের ২৭-২৯ অধ্যায়ের অভিশাপের বিভাগ।

গ. এই বই দেখিয়েছে একজন ধার্মিক রাজার প্রয়োজন যিনি ঐক্যবদ্ধ গোষ্ঠিসমূহকে পরিচালনা করবেন।

ঘ. এই বই আদিপুস্তকে শুরু হওয়া যিহুদী লোকদের ধারাবাহিক চলমান ইতিহাস।

IX. ব্যক্তি, টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এর সংক্ষিপ্ত ব্যাখ্যা

ক. টার্ম এবং শব্দগুচ্ছ:

- তাদের বৃদ্ধাঙ্গুল ও পায়ের বৃদ্ধাঙ্গুল কাটা, ১:৭ (NASB এবং NIV)
- শিক্ষা বাজান, ৩:২৭ (NIV, "...তুরী")
- গোচারণের পাঁচনী, ৩:৩১ (NASB এবং NIV)
- ভাববাদীনি, ৪:৪ (NASB এবং NIV)
- কুড়িয়ে সংগ্রহ করা, ৮:২ (NASB এবং NIV)
- "গণকদের গাছ" (*terebinth*), ৯:৩৭ (NIV, "এলোন বৃক্ষ")
- শিকলেথ, ১২:৬ (NASB এবং NIV)

৮. “যাহার চোখে যাহা ভাল লাগিত সে তাহাই করিত” ১৭:৬; ১৮:১; ২১:২৫ (NIV, “প্রত্যেকের চোখে যা উপযুক্ত মনে হতো সে তাই করতো”)
৯. “স্কেদিত প্রতিমা” (*teraphim*), ১৮:১৭ (NIV, “গৃহ দেবতা”)
১০. “অযোগ্য সহচর” (*belial*), ১৯:২২ (NIV, “দুষ্ট লোকেরা”)

খ. ব্যক্তির সংক্ষিপ্ত ব্যাখ্যা:



- | | |
|--|-----------------|
| ১. শিষরা, ৪:২ | ৫. অবিমেলক, ৯:১ |
| ২. বারক, ৪:৬ | ৬. কেমোশ, ১১:২৪ |
| ৩. য়ায়েল, ৪:১৭ | ৭. দাগোন, ১৬:২৩ |
| ৪. য়েরুবাবিল, ৬:৩২; ৭:১ (NIV, “য়েরুব-বাল”) | |

X. মানচিত্রে অবস্থান (সংখ্যা দ্বারা)

- | | |
|------------------------------|-----------------------|
| ১. খর্জুরপুর, ১:১৬; ৩:১৩ | ১২. শিখিম, ৯:১ |
| ২. অরাদ, ১:১৬ | ১৩. মিসপা, ১০:১৭ |
| ৩. বৈথেল, ১:২২ | ১৪. অর্গোন নদী, ১১:১৩ |
| ৪. মাগিদো, ১:২৭ | ১৫. যব্বোক নদী, ১১:১৩ |
| ৫. গেষর, ১:২৯ | ১৬. তিমনাহ, ১৪:১ |
| ৬. অক্কো, ১:৩১ | ১৭. অস্কিলোন, ১৪:১৯ |
| ৭. হাসোর, ৪:২ | ১৮. গাজা, ১৬:১ |
| ৮. রামা, ৪:৫ | ১৯. শিলো, ১৮:৩১ |
| ৯. তাবোর পর্বত, ৪:৬ | ২০. যিবুষ, ১৯:১০ |
| ১০. কিশোন নদী, ৪:৭ | ২১. গিবিয়া, ১৯:১২ |
| ১১. যিশ্রিয়েল উপত্যকা, ৬:৩৩ | |


XI. শিক্ষার্থীদের সম্ভাষ্টির প্রশ্নাবলী

- যিহোশূয় ১-২ অধ্যায়ের বিজয়ের বিবরণ বিচারকর্তৃগণের ১-২ অধ্যায়ের থেকে অনেক আলাদা?
- কেন ইস্রায়েলের গোষ্ঠীরা সকল কনানীয়কে মেরে ফেলবে কিন্তু তাদের সাথে কোন চুক্তি করবে না?
- কেন কিছু কিছু বিচারকর্তৃগণকে প্রধান বা বড় এবং অন্যদের অপ্রধান বা ছোট বলা হয়?
- ৪-৫ অধ্যায় মহিলা নেতৃত্ব ব্যবহার করে ঈশ্বর সম্বন্ধে কি বলছে?
- ৭ অধ্যায়ে কেন ঈশ্বর চেয়েছিলেন গিদিয়োন যেন তার সৈন্যসংখ্যা কম করে?
- যিশূহ কি তার মেয়েকে ঈশ্বরের উদ্দেশ্যে উৎসর্গ করেছিল(১১:৩০-৪০)?
- ঈশ্বর কিভাবে শিমশনের মত একজন কামুক লোককে ব্যবহার করতে পারেন?
- দান গোষ্ঠীর জায়গা পরিবর্তন কেন এত পাপপূর্ণ ছিল?



ଆଠିନ ଲିକଟ୍ ଆଠ୍ୟ

প্যালেস্টাইন



০ ১০ ২০ ৩০ ৪০

মাইল মাপনি

রুত পুস্তকের ভূমিকা (INTRODUCTION TO RUTH)

I. পুস্তকটির নাম

পুস্তকটির নামকরণ হয়েছে এর প্রধান চরিত্রের নামানুসারে, মোয়াবিয় রুত, দায়ুদ এবং যীশুর পূর্বপুরুষ, মথি ১:৫ পদ।

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

ক. বইটি হিব্রু ক্যাননের তৃতীয় ভাগের অংশ যাকে বলা হয় “লেখনীসমূহ।”

খ. এছাড়াও বইটি বিশেষ পাঁচটি ছোট বইয়ের দলের অংশ যাকে বলা হয় Megilloth বা “পাঁচ roll।” এই পাঁচটি ছোট বইয়ের প্রত্যেকটি: রুত, ইষ্টের, উপদেশক, শলোমনের পরমগীত এবং বিলাপ পাঠ করা হয় ভিন্ন ভিন্ন উৎসব দিনে। রুত বইটি পড়া হয় পঞ্চাশতমী বা সপ্তাহের উৎসবে।

গ. LXX তে বিচারকর্তৃগণের পরেই রুত। যোষেফাস তার *Contra Apion*, ১:৮, বলেছেন পুরাতন নিয়মে কেবলমাত্র ২২টি বই। এটা এই চিন্তা করতে বাধ্য করে যে বিচারকর্তৃগণ এবং রুত একটি বই হিসাবে গণনা করা হয়েছে। সেজন্য, বইটির “লেখনীসমূহ” বিভাগে অন্তর্ভুক্তি হতে পারে পরে হয়েছে (Jerome)।

III. সাহিত্য রীতি

ক. এই বইটি স্পষ্টত ঐতিহাসিক বর্ণনামূলক, সংলাপের মাধ্যমে বলা হয়েছে। ৮৫টি পদ দ্বারা বইটি রচিত; এই সংখ্যার, ৫০টিই সংলাপ। এই বইটির লেখক চমৎকার গল্প বলিয়ে ছিলেন।

খ. কোন কোন পণ্ডিত মনে করেন এই বইটি একটি নাটক, ইতিহাস নয়, কারণ:

১. চরিত্রদের নামের প্রতিকি অর্থ

ক. মহলোন=অসুস্থতা

খ. কিলিয়োন=বাতিল

গ. অর্পা=শক্ত-গ্রীবা

ঘ. নয়মি=আমার মিস্টতা

২. অবৈশিষ্ট্যময় উপায় যে সকল চরিত্র খুবই ভদ্র

৩. দৃঢ় ধর্মীয় বিশ্বাস বিচারকর্তৃগণের সময়ে চরিত্রদের দ্বারা প্রকাশ পেয়েছে, ১:১

IV. পুস্তকের রচয়িতা

ক. পুরাতন নিয়মের অনেক বইয়ের মতই এর লেখকও অজ্ঞাত।

খ. Baba Bathra ১৪^৬ বলেছে শমুয়েল তার বইটি লিখেছেন এবং বিচারকর্তৃগণ ও রুত। যেহেতু রুত ৪:১৭,২২ পদ ইঙ্গিত দেয় যে দায়ুদ সুপরিচিত ছিলেন এটি মনে হয় সাদৃশ্যপূর্ণ নয় কিন্তু অসম্ভবও নয়।

গ. রুত ৪:৭ পদ দেখায় যে পরবর্তীকালের লেখক বা সম্পাদক এই শব্দগুচ্ছ দ্বারা “পূর্বকালে এইরূপ রীতি ছিল।”

V. তারিখ

ক. এই গল্পের ঘটনাগুলি ঘটেছিল বিচারকর্তৃগণের সময়কালে, ১:১ (১৩৫০ বা ১২০০ খ্রীষ্ট পূর্ব থেকে ১০২০ খ্রীষ্ট পূর্ব)। এই জন্য সম্ভবত বইটিকে LXX তে বিচারকর্তৃগণের পরেই রাখা হয়েছে।

খ. এটি অবশ্যই ঘটেছিল ইস্রায়েল ও মোয়াবের শান্তির সময়কালে:

১. এটি বিস্ময়কর বিচার ৩:১২-৩০ পদের আলোকে।

২. যদিও, সেখানে অবশ্যই এই সময়ে শান্তি ছিল, ১ শমু ২২:৩-৪ (অর্থাৎ শৌল)।

গ. বইটি কখন লেখা হয়েছিল?

১. লেখার তারিখ স্পষ্টতই দায়ুদের রাজত্বকালে, ৪:১৭,২২ পদ। এই সত্য এই বইয়ের ঐতিহাসিকতাকে নিশ্চিত করেছে যে দায়ুদের বংশধারায় একজন মোয়াবিয়া নারী তার কাছে কোন সৌজন্যের ছিল না!(দ্বি বি ২৩:৩)
২. রুতের পদ্ধতি এবং শব্দ সমূহ শমূয়েল সাথে সাদৃশ্যপূর্ণ কিন্তু বংশাবলির সাথে নয়

VI. উৎস সমর্থিত ঐতিহাসিক অবস্থান –এই বইয়ের একটি মাত্র দিক হল যে প্রত্নতত্ত্ব আবিষ্কারে পাওয়া গেছে পাদুকা হস্তান্তর একটি বৈধ চিহ্ন ছিল উত্তরাধিকারের অধিকার হস্তান্তরের। এই একই রকম প্রথা পাওয়া গেছে Nuzi ফলকে। এগুলি হল খ্রীষ্ট পূর্ব দ্বিতীয় সহস্রাব্দের Akkadian কীলকাকৃতি ফলক যাকে আমরা বলি আদি পিতাদের সময়কাল।

VII. সাহিত্য একক (প্রসঙ্গ)

- ক. নয়মির পরিবার ইস্রায়েলের উপরে ঈশ্বর দন্ডের হাত থেকে পালিয়েছিল এবং মোয়াবে চলে গিয়েছিল যেখান সকল পুরুষ লোক মারা গিয়েছিল, ১:১-৫ পদ
- খ. নয়মি তার মোয়াবিয়া পুত্র বধুকে সঙ্গে নিয়ে বেথলেহমে ফিরে আসেন, ১:৬-১২
- গ. রুতের সাথে বোয়সের দেখা হয় যব সংগ্রহের সময়ে। তিনি তার উপরে দয়ালু হন, ২:১-২৩
- ঘ. নয়মি এবং রুত বোয়সকে আকর্ষণ করার পরিকল্পনা করে এবং তারা সফল হয়, ৩:১-১৮
- ঙ. বোয়স নয়মির বিকল্প হবার জন্য go'el হবার প্রাথমিক পদক্ষেপ গ্রহণ করেন, ৪:১-২২

VIII. প্রধান সত্য

- ক. একজন পরজাতি বিশ্বাসীর ঈশ্বর ভক্তির চরিত্র, ১:১৬-১৭
- খ. স্ত্রীলোকদের ঈশ্বর ভক্তির চরিত্র, যিহূদী ও পরজাতি উভয়েরই;
- গ. রাজা দায়ুদের ও রাজা মশীহের ধংশধারায় বিদেশি নারী অর্ন্তভুক্ত, মথি ১:৫, লুক ৩:৩২, এবং ঈশ্বরের দ্বারা পরিকল্পিত ছিল।

IX. ব্যক্তি, টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এর সংক্ষিপ্ত ব্যাখ্যা

ক. টার্ম এবং শব্দগুচ্ছ:

১. ইফথীয়, ১:২; ৪:১১ (NASB এবং NIV)
২. মারা, ১:২০ (NASB এবং NIV)
৩. সর্ব শক্তিমান (*El Shaddai*), ১:২০ (NASB এবং NIV)
৪. “তার পক্ষের নীচে শরণ লইতে আসিয়াছ,” ২:১২ (NASB এবং NIV)
৫. ঐফা, ২:১৭ (NASB এবং NIV)
৬. ঘনিষ্ঠ আত্মীয়, (*go'el*), ২:২০; ৩:৯; ৪:১৪, (NIV, “ঘনিষ্ঠ আত্মীয়”)
৭. (levirate বিবাহ), দ্বি বি ২৫:৫-১০
৮. “তার পা উন্মুক্ত করা,” ৩:৪, ৭-৮, ১৪ (NASB এবং NIV)
৯. “একজন লোক তার পাদুকা খুলে অন্যকে দিত,” ৪:৭ (NASB এবং NIV)

খ. ব্যক্তির সংক্ষিপ্ত ব্যাখ্যা:

১. ইলিমেলক, ১:২
২. যিশয়, ৪:২২



X. মানচিত্রে অবস্থান (সংখ্যা দ্বারা)

১. মোয়াব, ১:১

২. বেথলেহম, ১:২


XI. শিক্ষার্থীদের সম্ভবটির প্রশ্নাবলী

১. হিব্রু ক্যাননে এই বইটির উদ্দেশ্য কি?
২. কেন এই পরিবার ইস্রায়েল থেকে পালিয়ে গিয়েছিল?
৩. ব্যাখ্যা করুন কিভাবে *go'el* টার্মটি levirate বিবাহ প্রথার সাথে সম্পর্কিত।
৪. কেন বইটি দায়ুদের জন্য বিব্রতকর ছিল?



**ප්‍රාචීන
ලිකිට් ප්‍රාභ්‍ය**

প্যালেস্টাইন



০ ১০ ২০ ৩০ ৪০
মাইল মাপনি

১ ও ২ শমুয়েল পুস্তকের ভূমিকা (INTRODUCTION TO I & II SAMUEL)

I. পুস্তকটির নাম

- ক. বইটির প্রধান চরিত্র, শমুয়েলের নাম অনুসারে নামকরণ করা হয়েছে। তার নামের অর্থ:
১. “তঁার নাম El,” শেমের কাছে ফিরে যাওয়া,
 ২. “El এর কাছে যাচঞা,” (১ শমু ১:২০)
- খ. তিনি ছিলেন:
১. একজন বিচারকর্তা – ১ শমু ৭:৬, ১৫-১৭
 ২. একজন ভাববাদী – ১ শমু ৩:২০ (ভাববাদীদের মূলত বলা হতো “দর্শক,” ১ শমু ৯:৯; ১ বংশ ২৯:২৯)
 ৩. একজন যাজক – ১ শমু ১০:৮; ১৬:৫

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

- ক. এটি হল হিব্রু ক্যাননের দ্বিতীয় ভাগের অংশ যাকে বলা হয় ভাববাদী। এই ভাগটি দুটি অংশে বিভক্ত:
১. পূর্বের ভাববাদী, যার মধ্যে অন্তর্ভুক্ত – যিহোশূয় – রাজাবলী (রক্ত বাদে)
 ২. পরবর্তী ভাববাদী যার মধ্যে অন্তর্ভুক্ত যিশাইয় – মালাখি (দানিয়েল ও বিলাপ বাদে)
- খ. হিব্রু ক্যাননে ১ ও ২ শমুয়েল মূলত একটি বই ছিল:
১. Baba Bathra ১৪_b (MT এর সমাপ্তির নোট কেবলমাত্র ঘটেছে ২ শমুয়েলের একেবারে শেষে)
 ২. Eusebius *Ecclesiastical History*. VII:25:2
- গ. সেপ্টুয়াজিন্ট (LXX) বইটিকে দুটি ভাগে ভাগ করেছে, সম্ভবত এর দৈর্ঘ্যের কারণে। এছাড়াও এর ঐতিহাসিক নামকরণ হয়েছে যে হিসাবে:
১. ১ শমুয়েল – রাজ্যের প্রথম বই (Vulgate এ, ১ রাজাবলী)
 ২. ২ শমুয়েল – রাজ্যের দ্বিতীয় বই (Vulgate এ, ২ রাজাবলী)
 ৩. ১ রাজাবলী – রাজ্যের তৃতীয় বই (Vulgate এ, ৩ রাজাবলী)
 ৪. ২ রাজাবলী – রাজ্যের চতুর্থ বই (Vulgate এ, ৪ রাজাবলী)

III. সাহিত্য রীতি

- ক. বইটির প্রাথমিক ভাবে জীবনীমূলক লক্ষ্য, ঐতিহাসিক বর্ণনা।
- খ. এর অর্থ এটি লিপিবদ্ধ করেছে ঐতিহাসিক প্রথা এবং ঘটনা যেগুলি আবশ্যিকীয় ভাবে সকল বিশ্বাসীর সমর্থিত!
- গ. এটি আধুনিক পশ্চিমা ইতিহাস কিম্ব একটি প্রাচীন নিকট প্রাচ্যের ইতিহাস। এর লক্ষ্য নির্বাচিত ঘটনাসমূহের দ্বারা ধর্মতাত্ত্বিক সত্য অন্যদের জানানো। সেজন্য, এটি সূতন নিয়মের সুসমাচার ও প্রেরিতদের কার্য বিবরণির সাথে সাদৃশ্যপূর্ণ। এটি অবশ্যই ব্যাখ্যা করতে হবে এই আলোকে: (১) নির্বাচন; (২) খাপ খাওয়ানো; (৩) সজ্জিতকরণ, এবং (৪) অনুপ্রেরণার অধীন।
যদিও, এটি আরও বর্ণনা করতে হবে যে হিব্রু এবং হিট্টীয়রা ছিল সবচেয়ে সঠিক ঐতিহাসিক। অন্যান্য প্রাচীন লোকদের প্রবণতা ছিল বিজয়কে বাড়িয়ে বলা এবং পরাজয়কে বাদ দেওয়া।
- ঘ. নিকট প্রাচ্যের সাহিত্যের সম্পদ এখন পন্ডিতদের কাছে সুপ্রাপ্য অধুনিক প্রত্নতত্ত্বের মাধ্যমে যারা সুযোগ করে দিয়েছে শমুয়েল পুস্তকের সাহিত্য রীতির সম্ভাব্য অর্ন্তদৃষ্টির, বিশেষ করে ১ শমু ১৫ – ২ শমু ৮ অধ্যায়। বিশেষ করে খ্রীষ্ট ১২০০ অব্দের হিট্টীয় (Hittite) নথিপত্র যাকে বলা হয় “Apology of Hallusitis” এর সাথে শমুয়ের পুস্তকের অনেক সাদৃশ্যতা। এটি মূলত একটি নতুন রাজবংশের আত্মপক্ষ সমর্থন, যেন নতুন শাসক কোন ভাবেই আর একজনের বৈধ শাসন জোর করে অধিকার করার দোষে দোষী না হন, (*Zondervan Pictorial Encyclopedia*, vol. 5 p. 259-260):
১. শক্তি প্রয়োগের ঘটনা যা নতুন রাজার দিকে পরিচালিত করে
 ২. প্রায়ই ঘটনার সারাংশ ধারণ করে সঠিক কালানুক্রমের পরিবর্তে
 ৩. স্পষ্টত দেখায় আগেকার শাসকের অযোগ্যতা

৪. নুতন শাসকের সামরিক বিজয়গুলি দেখায়
৫. নুতন শাসকের দিনে দিনে বাড়তে থাকা জনপ্রিয়তাকে প্রকাশ করে
৬. নুতন শাসকের গুরুত্বপূর্ণ রাজনৈতিক বিবাহ নথিভুক্ত করে
৭. নুতন শাসকের ধর্মীয় সমর্থন ও জাতিয় বিবেকে চাপ প্রয়োগ
৮. নুতন রাজার রাজত্ব ও এর ঐশ্বরীক আশীর্বাদ ও শাসনগত সাফল্যের সারাংশ

IV. পুস্তকের রচয়িতা

ক. যিহুদী ঐতিহ্য সব সময়ই দৃঢ় ভাবে বরেছে যে শমুয়েল বইটির লেখক:

১. Baba Bathra ১৪^৭ বলেছে যে শমুয়েল বইটি লিখেছেন যেখানে তার নাম রয়েছে এবং এছাড়াও বিচারকর্তৃগণ ও রুত লিখেছেন।
২. বইটি নিজেও বলেছে যে শমুয়ের এটি লিখেছেন (১ শমু ১০:২৫ [এটি সাধারণত মনে করা হয় যেমন প্রথম ১২ থেকে ১৫ অধ্যায়])।
৩. পরবর্তী কালের যিহুদী পণ্ডিতেরা স্বীকার করেছেন যে, দ্বিতীয় বিবরণ ও যিহোশূয়ের মত, এই বইটিও তার প্রধান চরিত্রের মৃত্যু লিপিবদ্ধ করেছে, ১ শমু ২৫:১; ২৮:৩, এবং তার মৃত্যুর অনেক দিন পরের ঘটনাও লিপিবদ্ধ করেছে। সেজন্য, তাদের মতামত হল:
 - খ. সম্ভবত লেখক সরায়, ২ শমু ৮:১৭, বইটি শেষ করেছেন
 - গ. সম্ভবত অবিয়াথর যাজক বইটি শেষ করেছেন
 - ঘ. সম্ভবত সাবুদ, ভাববাদী নাথনের পুত্র (NIV), এটি সম্পূর্ণ করেছেন (১ রাজা ৪:৫)

খ. আধুনিক পণ্ডিতগণ:

১. এটি স্বীকার করেছেন যে এই বইয়ের বিষয়বস্তু ঘটনার চাক্ষুষ সাক্ষীর কাছ থেকে এসেছে (Bright)।
২. এটি আরও স্বীকার করা হয়েছে যে সব উৎস ব্যবহার করা হয়েছিল:
 - ক. “যাসের বই,” ২ শমু ১:১৮
 - খ. শমুয়েলের ইতিবৃত্ত, ১ শমু ১০:২৫; ১ বংশ ২৯:২৯
 - গ. নাথন ও গাদ ভাববাদীর ইতিবৃত্ত, ১ বংশ ২৯:২৯
 - ঘ. সময়ের অন্যান্য ইতিবৃত্ত, ১ বংশ ২৭:২৪
 - ঙ. অনেক আধুনিক পণ্ডিত এটা মনে করতে পছন্দ করেন যে শমুয়েল, নাথন এবং গাদ (১ বংশ ২৯:২৯) তিনটি বর্ণনার লেখক ছিলেন যেগুলি নাথনের পুত্র সবুদ সমন্বয় করেছেন (১ রাজা ৪:৫), যার সুযোগ ছিল রাজার দরবারে নথিপত্র ভাঙরে প্রবেশ করার।
৩. শমুয়েল পরবর্তীকালের সম্পাদকদেরও প্রমাণ রয়েছে যারা শব্দগুচ্ছগুলিকে প্রমাণ দ্বারা ব্যাখ্যা করেছেন “আজ পর্যন্ত,” (১ শমু ৫:৫; ৬:১৮; ২৭:৬; ৩০:২৫; ২ শমু ৪:৩; ৬:৮; ১৮:১৮)।
 - খ. ২য় কোরস আদেশটি জারি করেছিলেন ৫৩৮ খ্রীষ্ট পূর্বে। প্রথম প্রত্যাবর্তনটি ঘটেছিল অতি দ্রুত একজন যিহূদীয়ার রাজ কর্মচারী শেষবসর দ্বারা যাকে শাসনকর্তা হিসাবে নিয়োগ দেওয়া হয়েছিল। তিনি মন্দির পুনর্নির্মাণ করতে শুরু করেছিলেন কিন্তু শেষ করতে পারেন নাই। পরবর্তীতে, পারস্য রাজ ১ দারিয়াসের অধীনে, অন্যরা দায়ূদ বংশীয় সরুকাবিল ও মহা পুরোহিতের বংশধর যোশূয়ার অধীনে ফিরতে শুরু করেছিল। তারা ৫১৬ খ্রীষ্ট পূর্বে হগয় এবং সখরিয়ের উৎসাহের মাধ্যমে মন্দির পুনর্নির্মাণ শেষ করতে করেছিলেন।

- খ. বইটির বংশতালিকা থেকে সংকলনের তারিখ মনে হয় খ্রীষ্ট পূর্ব ৫০০-৪২৩ অব্দের মধ্যে। এটি তারিখ অন্তর্ভুক্তি সীমাবদ্ধ করে কারণ এটা মনে হয় যে পুরাতন নিয়মের হালনাগাদ ঐতিহাসিক পরোক্ষ উল্লেখ। ২য় দারিয়াস খ্রীষ্ট পূর্ব ৪২৮ অব্দে সিংহাসনে আরোহণ করেন। তার কথা নহিমিয় ১২:২২ পদেও উল্লেখিত হয়েছে। এছাড়াও, ঐতিহ্য প্রচলিত রয়েছে যে এই সময়ে পুরাতন নিয়মের ক্যানন চূড়ান্ত হয়েছিল।
- গ. ১ বংশাবলী ১ ও ২ শমুয়েলের মত একই সময় কভার করেছে, যদিও, এর বংশতালিকা আদম পর্যন্ত গিয়েছে। ২ বংশাবলী ১ ও ২ রাজাবলী মত একই সময় কভার করেছে কিন্তু একে আরও ব্যাপ্ত করেছে, প্রায় ২ কোরসের সময় পর্যন্ত।

VI. উৎস সমর্থিত ঐতিহাসিক অবস্থান

- ক. শমুয়েল ও রাজাবলীর ঐতিহাসিক উপস্থাপনার মধ্যে বেশ কিছু পার্থক্য রয়েছে এবং সেরকমই বংশাবলীতে:
১. বংশাবলীতে সংখ্যা বৃহত্তর (Young, p. 394-400)
 - ক. এটি সাধারণ ভাবে সত্য, ১ বংশ ২১:৫ এর সাথে ২ শমু ২৪:৯ পদের তুলনা করুন
 - খ. প্রায়ই বংশাবলীতে ক্ষুদ্রতর সংখ্যা রয়েছে, ১ রাজা ৪:২৬ এর সাথে ২ বংশ ৯:২৯ পদের তুলনা করুন
 - গ. বেশির ভাগ সংখ্যার সমস্যা আরও পাওয়া যায় LXX অনুবাদে যার অর্থ হল সেগুলি খ্রীষ্ট পূর্ব ২৫০ অব্দের পূর্বের তারিখ
 - ঘ. E. R. Thiele, তার ভিত্তি বিদর্পকারী বই, *The Mysterious Numbers of the Hebrew Kings*, 1954, 1965, ভিন্নতা ব্যাখ্যা করেছে যার দ্বারা:
 - (১) রাজত্বের জন্য দুটি তারিখ পদ্ধতি:
 - ক) সিংহাসনে আরোহণের বৎসর;
 - খ) সিংহাসনে আরোহণ না করার বৎসর।
 - (২) সহ-রাজ প্রতিনিধির পদ
 ২. বংশাবলী দায়ূদ বংশীয় যিহুদার রাজাদের ইতিবাচক দিকগুলির উপরে জোর দান করেছে
 ৩. বংশাবলী দায়ূদ ও শলোমন সম্বন্ধে অধিকাংশ নেতিবাচক বিষয়গুলি বাদ দিয়েছে। যদিও, Young যেমন পয়েন্ট দেখিয়েছেন (পৃ. ৩৯৫-৩৯৮), এটা তাদের ব্যক্তিগত জীবন সম্বন্ধে প্রায় সবকিছুই বাদ দিয়েছে, কেবল নেতিবাচকগুলি নয় কিন্তু কিছু ইতিবাচক দিকও।
 ৪. বংশাবলী আরও বাদ দিয়েছে উত্তরের রাজ্যের সকল উল্লেখ। এর কারণ অনিশ্চিত। অনেকে মনে করেন যে এটা এই কারণে যে উত্তরের রাজ্যের সকল রাজারাই অভিজ্ঞ দান ও বৈথেলে সোনার বাছুর প্রতিষ্ঠার অভিযোগে। দক্ষিণ বিবেচনা করা হয়েছে একমাত্র সত্য, বিশ্বস্ত দায়ূদ বংশীয় (Messianic)।
- খ. বংশাবলীর ইতিহাসের বৈধতার সমর্থনের প্রবণতা হয়েছে:
১. বংশতালিকার বিষয় যা সমান্তরাল এর দ্বারা:
 - ক. শমুয়েল
 - খ. মরু সাগরের পুঁথি
 - গ. LXX
 ২. যখন Masoretic Text এবং Samaritan Pentateuch এ আদিপুস্তক ও গণনা পুস্তকের বংশাবলীর বংশতালিকার বিষয়ের সাথে সমান্তরাল, তখন এর ঐতিহাসিক বৈধতা সমর্থিত

VII. সাহিত্য একক (প্রসঙ্গ)

- ক. সংক্ষিপ্ত রূপরেখা:
১. আদম থেকে শৌল পর্যন্ত বংশতালিকার বিষয়বস্তু, ১ বংশ ১:১-৯:৪৪
 ২. দায়ূদের রাজত্বকাল, ১ বংশ ১০:১-২৯:৩০
 ৩. শলোমনের রাজত্বকাল, ২ বংশ ১:১-৯:৩১
 ৪. নির্বাসন পর্যন্ত যিহুদার অন্যান্য রাজগণ এবং ২য় কোরস পর্যন্ত, ২ বংশ ১০:১-৩৬:২৩
- খ. বিষদ রূপরেখার জন্য দেখুন:
১. E.J. Young, *An Introduction to the Old Testament*, pp. 401-402
 ২. R.K. Harrison, *Introduction to the Old Testament*, pp. 1152-1153
 ৩. NIV Study Bible, pp. 581-582

VIII. প্রধান সত্য

- ক. এটি হল যিহূদার নির্বাচিত ধর্মতাত্ত্বিক ইতিহাস ব্যবহৃত কিন্তু বিস্তারিত হয়েছে ১ ও ২ শমুয়েল এবং ১ ও ২ রাজাবলীর সমান্তরাল বিবরণের সাথে।
- খ. এটি লিখিত হয়েছে নির্বাসন উত্তর সমাজের জন্য যাদের ভীষণ ভাবে জানা দরকার ছিল নিয়মের ঈশ্বর এখনও তাদের ঈশ্বর রয়েছেন। মন্দির (যেহেতু সেখানে কোন রাজা ছিল না) ছিল ঈশ্বর নবায়িত নিয়মের লক্ষ্য। নিয়ম তখনও শর্তাধীন ছিল মোশির ব্যবস্থার দাবীকৃত ঈশ্বরের প্রতি বাধ্যতার উপরে।
- গ. এটি মূলত লক্ষ্য রেখেছে দায়ূদ ও তার পুত্রদের প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞার উপরে, যেটি পাওয়া যায় ২ শমুয়েল ৭ অধ্যায়ে:
১. কাজ করা হয়েছে সম্পূর্ণ ভাবে দায়ূদের পুত্রদের সাথে এবং চূড়ান্ত ভাবে মশীহ রাজার সাথে
 ২. দায়ূদ, শলোমন এবং যিহূদার “ঈশ্বরভক্ত” রাজাদের রাজত্বের ইতিবাচক বিবরণ দেওয়া হয়েছে
 ৩. ২য় কোরাস দ্বারা ইব্রীয়দের যিরূশালেমে পুনর্বাসনের বিবরণ, ৩৬:২২-২৩
 ৪. ভবিষ্যৎ দায়ূদ বংশীয় রাজার (মশীহ) চিহ্ন। এক ভাবে এটি সম্পাদিত হয়েছিল যিহূদার ঈশ্বর ভক্ত রাজগণ ও দায়ূদ ও শলোমনের “ঈশ্বরভক্তির” রাজত্বের লিপিবদ্ধ করণের মাধ্যমে। মশীহের প্রত্যাশা আরও প্রকাশিত হয়েছে সখরিয় ও মালাখিতে।
- ঘ. এখানে আরও জোর দেওয়া হয়েছে সকল ঈশ্বরের লোকদের ঐক্যবদ্ধতার উপরে। এটা দেখা গিয়েছে একত্রিত টার্ম “সকল ইস্রায়েল” ব্যবহারে (১ বংশ ৯:১; ১১:১-৩,৪; ১২:৩৮; ১৬:৩; ১৮:১৪; ২১:১-৫; ২৮:১-৮; ২৯:২১,২৩,২৫; ২ বংশ ১:২; ২:৮; ৯:৩০; ১০:১,১৬; ১২:১; ১৮:১৬; ২৮:২৩; ২৯:২৪; ৩০:১,৬,২৫-২৬; ৩৪:৭,৯,৩৩)
- ঙ. বংশতালিকা ব্যবহৃত হয়েছে:
১. ইস্রা ও নহিমিয়ের মত, দেখায় যে পুনপ্রতিষ্ঠিত ইস্রায়েল পুরাতন ইস্রায়েলের মতই বৈধ
 ২. আদম পর্যন্ত ইব্রীয়দের ইতিহাস সারাংশ করা হয়েছে

* যেহেতু ১ ও ২ বংশাবলী মূলত ১ ও ২ শমুয়েল এবং ১ ও ২ রাজাবলীর মত একইরকম ঘটনায় সমৃদ্ধ, সেহেতু এই দুটি বইয়ের টার্মের কোন মানচিত্র বা প্রশ্ন নেই!

ইস্রা পুস্তকের ভূমিকা (INTRODUCTION TO EZRA)

I. পুস্তকটির নাম

- ক. ইস্রা এবং নহিমিয় হিব্রু ক্যাননে (MT) একটি বই। Baba Bathra ১৫৬ একে বলছে ইস্রা।
- এটি অস্বাভাবিক কারণ এটি স্পষ্ট বইদুটির উভয়েরই বিষয়বস্তু একই রকম বংশধারার তালিকা: ইস্রা ২:১ থেকে কয়েকটি পদ এবং নহিমিয় ৭:৬-২০ পদ।
 - কারণ তালিকাগুলি, যদিও সামান্য ভিন্নতা আছে, তবে মূলত একই রকম, ইঙ্গিত হল যে এটি মূলত দুটি বই।
 - এটি নিশ্চিত হয়েছে ইস্রা ৭-১০ এবং নহিমিয় পুস্তকে “আমি” অংশ ব্যবহার দ্বারা।
- খ. বইদুটির সম্ভাব্য সমন্বয়ের কারণ ইস্রার (ইস্রা ৭-১০) পরিচর্যা ধারাবাহিক ভাবে চলেছে নহিমিয় ৮-১০ অধ্যায় পর্যন্ত।
- গ. ইস্রা এবং নহিমিয়ের শিরোনামে পার্থক্য রয়েছে প্রাচীন অনুবাদ সমূহের মধ্যে:

LXX	Vulgate	Wycliffe & Coverdale English	Modern English
Esdra B (Beta) Esdra C (Gamma) Esdra A (Alpha)	Esdras I Esdras II Esdras III	I Ezra II Ezra ----	Ezra Nehemiah I Esdras (non-canonica I)
----	Esdras IV	----	II Esdras (non-canonica I)

- ঘ. প্রথম হিব্রু টেক্সট ১৪৪৮ সনের MT সংস্করণে এই দুটি বইকে ভাগ করেছিল।

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

- ক. ইস্রা বইটি হল হিব্রু ক্যাননের তৃতীয় ভাগের অংশ যাকে বলা হয় “লেখনী সমূহ।”
- খ. এটি MT তে রাখা হয়েছে বংশাবলীর আগে। এটি ছিল একটি অস্বাভাবিক সজ্জিতকরণ। কালানুক্রমিক শৃংখলা অবশ্যই হবে বংশাবলী, তারপরে ইস্রা/নহিমিয়। বেশ কয়েকটি তত্ত্ব রয়েছে (নহিমিয়, II.B)।

III. সাহিত্য রীতি

- ক. ঐতিহাসিক বর্ণনা সরাসরি লেখনী পদ্ধতি
- খ. বইটি অন্যান্য তথ্যাবলী থেকে অনেক উদ্ধৃতি অন্তর্ভুক্ত করেছে:
- পারস্য
 - যিহূদী

IV. পুস্তকের রচয়িতা

- ক. Baba Bathra ১৫৬ বলছে যে ইস্রা তার বইটি লিখেছেন কিন্তু এটি এই ইঙ্গিত দেয় না যে তিনি নহিমিয় বইটিও লিখেছেন। সত্যি কথা হল যে, অন্যান্য যিহূদী উৎস (Gemara) বলছে নহিমিয় বইটি শেষ করেছিলেন (ইস্রা-নহিমিয়)। MT এর শেষ নোট পাওয়া যায় কেবল নহিমিয় বইটির শেষে
- খ. যোষেফাস তার *Contra Apion*, 1:8, এবং সার্দীর Melito এর উদ্ধৃতি দিয়েছেন Eusebius, *Ecclesiastical History* IV:26, উভয়ই জোর দিয়েছেন ইস্রার লেখকত্বের উপরে।

- গ. ইস্রা'র আংশিক আলোচনা করেছে অধ্যাপক ইস্রা'র জীবনী (৭-১০ অধ্যায়) যেটি লেখা হয়েছে first person এ, ৭:২৭-২৮; ৮:১-৩৪; ৯:১ থেকে কয়েকটি পদ। সাদোক বংশীয় যাজক এবং Artaxerxes I (খ্রীষ্ট পূর্ব ৪৬৫-৪২৪) এর পারস্য রাজ দরবারে একজন লেখক ছিলেন ইস্রা'।
- ঘ. ইস্রা'/নহিমিয় এবং বংশাবলীর মধ্যে অনেক সাদৃশ্য বিদ্যমান:
১. হিব্রুতে ২ বংশাবলী ৩৬:২২-২৩ পদের শেষ প্রায় একই রকমের ইস্রা' ১:১-৪ পদের মত
 ২. উভয়ই বইয়েরই একই রকম ধর্মতাত্ত্বিক দিকসমূহ:
 - ক. মন্দির ও যাজকত্বের উপরে লক্ষ্য রাখা (বিশেষ করে লেবীয়দের তালিকা)
 - খ. পরিসংখ্যানগত তথ্যাবলী এবং বংশাতালিকার ব্যাপক ব্যবহার
 ৩. উভয় পুস্তকে ভাষার ব্যবহার ও সাহিত্য পদ্ধতি সাদৃশ্যপূর্ণ
 ৪. উভয় বইতেই শেষ দিকের হিব্রু ব্যবহার হয়েছে
 ৫. যদিও, এটি অবশ্যই বলা দরকার যে সেখানে উল্লেখযোগ্য পার্থক্যও রয়েছে:
 - ক. রাজকীয় নামগুলির বানানে;
 - খ. ইস্রা' এবং নহিমিয় লক্ষ্য রেখেছে মোশির সাথে নিয়মের যখন ১ ও ২ বংশাবলীর লক্ষ্য ছিল দায়ীদের সাথে করা নিয়মের প্রতি।
- ঙ. Origen (১৮৫-২৫৩ সন), আলেকজান্দ্রিয়ার খ্রীষ্টিয়ান পণ্ডিত, প্রথম ইস্রা' ও নহিমিয় নামে মূল বইটিকে বিভক্ত করেছিলেন। Jerome তার ল্যাটিন Vulgate এ একই কাজ করেছিলেন।
- চ. প্রথম হিব্রু পাণ্ডুলিপি ১৪৪৮ সনে বইটিকে বিভাগ করেছিল। দৃশ্যত এই সময়ে যিহূদীরা চাইতো হিব্রু বর্ণমালার সাথে মিল রেখে পুরাতন নিয়মে কেবলমাত্র ২২টি বইয়ের।
- ছ. লেখক/সংকলক অনেক উৎস ব্যবহার করেছেন:
১. পারস্য তথ্যাবলী
 ২. যিহূদীদের নথিপত্র:
 - ক. *YHWH* এর মন্দিরের পাত্রসমূহের তালিকা যেগুলি বাবিলে ছিল, ১:৯-১১; ৭:১৯-২০
 - খ. নির্বাসন থেকে প্রত্যাগতদের তালিকা, ২:১-৭০; ৮:১-২০
 - গ. ইস্রা'র বংশতালিকা, ৭:১-৫
 - ঘ. যারা অন্যদের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছিল তাদের তালিকা, ১০:১৮-৪৩

V. তারিখ

- ক. ইস্রা' সাদোক বংশধারার একজন ভাববাদী (৭:২) এবং Artaxerxes I এর (খ্রীষ্ট পূর্ব ৪৬৫-৪২৪) রাজত্বের সময়ে অধ্যাপক ছিলেন:
১. খ্রীষ্ট পূর্ব ৪৫৮ অব্দে, নির্বাসন থেকে প্রত্যাগত যিহূদীদের তৃতীয় দলের সাথে Artaxerxes I এর সপ্তম বৎসরে ইস্রা' যিরূশালেমে এসেছিলেন।
 ২. খ্রীষ্ট পূর্ব ৪৪৫ অব্দে, একজন পারস্য শাসনকর্তা হিসাবে Artaxerxes I এর বিংশতিতম বৎসরে নহিমিয় যিরূশালেমে এসেছিলেন।
- খ. এটি মনে হয় যে ইস্রা'/নহিমিয়ের বংশতালিকা লেখক বা সংকলক খ্রীষ্ট পূর্ব ৫ম শতকের শেষে করেছিলেন:
১. এটি ধরে নেওয়া হয়েছে যে ১ বংশ ৩:১৫-২৪ পদ সরুকাবিলের পরে চার প্রজন্মের তালিকা করেছে, ছয় প্রজন্ম নয়;
 ২. এটি ধরে নেওয়া হয়েছে যে নহিমিয় ১২:১০-১১ পদের যদ্যু ছিলেন:
 - ক. যদ্যুর মত একই নয় যেটি যোষেফাস মহান আলেকজান্ডারের (খ্রীষ্ট পূর্ব ৩৩৬-৩২৩) সময়ে রেখেছেন;
 - খ. অথবা সেই বংশ তালিকা সংযুক্ত হয়েছে একজন সম্পাদক দ্বারা, মূল লেখনী লিখিত হবার পরে, তথ্যসমূহকে হালনাগাদ করার উদ্দেশ্যে;
 - গ. অথবা নহিমিয়ের সময়ে তিনি খুব ছোট ছিলেন এবং আলেকজান্ডারের সময় পর্যন্ত দিন খুব বৃদ্ধ বয়স পর্যন্ত বেঁচেছিলেন।
- গ. এটি এই সম্পর্কযুক্ত ইতিহাসের লেখকত্ব দেয় প্রায়:
১. খ্রীষ্ট পূর্ব ৪৪০ ইস্রা'র জন্য
 ২. খ্রীষ্ট পূর্ব ৪৩০ নহিমিয়ের জন্য
 ৩. খ্রীষ্ট পূর্ব ৪০০ বংশাবলীর জন্য

VI. উৎস সমর্থিত ঐতিহাসিক অবস্থান

- ক. ইস্রা'র তথ্যাবলীর কাঠামো পারস্যদের সময়কালের সরকারী তথ্যাবলীর পদ্ধতি ও নমুনা অনুসরণ করে:

১. কোরসের রাজাজ্ঞা(হিব্রু অনুবাদ), ১:২-৪ পদ। (যিরূশালেমে ফিরে যাওয়া ও মন্দির সম্বন্ধে)
 ২. Artaxerxes I এর কাছে রেহুকের বৈধ অভিযোগ, ৪:৭-১৬ পদ। (যিরূশালেমের প্রাচীর সম্বন্ধে)
 ৩. Artaxerxes I এর সাড়া প্রদানের দায়িত্ব, ৪:১৭-২২ পদ
 ৪. Darius I এর কাছে তন্তনের আইনগত অভিযোগ, ৫:৬-১৭ পদ
 ৫. Darius I এর সাড়া পদান (মন্দির সম্বন্ধে):
 - ক. কোরসের রাজাজ্ঞার উদ্ধৃতি, ৬:২-৫ পদ
 - খ. তন্তনের প্রতি দারিয়াসের ব্যক্তিগত সাড়া প্রদান, ৬:৬-১২, ১৩ পদ
- ইস্রার কাছে Artaxerxes I এর রাজাজ্ঞা, ৭:১২-২৬ পদ

- খ. Elephantine papyri (খ্রীষ্ট পূর্ব ৪০৮) সানবল্লট এর কথা উল্লেখ করে ইস্রা/নহিমিয়ের ঐতিহাসিকতাকে প্রতিষ্ঠিত করেছে (বাবিলের Sin-Uballit), নহিমিয় ২:১০,১৯; ৪:১ পদ। এটি আরও প্রদর্শন করেছে রাজকীয় অরামিকের পদ্ধতি।
- গ. সুকোথে বেশ কিছু রূপার পাত্র পাওয়া গেছে যার উপরে উৎকীর্ণ আছে “গেশমের পুত্র Qainu,” যেটি দেখায় যে আরবীয় গেশমের ঐতিহাসিকতা ইস্রা/নহিমিয় বইতে, যে কের রাজ্য শাসন করতো (নহি ২:১৯; ৬:১,১৬)।

VII. সাহিত্য একক (প্রসঙ্গ)

- ক. যিরূশালেমে প্রথম প্রত্যাগতরা, ১:১-২:৭০
 ১. কোরসের রাজত্বকালে (খ্রীষ্ট পূর্ব ৫৫০-৫৩০) শেষবসর শাসনকর্তা হিসাবে নিযুক্ত হন, ৫:১৪ পদ। তিনি ছিলেন যিহূদার একজন রাজপুত্র, ১:৮ পদ, সম্ভবত যিহোেকীনের পুত্র। তিনি মন্দিরের সম্পদের সাথে যিরূশালেমে ফিরে এসেছিলেন, ১:১-১১ পদ। তিনি মন্দিরের ভিত্তি স্থাপন করেছিলেন কিন্তু এটি শেষ করতে পারেন নাই, ৫:১৩-১৭ পদ।
 ২. কোরস ও দারিয়াসের রাজত্বের সময়ে (৪:৫; খ্রীষ্ট পূর্ব ৫২২-৪৮৬) দায়ূদ বংশীয় সরুব্বাবিল শাসনকর্তা নিযুক্ত হয়েছিলেন। শেষ মহাজাজকের বংশীয় যিহোেশূয়ের (যেণ্ডয়া) সাথে তিনি যিরূশালেমে ফিরে এসেছিলেন, ২:১-৭০ পদ।
- খ. সরুব্বাবিল ও যিহোেশূয় দ্বারা যিরূশালেমে *YHWH* এর মোশি সম্বন্ধীয় আরাধনার পুনপ্রতিষ্ঠা হয়েছিল, ৩:১-৬:২২ পদ।
 ১. কুটিরোৎসব পর্ব এবং নিয়মিত উৎসর্গ শুরু হয়েছিল, ৩:১-১৩
 ২. দালান নির্মাণ প্রকল্প শেষ করতে রাজনৈতিক সমস্যা, ৪:১-২৪:
 - ক. মন্দির, ১:৫, ২৪
 - খ. যিরূশালেমের প্রাচীর, ৬-২৩
 ৩. ভাববাদী উৎসাহিত করছিলেন পুনর্নির্মানের কিন্তু অবশ্যই অপেক্ষা করতে হয়েছে পারস্য সরকারী অনুমোদনের, ৫:১-১৭
 ৪. কোরসের রাজাজ্ঞা পাওয়া যায় এবং সরকারী ভাবে মন্দির পুনর্নির্মানের অনুমতি দান করা হয়, ৬:১-২২
- গ. অধ্যাপক ইস্রার অধীনে ভূমীয় প্রত্যাগতরা, ৭:১-১০:৪৪
 ১. ইস্রার বংশতালিকা এবং যিরূশালেমে প্রত্যাগতর্ন, ৭:১-১০
 ২. ইস্রার কাছে Artaxerxes I এর পত্র, ৭:১১-২৬, এবং তার ধন্যবাদের প্রার্থনা, ৭:২৭-২৮
 ৩. প্রত্যাগতর্ন, ৮:১-৩৬
 ৪. মিশ্র বিবাহের সমস্যা, ৯:১-১০:৪৪

VIII. প্রধান সত্য

- ক. ইস্রা/নহিমিয় নির্বাসন উত্তর, পারস্য সময়কালের ধারাবাহিক ইতিহাস যেখানে ২ বংশাবলী শেষ হয়েছে
- খ. এটা দেখায় নির্বাসন প্রত্যাগতদের বংশগত বৈধতা এর দ্বারা:
 ১. গোষ্ঠীগত বিস্তারিত বংশতালিকা;
 ২. লেবীয়দের বিস্তারিত বিভাগ;
 ৩. চারিপাশের জাতিদের তুলনায় প্রত্যাগতদের ধর্মীয় অনন্যতা।
- গ. ঈশ্বর যাকোবের বংশধরদের সাথে নিয়ম পুনস্থাপন করেছেন
- ঘ. এটা দেখায় এক নতুন ধরণের আরাধনার নমুনা যার লক্ষ্য স্থানীয় সমাজগৃহ এবং অধ্যাপক। এটি অবশ্যই, যিরূশালেমের মন্দিরের আরাধনাকে বাদ দেওয়া ছিল না।

IX. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এবং ব্যক্তির সংক্ষিপ্ত ব্যাখ্যা

ক. টার্ম এবং শব্দগুচ্ছ:

১. “যিরমিয় দ্বারা কথিত সদাপ্রভুর বাক্য সিদ্ধির নিমিত্ত,” ১:১ (NIV, “বলা হয়েছে.....”)
২. “স্বর্গের ঈশ্বর,” ১:২ (NASB এবং NIV)
৩. “প্রত্যেকে যাদের মনে ঈশ্বরের আত্মা প্রবৃত্তি দিলেন,” ১:৫ (NIV, “..ঈশ্বর হৃদয় আন্দোলিত হয়েছিল”)
৪. “সদাপ্রভুর গৃহের পাত্রসমূহ,” ১:৭ (NIV, “মন্দিরের অধিকারের জিনিস..”)
৫. উরিম এবং তুমিম, ২:৬৩ (NASB এবং NIV)
৬. “নদীর পরপারের প্রদেশসমূহ,” ৪:১৬ (NIV, “TransEuphrates”)
৭. হস্ত, ৬:৩ (NIV, “ফুট”)
৮. মোশির পুস্তক, ৬:১৮ (NASB এবং NIV)
৯. অধ্যাপক, ৭:৬ (NIV, “শিক্ষক”)
১০. নথীনীয়, ৭:২৪ (NIV, “মন্দিরের সেবাকারী”)

খ. সংক্ষিপ্তাকারে ব্যক্তির পরিচিতি:

১. কোরস, ১:১
৩. মিথ্রোদথ, ১:৮, ৪:১৭
৪. শেষবসর, ১:৮, ১১; ৫:১৪
৫. সরল্‌বাবিল, ২:২
৬. যেণ্ডয়া, ২:২
৭. অহশ্বেরস, ৪:৬ (NIV, Xerxes)
৮. অল্লপ্লর, ৪:১০ (NIV, অশূরবানিপাল)

X. মানচিত্রে অবস্থান (সংখ্যা দ্বারা)

১. ইউফ্রেটিস নদী
২. যিরুশালেম
৩. শমরিয়া
৪. অকবথা, ৬:২


XI. শিক্ষার্থীদের সন্তুষ্টির প্রশ্নাবলী

১. কিভাবে শেষবসর ও সরল্‌বাবিল সম্পর্কযুক্ত?
২. ৩:৬ পদ কি ৫:১৬ পদের সাথে দ্বন্দ্ব সৃষ্টি করে?
৩. কেন ইস্রা ২ অধ্যায়ের তালিকা পুনরায় দেখা যায় নহিমিয় ৭ অধ্যায়ে?
৪. ঈশ্বরের জন্য পারস্যের উপাধীর বৈশিষ্ট্য কি ছিল যা নির্বাসন উত্তর বইগুলিতে *YHWH* এর জন্য ব্যবহৃত হয়েছে?
৫. ভাববাদী হগয় এবং সখরিয় কি করেছিলেন, যা ৫:১ পদে উল্লেখিত হয়েছে, লোকদের উৎসাহিত করেছিলেন তা করতে?
৬. যিহূদীদের কাছে কোরসের রাজাঙা কেন এত গুরুত্বপূর্ণ ছিল?
৭. “মিশ্র বিবাহ” কি ছিল? কেন ইস্রা ও নহিমিয়ের কাছে তা এত গুরুত্বপূর্ণ ছিল?



প্রাচীন
লিফট প্রাচ্য

প্যালেস্টাইন



০ ১০ ২০ ৩০ ৪০
মাইল মাপনি

নহিমিয় পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO NEHEMIAH)

I. পুস্তকটির নাম

- ক. ইস্রা – নহিমিয় MT তে একটি বই যার শিরোনাম ইস্রা। MT এর শেষ নোট এসেছে কেবলমাত্র নহিমিয়ের শেষে।
- খ. বিভিন্ন নামের পরিপূর্ণ আলোচনার জন্য এই বইকে LXX এবং Vulgate এ বলা হয়েছে (ইস্রার পরিচিতি, ১)
- গ. নহিমিয়ের নামের অর্থ “YHWH সাক্ষ্য করেছেন।”

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

- ক. ইস্রা – নহিমিয় বইটি হল হিব্রু ক্যাননের তৃতীয় ভাগের অংশ যাকে বলা হয় “লেখনী সমূহ।”
- খ. এটি “বংশাবলীর” আগে এসেছে যেটি বিশ্বয়কর যেহেতু ঐতিহাসিকভাবে/কালানুক্রম অনুসারে এটি হল বংশাবলীর ঐতিহাসিক বিবরণের ফলাফল। অনেকে এটি ব্যাখ্যা করতে চেষ্টা করেছেন এইভাবে:
১. বংশাবলী হল আদম থেকে কোরস পর্যন্ত বংশাবলীর সারাংশ।
 ২. ইস্রা-নহিমিয় ক্যাননে প্রথম গৃহিত হয়েছিল।
 ৩. বংশাবলী শেষে রাখা হয়েছে কারণ যিহূদীরা চেয়েছে ক্যাননের শেষটা যেন হয় একটি ইতিবাচক নোটে (কোরসের রাজাজ্ঞা)।
 ৪. কেউই সত্যিকার ভাবে জানে না হিব্রু ক্যাননে লেখনী সমূহ” বিভাগের কাঠামোর পরিমাপ বা যুক্তিগত বিষয়।
- গ. প্রথম MT এর হিব্রু সংকলন দুটি বইকে বিভাগ করেছে ১৪৪৮ সনে।
- ঘ. যদিও, অভ্যন্তরীণ প্রমাণ থেকে এটা প্রমাণিত যে তারা আসলে মূলত দুটি বই:
১. ইস্রা ২ অধ্যায়ে বিস্তারিত বংশাবলীর তালিকা আবার বলা হয়েছে নহিমিয় ৭:৬-৭০ পদে। নামগুলি সামান্য ভিন্ন ভাবে বানান করা হয়েছে;
 ২. ইস্রা ৭:২৭-২৮; ৮:১-৩৪; ৯:১ থেকে কয়েকটি পদে “আমি” বিভাগ এবং “আমি” বিভাগ নহিমিয়তে।
- ঙ. কেন দুটি বইকে একত্রিত করা হয়েছিল?
১. বইদুটি একটি ইতিহাস রচনা করেছে।
 ২. এটা জোর দিয়ে বলা হয়েছে যে যে কারণে ইস্রা-নহিমিয় বইদুটি হিব্রু ক্যাননে একত্রিত করা হয়েছে তাহল পুরাতন নিয়মে বইগুলির সংখ্যা হিব্রু বর্ণমালার ব্যঞ্জনবর্ণের সংখ্যার সাথে সমতা নিশ্চিত করতে। এর অর্থ হল যে পরবর্তীতে উল্লেখিত বইগুলি একত্রিত করা হয়েছিল:
- ক. বিচারকর্তৃকগণ এবং রক্ত
- খ. শমুয়েল
- গ. রাজাবলী
- ঘ. বংশাবলী
- ঙ. ইস্রা – নহিমিয়
- চ. যিরমিয় – বিলাপ
- ছ. বারোটি ছোট ভাববাদী
৩. ইস্রার পরিচর্যা কাজ যেটি শুরু হয়েছিল ইস্রা ৭-১০ অধ্যায়ে আর তা চলেছিল নহিমিয় ৮-১০ অধ্যায় পর্যন্ত।
- চ. প্রথম MT এর হিব্রু সংকলন দুটি বইকে বিভাগ করেছে ১৪৪৮ সনে।
- ছ. এটা বেশ কৌতূহলের যে প্রাচীন সিরিয় ক্যানন এবং Mopsuestia এর থিয়ডোর (আন্তিয়খিয়ার শাস্ত্র ব্যাখ্যার বিদ্যালয়ের একজন নেতা) বংশাবলী, ইস্রা এবং নহিমিয় বইগুলি তাদের অনুপ্রাণিত বইয়ের তালিকা থেকে বাদ দিয়েছিল।

III. সাহিত্য রীতি

- ক. দেখুন ইস্রা IV, D (ইস্রা, নহিমিয় এবং বংশাবলীর মধ্যে সাদৃশ্যতা)

খ. দেখুন ইস্রা IV, G (তথ্যাবলীর ব্যবহার)

IV. পুস্তকের রচয়িতা

ক. Baba Bathra ১৫^ক বলছে যে ইস্রা-নহিমিয় একটি বই যেটি লিখেছেন ইস্রা।

খ. Gemara বলেছেন যে নহিমিয় বইটি লিখতে সাহায্য করেছেন (ইস্রা/নহিমিয়)।

V. তারিখ

ক. ১৯ শতক এবং বিংশ শতকের প্রথম দিকের পন্ডিতেরা বিশ্বাস করতেন যে ইস্রা-নহিমিয় এবং বংশাবলী পুস্তক খ্রীষ্ট পূর্ব চতুর্থ শতকে লিখিত হয়েছে কারণ:

১. মহা পুরোহিত যিহোশূয়ের বংশধর যে সরুকাবিলের সাথে দ্বিতীয় প্রত্যাগত দলের সাথে ছিল(কোরসের অধীনে) সে ছিল যদুয়; সে তালিকাভুক্ত হয়েছে নহিমিয় ১২:১০-১১, ১২ পদে।
২. তারা বলতে চেষ্টা করেছে যে এই যদুয় যোষেফাস দ্বারাও উল্লেখিত হয়েছে (*Antiquities*, XI:302-7) মহা পুরোহিত হিসাবে (খ্রীষ্ট পূর্ব ৩৫১-৩৩১) মহান আলেকজান্ডারের খ্রীষ্ট পূর্ব ৩৩৩-৩৩২ অব্দে প্যালেস্টাইন অভিযানের সময়ে;
৩. এটি সরুকাবিলের ষষ্ঠ প্রজন্মের সাথে সংযুক্ত করেছে যেটি বংশাবলী ৩:১৯-২৪ পদে তালিকাভুক্ত হয়েছে;
৪. এই পন্ডিতদের অধিকাংশই আরও সমর্থন করেছেন এই মতামতকে যে ইস্রা Artaxerxes II (খ্রীষ্ট পূর্ব ৪০৪-৩৫৮) এর সময়ে ফিরে এসেছিলেন যখন নহিমিয় ফিরে এসেছিল Artaxerxes I (খ্রীষ্ট পূর্ব ৪৬৫-৪২৪) এর রাজত্বের সময়ে;
৫. নহিমিয় ১২:২৬, ৪৭ পদ দেখায় পরবর্তী সম্পাদক/সংকলক।

খ. বিংশ শতকের শেষ দিকে রক্ষণশীল পন্ডিতেরা বলতে চেষ্টা করেছেন যে এই তিনটি বইয়ের তারিখ খ্রীষ্ট পূর্ব ৫ম শতক সময়কালীন কারণ:

১. নহিমিয় ১২:১০-১১, ২২ পদের যদুয় সম্ভবত ছিলেন:
 - ক. খুব ছোট যখন তার কথা উল্লেখিত হয়েছিল এবং দীর্ঘ দিন বেঁচে ছিলেন। তিনি মহা পুরোহিত হিসাবে নহিমিয়ের তালিকায় তালিকাভুক্ত হন নাই;
 - খ. একই যদুয় নয় কিন্তু একই নামের নাতি (*Expositor's Bible Commentary*, vol. 4 p. 596-586);
 - গ. যোষেফাস ভুল ভাবে পারস্য সময়কাল সংক্ষিপ্ত করেছেন কারণ পারস্য শাসকদের নাম পুনরাবৃত্তি হয়েছে খ্রীষ্ট পূর্ব ৫ম ও ৪র্থ শতকে:
 - (১) অর্তক্ষস্ত
 - (২) দারিয়াস
২. ১ বংশাবলী ৩:১৯-২৪ পদে সরুকাবিলের বংশতালিকা শুধুমাত্র গিয়েছে:
 - ক. দুই প্রজন্ম (Young & Harrison)
 - খ. চার প্রজন্ম
৩. প্রধান ঘটনাবলীর কোন ঐতিহাসিক পরোক্ষ উল্লেখ নেই যা খ্রীষ্ট পূর্ব চতুর্থ শতকে পলেষ্টিয়াকে প্রভাবিত করেছিল:
 - ক. মহান আলেকজান্ডারের অভিযান (খ্রীষ্ট পূর্ব ৩৩৩-৩৩২)
 - খ. বিদ্রোহ যেটি Artaxerxes III দমন করেছিলেন (খ্রীষ্ট পূর্ব ৩৫৮-৩৩৮)
৪. এটি সম্ভব যে যদি যদুয় মহান আলেকজান্ডারের সমকালীন হয় তাহলে লেবীয়দের এই তালিকা বইটিতে পরবর্তীকালে সম্পাদক দ্বারা সংযুক্ত হয়েছে, চেষ্টা করা হয়েছে বইটিকে হালনাগাদ করতে (Young)। নহিমিয় ১২:২৬,৪৭ পদে “নহিমিয়ের সময়ে” শব্দগুচ্ছ সম্পাদকের বিষয়ে প্রমাণ দেয়।
৫. ইস্রা এবং নহিমিয় একত্রে উপস্থাপিত হয়েছে যিরুশালেমে; আলাদা ভাবে বিভিন্ন রাজতন্ত্রে নয়:
 - ক. ব্যবস্থা পাঠ, নহিমিয় ৮:৯;
 - খ. যিরুশালেমের প্রাচীর উৎসর্গ, নহি ১২:২৬, ৩৬ পদ।

VI. উৎস সমর্থিত ঐতিহাসিক অবস্থান

ক. Elephantine papyri (খ্রীষ্ট পূর্ব ৪০৮) ইস্রা/নহিমিয়তে উল্লেখিত বেশ কিছু লোকের নামের তালিকা করেছে:

১. সনবল্লট, শমরিয়ার শাসনকর্তা, নহিমিয় ২:১০,১৯; ৪:১;
২. যোহানন, মহা পুরোহিত ইলিয়াশিবের নাতি, নহিমিয় ১২:১০-১১, ২২, ২৩;
৩. সুনির্দিষ্ট ভাবে এই লোকদের উল্লেখ নিশ্চিত করে যে ইস্রা এবং নহিমিয় Artaxerxes I (খ্রীষ্ট পূর্ব ৪৬৪-৪২৪) সময়ে বাস করতেন এবং কাজ করতেন।

- খ. Samaritan papyri আমাদেরকে দিয়েছে Horowitz সনবল্লট থেকে খ্রীষ্ট পূর্ব ৩৩২ অব্দে মহান আলেকজান্ডার কর্তৃক নগরটি ধ্বংস হওয়া পর্যন্ত শমরিয়ার সকল শাসনকর্তার তালিকা। সেগুলি আরও দেখায় যে নহিমিয় ১৩:২৮ পদের ঘটনা এবং যোষেফাস দ্বারা লিপিবদ্ধ ৩য় সনবল্লটের সময়ে এই একই ধরণের ঘটনা একই ছিল না।

VII. সাহিত্য একক (প্রসঙ্গ)

- ক. নহিমিয় যিরূশালেম নগরীর প্রাচীন পুনর্নির্মাণ করেছিলেন (নগরটিকে ছোট করে ফেলেছিলেন), নহি ১:১-৭:৭৩:
১. first person এ ভূমিকা, ১:১-২:২০ পদ;
 ২. ৫২ দিনে প্রাচীন পুনর্নির্মাণ, ৩:১-৬:১৯;
 ৩. নহিমিয়ের ভাই হনানী, তাকে নগরের দায়িত্ব দেওয়া হয়েছিল, ৭:১-৭৩ পদ।
- খ. ইস্রায়েল আত্মিক সংস্কার (ধারাবাহিক ভাবে ইস্রা ৭-১০ অধ্যায় পর্যন্ত), ৮:১-১০:৩৯:
১. ইস্রা ব্যবস্থা পাঠ করেছিলেন এবং লোকেরা সাড়া প্রদান করেছিল, ৮:১-৯; ৪;
 ২. যিহূদীদের পক্ষে YHWH এর কাজ খতিয়ে দেখা, ৯:৫-৩১;
 ৩. লোকেরা YHWH এর আরাধনা করার এবং তাঁর মন্দিরে সাহায্য করার শপথে নিজেরা আবদ্ধ হয়েছিল (চুক্তি নবায়ন) ৯:৩২-১০:৩৯ পদ।
- গ. নহিমিয়ের প্রশাসনিক সংস্কার, ১১-১৩:
১. নহিমিয়ের প্রথম যিরূশালেমে ফিরে আসা, ১১-১২:
 - ক. যিরূশালেমের লোকদের প্রতিষ্ঠা করা, ১১:১-৩৬;
 - খ. যাজক ও লেবীয়দের তালিকাভুক্তকরণ, ১২:১-২৬, ৪৪-৪৭;
 - গ. যিরূশালেমের প্রাচীর উৎসর্গকরণ, ১২:২৭-৪৩।
 ২. নহিমিয়ের দ্বিতীয়বার যিরূশালেমে ফিরে আসা, ১৩:১-৩১
 - ক. চুক্তি লংঘন, ১৩:১-৫
 - খ. সংস্কার, ১৩:৬-৩১:
 - (১) টোবিয়াকে মন্দিরের পরিষদ থেকে অপসারিত করা হয়, ১৩:৪-৫, ৮-৯;
 - (২) মন্দিরে উৎসর্গ, ১৩:১০-১৪;
 - (৩) মিশ্র বিবাহ, ১৩:১-৩, ২৩-২৯;
 - (৪) মন্দিরের জন্য বন্দোবস্ত, ১৩:৩০-৩১।

VIII. প্রধান সত্য

- ক. ইস্রায়েল বইতে যে ইতিহাস শুরু হয়েছিল এই বইতে তার ধারাবাহিকতা চলেছে। দুটি বইতেই লিপিবদ্ধ হয়েছে প্রতিজ্ঞাত দেশে নিয়মের সমাজের পুনর্প্রতিষ্ঠার কথা।
- খ. যেভাবে ইস্রায়েল নতুন সমাজের আত্মিক ও নিয়মের জীবন সম্পর্কে উদ্ভিগ্ন ছিলেন, সেভাবে নহিমিয় উদ্ভিগ্ন ছিলেন:
১. নগরের চারিদিকে সুরক্ষার প্রাচীর;
 ২. নগরের প্রশাসনিক দিকগুলি।
৩. ইস্রায়েল এবং নহিমিয় উভয়ে নিয়মের (মোশীর) বিশ্বস্ততার বিষয়ে উদ্ভিগ্ন ছিলেন। প্রতিমাপূজা ছাড়া, ঈশ্বরের লোকদের পাপ, নির্বাচন উত্তর সমাজের মধ্যে চলমান ছিল।

IX. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এবং ব্যক্তির সংক্ষিপ্ত ব্যাখ্যা

- ক. টার্ম এবং শব্দগুচ্ছ:
১. পানপাত্রবাহক, ১:১১ (NASB এবং NIV)
 ২. নিশান, ২:১
 ৩. “তাহার উপরে যদি শিয়াল উঠে, তবে তাহাদের সেই পাথরের প্রাচীর ভাঙ্গিয়া পড়বে,” ৪:৩ (NIV, “এমনকি যদি কোন শিয়াল এর উপরে ওঠে, তাহলে সে তাদের পাথরের দেওয়াল ভেঙ্গে ফেলবে”)
 ৪. “আমাদের কন্যাদের জোর করে বন্দি করা হয়েছে,” ৫:৫ (NIV, “..ইতিমধ্যে ক্রীতদাসী হয়েছে”)
 ৫. “আমি আপন কোলের কাপড় বাড়িয়া,” ৫:১৩ (NIV, “..আমার আলখাল্লার ভাজ”)
 ৬. একটি মেঘস্তম্ভ, ৯:১২ (NASB এবং NIV)


৭. দর্শনরুটি, ১০:৩৩ (NIV, “রুটি যা টেবিলে সাজিয়ে রাখা হয়েছে”)
৮. চালিয়ে যাওয়া..., ১০:৩৩ (NIV, “নিয়মিত”)
৯. প্রথম ফল, ১০:৩৫ (NIV, “প্রথমফল”)
১০. প্রতি দশজনে একজনকে যিরূশালেমে বাস করাইবার জন্য গুলিবাট করিল,” ১১:১ (NASB এবং NIV)
১১. “মোশির পুস্তক,” ১৩:১ (NASB এবং NIV)
- খ. সংক্ষিপ্তাকারে ব্যক্তির পরিচিতি:
 ১. হনানী, ১:২
 ২. অম্মোণীয় টোবিয়, ২:১০,১৯
 ৩. হোরোণীয় সনবল্লট, ২:১০,১৯
 ৪. আরবিয় গেশেম, ২:১৯
 ৫. আসফ, ১১:১৭
 ৬. যিদুথুন, ১১:১৭
 ৭. ১ অর্তক্ষত, ১৩:৬

X. মানচিত্রে অবস্থান

১. শমূশন, ১:১
২. অসদোদ, ৪:৭
৩. “Chephirim, ওনো সমস্থলী,” ৬:২ (NIV, “ওনো সমস্থলীতে পল্লীগ্রাম”)



XI. শিক্ষার্থীদের সম্ভটির প্রশ্নাবলী

১. কেন নহিমিয় এত দুঃখিত ছিলেন?
২. কিভাবে তিনি তার দুঃখকে প্রকাশ করেছিলেন?
৩. কেন নহিমিয় পারস্য সৈন্য (২:৯) নিয়েছিলেন কিন্তু ইস্রা নেন নাই?
৪. নহিমিয়ের প্রাথমিক কাজ কি ছিল?
৫. কেন দরিদ্র যিহুদীরা ধনী যিহুদীদের উপরে এত রেগে ছিল (৫ অধ্যায়)?
৬. যিহুদী লোকদের জন্য ঈশ্বরের কাজ হিসাবে ৯ অধ্যায়ের রূপরেখা করুন।
৭. ৯:১৭ পদে ঈশ্বরের বৈশিষ্ট্যের তালিকা করুন এবং সেগুলির সংক্ষিপ্ত ব্যাখ্যা করুন।
৮. যিরূশালেমে কেন কেউ বাস করতে চাইতো না (১১ অধ্যায়)?
৯. নহিমিয় কেন মিশ্র বিবাহের বিষয়ে এত হতাশ হয়ে পড়েছিলেন?



ପ୍ରାଚୀନ
ଲିକଟ୍ ପ୍ରାଚ୍ୟ

প্যালেস্টাইন



ইষ্টের পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO ESTHER)

I. পুস্তকটির নাম

- ক. পারস্য রাণীর পরবর্তী রাণী এই বইয়ের নাম।
- খ. হিব্রুতে তার নাম হাদসা যার অর্থ গুল্ম (২:৭)। এই টার্মটি যিহূদীদের মধ্যে আনন্দের জন্য প্রতিকি (সখ ১:৮)।
- গ. পারস্যতে তার নামের অর্থ “তারকা।”

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

- ক. এই বইটি হিব্রু ক্যাননে অর্ন্তভুক্ত হতে সমস্যা হয়েছিল:
১. সম্ভবত এটি যেহেতু উল্লেখ করেনি:
 - ক. ঈশ্বরের যে কোন নাম;
 - খ. মন্দির
 - গ. মোশির ব্যবস্থা;
 - ঘ. উৎসর্গ;
 - ঙ. যিরূশালেম;
 - চ. প্রার্থনা (যদিও প্রয়োগ হয়েছে)।
 ২. মরু সাগরের পুঁথি যেটি ১৯৪৭ সালে পাওয়া গিয়েছিল সেখানে পুরাতন নিয়মের প্রতিটি বইয়ের কপি (সম্পূর্ণ বা আংশিক) পাওয়া গিয়েছিল ইষ্টের পুস্তকটি ছাড়া
 ৩. ইষ্টের, রুতের মতই, নতন নিয়ম এই দুটি বই থেকে কোন উদ্ধৃতি করেনি
 ৪. বইটি ব্যাখ্যাকারকদের কাছ থেকে মিশ্র প্রতিক্রিয়া লাভ করেছে:
 - ক. যিরূশালেম তালমুদ (Megilla ৭^b) বলে যে হিব্রু ক্যাননের “ভাববাদী” বিভাগ এবং “লেখনীসমূহ” বিভাগ হতে পারে শেষ হয়েছে কিন্তু তোর বা ইষ্টের নয়। সেগুলি কখনই বিনষ্ট হয়নি (E. J. Young থেকে নেওয়া হয়েছে);
 - খ. Maimonides, মধ্য যুগের একজন যিহূদী ব্যাখ্যাকারক (১২০৪ সন) বলেছেন যে গুরুত্বের দিক দিয়ে এটি মোশির ব্যবস্থার পরেই ছিল;
 - গ. Martin Luther, প্রোটেষ্ট্যান্ট সংস্কারক, বলেছেন এটি ক্যানন থেকে বাদ দেওয়া উচিত কারণ এটি খুবই Judaistic (তিনি আরও যাকোব ও প্রকাশিত বাক্যের বেলাতেও এটি বলেছেন)।
 ৫. এটি বিতর্কিত বইয়ের একটি ৭০ সনের পরে ফরীশী Jamnia দ্বারা আলোচিত হয়েছে।
 ৬. “উপদেশকের” লেখক, যাকে আরও বলা হয় “Ben Sirah এর প্রজ্ঞা” যিনি খ্রীষ্ট পূর্ব ১৮০ অব্দের দিকে লিখেছেন, তিনি কখনোই ইষ্টের কথা বলেন নাই।
 ৭. এটি মনে হয় বইটি যিহূদী ক্যাননে গৃহিত হয়েছে মোশির ব্যবস্থার বাইরে পুরিম (৯:২৮-৩১) উৎসবের উৎপত্তির বিষয়ে ব্যাখ্যা করতে। ২ ম্যাক্কাবী ১৫:৩৬ পদে পুরিমকে বলা হয়েছে “মর্দখয়ের দিন।”
- খ. ইষ্টের বইটি হল পাঁচটি গুটানো/গুটানো পুস্তকের বিশেষ তালিকার একটি অংশ যাকে বলা হয়েছে *Megilloth*। পাঁচটি ছোট বই হল: রুত, উপদেশক, পরমগীত, বিলাপ এবং ইষ্টের, এই বইগুলি হিব্রু ক্যাননের “লেখনীসমূহ” বিভাগের অন্তর্গত। বইগুলির প্রত্যেকটি পৃথক বাৎসরিক উৎসবের দিনে পাঠ করা হয়। পুরিম উৎসবে ইষ্টের বইটি পাঠ করা হয়।
- গ. ইষ্টের টেক্সট ব্যাপক ভাবে MT এবং LXX মধ্যে ভিন্নতর। LXX তে অনেক দীর্ঘ এবং অর্ন্তভুক্ত রয়েছে ইষ্টের ও মর্দখয়ের প্রার্থনা। এটা হতে পারে সাহায্যকারী হিসাবে যুক্ত করা হয়েছে যেন যিহূদী ক্যাননে গৃহিত হতে পারে।
- ঘ. Hippo (৩৯৩ সন) এবং Carthage (৩৯৭ সন)এর মন্ডলীর পরিষদ খ্রীষ্টিয়ান বাইবেলের ইষ্টের স্থান নিশ্চিত করেছিল।

III. সাহিত্য রীতি

- ক. এটি ঐতিহাসিক বর্ণনামূলক (১০:২ পদে পাঠককে উৎসাহিত করা হয়েছে তার নিজের জন্য পারস্য দরবারের নথিপত্র থেকে মর্দখয়ের বিবরণ পাঠ করতে)

- খ. কেউ কেউ বলবেন ঐতিহাসিক রূপকথা (উপন্যাস) আত্মিক সত্যকে প্রকাশ করেছে
১. ব্যঙ্গ ব্যবহারে
 ২. সতর্কতার সাথে পরিকল্পিত
 ৩. প্রধান চরিত্রকে ইতিহাস থেকে জানা যায় না

IV. পুস্তকের রচয়িতা

- ক. এই অজ্ঞাতনামা বইটির লেখক কে তা নিয়ে অনেক তত্ত্ব প্রচলিত রয়েছে:
১. রাব্বি Azarias বলেছেন যে ১ম দারিউসের রাজত্বের সময়ে মহা পুরোহিত যোয়াকিম, খ্রীষ্ট পূর্ব ষষ্ঠ শতকের শেষ দিকে এটি লিখেছেন;
 ২. তালমুদ, Baba Bathra ১৫^b বলেছে যে মহা সমাজগৃহের লোকেরা ইস্টের ভূমিকার কথা লিখেছেন। এটি দৃশ্যত যিরূশালেমের নেতাদের একদল লোক যার শুরু করেছিলেন ইস্রা যেটি পরবর্তীতে মহাসভায় পরিণত হয়েছিল। যদিও টার্ম “লিখেছেন” ব্যবহৃত হয়েছে তথাপি এর অর্থ হবে মনে হয়: “সম্পাদনা,” “সংকলন,” বা “সংগ্রহ” করা হয়েছে;
 ৩. Iben Esra, Clement of Alexandria এবং Josephus (*Antiquities*, ১১:৬:১) বলেছেন মর্দখয় এটি লিখেছেন কিন্তু ইস্টের ১০:৩ পদ মনে হয় এর সাথে দ্বন্দ্ব সৃষ্টি করে (যদি না পরবর্তীতে সম্পাদক দ্বারা যুক্ত হয়);
 ৪. Isidore এবং Augustine বলেছেন যে ইস্রা এটি লিখেছেন।
- খ. এটা স্পষ্ট যে কেউই জানে না। এটা মনে হয় নিশ্চিত যে পারস্যে নির্বাসিত কোন যিহুদী ছিলেন যিনি পারস্য রাজ দরবার সম্বন্ধে ওয়াকিবহাল ছিলেন।
- গ. এই অজ্ঞাত লেখকের ব্যবহৃত উৎসসমূহ:
১. মর্দখয়ের স্মৃতি, ৯:২০;
 ২. পারস্যের ঐতিহাসিক তথ্যাবলী, ২:২৩; ৩:১৪; ৪:৮; ৬:১; ৮:১৩; ১০:২;
 ৩. সম্ভবত প্রচলিত মৌখিক ঐতিহ্য, বিশেষ করে প্রদেশে যা ঘটেছিল;
 ৪. ৯:৩২ পদের “পুস্তক” বলতে কি উল্লেখ করেছে তা অনিশ্চিত।

V. তারিখ

- ক. এই বইটি অহশ্বেরস নামে একজন পারস্য রাজার নাম করেছে, যার পারস্যের অর্থ “পরাক্রান্ত লোক।” বেশির ভাগ পণ্ডিত একমত যে ইনি হলেন সেই রাজা যাকে ইতিহাস জানে গ্রীক উপাধি নামে Xerxes I (খ্রীষ্ট পূর্ব ৪৮৬-৪৬৫)
- খ. LXX এবং Josephus, যদিও, তারেক “অর্তক্ষস্ত” যেটি Xerxes এর উত্তরাধিকারী Artaxerxes I এর উপাধি ছিল (খ্রীষ্ট পূর্ব ৪৬৫-৪২৪)
- গ. ইস্টের প্রথম অধ্যায়, হতে পারে প্রতিফলিত করেছে গ্রীস অভিযানের জন্য পারস্যের পরিকল্পনার অধিবেশন। আমরা ঐতিহাসিক হেরোডোটাস (২:৮) থেকে জানি যে পারস্য গ্রীস অভিযান করেছে এবং খ্রীষ্ট পূর্ব ৪৮০ অব্দে পিরে আসতে বাধ্য হয়েছে। তিনি বলেছেন যে পারস্যের রাজা নিজ দেশে ফিরে আসেন এবং তার হারের বেশি সময় দিতে থাকেন (৯:১০৮)।
- ঘ. বাইবেলের কালানুক্রমের জন্য বইটি উচিত ছিল ইস্রা ৬ এবং ৭ অধ্যায়ের মাঝখানে রাখা। ইস্রার বিবরণে এখানে ৫৭ বছরের একটি গ্যাপ রয়েছে। একজনর মানুষ হিসাবে ইস্রাকে ৭ অধ্যায়ের আগে পরিচিত করানো হয়নি।
- ঙ. ইস্টের ১০:১-৩ ইঙ্গিত দেয় Xerxes I এর মৃত্যুর পরের একটি সময়। খ্রীষ্ট পূর্ব ৪৬৫ অব্দে তিনি গুপ্তঘাতকের হাতে নিহত হন।
- চ. তারিখ খ্রীষ্ট পূর্ব ১৫ শতকের শেষ দিক মনে হয় বিশ্বাসযোগ্য কারণ:
১. ইস্টেরে হিব্রু গঠন বংশাবলী, ইস্রা এবং নহিমিয়ের মত;
 ২. পারস্য থেকে নেওয়া শব্দের উপস্থিতি;
 ৩. লেখকের পারস্যের প্রথাসমূহ ও দরবারের জীবন সম্পর্কে জ্ঞান। এর একটি উদাহরণ হতে পারে ১:৬-৮, ১০ পদ।

VI. উৎস সমর্থিত ঐতিহাসিক অবস্থান

- ক. Nippur এর কীলককার ফলক লিখিত হয়েছে ১ম অর্তক্ষতের রাজত্বকালে (খ্রীষ্ট পূর্ব ৪৬৫-৪২৪) যেটি নিশ্চিত করেছে খ্রীষ্ট পূর্ব ৫৩৮ অব্দে ২য় কোরসের ফিরে যাবার অনুমতি দানের পরে এক বিশাল যিহুদী জনগোষ্ঠীর মেসোপটেমিয়ায় উপস্থিতি।

খ. Heroditus এর ইতিহাস:

১. Xerxes I এর সম্বন্ধে Heroditus এর ইতিহাস মনে হয় ইষ্টেরের গল্পের সময়কালের সাথে খাপ খায়:
ক. গ্রীস আক্রমণের পরিকল্পনার জন্য জনসাধারণকে একত্রিত হবার জন্য আহ্বান;

খ. তার পরাজয়ের পরে তিনি তার হারমে বেশি সময় কাটান;

গ. Xerxes কে বর্ণনা করেছে একজন খামখেয়ালী, স্বেচ্ছাচারী ও আবেগ প্রবণ মানুষ হিসাবে।

২. এটি যদিও, উভয় দিকেই কাটে। Heroditus এছাড়াও Xerxes I র স্ত্রীর নাম করেছেন ও বর্ণনা করেছেন। তার নাম ছিল Amestris, এবং সে এসেছিল “সাত পরিবার” থেকে। পারস্য রাজার সাতজন ঘনিষ্ঠ পরামর্শক ছিল (১:১৪)। Heroditus উল্লেখ করেছেন যে এমেস্ট্রিস Xerxes I এর গ্রীক অভিযানে সঙ্গি হয়েছিলেন।

গ. Persepolis এর Elamite ফলক (১ দারিয়াস ও Xerxes I এর রাজত্বকালে) মর্দখয়েরে নাম করেছে ফটকের একজন সরকারী কর্মচারী হিসাবে।

VII. সাহিত্য একক (প্রসঙ্গ)

ক. NIV Study Bible এর রূপরেখা খুবই সাহায্যকারী। এটি ইষ্টেরের তিনটি পর্বের ব্যবহার করেছে গল্প অনুসরণের কাঠামো হিসাবে:

১. রাজার পর্ব, ১:১-২:১৮;

২. ইষ্টেরের পর্ব, ২:১৯-৭:১০;

৩. পুরিম পর্ব, ৮-১০ অধ্যায়।

খ. বিশদ রূপরেখার জন্য:

১. NIV Study Bible, p. 719

২. *Expositor's Bible Commentary*, vol. 4, p. 796

VIII. প্রধান সত্য

ক. স্পষ্টত বইটি ব্যাখ্যা করেছে মোশির ব্যবস্থার বাইরে বাৎসরিক পুরিম উৎসবের উৎপত্তি (৯:২৮-৩২)। মোশির ব্যবস্থার বাইরে আর একটি বাৎসরিক যিহুদী পর্ব হল Hanukkah। NIV Study Bible এর ১৭৬ পৃষ্ঠায় একটি উত্তম তালিকা রয়েছে।

খ. এটা ছিল অত্যাচারের সময়ে ঈশ্বরের প্রতি বিশ্বস্ততার জন্য উৎসাহজনক (বিশেষ করে যারা নির্বাসনে ছিল তাদের জন্য)।

গ. এটি স্পষ্ট ভাবে প্রদর্শন করেছে ইতিহাসে ঈশ্বরের পরিচয়নার হস্তকে, কেবল মাত্র ইশ্রায়েলে নয় বরং পারস্যেও। ঈশ্বরে যে কোন নামের এবং সাধারণ যিহুদী আত্মিক অনুশীলনের যে কোন উল্লেখের অনুপস্থিতি () ছিল আক্ষরিক ব্যর্থতা মানবিক সকল ইতিহাসে ঈশ্বরের রহস্যময় প্রভাব এবং নির্দেশনার প্রতি গুরুত্ব দানের (৪:১৪)।

ঘ. কেউ কেউ বইটিকে দেখেন নিয়মে আবদ্ধ সমাজের এবং সেই সাথে মশীহের ধংসের জন্য শয়তানের আর একটি প্রচেষ্টা!:

১. আদমের পতন;

২. দূতদের মানুষের সাথে মিশে যাওয়া (আদি ৬);

৩. আব্রাহাম ও ইসহাকের তাদের স্ত্রীদের দুরে পাঠানো;

৪. ইষ্টেরে যিহুদী লোকদের ধংস।

IX. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এবং ব্যক্তির সংক্ষিপ্ত ব্যাখ্যা

ক. টার্ম এবং শব্দগুচ্ছ:

১. “সন্ত নপুংসক,” ১:১০ (NASB এবং NIV)

২. “পারস্য ও মাদীয় সন্ত অধ্যক্ষ,” ১:১৪ (NIV, “সন্ত সম্ভ্রান্ত ব্যক্তি...”)

৩. “পারস্য ও মাদীয় আইন তাই এটি অন্যথা করা যায় না,” ১:১৯ (NASB এবং NIV)

৪. উপপত্তি, ২:১৪ (NASB এবং NIV)

৫. অগাগীয়, ৩:১০; ৮:৫ (NASB এবং NIV)

৬. পুর, ৩:৭; ৯:২৪ (NASB এবং NIV)

৭. মোহর করার আংটি, ৩:১০; ৮:২ (NASB এবং NIV)

৮. প্রাদেশিক শাসনকর্তা, ৩:১২ (NASB এবং NIV)
৯. “স্বর্ণময় রাজদণ্ড,” ৪:১১; ৫:২ (NASB এবং NIV)
১০. “পঞ্চাশ হস্ত উচ্চ ফাঁসিকাঠ,” ৫:১৪; ৭:৯-১০ (NIV, “পচাত্তর ফুট উচ্চ”)
১১. “পুরিমের এইসব দিন,” ৯:২৮-৩২ (NASB এবং NIV)


খ. সংক্ষিপ্তাকারে ব্যক্তির পরিচিতি:

১. অহশ্বেরস, ১:১ (NIV, “Xerxes”)
২. বষ্টি, ১:৯
৩. মর্দখয়, ২:৫
৪. অগাগীয় হামন, ৩:১

X. মানচিত্রে অবস্থান – কোন মানচিত্র নেই



XI. শিক্ষার্থীদের সম্ভ্রুতির প্রশ্নাবলী

১. কেন রাজার পরামর্শকেরা বষ্টির প্রত্যাখানে হতাশ হয়েছিল (১:১৬-২২)?
২. মর্দখয় কেন হামনের কাছে মাথা নত করতো না?
৩. কেন হামন সকল যিহুদীকে ধংস করতে চাইতো একজন যিহুদী তার কাছে মাথা নত না করার কারণে?
৪. যিহুদীদের ধংস করার জন্য হামন রাজার কাছে কি যুক্তি দেখিয়েছিল (৩ অধ্যায়)?
৫. ৪:১-৩ পদে লিপিবদ্ধ যিহুদীদের শোক করার অনুষ্ঠানের বৈশিষ্ট্যের তালিকা করুন।
৬. কিভাবে যোগানদানের ধর্মতাত্ত্বিক মতবাদ ৪:১৪ পদের সাথে সম্পর্কিত?
৭. ৮:১৭ পদ সম্ভবত কিভাবে এই বইয়ের উদ্দেশ্যের সাথে খাপ খায়?



ପ୍ରାଚୀନ ଲିକଟ୍ ପ୍ରାଚ୍ୟ

প্যালেস্টাইন



প্রজ্ঞা সাহিত্যের ভূমিকা

(INTRODUCTION TO WISDOM LITERATURE)

I. সাহিত্য রীতি

ক. প্রাচীন নিকট প্রাচ্যের একটি প্রচলিত সাহিত্য রূপ

১. মেসোপটেমিয়া (১ রাজা ৪:৩০; যিশা ৪৭:১০; দানি ২:২)

ক. সুমেরিয়ার উপদেশ মূলক ও মহাকাব্যিক (NIPPUR) উয়য়েরই একটি উন্নত প্রজ্ঞার ঐতিহ্য ছিল।

খ. বাবিলের উপদেশক মূলক প্রজ্ঞা সংযুক্ত ছিল যাজক/যাদুকরদের সাথে। এটা সাধারণ লক্ষ্য ছিল না। এটি ইস্রায়েলের মত উন্নত সাহিত্য রীতি ছিল না।

গ. অশূরিয়ারও একটি প্রজ্ঞার ঐতিহ্য ছিল, Ahiqar এর শিক্ষা। তিনি ছিলেন সনহেরিবের একজন পরামর্শক (খ্রীষ্ট পূর্ব ৭০৪-৬৮১)।

২. মিশর (১ রাজা ৪:৩০)

ক. “Vizier Ptah-hotep এর জন্য শিক্ষা” লেখা হয়েছে খ্রীষ্ট পূর্ব ২৪৫০ অব্দের দিকে। তার শিক্ষা ছিল অনুচ্ছেদে প্রবচনের রূপে নয়। সেগুলির কাঠামো করা হয়েছিল একজন পিতা তার পুত্রের প্রতি, সেরকমই “King Meri-ka-re এর জন্য শিক্ষা” লেখা হয়েছে খ্রীষ্ট পূর্ব ২২০০ অব্দের দিকে।

খ. Amen-em-opet এর প্রজ্ঞা, লেখা হয়েছে খ্রীষ্ট পূর্ব ১২০০ অব্দের দিকে, যেটি হিতো ২২:১৭-২৪:২২ পদের মত একই রকমের।

৩. ফৈনিকীয়া

খ. Ugarit এর আবিষ্কার দেখিয়েছে ফৈনিকীয়ার ও হিব্রু প্রজ্ঞার মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক, বিশেষ করে ছন্দে। বাইবেলের প্রজ্ঞা সাহিত্যে অনেক অস্বাভাবিক রূপ এবং দুর্লভ শব্দ রয়েছে যেগুলি Ras Shamra (Ugarit) এর প্রত্নতাত্ত্বিক আবিষ্কারের ফলে এখন বোধগম্য হয়েছে।

ন. পরমগীত অনেকটা ফৈনিকীয়ার বিবাহ গীতের সাদৃশ্যপূর্ণ যাকে বলা হয়েছে *wasps*, লিখিত হয়েছে খ্রীষ্ট পূর্ব ৬০০ অব্দের দিকে।

৪. কনান (যির ৪৯:৭; ওবদীয় ৮) – Albright প্রকাশ করেছেন হিব্রু ও কনানীয় প্রজ্ঞা সাহিত্যের মধ্যকার সাদৃশ্যতা বিশেষ করে Ugarit এর Ras Shamra টেক্সট, লেখা হয়েছে খ্রীষ্ট পূর্ব ১৫ শতকের দিকে।

ক. জোড়া হিসাবে প্রায়ই একই শব্দ আবির্ভূত হয়েছে

খ. chiasmus এর উপস্থিতি

গ. লেখনীর উপরে লেখা

ঘ. সংগীত সংক্রান্ত স্বরলিপি

৫. বাইবেলের প্রজ্ঞা সাহিত্য অন্তর্ভুক্ত করেছে বেশ কিছু ইস্রায়েলীয় নয় এমন কিছু লেখনী:

ক. ইদোম থেকে ইয়োব

খ. মাসা থেকে অগুড (সৌদি আরবের একটি ইস্রায়েলীয় রাজ্য (আদি ২৫:১৪ এবং ১ বংশ ১:৩০))

গ. মাসা থেকে লমুয়েল

খ. সাহিত্যের বৈশিষ্ট্যসমূহ

১. প্রাথমিক ভাবে দুটি স্বতন্ত্র প্রকার

ক. প্রবচনমূলক (উৎপত্তিগত ভাবে মৌখিক)

(১) সংক্ষিপ্ত

(২) সহজে সংস্কৃতিগত ভাবে বোধগম্য (একই রকম অভিজ্ঞতা)

(৩) চিন্তা উদ্বেককারী – সত্যের বিবৃতির আকর্ষক

(৪) সাধারণত তুলনা ব্যবহার করে

(৫) সাধারণ ভাবে সত্য কিন্তু সব সময়ই সুনির্দিষ্ট ভাবে প্রয়োগযোগ্য

খ. বিশেষ বিষয়ের দীর্ঘতর উন্নয়ন, সাহিত্য কাজ (সাধারণ ভাবে লিখিত) যেমন ইয়োব, উপদেশক এবং যোনা...

(১) একজনের বচন

(২) কথোপকথন

(৩) প্রবন্ধ

(৪) সেগুলি আলোচনা করে জীবনের প্রধান প্রশ্নাবলী ও রহস্যসমূহ

(৫) জ্ঞানীরা ধর্মতাত্ত্বিক ঘটনাসমূহের বর্তমান অবস্থা সম্পর্কে চ্যালেঞ্জ জানাতে ইচ্ছুক!

গ. প্রজ্ঞার ব্যক্তিরূপদান (সব সময়ই মহিলা)। প্রজ্ঞা টার্মটি ছিল স্ত্রীবাচক।

(১) হিতোপদেশে প্রায়ই মহিলা হিসাবে প্রজ্ঞাকে বর্ণনা করা হয়েছে

ক) ইতিবাচক ভাবে:

- (১) ১:২০-৩৩
 (২) ৮:১-৩৬
 (৩) ৯:১-৬
 খ) নেতিবাচক ভাবে:
 ১) ৭:৬-২৭
 ২) ৯:১৩-১৮

(২) হিতো ৮:২২-৩১ পদে প্রজ্ঞাকে ব্যক্তিরূপে দান করা হয়েছে সৃষ্টির প্রথমজাত হিসাবে যেটি ঈশ্বর দ্বারা সকলের সাথে সৃষ্ট হয়েছিল (৩:১৯-২০)। এটি মনে হয় যোহনের ১:১ পদে “logos” ব্যবহারের প্রেক্ষাপট যা মশীয়া যীশুকে উল্লেখ করেছে।
 (৩) এটা আরও দেখা যেতে পারে উপদেশক ২৪ অধ্যায়ে।

২. এই সাহিত্য ব্যবস্থা ও ভাববাদী থেকে অনন্য এই জন্য যে এটি ব্যক্তিকে উদ্দেশ্য করে বলছে কিন্তু জাতিকে নয়। কোন ঐতিহাসিক বা ধর্মগত পরোক্ষ উল্লেখ নেই। এর প্রাথমিক লক্ষ্য প্রতিদিন, সাফল্যজনক, আনন্দপূর্ণ, নৈতিক জীবন যাপন।
 ৩. বাইবেলের প্রজ্ঞা সাহিত্য সাদৃশ্যপূর্ণ এর চতুর্দিকের প্রতিবেশীদের কাঠামোতে কিন্তু বিষয়বস্তুতে নয়। একমাত্র সত্য ঈশ্বর হল ভিত্তি যার উপরে সকল বাইবেলের প্রজ্ঞা ভিত্তি স্থাপন করে আছে (ইয়োব ১২:১৩; ২৮:২৮; হিতো ১:৭; ৯:১০; গীত ১১১:১০)। (বাবিলে এটি ছিল Apsu, Ea or Marduk। মিশরে এটি ছিল Thoth।)
 ৪. হিব্রু প্রজ্ঞা ছিল খুবই ব্যবহারিক। এটি ছিল অভিজ্ঞতার উপরে ভিত্তি করে, কোন বিশেষ প্রত্যাদেশের উপরে নয়। এর লক্ষ্য ছিল ব্যক্তি যেন জীবনে সাফলতা লাভ করে (সকল জীবন; পবিত্র এবং জাগতিক)। এটি হল ঐশ্বরিক “সরল সাধারণ অনুভূতি।”
 ৫. যেহেতু প্রজ্ঞা সাহিত্য ব্যবহার করে মানবিক প্রজ্ঞা, অভিজ্ঞতা এবং পর্যবেক্ষণ এটি ছিল আন্তর্জাতিক, সংস্কৃতির উর্দে। এটি ছিল এক ঈশ্বরবাদী ধর্মের বিশ্বদর্শন যেটি প্রায়ই বর্ণনা করা যায় না, যা ইস্রায়েলীয় প্রজ্ঞাকে প্রকাশিতব্য করেছে।

II. সম্ভাব্য উৎপত্তি

অ. ইস্রায়েলে প্রজ্ঞা সাহিত্য বিকশিত হয়েছে প্রত্যাদেশের অন্য রূপের বিকল্প বা সমতা হিসাবে (যির ১৮:১৮; যিহি ৭:২৬)

১. যাজক – ব্যবস্থা – রূপ (যৌথ)
২. ভাববাদী – দৈববাণী – উদ্দেশ্য (যৌথ)
৩. জ্ঞানী – প্রজ্ঞা – ব্যবহারিক, সফলতাপূর্ণ প্রতিদিনের জীবন (ব্যক্তি)
৪. যেহেতু ইস্রায়েলে মহিলা ভাববাদীও ছিল, সেহেতু সেখানে মহিলা জ্ঞানীও ছিল (২ শমূ ১৪:১-২১; ২০:১৪-২২)।

ই. এই ধরনের সাহিত্য মনে হয় বিকশিত হয়েছে:

১. শিবিরের চতুর্দিকে আগুনের পাশে বসে সাধারণ লোক কাহিনি হিসাবে
২. পারিবারিক ঐতিহ্য হিসাবে পুরুষ সম্ভানদের কাছে এসেছে
৩. লিখিত এবং সমর্থিত হয়েছে রাজ প্রসাদ দ্বারা:
 - ক. গীতসংহিতার সাথে দায়ুদ সম্পর্কিত
 - খ. হিতোপদেশের সাথে শলোমন সম্পর্কিত (১ রাজা ৪:২৯-৩৪; গীত ৭২ এবং ১২৭)
 - গ. হিব্রু প্রজ্ঞা সাহিত্য সম্পাদনার সাথে সম্পর্কিত।

III. উদ্দেশ্য

ক. এর মূলত লক্ষ্য “কিভাবে” সুখী ও সফল হওয়া যায়। এটি প্রাথমিক ভাবে এর দৃষ্টির ব্যক্তির প্রতি রাখে। এর ভিত্তি:

১. আগেকার প্রজ্ঞার অভিজ্ঞতা,
২. জীবনে কারণ এবং ফলাফল সম্পর্কিত।

খ. এটি ছিল সত্য হস্তান্তর এবং পরবর্তী প্রজ্ঞার নেতা ও নাগরিকদের শিক্ষা দানের সামাজিক উপায়।

গ. পুরাতন নিয়মের প্রজ্ঞা, যদিও সব সময় এটি প্রকাশ করেনি, সকল জীবনের পিছনে নিয়মকে উত্তম হিসাবে দেখেছে।

ঘ. এটি ছিল ঐতিহ্যগত ধর্মতত্ত্বের প্রতি চ্যালেঞ্জ এবং সমতা রক্ষার একটি উপায়। জ্ঞানীরা ছিলেন স্বাধীন চিন্তার কোন লিখিত সত্যের মধ্যে আবদ্ধ ছিল না। তারা “কেন,” “কিভাবে,” “যদি এমন হয়,” প্রশ্ন করতে সাহস করতেন না।

IV. ব্যাখ্যার চাবিকাঠি

ক. সংক্ষিপ্ত উপদেশমূলক বক্তব্য

১. জীবনের প্রচলিত বিষয়কে দেখে সত্য প্রকাশের জন্য ব্যবহার করা।

২. সহজ সরল ঘোষণামূলক বাক্যে কেন্দ্রীয় সত্যকে প্রকাশ করা।
 ৩. যেহেতু প্রসঙ্গ সাহায্য করতো না সেহেতু একই বিষয়ের সমান্তরাল প্যাসেজকে দেখতো।
- খ. দীর্ঘতম সাহিত্যের অংশ
১. সমগ্র বিষয়টির কেন্দ্রীয় সত্য প্রকাশে নিশ্চিত হওয়া।
 ২. প্রসঙ্গ থেকে পদ বের করে না নেওয়া।
 ৩. লেখার ঐতিহাসিক উপলক্ষ্য বা কারণ পরীক্ষা করা।
- গ. কিছু সাধারণ ভুল ব্যাখ্যা (Fee & Stuart, *How to Read the Bible for All It Is Worth*, p. 207)
৫. লোকেরা সম্পূর্ণ প্রজ্ঞার বই পাঠ করতো না (ইয়োব ও উপদেশকের মত) এবং এর কেন্দ্রীয় সত্যের দিকে দেখতো কিন্তু এই বইয়ের প্রসঙ্গে থেকে কিছু অংশ তুলে নিত এবং আক্ষরিক ভাবে এটি আধুনিক জীবনে প্রয়োগ করতো।
 ৬. লোকেরা সাহিত্যের রীতির অনন্যতা বুঝতে পারতো না। প্রাচীন নিকট প্রাচ্যের সাহিত্যের এটি একটি উচ্চতর সংক্ষিপ্ত ও রূপকাত্মক।
 ৭. হিতোপদেশ হল সাধারণ সত্যের বক্তব্য। তারা কলম ব্যাপক ভাবে চালাতো সুনির্দিষ্ট সত্যে নয়, প্রতিটি ক্ষেত্রে, প্রতিটি সময়, সত্যের বক্তব্যে।

V. বাইবেলের উদাহরণ

- ক. পুরাতন নিয়ম
১. ইয়োব
 ২. গীত ১, ১৯, ৩২, ৩৪, ৩৭, ৪৯, ৭৩, ১০৪, ১০৭, ১১০, ১১২, ১২৭-১২৮, ১৩৩, ১৪৭, ১৪৮
 ৩. হিতোপদেশ
 ৪. উপদেশক
 ৫. পরমেগীত
 ৬. বিলাপ
 ৭. যোনা
- খ. অতিরিক্ত ক্যাননমূলক
১. টোবিথ
 ২. নেস সিরার প্রজ্ঞা (Ecclesiasticus)
 ৩. শলোমনের প্রজ্ঞা (প্রজ্ঞার বই)
 ৪. ৪র্থ ম্যাক্কাবী
- গ. নূতন নিয়ম
১. হিতোপদেশ এবং যীশুর দৃষ্টান্তসমূহ
 ২. যাকোবের পুস্তক

ইব্রীয় কবিতা

(HEBREW POETRY)

I. ভূমিকা

- ক. এই ধরণের সাহিত্য পুরাতন নিয়মের এক তৃতীয়াংশ পূর্ণ করেছে। এটা বিশেষ করে হিব্রু ক্যাননে “ভাববাদী” এবং লেখনীসমূহ” বিভাগে সাধারণ।
- খ. এটা ইংরাজী কবিতা থেকে খুবই আলাদা। ইংরাজী কবিতা গ্রীক ও ল্যাটিন কবিতা থেকে বিকশিত হয়েছে। হিব্রু কবিতা খুব বেশি পরিমাণে কনানীয় কবিতার সাথে প্রচলিত। নিকট প্রাচ্যের কবিতায় কোন জোর দানকারী লাইন, ছন্দ বা তাল নেই।
- গ. উত্তর ইস্রায়েলের Ugarit (Ras Shamra) এর প্রত্নতাত্ত্বিক আবিষ্কার পণ্ডিতদের বুঝতে সাহায্য করেছে পুরাতন নিয়মের কবিতাকে। খ্রীষ্ট পূর্ব ১৫ শতকের এই কবিতার রূপ স্পষ্ট ভাবে দেখিয়েছে বাইবেলের কবিতার সাথে সাহিত্যগত সংযুক্তি।

II. কবিতার সাধারণ বৈশিষ্ট্য

- ক. এটি বেশ নিবিড় ছিল।
- খ. এটি কল্পনায় চেষ্টা করেছে সত্য, অনুভূতি বা অভিজ্ঞতা প্রকাশের।
- গ. এটি প্রাথমিক ভাবে লিখিত ছিল মৌখিক নয়। এটি খুব উচ্চতর কাঠামোয়। এই কাঠামো প্রকাশিত হয়েছে:
১. সমতার লাইনে (সমান্তরালবাদ)
 ২. শব্দ কৌশলে

III. কাঠামো

- ক. Bishop Robert Lowth তার বই, *Lectures on the Sacred Poetry of the Hebrews* (1753) ছিলেন প্রথম যিনি চিন্তার সমতার লাইন হিসাবে বাইবেলের কবিতাকে বৈশিষ্ট্যময় করেছিলেন। বেশির ভাগ আধুনিক ইংরাজী অনুবাদকেরা সুসজ্জিত কবিতার লাইন দেখাতে।
১. একই রকম – যে লাইনগুলি ভিন্ন ভিন্ন শব্দে একই চিন্তা প্রকাশ করে:
 - ক. গীত ৩:১; ৪৯:১; ৮৩:১৪; ১০৩:৩
 - খ. হিতোপদেশ ২০:১
 - গ. যিশা ১:৩
 - ঘ. আমোষ ৫:২৪
 ২. antithetical – যে লাইনগুলি বিপরীত চিন্তা প্রকাশ করে তুলনা বা ইতিবাচক এবং নেতিবাচক বক্তব্য প্রকাশের উপায় হিসাবে:
 ১. গীত ১:৬; ৯০:৬
 ২. হিতোপদেশ ১:৬,২৯; ১০:১,১২; ১৫:১; ১৯:৪
 ৩. synthetic – পরবর্তী দুটি বা তিনটি লাইন চিন্তাকে বিকশিত করে – গীত ১:১-২; ১৯:৭-৯; ২৯:১-২
- খ. A Briggs তার বই, *General Introduction to the Study of Holy Scripture* (1899) উন্নয়ন করেছেন হিব্রু কবিতার বিশ্লেষণের পরবর্তী ধাপ:
১. emblematic – একটি বাক্যাংশ আক্ষরিক এবং দ্বিতীয়টি রূপকগত, গীত ৪২:১; ১০৩:৩।
 ২. climatic or stair-like – বাক্যাংশটি প্রকাশ করে সত্য আরোহন পদ্ধতিতে, গীত ১৯:৭-১৪; ২৯:১-২; ১০৩:২০-২২।
 ৩. introverted or chiasmic – একটি ধারাবাহিক বাক্যাংশ, সাধারণত অন্ততপক্ষে চারটি সম্পর্কযুক্ত অভ্যন্তরীণ লাইন ১ থেকে ৪ এবং ২ থেকে ৩ কাঠামো দ্বারা – গীত ৩০:৮-১০
- গ. G.B. Gray তার বই, *The Forms of Hebrew Poetry* (1915) আরও উন্নয়ন করেছেন সমতার বাক্যাংশের ধারণাকে এভাবে:
১. সম্পূর্ণ সমতা – যেখানে একটি লাইনের প্রতিটি শব্দ পুনরাবৃত্তি হয় বা সমতার হয় দ্বিতীয় লাইনের শব্দ দ্বারা – গীত ৮৩:১৪ এবং যিশা ১:৩
 ২. অসম্পূর্ণ সমতা যেখানে বাক্যাংশগুলি একই দৈর্ঘ্যের নয় – গীত ৫৯:১৬; ৭৫:৬

ঘ. উত্তম নমুনার প্রকার

১. বর্ণমালার উপরে খেলা (acrostic)
২. ব্যঞ্জনবর্ণের উপরে খেলা (alliteration)
৩. স্বরবর্ণের উপরে খেলা (assonance)
৪. শব্দের পুনরাবৃত্তির উপটরে খেলা (paronomasia)
৫. শব্দের একই রকম উচ্চারণের উপরে খেলা (onomatopoeia)
৬. বিশেষ আরম্ভ এবং সমাপ্তি (inclusive)

ঙ. পুরাতন নিয়মে বেশ কয়েক ধরনের কবিতা রয়েছে। কিছু কিছু বিষয় সম্পর্কিত এবং কিছু কিছু কাঠামো সম্পর্কিত:

১. অঙ্গিকারের গীত – গণনা ২১:১৭-১৮
২. কাজের গীত – (পরোক্ষ ভাবে উল্লেখ করা হয়েছে কিন্তু বিচার ৯:২৭ পদে লিপিবদ্ধ হয়নি); যিশা ১৬:১০; যির ২৫:৩০; ৪৮:৩৩
৩. লোকগাঁথা – গণনা ২১:২৭-৩০; যিশা ২৩:১৬
৪. পানীয়ের গীত – নেতিবাচক, যিশা ৫:১১-১৩; আমোষ ৬:৪-৭ এবং ইতিবাচক, যিশা ২২:১৩
৫. ভালবাসার গীত – পরমগীত, বিবাহ হেঁয়ালি – বিচার ১৪:১০-১৮, বিবাহ গীত – গীত ৪৫
৬. বিলাপ/শোক গীত – (পরোক্ষ ভাবে উল্লেখিত কিন্তু ২ শমুয়েল ১:১৭ এবং ২ বংশ ৩৫:২৫ পদে লিপিবদ্ধ হয়নি) ২ শমু ৩:৩৩; গীত ২৭, ২৮; যির ৯:১৭-২২; বিলাপ; যিহি ১৯:১-১৪; ২৬:১৭-১৮; নহুম ৩:১৫-১৯
৭. যুদ্ধ গীত – আদি ৪:২৩-২৪; যাত্রা ১৫:১-১৮; গণনা ১৬:৩৫-৩৬; যিহো ১০:১৩; বিচার ৫:১-৩১; ১১:৩৪; ১ শমু ১৮:৬; ২ শমু ১:১৮; যিশা ৪৭:১-১৫; ৩৭:২১
৮. নেতাদের বিশেষ আর্শীবচন বা আর্শীবাদ – আদি ৪৯; গণনা ৬:২৪-২৬; দ্বি বি ৩২; ২ শমু ২৩:১-৭
৯. যাদুকরী লেখনী – বালাম, গণনা ২৪:৩-৯
১০. পবিত্র কবিতা – গীতসংহিতা
১১. acrostic কবিতা – গীত ৯, ৩৪, ৩৭, ১১৯; হিতো ৩১:১০ থেকে কয়েকটি পদ এবং বিলাপ ১-৪
১২. অভিশাপ – গণনা ২১:২২-৩০
১৩. ব্যঙ্গ কবিতা – যিশা ১৪:১-২২; ৪৭:১-১৫; যিহি ২৮:১-২৩

IV. হিব্রু কবিতা ব্যাখ্যা করার নির্দেশিকা

- ক. স্তবকে বা strophe (এটি গদ্যে একটি প্যারাগ্রাফের মত) এ কেন্দ্রীয় সত্য লক্ষ্য করে। RSV ছিল প্রথম আধুনিক অনুবাদ যেটি স্তবক দ্বারা কবিতা চিহ্নিত করেছিল। সাহায্যকারী অন্তর্দৃষ্টির জন্য আধুনিক অনুবাদের তুলনা করুন।
- খ. রূপকাত্মক ভাষা চিহ্নিতকরণ এবং এটি গদ্যে প্রকাশ করা। মনে রাখুন এই ধরনের সাহিত্য খুব নিবিড়, পাঠকদের জন্য অনেক কিছু রাখে পূর্ণ করতে।
- গ. কবিতা সম্পর্কে দীর্ঘতম বিষয়ে নিশ্চিত হন তাদের সাহিত্য প্রেক্ষাপট এবং ঐতিহাসিক অবস্থান সম্পর্কে।
- ঘ. বিচার ৪ এবং ৫ অধ্যায় কিভাবে কবিতা ইতিহাস প্রকাশ করতে তা দেখতে খুব সাহায্যকারী। একই ঘটনার বিচার ৪ অধ্যায় হল গদ্য এবং বিচার ৫ হল কবিতা।
- ঙ. অন্তর্ভুক্ত সমান্তরালবাদের প্রকার চিহ্নিত করতে চেষ্টা করা, সেগুলি একই সাদৃশ্য পূর্ণ, বৈপরিত্য না আসল নয়। এটা খুবই গুরুত্বপূর্ণ।

ইয়োব পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO JOB)

I. পুস্তকটির নাম

ক. প্রধান চরিত্রের নামানুসারে বইটির নাম। ইয়োব খুব প্রচলিত একটি নাম। এর অর্থ এভাবে ব্যাখ্যা করা হয়েছে:

১. “পিতা কোথায়”
২. “একজন শত্রু”
৩. “একজন যে মন পরিবর্তন করেছে”

খ. এটি একটি শক্তিশালী, শৈল্পিক এবং অর্থপূর্ণ বই:

১. লুথার বলেছেন “শান্ত্রে এমন চমৎকার এবং গাভীর্যপূর্ণ বই আর একটিও নেই।”
২. টেনিসন বলেছেন “মহান কবিতা তা সে প্রাচীন বা আধুনিক যা হোক না কেন।”
৩. কার্ললাইল বলেছেন, “এর মর্যাদার সমান বাইবেলে আর এমন কিছু লেখা হয়নি বা এর বাইরে।”

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

ক. বইটি হল হিব্রু ক্যাননের লেখনীসমূহ বিভাগের।

খ. কিছু কিছু হিব্রু MSS তে এটি এসেছে দ্বিতীয় বিবরণের পরে কারণ ইয়োব এবং অব্রাহাম একই ঐতিহাসিক সময়কালে খাপ খায়।

গ. বর্তমানে বাইবেলে ইয়োব পুস্তকের অবস্থান কবিতার বইগুলির মধ্যে যার সূচনা হয়েছিল Vulgate থেকে এবং Trent এর পরিষদ দ্বারা এটি নির্ধারিত হয়েছিল।

III. সাহিত্য রীতি

ক. ইয়োব বইটি প্রাচীন নিকট প্রাচ্যের খুব প্রচলিত একটি সাহিত্য রীতির অংশ যাকে বলা হয় “প্রজ্ঞা সাহিত্য।”

খ. যেহেতু বইটি প্রাথমিক ভাবে কবিতা যার ভূমিকা (১-২) এবং সমাপ্তি (৪২) গদ্যে, তাই পণ্ডিতদের মধ্যে এর সাহিত্য রীতি নিয়ে অনেক আলোচনা রয়েছে:

১. ঐতিহাসিক বর্ণনামূলক
২. নাটকীয় ভাবে দার্শনিক/ধর্মতাত্ত্বিক বিষয় উপস্থাপনা
৩. একটি দৃষ্টান্ত

গ. ইয়োব বইটির কিছু সাহিত্যগত সাদৃশ্যতা (কিন্তু ধর্মতাত্ত্বিক নয়) রয়েছে:

১. একটি সুমেরিয় লেখনী যাকে বলে “সুমেরিয় ইয়োব” যার তারিখ খ্রীষ্ট পূর্ব ২০০০ অব্দ থেকে

ক. first person অভিযোগ

খ. অপ্রত্যাশিত কষ্টভোগ সম্বন্ধে

গ. ঈশ্বর দ্বারা পরিত্যক্ত হয়েছে

ঘ. দরবারে শুনানীর আনুরোধ

ঙ. পাপ প্রকাশিত হয়েছে

২. একটি বাবিলীয় লেখনী যাকে বলে “আমি প্রজ্ঞার প্রভুর প্রশংসা করিব।” একে কখনও কখনও বলা হয়েছে “বাবিলের ইয়োব” যার তারিখ খ্রীষ্ট পূর্ব প্রায় ১৩০০-১১০০ অব্দ থেকে

ক. first person এ স্বাগত বচন

খ. দেবতাদের দ্বারা পরিত্যক্ত এবং বন্ধুদের দ্বারা পরিত্যক্ত

গ. স্বাস্থ্য ও সম্পদের চূড়ান্ত পুনরুদ্ধার

৩. একটি বাবিলীয় লেখনী যাকে বলা হয়েছে “মানবিক দুর্দশা সম্বন্ধে কথোপকথন।” একে কখনও কখনও বলা হয়েছে “বাবিলীয় Theodicy” তারিখ খ্রীষ্ট পূর্ব ১০০০ অব্দ থেকে

ক. কষ্টভোগ সম্বন্ধে একটি acrostic দশ আঙুল

খ. কষ্টভোগকারী ও বন্ধুর মধ্যে

গ. বন্ধুর আত্মপক্ষ সমর্থন ঐতিহ্যগত দৃষ্টিভঙ্গিতে এবং কষ্টভোগকারী তুলে ধরে সুস্পষ্ট সমস্যাসমূহ, যেমন দুঃস্থদের সমৃদ্ধি

- ঘ. কোন না কোন ভাবে মানবিক ব্যর্থতার ফলাফল থেকে সকল সমস্যা আসে
৪. একটি মিশরীয় লেখনী যাকে বলা হয়েছে “বাকপট্ট কৃষকের প্রতিবাদ।”
৫. একটি মিশরীয় লেখনী যাকে বলা হয়েছে “ব্যক্তি যে জীবনে ক্লান্ত তার আত্মার সাথে বিতর্ক।” একে আরও বলা হয়েছে “আত্মহত্যার উপরে বিতর্ক।”

- ঘ. বইটিতে বেশ কিছু প্রকারের সাহিত্য রীতি রয়েছে। এটি কোন একটি শ্রেণীর সাথে খাপ খায় না।
১. স্বগত বাচন/স্বগত উক্তি
 ২. কথোপকথন
 - ক. বন্ধুদের
 - খ. YHWH
 ৩. শুরু ও শেষে গদ্য

IV. পুস্তকের রচয়িতা

- ক. বইটি অজ্ঞাত।
- খ. Baba Bathra ১৪^২ বলতে চেষ্টা করেছে যে মোশি বইটি লিখেছেন। কিছু কিছু হিব্রু পাণ্ডুলিপি এবং সিরিয় অনুবাদ, Peshita, দ্বিতীয় বিবরণের পরেই একে রেখেছে।
- গ. এটা সম্ভব যে একজন যিহুদী দার্শনিক ইয়োবের ঐতিহাসিক জীবনী নিয়েছেন এবং একে পরিমার্জন করেছেন দার্শনিক, ধর্মতাত্ত্বিক সত্য শিক্ষা দিতে।
- ঘ. কিছু কিছু পণ্ডিত জোর দিয়ে বলতে চেষ্টা করেছেন যে কবিতা, ৩-৪১ অধ্যায়, একজন প্রাচীন লেখক দ্বারা লিখিত হয়েছে যেখানে পরবর্তীতে একজন সম্পাদক দ্বারা গদ্যে মুখবন্ধ (১-২) এবং সংক্ষিপ্ত শেষ বক্তৃতা (৪২) যুক্ত হয়েছে।
যদিও, এটা মনে রাখা দরকার যে আমরা আমাদের আধুনিক, পশ্চিমা সংস্কৃতিতে সম্পূর্ণ ভাবে প্রাচীন নিকট প্রাচ্যের লেখনী নমুনা এবং কৌশল বুঝতে পারবো না। Code of Hammurabi কবিতা দিয়ে শুরু ও শেষ হয়েছে কিন্তু মধ্যবর্তী সব কিছু গদ্যে।
- ঙ. মানুষ হিসাবে ইয়োব
১. ইয়োব ছিলেন প্রাচীন ঐতিহাসিক ব্যক্তি কারণ:
 - ক. তার কথা উল্লেখিত হয়েছে যিহি ১৪:১৪ এবং যাকোব ৫:১ পদে
 - খ. তার নাম, যদিও একই লোক নয়, দেখা যায় Armarna টেক্সটে; মিশরীয় Execration টেক্সটে; Mari টেক্সটে, এবং Ugaritic টেক্সটে
 - গ. অর্থনৈতিক একক পাওয়া যায় ৪২:১১ পদে, *kesitah*, কেবলমাত্র দেখা যায় আদি ৩৩:১৯ এবং যিহোশূয় ২৪:৩২ পদে
 ২. দৃশ্যত ইয়োব যিহুদী ছিলেন না
 - ক. ইয়োব ও তার বন্ধুরা তাদের কথাবার্তায় ঈশ্বরের সাধারণ নাম ব্যবহার করেছে
 ১. *Elohim* (ঈশ্বর) ১-২ অধ্যায় এবং ২০, ২৮, ৩২, ৩৪, ৩৮
 ২. *El* (ঈশ্বর) অনেক বার
 ৩. *Shaddai* (সর্বশক্তিমান) অনেক বার
 - খ. মনে হয় Edom থেকে আসা কোন একজন জ্ঞানী লোক
 ১. Uz (আদি ৩৬:২৮; যির ২৫:২০; বিলাপ ৪:২১)
 ২. Teman (আদি ৩৬:১১)
 ৩. তুলনা করুন “পূর্ব দেশের মানুষ” (ইয়োব ১:৩; বিচার ৬:৩,৩৩; যিশা ১১:১৪; যিহি ২৫:৪,১০)

V. তারিখ

- ক. এই বইয়ের ঐতিহাসিক প্রেক্ষাপট খ্রীষ্ট পূর্ব দ্বিতীয় সহস্রাব্দের আদি পিতাদের সময়কালের সাথে খাপ খায়। এর কিছু উদাহরণ হতে পারে:
১. ইয়োব তার পরিবারের যাজক হিসাবে কাজ করতেন (১:৫)
 ২. ইয়োবের দীর্ঘ জীবন -- ১৪০+ বৎসর (৪২:১৬)
 ৩. গৃহপালিত পশু পালনের আধা যাযাবর জীবন পদ্ধতি।
 ৪. শিবীয় এবং কলদীয় ভ্রমণশীল আক্রমণকারী দল (১:১৫,১৭)
 ৫. ইয়োব বছরের একটি অংশ নগরে বাস করতেন এবং বাকী অংশ তার পশুপালদের সাথে।

- খ. বইটির সাহিত্য রীতির তারিখ প্রজ্ঞা সাহিত্য উৎপাদনের সময়কাল। এই সময় হতে পারে দায়ুদের সময় থেকে যিহূদার রাজাদের, বিশেষত হিন্দিয়ের সময়কাল।
- গ. R.K. Harrison বিশ্বাস করেন বইটির লেখার তারিখ খ্রীষ্ট পূর্ব পঞ্চম শতকের শেষ দিকের পরে নয় যা ঘটনাসমূহের সাথে সবচেয়ে ভাল খাপ খায়।

VI. ঐতিহাসিক প্রেক্ষাপট

- ক. উষ এর অবস্থান অজ্ঞাত। তবে দুটি প্রধান তত্ত্ব রয়েছে:
১. ইদোম দেশে
 - ক. এর জ্ঞানী লোকদের জন্য পরিচিতি, যির ৪৯:৭
 - খ. ইদোমের একটি নগর তিমন থেকে তিন বন্ধুর একজন এসেছিল। এসৌর বংশধরদের নামানুসারে এর নাম ছিল, আদি ৩৬:১৫।
 - গ. উষ উল্লেখিত হয়েছে হোরীয় সৈরীর বংশধর হিসাবে, আদি ৩৬:২০-৩০। এই লোকেরা ইদোম অঞ্চলের সাথে সম্পর্কিত।
 - ঘ. বিলাপ ৪:২১ পদে উষ ইদোমের সাথে চিহ্নিত হয়েছে।
 ২. অরাম অঞ্চলে
 - ক. অরামীয় সাহিত্য পদ্ধতি এবং টার্মসমূহ ইয়োবে প্রচলিত
 - খ. কলদীয় আক্রমণকারীদের উপস্থিতি ১:১৭ পদ।
 - গ. আমি ১০:২৩ পদে উষ এবং অরামকে একত্রে বন্ধন করেছে, আদি ২২:২০-২২ পদ।
 ৩. এটা সম্ভব যে উষ নামটি উত্তরে অরাম থেকে দক্ষিণে ইদোম পর্যন্ত প্যালেস্টাইনের পূর্বের কয়েকটি গোত্রের নামের সমন্বয়ে গঠিত।

VII. সাহিত্য একক

- ক. গদ্যে ভূমিকা (স্বর্গীয় পরিষদ), ১-২
- খ. ইয়োবের বন্ধুরা, ৩-৩৭
১. ইয়োবের বিলাপ, ৩
 ২. কথোপকথনের তিনটি চক্র, ৪-৩১
 - ক. প্রথম চক্র, ৪-১৪

(১) ইলিফস, ৪-৫	(৪) ইয়োব, ৯-১০
(২) ইয়োব, ৬-৭	(৫) সোফর, ১১
(৩) বিলাদদ, ৮	(৬) ইয়োব, ১২-১৪
 - খ. দ্বিতীয় চক্র, ১৫-২১

(১) ইলিফস, ১৫	(৫) সোফর, ২০
(২) ইয়োব, ১৬-১৭	(৬) ইয়োব, ২১
(৩) বিলাদদ, ১৮	
 - গ. তৃতীয় চক্র, ২২-৩১

(১) ইলিফস, ২২	
(২) ইয়োব, ২৩-২৪	
(৩) বিলাদদ, ২৫	
(৪) ইয়োব, ২৬	
(৫) ইয়োবের উপসংহার, ২৭	
(৬) লেখকের মন্তব্য (প্রশংসা করা এবং প্রজ্ঞার রহস্য), ২৮	
(৭) ইয়োবের স্বগত বচন, ২৯-৩১	
 ৩. ইলিহূর মন্তব্য, ৩২-৩৭
 - ক. গদ্য, ৩২:১-৫
 - খ. কবিতা, ৩২:৬-৩৭:২৪
- গ. ঈশ্বরের ইয়োবের প্রতি উত্তর, ৩৮:১-৪২:৬
- ক. সৃষ্টি কর্তা হিসাবে ঈশ্বরের উত্তর, ৩৮-৩৯
 - খ. বিচারকর্তা হিসাবে ঈশ্বরের উত্তর, ৪০:১-২, ৬-৪১:৩৪
 - গ. ইয়োবের বিলাপ, ৪০:৩-৫ এবং ৪২:১-৬
- ঘ. গদ্যে শেষ কথা, ৪২:১:৭-১৭

VIII. প্রধান সত্য

- ক. এই বইটি লিখিত হয়েছিল ঐতিহ্যগত নিয়মানুরূপ ধর্মতাত্ত্বিক সমতা রক্ষা করতে (দি বি ২৭-২৯) যা হল ধার্মিকেরা এই জীবনে আশীর্বাদ লাভ করে এবং এই জীবনে দুষ্টিরা শাস্তি লাভ করে। এই ঐতিহ্যগত যিহুদী ধর্মতত্ত্ব প্রকাশ করা হয়েছে ইয়োবের তিন বন্ধুর বক্তব্যের দ্বারা। এটা নোট করা আরও কৌতুহলের যে ঐতিহ্যগতদের প্রতি সুনির্দিষ্ট চ্যালেঞ্জ এসেছে ইলিহুর মত যুবকের কাছ থেকে যে প্রকাশ্যে যুক্তির দ্বারা খন্ডন করেছে এবং সংশোধন করেছে ইয়োব এবং তার তিন বয়স্ক বন্ধুদের।
- খ. এই বইটি জোর দিয়ে বলতে চেষ্টা করেছে যে ঈশ্বর ন্যায় বিচারক এবং শেষ পর্যন্ত সব কিছু সরল করবেন, হয় এই জীবনে (ইয়োবের পুনরুদ্ধার ৪২:১০-১৭) না হয় পরবর্তী জীবনে (১৪:৭-১৭; ১৯:২৩-২৭।)
- গ. সকল কষ্টভোগই ব্যক্তিগত পাপের ফল নয়। যা তিনজন বন্ধু জোর দিয়ে বলতে চেষ্টা করেছেন (৪:৭-১১; ৮:৩-৭; ১১:১৩-১৫; ১৫:১২-১৬; ২২:২১-৩০)। এটি হল একটি অন্যায়, পতিত জগত। কখনও কখনও দুষ্টিরা সমৃদ্ধি লাভ করে (গীত ৭৩)। প্রায়ই ধার্মিকেরা কষ্টভোগ করে। শয়তান ইয়োবের বিশ্বাসকে দোষারপ করেছে সমর্থন পাবার জন্য।
- ঘ. এই বইটি আমাদের আত্মিক জগত সম্বন্ধে একটি অর্ন্তদৃষ্টি দান করে। একজন দোষারপকারী আছে, মানুষের একজন সুনির্দিষ্ট বিরোধীতাকারী। শয়তান ঈশ্বরের দাস, পুরাতন নিয়মে একজন বিপথগামী দূত (A.B. Davidson, *An Old Testament Theology*, published by T & T Clark 300-306.) এটা বের করা খুব কঠিন যে কেন শয়তান টার্মটি definite article এ রয়েছে। এটা হতে পারে নামের চেয়ে কাজকেই বেশি উল্লেখ করেছে। বেশ কিছু ভিন্ন ভিন্ন প্রতিনিধিকে “বিপক্ষকারী” হিসাবে বর্ণনা করা হয়েছে।
১. মানবিক ব্যক্তি
 - ক. ১ শমুয়েল ২৯:৪
 - খ. ২ শমুয়েল ১৯:২২
 - গ. ১ রাজাবলী ৫:৪
 - ঘ. ১ রাজাবলী ১১:১৪-২২, ২৩-২৫
 - ঙ. গীত ৭১:১৩
 - চ. গীত ১০৯:৬, ২০, ২৯
 ২. স্বর্গদূত
 - ক. সদাপ্রভুর দূত – গণনা ২২:২১
 - খ. শয়তান – ইয়োব ১-২, ১ বংশ ২১:১৩; সখ ৩:১-২
- ঙ. ঈশ্বর কখনই ইয়োবের কাছে তার এই কষ্টভোগের কারণটি প্রকাশ করেন নাই। জীবন একটি রহস্য। ঈশ্বরের উপরে নির্ভরতা তথ্য জানার চেয়ে অধিক গুরুত্বপূর্ণ!

IX. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এবং ব্যক্তির সংক্ষিপ্ত ব্যাখ্যা (NASB)



- ক. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ
১. নির্দোষ, ১:১; ২:৩ (NASB এবং NIV)
 ২. ঈশ্বর পুত্রেরা, ১:৬; ২:১ (NIV, “স্বর্গদূতেরা”)
 ৩. খাপড়া, ২:৮ (NIV, “ভাঙ্গা মাটির পাত্রের টুকরা”)
 ৪. Sheol, ৭:৯; ১১:৮ (NIV, “কবর”)
 ৫. প্যাপিরাস, ৮:১১ (NASB এবং NIV)
 ৬. রহব, ৯:১৩; ২৬:১২-১৩ (NASB এবং NIV)
 ৭. আবাদন, ২৬:৬; ২৮:২২; ৩১:১২ (NIV, “ধংস”)
 ৮. মুক্তিপণ, ৩৩:২৪; ৩৬:১৮ (NASB এবং NIV)
 ৯. লিবিয়াথন, ৩:৮; ৪১:১ (NASB এবং NIV)
 ১০. বহেমোথ, ৪০:১৫ (NASB এবং NIV)
 ১১. theodicy
- খ. ব্যক্তি
১. “পূর্বদেশের লোক,” NASB, (NIV, “পূর্ব দেশের সকল লোক”) ১:৩
 ২. শয়তান, ১:৬
 ৩. শিবীয়, ১:১৫
 ৪. কলদীয়, ১:১৭
 ৫. সর্ব শক্তিমান (*Shaddai*), ৬:৪, ১৪; ১৩:৩; ২২:৩, ২৬

X. মানচিত্রে অবস্থান

১. উষ, ১:১
২. তিমন, ৪:১
৩. ইদোমা


XI. শিক্ষার্থীদের সম্ভষ্টির প্রশ্নাবলী

১. ঈশ্বর ভয় অর্থ কি? ১:১,৯; ২৮:২৮
২. ইয়োব কি পাপহীন ছিলেন (নির্দোষ)? ১:১,৮,২২
৩. “পূর্ব দেশের লোক” কারা ছিলেন? ১:১
৪. কিভাবে এই সত্য যে ইয়োব তার পরিবারে যাজক হিসাবে কাজ করতেন বইটির তারিখ নির্ণয় করেছে? ১:৫
৫. স্বর্গে ঈশ্বরের সামনে শয়তান কি ইঙ্গিত দেয়? ১:৬-১২
৬. কি উপায়ে শয়তান ঈশ্বরের সামনে ইয়োবকে দোষারপ করতেন? ১:৬-১২; ২:১-৬
৭. ১৪:৭-১৭ পদ এবং ১৯:২৩-২৯ পদ কি দৈহিক পুনরুত্থানের শিক্ষা দেয়, কেন বা কেন নয়?
৮. ঈশ্বর কি কখনও ইয়োবের প্রশ্নের উত্তর দিয়েছেন?
৯. ইয়োব কি কখনও স্বীকার করেছেন যে তিনি পাপ করেছেন? ৪০:৩-৫; ৪২:১-৬
১০. ঈশ্বর ইয়োবের তিন বন্ধুকে কি করতে বলেছেন? (৪২)
১১. কিভাবে ইয়োব বলতে চেষ্টা করেছেন যে তার নির্দোষীতা ঈশ্বরের চরিত্রকে প্রভাবিত করেছে? ৪০:৮



ପ୍ରାଚୀନ
ଲିକଟ ପ୍ରାଚ୍ୟ

প্যালেস্টাইন



০ ১০ ২০ ৩০ ৪০
মাইল মাপনি

গীতসংহিতা পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO PSALMS)

I. পুস্তকটির নাম

- ক. হিব্রু শিরোনাম হল “প্রশংসার গীত” বা প্রশংসা” (*Tehillim*)। এটি বিস্ময়কর কারণ এতে অনেক গীত রয়েছে যেগুলি বিলাপের বা অভিযোগের।
- খ. LXX এ এর শিরোনাম হল “psalms” যার অর্থ “তুলে ফেলা।” গীতসংহিতার এই গ্রীক টার্মটি ব্যবহৃত হয়েছে লুক ২০:৪২; ২৪:৪৪ এবং প্রেরিত ১:২০ পদে। সকল গীতই যে বাদ্যযন্ত্র সহযোগে গাইতে হবে তা অর্থ করে না, কিন্তু সমগ্র বইটির শিরোনাম LXX এ এভাবে দেওয়া হয়েছে।

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

- ক. গীতসংহিতা হল হিব্রু ক্যাননের তৃতীয় বিভাগের অংশ যাকে বলা হয় “লেখনীসমূহ।” হিব্রু ক্যাননের এই বিভাগ গঠিত হয়েছিল:
১. প্রজ্ঞা সাহিত্য
 - ক. ইয়োব
 - খ. গীতসংহিতা
 - গ. হিতোপদেশ
 ২. উৎসবের বই (*Megilloth*)
 - ক. রুত
 - খ. উপদেশক
 - গ. পরমগীত
 - ঘ. বিলাপ
 - ঙ. ইস্তের
 ৩. ঐতিহাসিক বই
 - ক. দানিয়েল
 - খ. ইস্রা
 - গ. নহিমিয়
 - ঘ. বংশাবলী
- খ. সংকলন হিসাবে গীতসংহিতা LXX এ পাওয়া যায় এবং মরু সাগরের পুঁথিতে।
- গ. পুরাতন নিয়মের অন্যান্য বইয়ের থেকে নতুন নিয়মে গীতসংহিতা থেকে বেশি উদ্ধৃতি পাওয়া যায়।

III. সাহিত্য রীতি

- ক. এই সাহিত্য রূপ প্রাচীন নিকট প্রাচ্যে খুবই প্রচলিত ছিল। বাইবেলের গীতসংহিতা বাবিল মিশর ও কনানের সমবেত গীতের রূপ বিভাগ করেছে। পন্ডিতির ঘনিষ্ঠ সংযুক্তি দেখেছেন এর মধ্যে:
১. গীত ১০৪:২০-৩০ পদ এবং Aton এর প্রতি মিশরীয় সমবেত সংগীত (খ্রীষ্ট পূর্ব ১৪ শতক)
 ২. গীত ২৯ একেবারে বালের প্রতি Ugaritic এর কবিতার একইরূপ, ব্যতিক্রম কেবল মাত্র ঈশ্বরের নামের পার্থক্য।
- খ. Ugarit নগর থেকে Ras Shamra টেক্সটের প্রত্নতাত্ত্বিক আবিষ্কার দেখায় কনানীয় কবিতা এবং গীতসংহিতার মধ্যকার সাদৃশ্যতা।
- গ. সাহিত্য রীতির রূপ হল ইস্রায়েলের একটি প্রাচীন সাহিত্য রীতি:
১. মোশির গীত, যাত্রা ১৫:১-১৭
 ২. মরিয়মের গীত, যাত্রা ১৫:২১
 ৩. ইস্রায়েলের গীত, গণনা ২১:১৭-১৮
 ৪. দেবোরার গীত, বিচার ৫
 ৫. হান্নার গীত, ১ শমু ২:১-১০
 ৬. য়াশেরের বই থেকে বন্দনার গীত, ২ শমু ১:১৭-২৭

ঘ. তিনটি নীতির রূপ:

১. প্রাশংসার গীত – বৈশিষ্ট্য হল একটি imperative দিয়ে শুরু হয়েছে যেমন “সাদপ্রভুর প্রশংসা কর,” “সাদপ্রভুর উদ্দেশ্যে গীত গাও,” ইত্যাদি।
২. শোকের গীত – বৈশিষ্ট্য হল একটি vocative দিয়ে শুরু হয়েছে যেমন “হে সাদপ্রভু,” “ পর পরই এসেছে কোন অভিযোগ বা আবেদন
৩. প্রজ্ঞার গীত – প্রজ্ঞা সাহিত্যের শ্রেণীবিভাগের সাথে সাদৃশ্যপূর্ণ

IV. পুস্তকের রচয়িতা

- ক. ঐতিহ্যগত ভাবে বেশির ভাগ গীতের উপরে লেখকের নাম দেওয়া হয়েছে বা লিখিত হয়েছে। দুটি উপায়ে এই শিরোনামগুলিকে দেখা হয়েছে:
১. সেগুলি হিব্রু টেক্সটের অংশ এবং, সেজন্য ক্যানন করা। যদিও, মরু সাগরের পুঁথিতে পাওয়া গীতসংহিতার গীতের উপরে কোন শিরোনাম বা লেখকের নাম নেই।
 ২. সেগুলি অনুপ্রাণিত লেখকদের অরিজিনাল নয় এবং দেখা উচিত অনুপ্রাণিত সত্য নয় বরং প্রাচীন ঐতিহ্য হিসাবে। এটা মনে হয় যে তাদের মধ্যে অন্তত:পক্ষে দুটি অন্য ক্যানন করা টেক্সটের সাথে একমত নয়:
 - ক. গীত ৩৪ এর শিরোনাম বনাম ১ শমু ২১:১০ থেকে কয়েকটি পদ
 - খ. গীত ৫৬ এর শিরোনাম বনাম ১ শমু ২১:১০ পদ
 ৩. আর একটি সমস্যা হল যে হিব্রু preposition "of" কয়েকটি ভাবে বোঝা যেতে পারে:
 - ক. “দ্বারা লিখিত হয়েছে”
 - খ. “জন্য লিখিত হয়েছে”
 - গ. “প্রতি লিখিত হয়েছে”
 - ঘ. “সেই সময়ের অধিকারে”
 - ঙ. “তার পরিচালনার অধিনে”
- খ. MT এর শিরোনাম লেখকদের নামে:
১. দায়ূদ, (১ শমু ১৬:১৬-১৮), (MT) ৭৩ গীতের লেখক; (LXX) ৮৪ গীতের লেখক; (Vulgate) ৫৩ গীতের লেখক
 ২. অজ্ঞাত – ৫০টি গীত: ১, ২, ১০, ৩৩, ৪৩, ৭১, ৯১, ৯৩-৯৭, ১০৪-১০৭, ১১৮-১১৯, ১৩৫, ১৩৭, ১৪৬-১৫০
 ৩. আসফ, দায়ূদের সংগীত দলের নেতা, (১ বংশ ১৫:১৬-১৭; ১৬:৫) ১২টি গীত: ৫০, ৭৩-৮৩
 ৪. কোরহের সন্তানেরা, লেবীয় বাদ্যকরদের দলের একটি পরিবার (১ বংশ ৯:১৯; ১৫-১৭) ১১টি গীত: ৪২-৪৯ ব্যতিক্রম ৪৩, ৮৪-৮৮ ব্যতিক্রম ৮৬
 ৫. যিদূথুন, লেবীয়দের সংগীত দলের নেতা, (১ বংশ ১৬:৪১-৪২; ২৫:১-৩; ২ বংশ ৫:১২) ৩টি গীত: ৩৯, ৬২, ৭৭
 ৬. শলোমন, ২টি গীত: ৭২, ১২৭। “দ্বারা লিখিত হয়েছে,” “জন্য লিখিত হয়েছে,” “প্রতি লিখিত হয়েছে,” “যার অধিকারে,” “এর সময়ে,” বা “তার পরিচালনার অধিনে।”
 ৭. মোশি, ১টি গীত: ৯০
 ৮. ইসরাহিট (১ বংশ ৬:৩৩; ১৫:১৭)
 - ক. এথন, গীত ৮৯ (অনেকে মনে করেন অব্রাহাম) ১ বংশ ১৫:১৭, ১৯
 - খ. হেমন, গীত ৮৮ (কোরহের একজন সন্তান) ১ রাজা ৪:৩১; ১ বংশ ৪:৩১; ১৫:১৯
- গ. যিহূদী লেখনী থেকে ঐতিহ্যগত লেখকেরা
১. Baba Bathra ১৪^a – “দায়ূদ ১০ জন প্রাচীনের সাহায্যে গীতসংহিতা লিখেছেন, প্রথম আদম, ও মন্সিষেদক ও অব্রাহাম ও মোশি ও হেমন ও যিদূথুন ও আসফ এবং কোরহের তিনজন সন্তানের সাহায্যে।
 ২. মহাসভা ৩৮^a (তালমুদ) ১৩৯ গীত আদমকে এবং গীত ১১০ মন্সিষেদককে লেখকত্ব আরোপ করেছে
- ঘ. LXX লেখকত্ব আরোপ করেছে যিরমিয়, যিহিস্কেল, হগয়, এবং সখরিয়ের উপরে (১১২, ১২৬, ১২৭, ১৩৭, ১৪৬-১৪৯)

V. তারিখ

- ক. গীতসংহিতার তারিখ নির্ণয় করা দুটি কারণে কঠিন:
১. প্রতিটি গীত ভিন্ন ভিন্ন উপলক্ষ্যে যা সেগুলি লেখার কারণ হয়েছে
 ২. পাঁচটি বইয়ের সম্পাদনার প্রক্রিয়ার মাধ্যমে গীতগুলি সংকলিত হয়েছে
- খ. ইস্রায়েলীয়দের জীবনের সকল সময়ের কবিতা থেকে গীতসংহিতা অর্ন্তভুক্ত করেছে:
১. যিহূদী ঐতিহ্য বলে:

- ক. আদম লিখেছেন গীত ১৩৯
 খ. মক্কিষেদক লিখেছেন গীত ১১০
 গ. অব্রাহাম লিখেছেন গীত ৮৯
 ঘ. মোশি লিখেছেন, গীত ৯০
২. আধুনিক পন্ডিতেরা গীতসংহিতাকে তিনটি প্রধান সময়কালে বিভক্ত করেছেন:
 ক. নির্বাসন পূর্ব (বইগুলি, ১, ২ এবং ৪)
 খ. নির্বাসন (বই ৩)
 গ. নির্বাস উত্তর (বই ৫)
- গ. এটা স্পষ্ট যে অনেক গীতের লেখক হিসাবে দায়ূদকে বলা হয়েছে:
 ১. দায়ূদ ছিলেন একজন সংগীত সমন্বয়কারী, বাদক ও গায়ক, ১ শমু ১৬:১৬-১৮
 ২. তিনি লেবীয়দের সংগীত দলের বা মন্দিরের সংগীত দলের সূচনা ও সংগঠিত করেছিলেন, (১ বংশ ১৫:১-১৬:৪৩, ২৫:১-৩১; ২ বংশ ২৯:২৫-৩০
 ৩. গীতসংহিতার প্রথম দুটি বই তার প্রতি আরোপিত, গীত ৭২:২০
 ৪. Psalter এর পাঁচটি বইয়েই তার গীত দেখা যায়

VI. PSALTER এর কাঠামো

- ক. কোন সাধারণ ভাব বা নমুনা নেই। সেখানে আছে:
 ১. একটি সাধারণ ভূমিকা (একজন ধার্মিক ব্যক্তির বৈশিষ্ট্য) – গীত ১ এবং সম্ভবত গীত ২
 ২. পাঁচটি বইয়ের প্রতিটির শেষ হয়েছে doxology দিয়ে, ৪১:১৩; ৭২:১৮-১৯; ৮৯:৫২; ১০৬:৪৮
 ৩. একটি সাধারণ সমাপনি (doxology) – গীত ১৫০
- খ. পাঁচটি বইয়ের বৈশিষ্ট্য
 ১. বই ১ – গীত ১-৪১
 ক. সবগুলি কিস্তি ৪টি দায়ূদের উপরে আরোপিত হয়েছে (১,২,১০,৩৩)
 খ. YHWH এখানে প্রাধান্য পেয়েছে এর উপাধি হিসাবে, YHWH ২৭৩ থেকে Elohim ১৫
 গ. সম্ভবত দায়ূদের শৌলের সাথে ঈশ্বরের দিনগুলি
 ২. বই ২ – গীত ৪২-৭২ (৭২:২০ পদ দেখায় সম্পাদক)
 ক. গীত ৪২-৪৯ কোরহের সন্তানদের প্রতি (ব্যতিক্রম ৪৩)
 খ. Elohim এখানে প্রাধান্য পেয়েছে ঈশ্বরের উপাধি হিসাবে, Elohim ১৬৪ থেকে YHWH ৩০
 গ. সম্ভবত দায়ূদের রাজা হিসাবে দিনগুলি
 ৩. বই ৩ – গীত ৭৩-৮৯
 ক. গীত ৭৩-৮৩, আসফ
 খ. গীত ৮৪-৮৮, বোরহের সন্তানেরা (ব্যতিক্রম ৮৬)
 গ. ২৬ গীত দায়ূদকে আরোপ করা হয়েছে
 ঘ. ৪৪ বার ঈশ্বরের হিসাবে উপাধি YHWH; Elohim ৪৩ বার
 ঙ. সম্ভবত আশুরীয় সমস্যার সময়ে
 ৪. বই ৪ – গীত ৯০-১০৬
 ক. গীত ১০১, ১০৩ দায়ূদের প্রতি
 খ. গীত ৯০ মোশির প্রতি
 গ. অন্য সবগুলি অজ্ঞাত
 ঘ. YHWH ব্যবহৃত হয়েছে ১০৪ বার; Elohim ৭ বার
 ঙ. সম্ভবত বাবিলীয় সমস্যার সময়
 ৫. বই ৫ – গীত ১০৭-১৫০
 ক. গীত ১১৯ হল ঈশ্বরের বাক্যের বিস্তারিত acrostic
 খ. YHWH ২৩৬ বার; Elohim ৭ বার
 গ. গীত ১৪৬-১৫০ প্রশংসার গীত যার সবগুলিই শুরু হয়েছে “সদাশ্রুত্বের প্রশংসা” দিয়ে
 ঘ. ঈশ্বরের ভবিষ্যৎ আশীর্বাদের জন্য সম্ভাব্য আশা
- গ. গীতের ধারাবাহিক নম্বরে পার্থক্য আছে
 ১. MT MSS
 ক. Berachoth ৯৯ -- গীত ১ এবং ২ গণনা করা হয় ১ হিসাবে

- খ. Shabbath ১৬ – মোট গীতের সংখ্যা ছিল ১৪৭টি যাকোবের জীবনের সাথে খাপ খাইয়ে
২. LXX
- ক. গীত ৯ এবং ১০ একত্রে মিলে তৈরী করেছে acrostic গীত
- খ. গীত ১১৪ এবং ১১৫ উভয়ে একত্রে হয়েছে Hallel গীত
- গ. গীত ১১৬ এবং ১৪৭ এই দুটি গীতই দুটি করে বিভক্ত
৩. গীতের সংখ্যা হতে পারে প্রাচীন সমাজগৃহের বাৎসরিক শাস্ত্র পাঠের চক্রের সাথে সম্পর্কিত
- ঘ. দলীয় গীত নির্ধারণের উপায়:
১. ভাব বা বিষয় দ্বারা
- ক. সমবেত প্রশংসার গীত
- (১) ঈশ্বরকে সৃষ্টিকর্তাকে হিসাবে, ৮, ১৯, ১০৪, ১৩৯, ১৪৮
- (২) ঈশ্বরকে সাধারণ ভাবে, ৩৩, ১০৩, ১১৩, ১১৭, ১৩৪-১৩৬, ১৪৫-১৪৭
- খ. ধন্যবাদজ্ঞাপনের সমবেত গীত, ৯-১০, ১১, ১৬, ৩০, ৩২, ৩৪, ৯২, ১১৬, ১৩৮
- গ. বিলাপ শোক/অভিযোগ
- (১) যৌথ ভাবে, ১২, ১৪, ৪৪, ৫৩, ৫৮, ৬০, ৭৪, ৪৯, ৮০, ৮৩, ৮৫, ৮৯, ৯০, ৯৪, ১০৬, ১২৩, ১২৬, ১৩৭
- (২) ব্যক্তিগত ভাবে, ৩-৭, ১৩, ১৭, ২২, ২৫-২৮, ৩১, ৩৫, ৩৮-৪৩, ৬৯-৭১, ৮৬, ৮৮, ১০২, ১০৯, ১২০, ১৩০, ১৩৯-১৪৩
- ঘ. রাজত্বের সমবেত গীত
- (১) রাজা হিসাবে ঈশ্বর, ৪৭, ৯৩, ৯৬-৯৯
- (২) ইস্রায়েলের রাজা বা মশীহ, ২, ১৮, ২০, ২১, ৪৫, ৭২, ৮৯, ১০১, ১১০
- ঙ. সিয়োন বিষয়ে সমবেত গীত, ৪৬, ৪৮, ৭৬, ৮৪, ৮৭, ১২২
- চ. আরাধনা অনুষ্ঠানের সমবেত গীত
- (১) নিয়মের নবায়ন, ৫০, ৮১
- (২) যাজকীয় আর্শীবচন, ১৩৪
- (৩) মন্দির বিষয়ে, ১৫, ২৪, ৬৮
- ছ. প্রজ্ঞা বিষয়ে সমবেত গীত, ৩৬, ৩৭, ৪৯, ৭৩, ১১১, ১১২, ১২৭, ১২৮, ১৩৩
- জ. YHWH এর বিশ্বস্ততায় বিশ্বাস সম্বন্ধে সমবেত গীত, ১১, ১৬, ২৩, ৬২, ৬৩, ৯১, ১২১, ১৩১
- ঝ. মিথ্যা দেবতা এবং পৌত্তলিকতার দোষীকরণ, ৮২, ১১৫
২. লেখক বা বক্তা দ্বারা
- ক. দায়ূদের গীত যেখানে ঈশ্বরের নাম হিসাবে বেশির ভাগ ব্যবহৃত হয়েছে YHWH, গীত ১-৪১
- খ. দায়ূদের গীত যেখানে ঈশ্বরের নাম হিসাবে বেশির ভাগ ব্যবহৃত হয়েছে Elohim, গীত ৫১-৭২
- গ. দায়ূদের লেবীয় বাদ্যকর ও গায়কদের দ্বারা গীত
- (১) কোরহ এবং তার পুত্রেরা, গীত ৪২-৪৯, ৮৪-৮৮
- (২) আসফ এবং তার পুত্রেরা, গীত ৭৩-৮৩
- ঘ. প্রশংসাকারীদের দ্বারা সংগীত, গীত ১১১-১১৮, ১৪০-১৫০
- ঙ. উৎসবের জন্য তীর্থযাত্রীদের যিরূশালেমে আরাধনার জন্য আগমনের সংগীত, গীত ১২০-১৩৪
৩. ইস্রায়েলের ইতিহাসে ঐতিহাসিক ঘটনার দ্বারা যার ভিত্তি শিরোনামের উপরে লেখা বা বিষয়বস্তু, গীত ১৪, ৪৪, ৪৬-৪৮, ৫৩, ৬৬, ৬৮, ৭৪, ৭৬, ৭৯, ৮০, ৮৩, ৮৫, ৮৭, ১০৮, ১২২, ১২৪-১২৬ এবং ১২৯
৬. সম্পর্কিত গীত
১. গীত ১৪ এবং ৫৩ একই কেবল ব্যতিক্রম ঈশ্বরের নাম
- ক. গীত ১৪ আছে YHWH
- খ. গীত ১০৪ আছে Elohim
২. গীত ১০৩ এবং ১০৪ সংযুক্তি আছে:
- ক. একই রকমে আরম্ভ এবং শেষ
- খ. গীত ১০৩ আছে উদ্ধারকর্তা ও পরিত্রাতা হিসাবে YHWH
- গ. গীত ১০৪ আছে সৃষ্টিকর্তা ও রক্ষাকর্তা হিসাবে Elohim
৩. গীত ৩২ এবং ৫১ উভয়ই সম্পর্কিত দায়ূদের বংশেবার সাথে পাপের
৪. গীত ৫৭:৭-১১ এবং ৬০:৫-১২ পদ একত্রিত হয়েছে গীত ১০৮
৫. গীত ১৮ পুনরাবৃত্তি হয়েছে ২ শমূ ২১:১-৫১ পদে
- চ. কেন ৫টি বইতে ১৫০টি গীত
১. সম্ভবত ১৫০টি গীত ব্যবস্থার ১৫০টি সমাজগৃহের বিভাগের জন্য বিশ্রামবারে প্রকাশ্য পাঠের সমান্তরাল।

২. সম্ভবত পাঁচটি বই মোশির পাঁচটি বইয়ের সাথে সমান্তরাল।

VII. PSALTER এ সংগীত বিষয়ক টার্ম

- ক. সংগীত বিষয়ক টার্ম লিখিত আছে গীতের উপরে যেগুলি ব্যবহার করা হয়েছে ভিন্ন ভিন্ন রকমের গীত বর্ণনা করতে
১. *MIZMOR* অর্থ “টানা।” এগুলি সেই সব গীত যার অর্থ এগুলি গাইতে হবে বাদ্যযন্ত্র সহকারে। এরকম গীত আছে ৫৭টি।
 ২. *SHIR* উল্লেখ করে সব ধরনের গান। এরকম গীত আছে ৩০টি।
 ৩. *MASCHIL* বা *MASKIL* যেটি উল্লেখ করে বিশেষ দক্ষতার গান বা শিক্ষার গীত। এরকম গীত আছে ৩০টি।
 ৪. *MITCHTAM* বা *MITKHTAM* – এই টার্মের অর্থ অনিশ্চিত। সম্ভাব্য হিব্রু মূল থেকে এর অর্থ হতে পারে “সোনালী” বা “মূল্যবান”; Akkadian মূল থেকে এর অর্থ হতে পারে “লুকানো” বা “অপ্রকাশিত”; Arabic মূল থেকে এর অর্থ হতে পারে “প্রায়শ্চিত্ত” বা “ক্ষমা করা।” এরকম গীত আছে ৬টি।
 ৫. *PALAL* অর্থ প্রার্থনা। এটি ব্যবহৃত হয়েছে দায়ুদের গীত বর্ণনা করতে বই ১ ও ২ তে (গীত ৭২:২০)। এটি আরও পাওয়া যাবে ১৭, ৮৬, ৯০, ১০২, ১৪২ এবং সম্ভবত ১২ গীতের শিরোনামে।
- খ. সংগীত বিষয়ক টার্ম বর্ণনা করেছে গীত গাইবার বা বাদ্য বাজাবার বিষয়ে
১. *SELAH* ৩৯টি গীতে ৭১ বার ব্যবহৃত হয়েছে এবং হবককুক ৩:৩,৯,১৩ পদে। এর অর্থ অনিশ্চিত। তবে বেশ কয়েকটি তত্ত্ব রয়েছে:
 - ক. LXX থেকে “স্বল্প বিরতি” ধ্যানের বা নাটকীয় প্রভাবের জন্য
 - খ. হিব্রু মূল থেকে “তোলা,” সেজন্য, একটি উচ্চস্থান বা দুর্গ
 - গ. রাব্বির বলেছেন এটি একটি নিশ্চিতকরণ যেমন “আমেন” যার অর্থ “চিরকাল।”
 ২. *SHIGGAION* বা *SHIGIONOTH* ব্যবহৃত হয়েছে গীত ৭ এবং হবককুক ৩ অধ্যায়ে। এটা বিলাপ বা শোক যা দুঃখ প্রকাশ করে। এটি অনেক উচ্চস্থানের আবেগীয় কবিতার রূপ।
 ৩. *NEGINOTH* ব্যবহৃত হয়েছে ৬ বার এবং হবককুক ৩:১৯ পদে। এর অর্থ “তারের বাদ্যযন্ত্রে।”
 ৪. *SHEMINITH* ব্যবহৃত হয়েছে ২ বার। এর অর্থ হতে পারে “octave এর উপরে” বা “আটের উপরে।” এটি Alamothe এর বিপরীত, সেজন্য, সম্ভবত পুরুষ কণ্ঠের জন্য (১ বংশ ১৫:২১)।
 ৫. *ALAMOTH* ব্যবহৃত হয়েছে ৪ বার। এটি উল্লেখ করে মহিলা সুউচ্চ স্বর (১ বংশ ১৫:২০)।
 ৬. *MECHILOTH* ব্যবহৃত হয়েছে একবার। এর অর্থ “বাতাসের বাদ্যযন্ত্রে।”
 ৭. *GITTITH* ব্যবহৃত হয়েছে ৩ বার। এর অর্থ “বীণার উপরে।”
 ৮. আরও বেশ কিছু নির্দিষ্ট নামের সুরের উল্লেখ আছে, গীত ৯, ২২, ৪৫, ৫৩, ৫৬, ৫৭-৫৯, ৬০, ৬২, ৬৯, ৭৫, ৭৭, ৮০, ৮৮

VIII. গীতসংহিতার উদ্দেশ্য

- ক. ইস্রায়েলীয়রা বিশ্বাস করতো যে নিয়মের দ্বারা সকল জীবন ঈশ্বর সাথে সম্পর্কিত। গীতসংহিতা হল মানুষের ঈশ্বরের প্রতি জীবনের গভীর আবেগের বহিঃপ্রকাশ।
- খ. ইস্রায়েলীয়রা বিশ্বাস করতো একজন কেবলমাত্র একজনই ব্যক্তিগত, যত্নশীল ঈশ্বর। বিশ্বাস কোন ধর্মানুষ্ঠানগত বা মতবাদগত ছিল না কিন্তু ব্যক্তিগত এবং প্রতিদিনের। গীতসংহিতার কবির রূপ আমাদের সাহায্য করে ঈশ্বরের প্রতি আমাদের ধর্মীয় স্বভাৱ প্রকাশে। পুরাতন নিয়মের প্রধান চরিত্র হলেন ঈশ্বর!
- গ. গীতসংহিতা হতে পারে সকলই শুরু হয়েছে ব্যক্তিগত বিশ্বাসের একক অভিব্যক্তি হিসাবে পরবর্তীতে যেটি ব্যবহার করা হয়েছে সমাজের সকলের বিশ্বাস দ্বারা (গীত ২৩; ১৩৯, ইত্যাদি)।

IX. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এবং ব্যক্তির সংক্ষিপ্ত ব্যাখ্যা

- ক. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ
১. “আলাদা করে রাখা” (*kadosh*) ৪:৩ (NASB এবং NIV)
 ২. “নির্ভরতা” (*emeth*) ৪:৫ (NASB এবং NIV)
 ৩. “রাজপথ সরল কর” ৫:৮ (NASB এবং NIV)
 ৪. “প্রেমময় দয়াময়” (*hesed*) ৬:৭ (NIV, “নিশ্চিত ভালবাসা”)
 ৫. “অনুতাপ” ৭:১২ (NIV, “বিগলিত হওয়া”)
 ৬. “মনুষ্য পুত্র,” ৮:৪ (NASB এবং NIV)
 ৭. “পরিব্রাজন,” ৯:১৪ (NASB এবং NIV)

৮. “অতল গর্ত,” ৯:১৫ (NASB এবং NIV)
৯. “পানপাত্র,” ১১:৬; ৭৫:৮ (NIV, “প্রচুর”)
১০. “ধার্মিকতা,” ১৫:২ (NIV, “ধার্মিকতা”)
১১. “cherub,” ১৮:১০ (NIV, “cherubim”)
১২. “পিছনের পায়ের মত,” ১৮:৩৩ (NIV, “হরিণের পা”)
১৩. “উদ্ধারকর্তা,” ১৯:১৪ (NASB এবং NIV)
১৪. “গুলিবাট,” ২২:১৮ (NASB এবং NIV)
১৫. “মৃত্যুচ্ছায়ার উপত্যকা,” ২৩:৪ (NASB এবং NIV)
১৬. “তোমার পক্ষের আশ্রয়ে,” ৫৭:১; ৯১:৪ (NASB এবং NIV)
১৭. “চটের বস্ত্র,” ৬৯:১১ (NASB এবং NIV)
১৮. “জীবন পুস্তক,” ৬৯:২৮; ১৩৯:১৬ (NASB এবং NIV)
১৯. “পিচ্ছিল স্থান,” ৭৩:১৮ (NIV, “পিচ্ছিল ভূমি”)
২০. “দুঃস্থতার শৃংগ,” ৭৫:১০ (NASB এবং NIV)
২১. “উচ্চ স্থান,” ৭৮:৫৮ (NASB এবং NIV)
২২. “রহব,” ৮৯:১০ (NASB এবং NIV)
২৩. “তাদের কাটিয়া ফেলা,” ১১৮:১০, ১১, ১২ (NASB এবং NIV)
২৪. “কোণের পাথর,” ১১৮:২২ (NIV, “ঘূর্ণয়মান দন্ড”)
২৫. “বেদির শৃংগ,” ১১৮:২৭ (NASB এবং NIV)

খ. ব্যক্তি


১. বাহিনীগণের সদাপ্রভু (YHWH Sabboth) NASB, ২৪:১০ (NIV, “সদাপ্রভু সর্বশক্তিমান”)
২. যিদূথুন, ৬২ এর ভূমিকাতে (NASB এবং NIV)
৩. ইস্রায়েলীয়, ৮৩:৬ (NASB এবং NIV)
৪. মন্কীষেদক, ১১০:৪ (NASB এবং NIV)

X. মানচিত্রে অবস্থান

১. সিয়োন, গীত ২:৬
২. বাসন, ২২:১২
৩. কাদেশ-বর্ণেয়, ২৯:৮ (NIV, “কাদেশ”)
৪. হর্মেণ পর্বত, ৪২:৬ (NIV, “হর্মেণের উচ্চভূমি”)
৫. শিলো, ৭৮:৬০
৬. তাবোর পর্বত, ৮৯:১২
৭. বাল-পায়র, ১০৬:২৮ (NIV, “পায়োরের বাল”)



XI. শিক্ষার্থীদের সন্তুষ্টির প্রশ্নাবলী

১. কেন গীত ২ কে বিবেচনা করা হয় সার্বজনীন, এবং মশীহ বিষয়ক গীত বলে?
২. গীত ১৮:১-২ পদে ঈশ্বরের বর্ণনায় ভিন্ন ভিন্ন রূপকের বর্ণনা করুন
৩. গীত ১৯ এ পাওয়া দুই ধরণের প্রকাশের তালিকা ও ব্যাখ্যা করুন।
৪. ভাববাদীমূলক অর্থে গীত ২২ কি বর্ণনা করেছে?
৫. গীত ৩২ এবং ৫১ এর ঐতিহাসিক প্রেক্ষাপট ব্যাখ্যা করুন।
৬. গীত ৩৮ কি বিষয় সম্বন্ধে বলছে (আপনার নিজের কথায়।)
৭. গীত ৪২:১ পদের রূপকের ব্যাখ্যা করুন।
৮. গীত ৫১:১১-১২ পদ কি বিষয়ে বলছে তা ব্যাখ্যা করুন।
৯. সদাপ্রভুর ভয় বলতে কি বোঝায়? ৬৭:৭
১০. গীত ৭৩ জীবনের কোন বিষয় নিয়ে সংগ্রাম করেছে?
১১. গীত ১১৯ এর কাঠামোতে কি অস্বাভাবিকত্ব রয়েছে? এর সাধারণ বিষয়টি কি?
১২. গীত ১৩৯ জীবনের কোন বিষয় নিয়ে আলোচনা করেছে?



ප්‍රාචීන ලිකිට් ප්‍රාභ්‍ය

প্যালেস্টাইন



হিতোপদেশ পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO PROVERBS)

I. পুস্তকটির নাম

- ক. হিব্রুতে শিরোনাম হল প্রথম ৭টি পদ এবং ভাব, ৭ পদ।
- খ. LXX এ একে বলা হয়েছে “শলোমনের হিতোপদেশ।”
- গ. Vulgate এ একে বলা হয়েছে “হিতোপদেশ পুস্তক।”
- ঘ. ইংরাজী শিরোনাম এসেছে হিব্রু টার্ম থেকে যার অর্থ “সেই মত হওয়া।” হিতোপদেশগুলি সংক্ষিপ্ত, চিন্তা উদ্বেককারী, মন্তব্য, সাধারণত দুই লাইনে।

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

- ক. এটি হিব্রু ক্যাননের তৃতীয় বিভাগের অংশ যাকে বলা হয় “লেখনীসমূহ।”
- খ. তালমুদ, Baba Bathra ১৪৩, বলেছে প্রজ্ঞার বইসমূহের ধারাবাহিকতা ছিল গীতসংহিতা, ইয়োব এবং হিতোপদেশ। এগুলি যাদের উপরে লেখকত্ব আরোপ করেছে:
 ১. মোশি ইয়োব লিখেছেন
 ২. গীতসংহিতা দায়ুদ লিখেছেন
 ৩. হিতোপদেশ হিষ্কিয়া লিখেছেন
- গ. রাব্বিরা জোর দিয়ে বলতে চেপ্টা করেছেন যে শলোমন, যিনি তার প্রজ্ঞার জন্য বিখ্যাত ছিলেন, তিনি তিনটি বই লিখেছেন:
 ১. যখন তিনি যুবক তখন লিখেছেন পরমগীত,
 ২. যখন তিনি মধ্যবয়স্ক তখন লিখেছেন হিতোপদেশ,
 ৩. যখন তিনি বয়স্ক ও তিজ্ঞ তখন উপদেশক। এই ঐতিহ্য এই তিনটি বইকে একদল ভুক্ত করে প্রকাশিত হয়েছে LXX এ।

III. সাহিত্য রীতি

- ক. হিতোপদেশ হল প্রজ্ঞা সাহিত্যের একটি বিশেষায়িত প্রকার।
- খ. বেশ কিছু প্রকারের উপদেশমূলক প্রবচন রয়েছে (Clyde Francisco, *Introducing the Old Testament*, p. 265)।
 ১. ঐতিহাসিক হিতোপদেশ – এগুলি হল অতীতের বিখ্যাত এবং জনপ্রিয় প্রবচন যেটি বর্তমানে হয়ে পড়েছে দৃঢ় সত্য।
 ২. রূপকগত হিতোপদেশ – এটি হল দুই লাইনের প্রবচন যেটি জিনিসের তুলনা করে:
 - ক. তুলনামূলক ব্যবহার করে, “এরূপ” বা “মত”
 - খ. তুলনা করে পার্থক্য দেখানো
 ৩. প্রহেলিকা – এগুলি হল হেঁয়ালী বা বুদ্ধির ধাঁধা।
 ৪. parabolic হিতোপদেশ – এগুলি দীর্ঘতম, আরও উন্নত তুলনা বা পার্থক্য।
 ৫. didactical হিতোপদেশ – এগুলি হল সত্যের উপকরণ সরকারী কাজ বা নেতৃত্বের জন্য যুবকদের প্রশিক্ষণের।
- গ. গীতসংহিতার মতই হিতোপদেশের মধ্যে রয়েছে সমান্তরালবাদ:
 ১. synonymous সমান্তরাল – হিতো ৮:১
 ২. antithetical সমান্তরাল – হিতো ২৮:১
 ৩. synthetic সমান্তরাল – হিতো ২৬:১

IV. পুস্তকের রচয়িতা

- ক. হিতোপদেশ ঐতিহ্যগত ভাবে শলোমনের সাথে সংযুক্ত, যেমন গীতসংহিতা দায়ুদের সাথে। এর কারণ হল শলোমন তার প্রজ্ঞার জন্য বিখ্যাত ছিলেন (১ রাজা ৩:১২; ৪:২৯-৩৪; ১০:১), এবং এছাড়াও শলোমনের নাম হিতোপদেশ ১:১; ১০:১ এবং ২৫:১ পদে উল্লেখিত হয়েছে।
- খ. হিতোপদেশ হল সম্পাদিত সংকলনের ফল যেমন গীতসংহিতা। এখানে বেশ কয়েকজন লেখকের কথা উল্লেখ করা হয়েছে:
১. শলোমন – ১:১; ১০:১; ২৫:১
 ২. জ্ঞানী ব্যক্তি (sages) – ২২:১৭; ২৪:২৩
 ৩. অগুট – ৩০:১
 ৪. লম্বুয়েল – ৩১:১
- গ. হিতোপদেশে সম্পাদনার প্রক্রিয়া দেখা যেতে পারে ২৫:১ পদে যেখানে এটি বর্ণনা করছে যে হিষ্কিয়ের দরবারের লোকেরা শলোমনের হিতোপদেশ সংকলন করেছে। সম্ভবত এই সময়ের আগে অনেকগুলি মৌখিক ভাবে প্রচলিত ছিল।
- ঘ. ৩০ এবং ৩১ অধ্যায় মাসা থেকে আগত লোকের দ্বারা। এই টার্ম সম্পর্কে অনুবাদকদের মধ্যে কিছুটা মতানৈক্য আছে। অনেক আধুনিক ইংরাজী সংস্করণ এই টার্মকে অনুবাদ করেছে “দৈববাণী” বা “বোবা” দ্বারা। আমেরিকার যিহুদী প্রকাশনা সোসাইটি একে অনুবাদ করেছে একটি জায়গার নাম হিসাবে। এই MASSA টার্ম হল সৌদি আরবের ইশ্মায়েলীয় রাজ্যের একটি উল্লেখ (আদি ২৫:১৪ এবং ১ বংশ ১:৩০)।
- ঙ. একটি সুস্পষ্ট সাদৃশ্যতা রয়েছে “প্রাজ্ঞদের কথা” ২২:১৭-২৪:২২ এবং মিশরিয় “Amenemope এর নির্দেশনা” এর মধ্যে যার তারিখ প্রায় ১২০০ খ্রীষ্ট পূর্ব। আরও ব্যাপক আলোচনার জন্য দেখুন John H. Walton, *Ancient Israelite Literature in Its Cultural Context*, Grand Rapids: Zondervan, 1990. pp. 192-197।

V. তারিখ

- ক. এই বইয়ের তারিখে গীতসংহিতার মত একই রকম সমস্যা রয়েছে। দুটি তারিখ আছে বিবেচনা করার জন্য:
১. প্রতিটি হিতোপদেশের জন্য আলাদা আলাদা তারিখ
 ২. সেই তারিখ যখন হিতোপদেশগুলি সংগ্রহ করে আমাদের ক্যাননের বইয়ের সাথে যুক্ত হয়েছে।
- খ. অনেক হিতোপদেশ শলোমনের সময়কালের, বিশেষ করে ১০:১-২২:১৬ এবং ২৫:১-২৯:২৭ পদ।
- গ. ৩০ অধ্যায়ে অগুরের কথার সাথে Ugarit এর Ras Shamra text এর মধ্যে অনেক সাদৃশ্যতা রয়েছে। এই টেক্সটগুলি খ্রীষ্ট পূর্ব ১৫ শতকের।
- ঘ. হিতোপদেশের ক্যাননকৃত বই, ১-২৯ অধ্যায়, সংকলিত হয়েছে হিষ্কিয়ের সময়ে (খ্রীষ্ট পূর্ব ৭১০-৬৮৭)। শেষ দুটি অধ্যায় পরবর্তীকালে যুক্ত হয়েছে।

VI. ঐতিহাসিক অবস্থান

VII. সাহিত্য একক

- ক. বইটির শিরোনাম, ১:১-৬
- খ. ভাব বর্ণনা, ১:৭
- গ. প্রজ্ঞার প্রশংসা (ব্যক্তিরূপদান), ১:৮-৯:১৮
- ঘ. শলোমনের হিতোপদেশ (দুই লাইনে তুলনায় পার্থক্য করা), ১০:১-২২:১৬
- ঙ. প্রজ্ঞার কথা (মিশরিয় প্রজ্ঞার সাথে সাদৃশ্যপূর্ণ), ২২:১৭-২৪:২২
- চ. প্রজ্ঞার আরও কথা, ২৪:২৩-৩৪
- ছ. শলোমনের হিতোপদেশ (ভাবগত), ২৫:১-২৯:২৭

- জ. অগুরের কথা (অজ্ঞেয়বাদীর প্রতি উত্তরে), ৩০:১-৩৩
- ঝ. লম্বুয়েলের খথা (তার মায়ের থেকে), ৩১:১-৯
- ঞ. ঈশ্বর ভক্ত মহিলার প্রশংসা (acrostic), ৩১:১০-৩১

VIII. প্রধান সত্য

- ক. যদিও প্রায়ই বলা হয়নি, হিতোপদেশের ভিত্তি রাখা হয়েছে একজন এক ঈশ্বরবাদী ব্যক্তিগত ঈশ্বরের উপরে যিনি সৃষ্টি এবং ব্যক্তিগত বিশ্বাসীদের জীবন উভয় ক্ষেত্রে সক্রিয় (১:৭; ৩:৫-৬; ৯:১০; ১৪:২৬-২৭; ১৯:২৩)।
- খ. এই ধরনের সাহিত্য সুসম ছিল (যির ১৮:১৮; যিহি ৭:২৬):
১. “ব্যবস্থা” (যাজকদের)
 ২. “ভাববাদীগণ” (ভাববাদীগণ)
- এটি ইশ্রায়েলীয়দের ইতিহাস বা সংস্কৃতির সরঞ্জাম ছিল না বরং প্রত্যেকটি ইশ্রায়েলীয়র সুখী, নৈতিকতাপূর্ণ এবং সফলতাপূর্ণ জীবন যাপনের।
- গ. উৎপত্তিগত ভাবে এটি পরিকল্পিত ছিল সরকারী কাজ বা সমাজের নেতৃত্বের জন্য সম্পদশালী যুবকদের প্রশিক্ষণের জন্য (১:৮-৯)।
- ঘ. এটি প্রতিদিনের, ব্যবহারিক, ঈশ্বর ভক্তির জীবন যাপন অনুপ্রাণিত অর্ন্তদৃষ্টির জন্য। এর বৈশিষ্ট্য করা যেতে পারে এভাবে “ঐশ্বরিক ঘোড়া অর্থে।”
- ঙ. এটা অবশ্যই স্মরণ রাখতে হবে যে হিতোপদেশ হল সত্যের সাধারণ বিবৃতি। সেগুলি সব সময় ব্যাখ্যা করে না বা ব্যক্তির সমস্যা বা পরিস্থিতির গণনা করে না।



IX. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এবং সংক্ষিপ্তভাবে ব্যক্তি চিহ্নিতকরণ:

- ক. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ
১. হিতোপদেশ (*mashal*), ১:১ (NASB এবং NIV)
 ২. প্রজ্ঞা (*hokmah*), ১:২ (NASB এবং NIV)
 ৩. সদাপ্রভুর ভয়, ১:৭ (NASB এবং NIV)
 ৪. প্রজ্ঞা পথে পথে চীৎকার করছে,” ১:২০ (NIV, “প্রজ্ঞা পথে উচ্চস্বরে চিৎকার করে ডাকছে”)
 ৫. “অবোধেরা...নিন্দুকেরা...হীনবুদ্ধিরা,” ১:২২ (NIV, “সাধারণ লোক...উপহাসকেরা...বোকারা”)
 ৬. বিদেশি স্ত্রীলোক, ২:১৬ (NIV, “ব্যভিচারিণি”)
 ৭. “তিনি হলেন জীবন বৃক্ষ,” ৩:১৮ (NASB এবং NIV)
 ৮. “সদাপ্রভুর নিন্দিত,” ৩:৩২; ১৭:১৫ (NIV, “সদাপ্রভুর ঘৃণিত”)
 ৯. “তোমার নিজ জলাশয় হইতে পান কর,” ৫:১৫ (NASB এবং NIV)
 ১০. “একজন জামিনদার,” ৬:১ (NIV, “নিশ্চয়তা”)
 ১১. অযোগ্য ব্যক্তি (*belial*), ৬:১২ (NIV, “দুর্বৃত্ত লোক”)
 ১২. “সদাপ্রভু নিজ পথের আরম্ভে আমাকে প্রাপ্ত হয়েছিলেন,” ৮:২২ (NIV, “সদাপ্রভু আমাকে তাঁর প্রথম কাজ হিসাবে সামনে নিয়ে এসেছেন”)
 ১৩. “Sheol এবং Abaddon সদাপ্রভুর সামনে উন্মুক্ত পড়ে রয়েছে,” ১৫:১১; ২৭:২০ (NIV, “মৃত্যু এবং ধংস সদাপ্রভুর সমানে উন্মুক্ত পড়ে আছে”)
 ১৪. উদ্ধারকর্তা (*Go'el*), ২৩:১১ (NIV, “রক্ষাকর্তা”)
 ১৫. সুদে টাকা ধার দেওয়া, ২৮:৮ (NIV, “অসঙ্গত সুদ”)
 ১৬. দৈববানী (*massa*), ৩০:১; ৩১:১ (NASB এবং NIV)
- খ. ব্যক্তি
১. হিষ্কিয়ের লোকেরা, ২৫:১
 ২. অগুর, ৩০:১
 ৩. ঈথীয়েল, ঈশীয়ের, এবং উকল, ৩০:১
 ৪. লম্বুয়েল, ৩১:১

X. মানচিত্রে অবস্থান – নাই


XI. শিক্ষার্থীদের সম্ভাবিত প্রশ্নাবলী

১. “প্রজ্ঞা” এবং “জ্ঞান” এই দুই হিব্রু শব্দের মধ্যে পার্থক্য কি?
২. কেন ১: ৭ পদ এত গুরুত্বপূর্ণ?
৩. কেন প্রজ্ঞাকে একজন স্ত্রীলোক হিসাবে ব্যক্তিরূপ দান করা হয়েছে?
৪. সৃষ্টিতে প্রজ্ঞার কি অংশ ছিল? (৩:১৯; ৮:২৭)
৫. “দুটি পথ” ব্যাখ্যা করুন (৪:১০-১৯)।
৬. ৩০:৭-৯ পদের প্রার্থনা ব্যাখ্যা করুন।
৭. ৩১:১০-৩১ পদে ঈশ্বর ভক্তি স্ত্রীর বৈশিষ্ট্যগুলি তালিকা করুন।



ପ୍ରାଚୀନ
ଲିକଟ୍ ପ୍ରାଚ୍ୟ

প্যালেস্টাইন



০ ১০ ২০ ৩০ ৪০
মাইল মাপনি

উপদেশক পুস্তকের ভূমিকা (INTRODUCTION TO ECCLESIASTES)

I. পুস্তকটির নাম

- ক. হিব্রুতে নামটি হল একটি শব্দগুচ্ছ ছিল “কোহলথের বাক্য, যিনি যিরুশালেমের রাজা দায়ূদের পুত্র” ১:১ পদ থেকে। এর সংক্ষিপ্ত শিরোনাম হল কোহেলথ, যেটি শলোমনের জন্য ব্যবহৃত হয়েছিল ১ রাজা ৮:১ পদে। এটি হল হিব্রু *Qahal*, এর feminine participle যার অর্থ “আরাধনায় আগত লোকেরা” বা “একত্রে জড় হওয়া।”
- খ. বইটিকে বলা হয়েছে “উপদেশক” যেটি হল LXX থেকে একটি Latinized রূপ। এই গ্রীক টার্ম হল “তারা যারা একত্র হয়েছে” এর জন্য, “ডাকিয়া আনা” মূল থেকে।
- গ. টার্ম *Qoheleth* এর অর্থ হতে পারে:
১. একজন শ্রোতা যিনি একত্র হয়েছেন, সেজন্য, একজন শিক্ষক, প্রচারক, বিতর্ককারী, ইত্যাদি।
 ২. একজনের জন্য সম্ভাব্য রূপকগত যিনি সত্য জড় করেন, একজন দার্শনিক বা জ্ঞানী ব্যক্তি।

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

- ক. উপদেশক হল প্রজ্ঞা সাহিত্যের ধরণের একটি উদাহরণ। ইয়োবের মতই, এটি হল একটি বিষয়ের বিস্তারিত আলোচনা।
- খ. এটি হল হিব্রু ক্যাননের তৃতীয় বিভাগের একটি অংশ যাকে বলা হয়েছে “লেখনীসমূহ।”
- গ. এটি আরও পাঁচটি ছোট বইয়ের বিশেষ দলের একটি অংশ যাকে বলা হয়েছে Megilloth বা “পাঁচটি গুটানো পুস্তক।” এর প্রত্যেকটি বই বাৎসরিক উৎসবের সময়ে পঠিত হয়। উপদেশক বইটি পাঠ করা হয় কুটিরোৎসব বা সমাগমতাম্বুর উৎসবে।
- ঘ. এই বইটির মূল প্রকৃতির কারণে বইটি রক্ষণশীল রাব্বীদের Shammai পন্ডিতেরা একে প্রত্যাখ্যান করেছে কিন্তু সমর্থিত হয়েছে উদারপন্থী রাব্বীদের Hillel পন্ডিতদের দ্বারা। এই বিতর্ক যিরুশালেম পতনের (৭০-৯০ খ্রীষ্টাব্দ) পরে Jamnia এর সময় পর্যন্ত চলেছিল।
- ঙ. পুরাতন নিয়মের বেশ কিছু ক্যাননকৃত বই অনেক কষ্টে ক্যাননে গৃহিত হয়েছিল:
১. উপদেশক – তিজতা, নেতিবাচক, ঐতিহ্যগত আত্মা নয়
 ২. পরমগীত – দৈকিহ ভালবাসার নিশ্চয়তা
 ৩. ইস্টের – ঈশ্বর বা যিহূদী মন্দির বা অন্য কোন স্থানের নামের উল্লেখ নেই
 ৪. যিহিস্কেল – তার মন্দির মোশির থেকে আলাদা ছিল
 ৫. এবং কিছু বিস্তারিত, দানিয়েল – ৭-১২ অধ্যায়ের রহস্য উদঘাটনমূলক ভাববাণী
- চ. উপদেশক শেষ পর্যন্ত গৃহিত হয়েছিল কারণ:
১. এটি শলোমনের নামে অরোপিত ছিল,
 ২. এর ছিল একটি ঐতিহ্যগত উপসংহার,
 ৩. এটি মানবিক অভিজ্ঞতার সত্যের ঘন্টা বাজিয়েছে এবং প্রকাশ করেছে নির্বাসন উত্তর যিহূদী সমাজের মধ্যে দ্বিধাদ্বন্দ্বের।

III. সাহিত্য রীতি

- ক. উপদেশক ইয়োবের মতই সামগ্রিক হিসাবে ব্যাখ্যা করতে হবে। এটি হল একটি ধারাবাহিক তীব্র ব্যঙ্গ ১২ অধ্যায় থেকে।
- খ. এটি হল একটি হালকা রসিকতার মাধ্যমে ব্যঙ্গাত্মক ভাবে ঈশ্বর বিহীন জীবনকে দেখেছে। মূল শব্দগুচ্ছ হল “সূর্যের নিচে,” ১:৩, ৯, ১৪; ২:১১, ১৭, ১৮, ১৯, ২০, ২২; ৩:১৬; ৪:১, ৩, ৭, ১৫; ৫:১৩, ১৮; ৬:১, ৫, ১২; ৭:১১; ৮:৯, ১৫, ১৭; ৯:৩, ৬, ৯, ১১, ১৩; ১০:৫; ১১:৭; ১২:২ (৩১ বার)।

IV. পুস্তকের রচয়িতা

- ক. বইটি নামহীন বা অজ্ঞাত নামা।

- খ. যিহুদী ঐতিহ্য বলছে যে এটি হল শলোমনের লিখিত তিনটি বইয়ের একটি: (Midrash Shir hasherem Rabbah I, 1, sect. 10)
১. পরমগীত যখন তিনি যুবক ছিলেন,
 ২. হিতোপদেশ যখন তিনি মধ্য বয়স্ক,
 ৩. উপদেশক যখন তিনি বৃদ্ধ ও তিজ্ঞ।
- গ. শলোমন নিশ্চিত ভাবে ১-২ অধ্যায়ে র সাহিত্যগত ভাবে ব্যর্থ, কারণ তার প্রজ্ঞা, সম্পদ এবং মর্যাদা। কিন্তু এখানে কিছু ইঙ্গিত রয়েছে যে তিনি সত্যিকারের লেখক নন:
১. ১:১২ পদে, “আমি যিরুশালেমে ইস্রায়েলের উপরে রাজা ছিলাম।” (NIV) – past tense
 ২. ১:১৬ পদে, “..আমার পূর্বে যিরুশালেমে যে সকল অধ্যক্ষ ছিলেন, সেই সকল অপেক্ষা...” (NASB) – কেবল মাত্র শলোমনের আগে দায়ুদ ছিলেন।
 ৩. ৪:১-৩, ৫:৮ এবং ৮:৯ পদে রাজকীয় ভাবে অসদাচরণের বিষয়ে আলোচনা কিন্তু নিরাশার মত।
 ৪. শলোমনের নামটি এই বইটির কোথায়ও দেখা যায় না।
- ঘ. শলোমনের লেখকত্ব বিষয়ে পণ্ডিতদের আলোচনা (*Introduction to the Old Testament*, by C. F. Keil, vol. 1, pp. 516-529)।
- ঙ. Baba Bathra 15^b বলছে হিষ্কিয়ের লোকেরা হিতোপদেশ, উপদেশক এবং পরমগীত লিখেছে, কিন্তু এটি স্পষ্টত অর্থ করে যে তারা প্রজ্ঞার বইগুলি সম্পাদনা বা সংকলন করেছে।
- চ. টার্ম *Qoheleth* হতে পারে কোন proper নাম বা উপাধি। এটি উপাধির মত লাগে কারণ:
১. ৭:২৭ ও ১২:৮ পদে এর definite article রয়েছে,
 ২. এটি হল feminine রূপ যেটি একটি দায়িত্বের ইঙ্গিত দেয় কিন্তু ব্যবহৃত হয়েছে masculine verb এ,
 ৩. এটি একটি দুর্লভ টার্ম, সাতবার পাওয়া যায় কেবলমাত্র এই বইতে।
- ছ. বইটির একটি মাত্র সেকশন যা প্রকাশ করে একজন লেখক বা পরবর্তীকালের সম্পাদকের বিষয় ১২:৯-১৪ পদে। তিনি নিশ্চিত ভাবে একজন জ্ঞানী লোক, একজন প্রজ্ঞার শিক্ষক।
- জ. দৃশ্যত স্ববিরোধিতা বা দ্বন্দ্ব ব্যাখ্যা করা যেতে পারে যেভাবে:
১. ব্যঙ্গাত্মক, ঈশ্বর বিহীন জীবন (“সূর্যের নিচে”)
 ২. একে ঐতিহ্যগত যিহুদী প্রজ্ঞা এবং চ্যালেঞ্জ করেছে (যুক্তি খন্ডনের উদ্গতি)
 ৩. একজন প্রজ্ঞার শিক্ষক এবং তার উৎসাহি যুবক ছাত্র এবং একজন বর্ণনাকারী (কথোপকথন)
 ৪. পতিত মানুষের মধ্যে দ্বন্দ্ব (এক জীবন পঞ্জিকা)
 ৫. পরবর্তীকালের সম্পাদক, উদাহরণ ১২:৯-১২ পদ (Qoheleth এর প্রতি ইতিবাচক) এবং ১২:১৩-১৪ (Qoheleth এর প্রতি নেতিবাচক)।

V. তারিখ

- ক. উপদেশকের তারিখ সম্বন্ধে দুটি বিষয় রয়েছে:
১. কখন বইটি রচনা করা হয়েছে, কখন বইটি এর চূড়ান্ত ক্যাননকৃত রূপে রাখা হয়েছে।
- খ. ঐতিহাসিক প্রেক্ষাপট অবশ্যই শলোমনের সময়কালের পরে হবে। তিনি ১-২ অধ্যায়ে ব্যবহৃত হয়েছে একজন সাহিত্যগত ভাবে ব্যর্থ হিসাবে।
- গ. বইটির চূড়ান্ত রূপ নির্দেশ করে পরবর্তীকালের তারিখের কথা:
১. হিব্রু সাহিত্যগত রূপ হল নির্বাচন উত্তর কিন্তু খ্রীষ্ট পূর্ব ৪০০-৩০০ অব্দের আগের।
 - ক. অরামিক শব্দ এবং ভাব প্রকাশ
 - খ. হিব্রু রূপ
 ২. ৬০০-৪০০ খ্রীষ্ট পূর্বের ফৈনিসিয়ান প্রজ্ঞা সাহিত্যের সাথে সাহিত্যগত সমান্তরাল রয়েছে।
 ৩. উপদেশকের পরোক্ষ উক্তি দেখা গেছে Ben Sirah এর Ecclesiasticus লেখনীতে, যেটি লিখিত হয়েছে খ্রীষ্ট পূর্ব ১৮০ অব্দের দিকে।

৪. মরু সাগরের পুঁথিতে (4Q) উপদেশকের বেশ কিছু ছোট ছোট অংশ পাওয়া গেছে। এর তারিখ নির্ধারণ করা হয়েছে খ্রীষ্ট পূর্ব দ্বিতীয় শতকের শেষ দিক।

VI. সাহিত্য একক

- ক. এই বইটির রূপরেখা করা কঠিন। এটি কাঠামোগত সাহিত্য কাজের চেয়ে অনেকটা জীবন পঞ্জিকার মত। এটি শিক্ষার মত একই রকমের যাকে বলা হয় “সুতার উপরে মুক্তা।” যদিও, একই রকমের পরিকল্পনা রয়েছে, যদি একই একই রকমের মূল ভাব না থাকে।
- খ. এটা সম্ভব যে এখানে সম্পাদকীয় সংকলন রয়েছে:
১. আরম্ভ, ১:১
 ২. ব্যাপক ভাবে ১:২ এবং ১২:৮ পদ ইঙ্গিত দেয় ১:১ এবং ১২:৯-১৪ পদ হল সংকলন
 ৩. দুটি যোগ করা শেষ বক্তব্য:
 - ক. ১২:৯-১২ (তৃতীয় ব্যক্তিতে)
 - খ. ১২:১৩-১৪ (ঐতিহ্যগত ধর্মতত্ত্ব)
- গ. এটা স্পষ্ট যে ১-২ অধ্যায় সাহিত্য নির্বোধ হিসাবে শলোমনকে ব্যবহার।
- ঘ. ৩ অধ্যায় হল মানবিক জীবনের সাধারণ অভিজ্ঞতার বিষয়ে একটি চমৎকার কবিতা।
- ঙ. মনে করিয়ে দেওয়াটার রূপরেখা করা সহজ নয়!

VII. ধর্মতাত্ত্বিক বিষয়

- ক. এই বইয়ের প্রধান সত্য মনে হয় ক্যাননে উপস্থাপনের ইঙ্গিত দিয়েছে যে ঈশ্বর খাঁটি, সন্দেহপূর্ণ অনুসন্ধানকারীকে প্রত্যাখ্যান করেন নাই।
- খ. চূড়ান্ত প্রশ্ন জিজ্ঞাসা করা নিরুৎসাহ করে না।
- গ. উপদেশক ধরে নিয়েছে ঈশ্বরের অস্তিত্ব এবং লিখিত হয়েছে পুরাতন নিয়মের বিশ্বাসের প্রবাহের মধ্যে।
- ঘ. মন্দতা হল মানুষের ফলাফল, ঈশ্বরের নয় (৭:২৯; ৯:৩)
- ঙ. ঈশ্বর পথ জানা যেতে পারে না। মানুষের অবশ্যই জীবনের অর্থের জন্য সংগ্রাম করবে!
- চ. মৃত্যু পরবর্তী জীবনের প্রতি প্রচলিত ধর্মমতে বিশ্বাসীদের সন্দেহের দৃষ্টি এবং মানুষের সম্পূর্ণ ভাবে ঈশ্বরকে জানার ক্ষমতা, কিন্তু ঈশ্বর এখনও অনুগ্রহশীল।
- ছ. জগৎ, এটা যেমন, অন্যায্য এবং নিষ্ঠুর, এখানে অবশ্যই আরও কিছু আছে!
- জ. জীবনে সম্ভ্রষ্ট হওয়া -- এটা এসেছে ঈশ্বরের কাছ থেকে। যখন এবং যেভাবে পারুন জীবনকে উপভোগ করুন। (২:২৪)
- ঝ. সহজ সরল উত্তর যা জীবনের অভিজ্ঞতায় খাপ খায় না তার কোন উত্তর “নাই।” যদি ঈশ্বর না থাকেন তবে আমাদের অবশ্যই জীবনের অর্থহীনতার বাস্তবতার মুখামুখি হতে হবে।

VIII. প্রধান সত্য

- ক. ঈশ্বর ছাড়া মানুষের অস্তিত্বের অর্থহীনতা দেখান এর প্রধান উদ্দেশ্য ছিল। স্বয়ং-সম্পূর্ণতার বা বৃদ্ধিবৃদ্ধির রূপান্তরের এটি একটি পদ্ধতি। B. H. Carroll বলেছেন যে তার সময়ের অবিশ্বস্ততার দিনে, উপদেশক এবং ইয়োব তাদের উপরে অজাগতিক ক্ষতাকে অনুশীলন করেছেন, প্রকাশ করেছেন জীবনের শূন্যতা এবং ঈশ্বরে দিকে দেখিয়ে দিয়েছেন।
- খ. সুখ এবং সম্ভ্রষ্টি পাওয়া যায় (২:২৪; ৩:১২-১৩,২২; ৫:১৮-২০; ৮:১৫; ৯:৭-৯; ১২:১৩-১৪):
১. ঈশ্বরের প্রতি বাধ্যতা ও বিশ্বাস,
 ২. গৃহে ও পরিবারে আনন্দ,

৩. একজনের কাজ।

গ. এই বইটি ঈশ্বর সম্বন্ধে এবং পরবর্তী জীবন সম্বন্ধে সন্দেহবাদী। এটি চূড়ান্ত বস্তুবতার প্রশ্নের কোন উত্তর দেয়নি কিন্তু এটি বর্তমান বাস্তবতা সম্পর্কে প্রশ্ন করেছে:

১. যিহুদীদের জন্য, এটি দেখিয়েছে ঐতিহ্যগত ধর্মতাত্ত্বিকদের দ্বারা প্রস্তুত অতিরিক্ত ভাবে বাড়িয়ে বলার ভ্রান্তি (“দুটি পথ”)।
২. পৌত্তলিকদের জন্য, এটি দেখিয়েছে ঈশ্বর বিহীন জাগতিক জীবনের দেউলিয়াত্বকে।
৩. জীবনের প্রশ্নাবলীর সহজ উত্তর সাধারণত ভুল হয়। এমনকি বিশ্বাসের জন্যও রহস্য রয়েছে! প্রত্যাদেশ সকল প্রকাশ করে না!

ঘ. এই লেখক স্বাভাবিক প্রকাশ ব্যবহার করেছেন, বিশেষ প্রকাশ নয়, জীবনকে পরীক্ষা করতে। ঈশ্বরের নিয়মের নাম YHWH, এই বইতে দেখা যায় না। সকল প্রজ্ঞা সাহিত্যের মত ঈশ্বরের সাধারণ নাম *Elohim* ব্যবহৃত হয়েছে।

ঙ. এই বইটি গঠন করেছে হিতোপদেশের পরিচ্ছন্ন সাধারণ আচরণের সত্যের সমতা যা জীবনকে সাফল্য দিয়েছে। জীবনে রহস্য রয়েছে, স্বভাবে, মানুষে, ঈশ্বরে। বিশ্বাসে এর চাবিকাঠি পাওয়া যায়, জ্ঞানে নয়; পরিবার তা ধারণ করে না এবং ঈশ্বরে কিন্তু মানুষে নয়। জীবনের সহজ সরল আনন্দ: পরিবার, কাজ, বন্ধু-বান্ধব, খাবার এই জীবনে আনন্দের যোগান দেয়। পরবর্তী জীবন পর্দার অন্তরালে, কিন্তু ঈশ্বর সেখানে রয়েছেন!

IX. টার্ম/শব্দগুচ্ছ এবং সংক্ষিপ্তভাবে ব্যক্তি চিহ্নিতকরণ:

ক. টার্ম/ শব্দগুচ্ছ

১. “অসাড়ের অসাড়” ১:২ (NIV, “অর্থহীন! অর্থহীন!”)
২. “সূর্যের নিচে” ১:৩ (NASB এবং NIV)
৩. “প্রজ্ঞার বাহুল্যে মনস্তাপের বাহুল্য হয়” ১:১৮ (NIV, “অতিরিক্ত প্রজ্ঞার সাথে অতিরিক্ত দুঃখও আসে”)
৪. “আমি জানিলাম যে, সকলেরই একই দশা ঘটে” ২:১৪ (NASB এবং NIV)
৫. “তিনি তাহাদের হৃদয় মধ্যে চিরকাল রাখিয়াছেন” ৩:১১ (NASB এবং NIV)
৬. “ঈশ্বর নিশ্চয়ই তাহাদের পরীক্ষা করেন....” ৩:১৮ (NASB এবং NIV)
৭. “...কিন্তু তাহাদের অপেক্ষা যে অদ্য পর্যন্ত হয় নাই তাহার অবস্থা ঐ উভয় হইতেও ভাল” ৪:২-৩ (NIV, “উভয় থেকে সেই ভাল যে এখনও হয় নাই”)
৮. “ঈশ্বর ভয়” ৫:৭ (NIV, “ঈশ্বরের বয়ে দাঁড়ান”)
৯. “যে অর্থ ভালবাসে সে অর্থে কখনও সন্তুষ্ট হয় না” ৫:১০ (NASB এবং NIV)
১০. “অতিরিক্ত ধার্মিক হইও না, এবং অতিরিক্ত জ্ঞানীও হইও না” ৭:১৬ (NASB এবং NIV)
১১. “যে গর্ত খোঁড়ে সে সেই গর্তে পতিত হয়” ১০:৮ (NASB এবং NIV)
১২. “তুমি জলের উপরে আপন ভক্ষ্য ছড়াইয়া দেও, কেননা অনেক দিনের পরে তাহা পাইবে” ১১:১ (NASB এবং NIV)



খ. ব্যক্তি

১. Qoheleth, ১:১
২. প্রহরী ১২:৩-৪ (NIV, “গৃহ রক্ষক”)
৩. একজন মেসপালক ১২:১১
৪. আমার পুত্র ১২:১২

X. মানচিত্রে অবস্থান – নাই



XI. শিক্ষার্থীদের আলোচনার প্রশ্নাবলী

১. এই বইটির সাধারণ উদ্দেশ্য কি?
২. কেন শলোমন সাহিত্যগত ভাবে ব্যর্থ ১-২ অধ্যায়ে?
৩. কিভাবে মানুষ পশুর মত এবং পশু থেকে ভিন্ন? ৩:১২-২২ পদ
৪. আমরা কি ঈশ্বরকে জানতে পারি?
৫. কোথায় আনন্দ পাওয়া যায়?
৬. বইটি কার কাছে লেখা এবং কেন?



ପ୍ରାଚୀନ ଲକ୍ଷଦ୍ୱୀପ

প্যালেস্টাইন



পরমগীত পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO SONG OF SONGS)

I. পুস্তকটির নাম

- ক. এই বইটি, পুরাতন নিয়মের অন্য সকলই বইয়ের মত এর মূল নামকরণ হয়েছে বইটির প্রথম কয়েকটি শব্দের সমন্বয়ে। হিব্রুতে প্রথম শব্দটি হল “শলোমনের পরমগীত,” যেটি হল একটি হিব্রু superlative রূপ। এটি ইঙ্গিত দান করে রাজকীয় ভালবাসার সবচেয়ে উত্তম গান।
- খ. এই বইটি আরও পরিচিত Vulgate এ "Canticles" হিসাবে (*canticum canticorum*)

II. ক্যানন করা বা মন্ডলীর কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত

- ক. এই বইয়ের অস্বাভাবিক বিষয়বস্তুর কারণে এটি ক্যাননে মর্যাদা পেতে বেশ কঠিন অভিজ্ঞতা লাভ করতে হয়েছে:
১. রাব্বীদের Shammai (রক্ষণশীল) পন্ডিতেরা বইটির বিরোধিতা করেছে
 ২. রাব্বীদের Hillel (উদারপন্থী) পন্ডিতেরা বইটি নিশ্চিত করেছে।
 ৩. রাব্বীদের Jamnia (৯০ খ্রীষ্টাব্দ) পরিষদে বইটি নিয়ে এখনও ক্যাননকৃত হিসাবে আলোচনা ও তর্ক বিতর্ক চলছে।
 ৪. রাব্বি Akiba (Aqiba) নেতৃত্বের অধীনে এটি চূড়ান্ত ভাবে গৃহীত হয়েছিল ক্যাননকৃত হিসাবে। এইর বইটি সম্বন্ধে তিনি বলেছেন, “কারণ সমস্ত জগত সেই রকম যোগ্য নয় সেই দিনের মত যেদিন পরমগীত ইস্রায়েলকে দান করা হয়েছিল, কারণ সমস্ত লেখনীগুলিই হল পবিত্র, কিন্তু পরমগীত হল মহা পবিত্র।”
- খ. এটি প্রথমে হিব্রু ক্যাননের লেখনী বিভাগ যাকে বলা হয় *Megilloth* (পাঁচটি স্ক্রোল) সেই বিভাগের বিশেষ বইয়ের তালিকায় ছিল। প্রতিটি বই বাৎসরিক উৎসবের দিনে পাঠ করা হতো। পরমগীত বইটি পাঠ করা হতো নিস্তার পর্বের উৎসবে:
১. পরমগীত – নিস্তারপর্বে
 ২. রূত – পঞ্চাশতমীতে
 ৩. উপদেশক – কুটির উৎসব বা সমাগম তাম্বুর পর্বে
 ৪. ইস্টের – পুরীম পর্বে
 ৫. বিলাপ – যিরুশালেমের পতন ও শলোমনের মন্দির ধ্বংসের স্মরণে
- গ. হিব্রু ক্যাননে লেখনী বিভাগ পরমগীতকে স্থান দিয়েছে গীত সংহিতা, হিতোপদেশ ও ইয়োব পুস্তকের পরে এবং রূত, বিলাপ, উপদেশক এবং ইস্টেরের আগে। পাঠিত হয়। ইংরাজী বাইবেল LXX এর ধারাবাহিকতা অনুসরণ করেছে।

III. সাহিত্য রীতি

- ক. এই বইয়ের ব্যাখ্যা করতে সাহিত্য রীতি হল প্রধান বিষয়। সাহিত্য রীতি হল মূল লেখকের উদ্দেশ্য চিহ্নিত করণে চূড়ান্ত। সম্পূর্ণ বইটি লিখিত হয়েছে কবিতায়।
- খ. তত্ত্বগুলি হল:
১. যিহুদী রূপকালঙ্কার – Mishnah, Talmud এবং Targums, সবগুলিই নিশ্চিত করেছে যে বইটি যিহুদী ইতিহাস বর্ণনা করেছে ইস্রায়েলের জন্য ঈশ্বরের ভালবাসার টার্মে। ইস্রায়েল হল YHWH এর কণে (যাত্রা ৩৪:১৫-১৬; লেবীয় ১৭:৭; ২০:৫-৬ এবং গণনা ১৪:৩৩)।
 ২. খ্রীষ্টিয় রূপকালঙ্কার – Origen, Jerome, Athanasius, Augustine, Thomas Aquinas এবং Luther সকলে নিশ্চিত করেছেন যে এই বইটি মণ্ডলীর বর্ণনা করেছে খ্রীষ্টের ভালবাসার টার্মে। সমান্তরাল হিসাবে প্রায়ই ইফি ৫:২১-৩১ পদকে দেওয়া হয়েছে।
 ৩. ঐতিহ্যগত বিয়ের গীত – উল্লেখযোগ্য পরিমাণে সামঞ্জস্যতা রয়েছে খ্রীষ্ট পূর্ব ৬০০ অব্দের দিকের সিরিয়ার ভালবাসার কবিতা, যা *wasfs* হিসাবে পরিচিত এবং এই বইয়ের মধ্যে। বর ও কণে পরস্পর শ্রদ্ধা বিনিময় করে, একজন আর একজনকে “রাজা” এবং “রানী” বলে ডাকে। মিশরিয় ভালবাসার কবিতার সাথেও কিছু সমান্তরাল রয়েছে যেখানে ভালবাসার পাত্রকে বলা হয়েছে “বোন” (৪:৯-১০, ১২; ৫:১-২)। এই ধরণের সাহিত্য বিশ্বস্ত ভাবে প্রশংসা করে, সময়মত মানবিক ভালবাসা যা সুপরিচিত ছিল প্রাচীন নিকট প্রাচ্যে।
 ৪. নাটক
- ক. বইটি একটি নাটক যেটি বেশ কয়েকজন অভিনেতা দ্বারা অভিনয়ের:
- (১) রাজা,
 - (২) একজন উত্তর দেশীয় মেয়ে,

- (৩) একজন উত্তর দেশীয় স্থানীয় ভালবাসার জন,
 (৪) সমস্বরে গীত বা অন্তপুর (“যিরুশালেমের কন্যাগণ”)।
- খ. এটি মঞ্চগয়নের একটি উদাহরণ প্রথম অধ্যায় থেকে দৃষ্টান্ত হতে পারে:
- (১) ২-৪^৭ পদ, কণে
 (২) ৪^{৭-১৩}, সমস্বরে গীত (২:৭; ৩:৬-১১; ৫:৯; ৬:১,১৩; ৮:৫,৮)
 (৩) ৫-৭ পদ, কণে
 (৪) ৮ পদ, সমস্বরে গীত
 (৫) ৯-১০ পদ, বর
 (৬) ১১ পদ, সমস্বরে গীত
 (৭) ১২-১৪ পদ, কণে
 (৮) ১৫ পদ, বর
 (৯) ১৬-১৭ পদ, কণে
- গ. উত্তরের ছেলে বন্ধুর তত্ত্বের ভিত্তি হল:
- (১) ভালবাসার পাত্রকে বলা হয় মেঘ পালক, যে মেঘ অনুসরণ করে।
 (২) বইটি শেষ হয়েছে উত্তরে যিরুশালেমে নয়।
 (৩) অন্তপুর সমালোচিত হয়েছে, ৬:৮-৯ পদ
- ঘ. গ্রীক পাল্ডুলিপি *Sinaiticus* এ রয়েছে প্রতিটি সেকশনের জন্য শিরোনাম যা বর ও কণের সাথে সম্পর্কিত।
৫. দৃষ্টান্ত – এই তত্ত্ব চেষ্টা করেছে আক্ষরিক ও রূপকের সংমিশ্রণ ঘটাতে। এটি গুরুত্ব সহকারে নিয়েছে মানবিক যৌনতার আনন্দকে এবং এবং এক নারীর প্রতি ইঙ্গিত দিয়েছে। তথাপি এটা দেখায় ইস্রায়েলের সাথে সম্পর্কিত একটি সাংকেতিক উদ্দেশ্য।
৬. আক্ষরিক – এই তত্ত্ব নিশ্চিত করেছে যে মানুষকে যৌনতার দিকটি ঈশ্বর দত্ত। এটি বইটিকে একটি উচ্চতর মর্যাদা দিয়েছে। এই দৃষ্টিভঙ্গি Theodore of Mosuestia দ্বারা গৃহিত হয়েছে, যিনি ছিলেন আন্তিয়খিয়ার ব্যাখ্যাকারী পণ্ডিতদের মধ্যে এক উজ্জ্বল আলো।
- গ. এই বইটি প্রচলিত প্রজ্ঞা সাহিত্য নয়, তথাপি এটি হতে পারে এই ভাবে কাজ করেছে, যুবকদের প্রশিক্ষিত করণ। এটিতে মনে হয় নৈতিক দিক রয়েছে যা এক স্ত্রীর সাথে সম্পর্কিত এবং সঠিক সময়ে সঠিক মানুষের সাথে মানুষের যৌনতার সৌন্দর্য ও নিখুঁততার প্রতি।

IV. পুস্তকের রচয়িতা

- ক. Baba Bathra ১৫^৯ বলেছে হিক্কিয় এবং তার লোকেরা বইটি লিখেছে। স্পষ্টত “লিখেছে” অর্থ: সংগ্রহ বা সম্পাদনা করেছে এবং রচনা করে নাই (হিতো ২৫:১)।
- খ. যিহুদী ঐতিহ্য সবসময়ই নিশ্চিত করেছে যে শলোমনের বইটি লিখেছেন:
১. তার নাম এসেছে ১:১,৫; ৩:৭, ৯, ১১; ৮:১১, ১২ পদে।
 ২. টার্ম “রাজা” দেখা যায় ১:৪,১২; ৭:৫ পদে।
 ৩. ১:৯ পদে মিশরীয় ঘোড়ার উল্লেখ রয়েছে যেটি শলোমনের রাজত্বের সাথে খাপ খায় (১ রাজা ১০:২৮)।
 ৪. লেখক পলেস্টাইন, সিরিয়া এবং ট্রান্সজর্ডান অঞ্চল এমনকি অরাবা পর্যন্ত সমগ্র ভৌগোলিক অবস্থানের উল্লেখ করেছেন। এটি প্রতিফলিত করে শলোমনের রাজ্যের ভৌগোলিক সীমাবদ্ধতা।
 ৫. রাব্বিরা বলছেন যে যখন শলোমন যুবক ছিলেন তিনি ভালবাসার গান লিখেছেন(পরমগীত), যখন তিনি বয়ঃপ্রাপ্ত হয়েছেন তিনি হিতোপদেশ (হিতোপদেশ) লিখেছেন এবং যখন তিনি বয়স্ক হয়েছেন তখন তিনি লিখেছেন সমস্ত বিষয়ের অসারতা(উপদেশক)।
- গ. কেউ কেউ শলোমনের লেখকত্বের বিষয়ে যুক্তি দেখিয়েছেন:
১. হিব্রুতে শিরোনাম, “শলোমনের পরমগীত” এর অর্থ হতে পারে:
- ক. শলোমনের দ্বারা,
 খ. শলোমনের জন্য,
 গ. শলোমন সম্বন্ধে,
 ঘ. শলোমনের সময়ে,
 ঙ. শলোমনের মত করে।
২. বইটির শেষ হয়েছে উত্তর ইস্রায়েলে (৭:১০-১৩) এবং যিরুশালেমের অন্তপুরে নয়।
 ৩. বইটি মনে হয় নিশ্চিত করেছে এক নারীর সাথে যৌনতার মহত্ব, স্বাস্থ্যকর এবং আনন্দকে। এটি শলোমনের জীবনের সাথে খাপ খায় না।
 ৪. শলোমন হতে পারেন পরমগীতে সাহিত্যগত ভাবে ব্যর্থ যেমন তিনি উপদেশকের ১-২ অধ্যায়ে (E. J. Young, *An Introduction to the Old Testament*, p. 268)।

V. তারিখ

- ক. পুরাতন নিয়মের অনেক প্রঞ্জার বইয়ের মত তারিখের জন্য দুটি বিষয় আছে:
১. মূল ঐতিহাসিক অবস্থান,
 ২. বইটির তারিখ এবং রূপ যেভাবে এটি ক্যাননে দেখান হয়েছে।
- খ. ঐতিহাসিক অবস্থান:
১. শলোমনের সময়:
 - ক. অসংখ্য স্ত্রী গ্রহণে রাজার ক্ষমতা,
 - খ. গায়কদল হিসাবে অন্তপুরের উপস্থিতি,
 - গ. ব্যাপক ভাবে চতুর্দিকে বিস্তৃত ভৌগোলিক স্থানের জ্ঞান (সেই সাথে পশু ও গাছের)।
 - ঘ. যিরুশালেম তিসার সাথে সমান্তরাল, যেটি শমরিয়ার আগে ইস্রায়েলের রাজধানি ছিল (Omri), ৬:৪ পদ।
 ২. বইটির চূড়ান্ত রূপ:
 - ক. feminine relative particle রূপ হল পরবর্তীকালের হিব্রু)১:১২; ২:৭)
 - খ. অরামিক ও গ্রীক ধার করা শব্দের ব্যবহার
 - (১) পরমদেশ
 - (২) ফলের বাগান
 - (৩) বিছানা
 - (৪) শয়ন করা
- গ. আধুনিক পণ্ডিতদের মতানৈক্য:
১. E. J. Young – শলোমনের দিন
 ২. W. F. Albright – খ্রীষ্ট পূর্ব পঞ্চম-চতুর্থ শতক
 ৩. R. K. Harrison – চূড়ান্ত রূপ নির্বাসনের অল্প আগে

VI. সাহিত্য একক

- ক. এই বইটির বেশ কিছু কঠিন দিক রয়েছে। একটি সন্দেহ রয়েছে যে বইটিতে একই ভাব বা উদ্দেশ্য রয়েছে না কেবলমাত্র ধারাবাহিক প্রেমের কবিতা।
- খ. পরবর্তীতে উল্লেখিত পদগুলি ব্যাখ্যা করা কঠিন একই ভাবের আলোকে:
১. ২:১৫ ৩. ৮:৫-৬
 ২. ৫:৭ ৪. ৮:৮-৯
৩. একই ভাব অনুসারে বইটি ব্যাখ্যা করার একটি মাত্র উপায় হল ধরে নেওয়া একটি নাটকের দৃশ্য যেখানে তিন ব্যক্তি এবং একটি গায়কদল:
১. রাজা
 ২. উত্তর দেশীয় একজন বালিকা
 ৩. উত্তর দেশীয় একজন প্রেমিক
 ৪. গায়কদল হিসাবে অন্তপুর
৪. এই বইটিতে, ইস্টেরের মত, ঈশ্বরের কোন নাম নেই (Jewish Publications Society of America's translation ৮:৬ পদ অনুবাদ করেছে “অগ্নির শিখা”)।

VII. প্রধান সত্য

- ক. এটি স্পষ্টত মানবিক যৌনতার খাটত্ব এবং সৌন্দর্যের নিশ্চয়তা, ৮:৬-৭ পদ। এটা দেখা যেতে পারে সুস্পষ্ট নিশ্চয়তার আলোকে : (১) দায়ুদের যৌনতার পাপ এবং তার পরিবারের উপরে ফলাফল, এবং (২) শলোমনের বৃদ্ধ বয়সে প্রতিমাপূজা কারণ তার বিদেশী স্ত্রী এবং তাদের ধর্ম, এটি ছিল একটি আবশ্যকীয় মন্তব্য।
- গ্রীক ধর্মীয় দ্বৈতবাদের আলোকে এই সত্য আজকে নিশ্চিত ভাবে আবশ্যিক। আত্মিকতা সন্ন্যাসবাদের উপরে কোন শর্ত নয়! দৈহিকতা মূলত মন্দ নয়।
- খ. অনেকে বইটিকে দেখে থাকেন পুরাতন নিয়মে উপমার আলোকে যেমন স্বামী হিসাবে ঈশ্বর এবং স্ত্রী হিসাবে ইস্রায়েল (অর্থাৎ, যাত্রা পুস্তক ও হোশেয় ১-৩ অধ্যায়ের rabbinical ব্যাখ্যা)।

গ. সাহিত্য রীতি ও কেন্দ্রীয় উদ্দেশ্য এই উভয়ই চিহ্নিত করা কঠিন কারণ গোড়ামীপূর্ণ ব্যাখ্যা যে কাউকে সাবধান হতে হবে।

ঘ. বইটিতে কোন রকম ধর্মীয় বা জাতীয় ভাবের ইঙ্গিত নেই। একটি ক্যাননকৃত বই হিসাবে এটা খুবই অস্বাভাবিক।

VIII. টার্ম/শব্দগুচ্ছ সংক্ষিপ্তভাবে ব্যক্তি চিহ্নিতকরণে

ক. টার্ম/ শব্দগুচ্ছ

১. গন্ধরস ১:১৩; ৩:৬; ৪:৬,১৪; ৫:১,৫,১৩ (NASB এবং NIV)
২. “ক্ষুদ্র শৃগাল,” ২:১৫ (NASB এবং NIV)
৩. “রাত্রিকালীন বিভিসীকা,” ৩:৮ (NASB এবং NIV)
৪. “রাণী. . উপপত্নী,” ৬:৮,৯ (NASB এবং NIV)
৫. দূদাফল, ৭:১৩ (NASB এবং NIV)
৬. মোহর ৮:৬ (NASB এবং NIV)
৭. সে প্রাচীরস্বরূপা, ৮:৯ (৪:১২) (NASB এবং NIV)
৮. “ঈশ্বর ভয়” ৫:৭ (NIV, “ঈশ্বরের বয়ে দাঁড়ান”)
৯. “যে অর্থ ভালবাসে সে অর্থে কখনও সন্তুষ্ট হয় না” ৫:১০ (NASB এবং NIV)
১০. “অতিরিক্ত ধার্মিক হইও না, এবং অতিরিক্ত জ্ঞানীও হইও না” ৭:১৬ (NASB এবং NIV)
১১. “যে গর্ত খোঁড়ে সে সেই গর্তে পতিত হয়” ১০:৮ (NASB এবং NIV)
১২. “তুমি জলের উপরে আপন ভক্ষ্য ছড়াইয়া দেও, কেননা অনেক দিনের পরে তাহা পাইবে” ১১:১ (NASB এবং NIV)

খ. ব্যক্তি

১. “রাজা,” ১:৪, ১২
২. “আমি কৃষ্ণবর্ণ কিন্তু সুন্দরী,” ১:৫ (NIV, “আমি কালো, তথাপি সুন্দর”)
৩. “তুমি কোথায় তোমার পাল চড়াইতেছ...,” ১:৭ (NIV, “..পশুপাল চড়ানো...”)
৪. “আমি শারোণের গোলাপ, উপত্যকার শোশন পুষ্প,” ২:১
৫. “যিরুশালেমের কন্যাগণ,” ২:৭
৬. প্রহরী, ৩:৩; ৫:৭
৭. “ও শূলেমিয়া,” ৬:১৩


IX. মানচিত্রে অবস্থান

১. ঐন-গদী, ১:১৪
২. শারোণ, ২:১
৩. লেবানোন, ৩:৮
৪. হরমোণ পর্বত, ৪:৮
৫. তিস্রা, ৬:৪
৬. গিলিয়দ, ৬:৫ (গিলিয়দ পর্বত, ৪:১)
৭. দমেশক, ৭:৪
৮. কর্মিল পর্বত, ৭:৫

X. শিক্ষার্থীদের সন্তুষ্টির প্রশ্নাবলী



১. বইটি ক্যাননে কেন অন্তর্ভুক্ত?
২. যিহুদীদের নিজেদের কাছে এই বইটির প্রাধান্যকারী ব্যাখ্যা কি? এবং কেন?
৩. এটি কি ধরণের সাহিত্য? কেন এটি ভিন্নতা সৃষ্টি করেছে?
৪. কেন ঈশ্বরের নাম বা ইশ্রায়েলের ইতিহাস এই বইকে পরোক্ষ ভাবে উল্লেখিত হয়নি?
৫. বইটিতে কি একতাবদ্ধ ভাব রয়েছে?

৬. “যিরুশালেমের কন্যাগণ” কারা?
৭. যে সব জায়গাতে ঘটনা ঘটেছে তার নামের তালিকা করুন।



**ପ୍ରାଚୀନ
ଲିକଟ୍ ପ୍ରାଚ୍ୟ**

প্যালেস্টাইন



পুরাতন নিয়মের ভাববাণীর পরিচিতি
(INTRODUCTION TO OLD TESTAMENT PROPHECY)

I. ভূমিকা

ক. প্রারম্ভিক বক্তব্য:

১. বিশ্বাসী সমাজ একমত হবে না কিভাবে ভাববাণী ব্যাখ্যা করতে হবে সে বিষয়ে। অন্যান্য সত্যসমূহ প্রতিষ্ঠিত হয়েছে সমগ্র শতক ব্যাপি গোড় ধর্মমতের মর্যাদায়, কিন্তু এটি নয়।
২. পুরাতন নিয়মের ভাববাণীর বেশ কিছু উত্তম ভাবে ব্যাখ্যাকৃত ধাপ রয়েছে:

ক. পূর্ব রাজতান্ত্রিক:

(১) ব্যক্তিগত ভাবে আহ্বানকৃত ভাববাদী

- ক) অব্রাহাম - আদি ২০:৭
- খ) মোশি - গণনা ১২:৬-৮; দ্বি বি ১৮:১৫; ৩৪:১০
- গ) হারোন - যাত্রা ৭:১ (মোশির মুখপাত্র)
- ঘ) মিরিয়াম - যাত্রা ১৫:২০
- ঙ) মেদদ এবং ইলদদ - গণনা ১১:২৪-৩০
- চ) দেবোরা - বিচার ৪:৪
- ছ) অজ্ঞাত - বিচার ৬:৭-১০
- জ) শমুয়েল - ১ শমু ৩:২০

(২) দল হিসাবে ভাববাদীদের উল্লেখ - দ্বি বি ১৩:১-৫; ১৮:২০-২২

(৩) ভাববাদীদের দল অথবা সংঘ - ১ শমু ১০:৫-১৩; ১৯:২০; ১ রাজা ২০:৩৫,৪১; ২২:৬,১০-১৩; ২ রাজা ২:৩,৭; ৪:১,৩৮; ৫:২২; ৬:১, ইত্যাদি।

(৪) মশীহকে ভাববাদী বলা হয়েছে - দ্বি বি ১৮:১৫-১৮

খ. অ-লিখিত রাজতান্ত্রিক (তারা রাজাকে উদ্দেশ্য করেছে):

- (১) গাদ - ১ শমু ২২:৫; ২ শমু ২৪:১১; ১ বংশ ২৯:২৯
- (২) নাথন - ২ শমু ৭:২; ১২:২৫; ১ রাজা ১:২২
- (৩) অহিয় - ১ রাজা ১১:২৯
- (৪) যেহু - ১ রাজা ১৬:১,৭,১২
- (৫) অজ্ঞাত - ১ রাজা ১৮:৪,১৩; ২০:১৩,২২
- (৬) এলিয় - ১ রাজা ১৮-২ রাজা ২ অধ্যায়
- (৭) মীখায় - ১ রাজা ২২
- (৮) ইলিশায় - ২ রাজা ২:৮,১৩

গ. সর্বোৎকৃষ্ট লিখিত ভাববাদী (তারা রাজা সহ জাতিকে উদ্দেশ্য করেছে): -যিশাইয়- মালাখী (ব্যতিক্রম দানিয়েল)

খ. বাইবেল ভিত্তিক টার্ম

১. *Ro'eh* = “দর্শক,” ১ শমু ৯:৯ পদ। এই উল্লেখ দেখায় যে টার্ম *Nabi* এর দিকে রূপান্তর। “দেখা” এই সাধারণ টার্ম থেকে *Ro'eh* এসেছে। এই লোক বুঝেছেন ঈশ্বরের পথ এবং পরিকল্পনা এবং পরামর্শ করেছেন বিষয় হিসাবে ঈশ্বরের ইচ্ছাকে প্রতিষ্ঠা করতে।
২. *Hozeh* = “দর্শক,” ২ শমু ২৪:১১ পদ। এটি মূলত *Ro'eh* এর মত একই রকমের। এটা “দেখা” এর দুর্লভ টার্ম থেকে এসেছে। ভাববাদীদের উল্লেখ করতে বেশির ভাগ সময় এর *participled* রূপ ব্যবহৃত হয়েছে।
৩. = “ভাববাদী,” Akkadian verb *Nabu* = “ডাকা” এবং আরবীয় *Naba'a* = “ঘোষণা করা” এর মত একই ধর্ম বিশিষ্ট। একজন ভাববাদীকে উল্লেখ করতে এটি ছিল পুরাতন নিয়মের সবচেয়ে প্রচলিত টার্ম। এটি ৩০০ বারেরও বেশিবার ব্যবহৃত হয়েছে। এর সঠিক শব্দতত্ত্ব অজ্ঞাত কিন্তু “ডাকা” বর্তমান কাল মনে হয় সবচেয়ে ভাল পছন্দ। সম্ভবত সবচেয়ে ভাল উপলব্ধি এসেছে হারনের মাধ্যমে ফরোনের কাছে মোশির YHWH এর সাথে সম্পর্ক বর্ণনায় (যাত্রা ৪:১০-১৬; ৭:১; দ্বি বি ৫:৫ পদ। একজন ভাববাদী এমন একজন যিনি ঈশ্বরের কথা তাঁর লোকদের বলেন (আমোষ ৩:৮; যির ১:৭,১৭; যিহি ৩:৪ পদ)
৪. উক্ত তিনটি টার্মই ভাববাদীদের কাজ সম্পর্কে ব্যবহৃত হয়েছে ১ বংশ ২৯:২৯; শমুয়েল - *Ro'eh*; নাথন - *Nabi'* এবং গাদ - *Hozeh*।
৫. শব্দগুচ্ছ, *'ish ha - 'elohim*, “ঈশ্বরের লোক,” হল আরও বড় মর্যাদা ঈশ্বরের জন্য বক্তার পক্ষে। এটি পুরাতন নিয়মে ৭৬ বার ব্যবহৃত হয়েছে “ভাববাদী” অর্থে।
৬. টার্ম “ভাববাদী” উৎপত্তিগত ভাবে গ্রীক। এটি এসেছে : (১) *pro* = “পূর্বে” বা “পক্ষে”; (২) *phemi* = “কথা বলা।”

II. ভাববাণীর সংজ্ঞা

- ক. ইংরাজীর চাইতে হিব্রুতে টার্ম “ভাববাণী”এর রয়েছে ব্যাপক ভাষাগত অর্থ। যিহোশূয় থেকে রাজাবলী (রুত বাদে) এই ইতিহাস বইগুলিকে যিহুদীরা তকমা পড়িয়েছে “পূর্বকার ভাববাদী” হিসাবে। অব্রাহাম (আদি ২০:৭; গীত ১০৫:৫) এবং মোশি (দ্বি বি ১৮:১৮) উভয়ই মর্যাদা লাভ করেছেন ভাববাদী হিসাবে (এছাড়াও মিরিয়াম, যাত্রা ১৫:২০)। সেজন্য, ধরে নেওয়া ইংরাজী সংজ্ঞা থেকে সাবধান!
- খ. “ভাববাণীবাদ আইনগত ভাবে ব্যাখ্যা হতে পারে যেভাবে ইতিহাস বোধগম্য হয় যার গ্রহণীয় অর্থ কেবলমাত্র ঐশ্বরীক উদ্দেশ্য, ঐশ্বরীক উদ্দেশ্য, ঐশ্বরীক অংশগ্রহণের টার্মে,” *Interpreter's Dictionary of the Bible*, vol. 3, p. 896।
- গ. “ভাববাদী কোন দার্শনিক নন বা কোন পদ্ধতিগত ধর্মতাত্ত্বিকও নন, কিন্তু একজন নিয়মের মধ্যস্থতাকারী যিনি ঈশ্বরের কথা তাঁর লোকদের কাছে প্রকাশ করেন তাদের বর্তমানকে সংস্কার করে ভবিষ্যতের একটি রূপ দিতে,” “Prophets and Prophecy,” *Encyclopedia Judaica* vol. 13 p. 1152।

III. ভাববাণীর উদ্দেশ্য

- ক. ভাববাণী হল ঈশ্বরের জন্য একটি উপায় তাঁর লোকদের সাথে কথা বলার জন্য, তাদের বর্তমান অবস্থায় নির্দেশনা দিতে এবং আশা করেন তিনি তাদের জীবন ও জাগতিক ঘটনাবলীর নিয়ন্ত্রণকারী। তাদের বার্তা মূলত ছিল যৌথ। এর অর্থ তিরস্কার করা, উৎসাহ দান, বিশ্বাস জন্মানো এবং মন পরিবর্তন, এবং ঈশ্বরের লোকদের জানান তাঁর সম্বন্ধে এবং তাঁর পরিকল্পনা সম্বন্ধে। আরও বলতে হয় যে প্রায়ই এটি ব্যবহৃত হয়ে থাকে স্পষ্টভাবে প্রকাশ করতে ঈশ্বরের মুখপাত্র মনোনয়নে (দ্বি বি ১৩:১-৩; ১৮:২০-২২)। এটি, চূড়ান্ত ভাবে নেওয়া হয়েছে, মশীহকে উল্লেখ করতে।
- খ. প্রায়ই, ভাববাদীরা তাদের সময়ের ঐতিহাসিক বা ধর্মতাত্ত্বিক সংকটকালকে বেছে নেন এবং এই বিষয়গুলিকে জগতের চূড়ান্ত পরিণতির সাথে মিলান। ইতিহাসে ইস্রায়েলের শেষকালীন দৃষ্টিভঙ্গি অনন্য এবং এর অর্থ ঐশ্বরীক নির্বাচন এবং নিয়মের প্রতিজ্ঞা।
- গ. ভাববাদীদের কাজ মনে হয় সুষম (যির ১৮:১৮) এবং ঈশ্বরের ইচ্ছা জানার উপায় হিসাবে মহা পুরোহিতের কাজকে বিবেচনা করা। Urim এবং Thummim ঈশ্বরের মুখপাত্রের মৌখিক বার্তাকে ছাপিয়ে ওঠে। ভাববাদীদের কাজ মনে হয় মালাখীর পরে ইস্রায়েল থেকে চলে গেছে। এটা ৪০০ বছর পরে বাগ্দিয়া দাতা যোহনের আগে আর আবির্ভূত হয়নি। এটা অনিশ্চিত যে কিভাবে নূতন নিয়মের “ভাববাণী” এর দান পুরাতন নিয়মের সাথে সম্পর্কিত। নূতন নিয়মের ভাববাদীরা (প্রেরিত ১১:২৭-২৮; ১৩:১; ১৪:২৯,৩২,৩৭; ১৫:৩২; ১ করি ১২:১০,২৮-২৯; ইফি ৪:১১) নূতন প্রত্যাদেশের প্রকাশক নন কিন্তু নিয়মের অবস্থানে ঈশ্বরের ইচ্ছা পূর্ব কথক এবং ভবিষ্যৎ বক্তা।
- ঘ. ভাববাণী প্রকৃতপক্ষে একান্তরূপে বা প্রাথমিক ভাবে ভবিষ্যৎবাণী নয়। পূর্ববাণী করা তার কাজ ও বার্তার নিশ্চয়তার একটি উপায় কিন্তু অবশ্যই এটি উল্লেখ করতে হয় যে “পুরাতন নিয়মের ভাববাণীর ২% কম মশীহ বিষয়ক। ৫% কম নির্দিষ্ট ভাবে নূতন নিয়মের যুগের বর্ণনা করেছে। ১% কম সেই ঘটনার বিষয়ে বলেছে যেগুলি আসছে।” (Fee & Stuart, *How to Read the Bible For All Its Worth*, p. 166)
- ঙ. ভাববাদীরা লোকদের কাছে ঈশ্বরের প্রতিনিধিত্ব করতেন যখন পুরোহিতেরা ঈশ্বরের কাছে লোকদের প্রতিনিধিত্ব করতেন। এটি একটি সাধারণ বক্তব্য। এরও ব্যতিক্রম রয়েছে যেমন হবককুক, যিনি ঈশ্বরের কাছে প্রশ্ন করেছেন।
- চ. একটি কারণে ভাববাদীদের বোঝা কঠিন কারণ আমরা জানি না যে কিভাবে তাদের বইগুলি কাঠামোকৃত হয়েছে। সেগুলি সময়ানুসারে ধারাবাহিক নয়। সেগুলি মনে হয় ভাবমূলক কিন্তু সব সময় আমাদের প্রত্যাশার মত নয়। প্রায়ই কোন স্পষ্ট ঐতিহাসিক প্রেক্ষাপট, নির্দিষ্ট সময়কাল বা স্পষ্ট বিভাগ নেই মৌখিক বার্তার মধ্যে। এই বইগুলি কঠিন: (১) এক বৈঠকে পাঠ করা; (২) বিষয় অনুসারে রূপরেখা করা; এবং (৩) প্রতিটি মৌখিক বার্তার কেন্দ্রীয় সত্য বা লেখকের উদ্দেশ্য নিশ্চিত করা।

IV. ভাববাণীর বৈশিষ্ট্য

- ক. পুরাতন নিয়মে মনে হয় সেখানে “ভাববাদী” এবং “ভাববাণী” এর ধারণার কিছুটা বিকাশ সাধিত হয়েছে। প্রাচীন ইস্রায়েলে ভাববাদীদের সহভাগিতা গড়ে উঠেছিল, যা পরিচালিত হতো এলিয় বা ইলিশায়ের মত দৃঢ় ক্যারিসম্যাটিক নেতা দ্বারা। কখনও কখনও “ভাববাদীদের পুত্র” শব্দগুচ্ছ এই দলকে চিহ্নিত করতে ব্যবহৃত হতো (২ রাজা ২)। ভাববাদীদের বৈশিষ্ট্য করা হয়েছিল আনন্দের রূপ দ্বারা (১ শমু ১০:১০-১৩; ১৯:১৮-২৪)।
- খ. যদিও, এই সময় দ্রুত চলে যায় ব্যক্তি ভাববাদীর দিকে। সেই সব ভাববাদী ছিলেন (সত্য এবং মিথ্যা উভয়ই) যারা রাজার সাথে চিহ্নিত হতেন, এবং রাজ প্রাসাদে বাস করতেন (গাদ, নাথন)। এছাড়াও, সেখানে আরও ছিলেন তারা যারা ছিলেন স্বাধীন, কখনও কখনও সম্পূর্ণ ভাবে ইস্রায়েলীয় সমাজের বর্তমান অবস্থার সাথে সংযুক্ত থাকতেন না (আমোষ)। তারা পুরুষ ও মহিলা উভয়ই হতেন (২ রাজা ২২:১৪)।

- গ. ভাববাদীরা প্রায়ই ভবিষ্যতের প্রকাশক ছিলেন, ছিলেন মানুষের তাৎক্ষণিক সাড়া প্রদানের শর্তের উপরে। প্রায়ই ভাববাদীদের কাজ ছিল ঈশ্বরের সার্বজনীন পরিকল্পনার প্রকাশ তাঁর সৃষ্টির জন্য যেটি মানুষের সাড়া প্রদানের দ্বারা প্রভাবিত হতো না। সার্বজনীন মানুষের চূড়ান্ত পরিণতির পরিকল্পনা হল অনন্য প্রাচীন নিকট প্রাচ্যের ভাববাদীদের মধ্যে। ভবিষ্যৎ বাণী এবং নিয়মের বিশ্বস্ততা হল ভাববাদীদের বার্তার জমজ লক্ষ্য (Fee and Stuart, p. 150)। এটি ইঙ্গিত দেয় যে ভাববাদীরা প্রাথমিক ভাবে লক্ষ্যে দলবদ্ধ। তারা সাধারণত, তবে সম্পূর্ণভাবে নয়, জাতিকে উদ্দেশ্য করে বলতেন।
- ঘ. বেশির ভাগ ভাববাদীর বিষয় ছিল মৌখিক উপস্থাপনা। পরবর্তীতে এটি সমন্বিত হয়েছিল ভাব, কালানুক্রম বা নিকট প্রাচ্যের সাহিত্যের অন্যান্য নমুনার উপায় দ্বারা যেটি আমাদের কাছে হারিয়ে গেছে। কারণ এটি ছিল মৌখিক, যেভাবে লিখিত গদ্য কাঠামোকৃত হয় সেভাবে নয়। এটি বইটিকে সোজাসুজি পাঠ করতে কঠিন করেছে এবং বুঝতে কঠিন করেছে নির্দিষ্ট ঐতিহাসিক প্রেক্ষাপট ছাড়া।
- ঙ. ভাববাদীরা কয়েকটি পদ্ধতি ব্যবহার করতেন তাদের বার্তা পৌঁছে দিতে:
১. দরবারের দৃশ্য – ঈশ্বর তাঁর লোকদের দরবারে নিয়ে গেছেন, প্রায়ই এটি হল একটি বিবাহ বিচ্ছেদের মামলা যেখানে YHWH তাঁর স্ত্রীকে (প্রত্যাখান) করেছেন তার অশিশুতার কারণে (হোশেয় ৪; মীখা ৬)।
 ২. মৃতের স্মরণার্থক শোক সঙ্গিত – এই ধরণের বার্তার বিশেষ মাত্রা এবং এর বৈশিষ্ট্য “শোক” যা একে বিশেষ রূপে আলাদা করেছে (যিশা ৫; হবক ২)।
 ৩. নিয়মগত আশীর্বচন উচ্চারণ – নিয়মের শর্তযুক্ত প্রকৃতিকে গুরুত্ব এবং এর ফলাফলকে গুরুত্ব দেওয়া হতো, নেতিবাচক ও ইতিবাচক উভয় ভাবেই, ভবিষ্যতের জন্য প্রকাশ করা হতো (দ্বি বি ২৭-২৮)।

V. একজন সত্যিকার ভাববাদী যথার্থতা নির্ণয়ে বাইবেল ভিত্তিক গুণাবলী

- ক. দ্বি বি ১৩:১-৫ (ভবিষ্যৎ বাণী/চিহ্ন)
- খ. দ্বি বি ১৮:৯-২২ (সত্যিকার ভাববাদী/মিথ্যা ভাববাদী)
- গ. মথি ৭ (জীবন যাপন)
- ঘ. ১ যোহন ৪:১-৬ (মতবাদগত লক্ষ্য)
- ঙ. পুরুষ ও মহিলা উভয়েই আহ্বান পেতে পারেন এবং ভাববাদী বা ভাববাদীনি বলে মর্যাদা লাভ করতে পারেন।
১. মিরিয়ম – যাত্রা ১৫
 ২. দেবোরা – বিচারে ৪:৪-৬
 ৩. হুলদা – ২ রাজা ২২:১৪-২০; ২ বংশ ৩৪:২২-২৮
- চ. চারিদিকের সংস্কৃতিতে ভাববাদীর যথার্থতা নির্ণিত হতো ভবিষ্যৎ সম্পর্কে তার অলৌকিক অন্তর্দৃষ্টির বিচার দ্বারা। ইশ্রায়েলে এটি ছিল:
- ক. একটি ধর্মতাত্ত্বিক পরীক্ষা – YHWH এর নাম
- খ. একটি ঐতিহাসিক পরীক্ষা – নিখুত ভবিষ্যৎ বাণী

VI. ভাববাণী ব্যাখ্যা করতে সাহায্যকারী নির্দেশনা

- ক. মূল ভাববাদীর (সম্পাদক) বের করা ঐতিহাসিক প্রেক্ষাপট পর্যবেক্ষণ এবং প্রতিটি দৈববাণীর সাহিত্য প্রসঙ্গ দ্বারা। সাধারণত এতে অন্তর্ভুক্ত থাকবে যে কোন না কোন ভাবে ইশ্রায়েল মোশির ব্যবস্থা ভঙ্গ করেছে।
- খ. সম্পূর্ণ দৈববাণীটি পাঠ ও ব্যাখ্যা করুন, কেবলমাত্র কোন একটি অংশ নয়; বিষয়বস্তু অনুসারে রূপরেখা করুন। দেখুন কিভাবে এটি অন্যান্য দৈববাণীর সাথে সম্পর্কিত। সমগ্র বইটির রূপরেখা করতে চেষ্টা করুন।
- গ. ততক্ষণ পর্যন্ত একটি আক্ষরিক ব্যাখ্যা অনুমান করুন যতক্ষণ না লেখনীটির কোন কিছু আপনাকে কোন রূপকের ব্যবহারের দিকে দেখিয়ে না দেয়; এবার রূপকের ভাষাটি গদ্যে অন্তর্ভুক্ত করুন।
- ঘ. সমান্তরাল প্যাসেজ ও ঐতিহাসিক প্রেক্ষাপটের আলোকে প্রতিক কাজগুলি বিশ্লেষণ করুন। এটা মনে রাখাটা নিশ্চিত করুন যে এটি হল পশ্চিমা সাহিত্য নয় বরং প্রাচীন নিকট প্রাচ্যের সাহিত্য।

- ঙ. সতর্কতার সাথে ভবিষ্যৎবাণীগুলি বিবেচনা করুন:
১. এগুলি কি সত্যিই লেখকের সময়কালের জন্য অনন্য ছিল?
 ২. এগুলি কি ইস্রায়েলের ইতিহাসে পরবর্তীতে ফলেছিল?
 ৩. এগুলি কি এখনও ভবিষ্যতের ঘটনা?
 ৪. এগুলির কি সমকালীন পরিপূর্ণতার কথা আছে এবং তথাপি ভবিষ্যতে পরিপূর্ণ হবে?
 ৫. বাইবেলের লেখকদের অনুসরণ করুন, আধুনিক লেখকদের নয়, আপনার উত্তরের নির্দেশায়।
- চ. বিশেষ নজর
১. ভবিষ্যৎবাণীগুলি কি শর্তসাপেক্ষ সাড়া প্রদানের দ্বারা উপযুক্ত হবে?
 ২. এটা কি নিশ্চিত যে কাকে উদ্দেশ্য করে ভাববাণী করা হয়েছে (এবং কেন)?
 ৩. এখানে কি কোন সম্ভাবনা রয়েছে বাইবেল ভিত্তিক এবং/বা ঐতিহাসিক ভাবে অনেকবার পরিপূর্ণতার?
 ৪. অনুপ্রেরণার অধীনে নূতন নিয়মের লেখকেরা পুরাতন নিয়মের অনেক স্থানে মশীহকে দেখতে সক্ষম হয়েছেন যেটি আমাদের কাছে সুস্পষ্ট নয়। তারা মনে হয় সাংকেতিক বা শব্দ কৌশল ব্যবহার করেছেন। যেহেতু আমরা অনুপ্রাণিত নই তাই আমাদের সবচেয়ে ভাল হবে এটি তাদের হাতে ছেড়ে দেওয়া।

VII. সাহায্যকারী বই

- ক. *A Guide to Biblical Prophecy* by Carl E. Armerding and W. Ward Gasque
- খ. *How to Read the Bible for All It Is Worth* by Gordon Fee and Douglas Stuart
- গ. *My Servants the Prophets* by Edward J. Young
- ঘ. *The Expositor's Bible Commentary*, vol. 6 "Isaiah - Ezekiel," Zondervan
- ঙ. *The Prophecies of Isaiah* by J. A. Alexander, 1976, Zondervan
- চ. *Exposition of Isaiah* by H. C. Leupold, 1971, Baker
- ছ. *Exposition of Isaiah* by H. C. Leupold, 1971, Baker

যিশাইয় পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO ISAIAH)

I. প্রারম্ভিক বক্তব্য

- ক. অন্যান্য ভাববাদীদের তুলনায় নূতন নিয়মে যিশাইয় বইয়ের উদ্ধৃতি বেশি বার করা হয়েছে (৪১১ বারেরও বেশি)। তাদের বার্তাটি ছিল এক:
১. এক ঈশ্বর,
 ২. এক জগৎ,
 ৩. এক বিশ্বাস।
- খ. যিশাইয় বইটি বিশ্বয়কর ভাবে মশীহ বিষয়ক:
১. বিশেষ সন্তানগণ, ৭-১৪ অধ্যায়
 ২. দাসের গীত, ৪২:১-৯; ৪৯:১-৭; ৫০:৪-১১; ৫২:১৩-৫৩:১২ অধ্যায়,
 ৩. ভবিষ্যৎ মশীহের শাস্ত্রাজ্য (নূতন যুগ), ৫৬-৬৬ অধ্যায়
- গ. E. J. Young, in *An Introduction to the Old Testament*, বলেছেন:
১. “যিশাইয় বইটি বর্তমানে পুরাতন নিয়মের ভাববাণীর সবচেয়ে মহান বলে বিবেচনা করা হয়” পৃষ্ঠা...১৬৮।
 ২. “ইশ্রায়েলের সকল ভাববাদীদের মধ্যে, যিশাইয় সবচেয়ে ভালভাবে বুঝতে পেরেছিলেন ঈশ্বরের মন ও যুগের জন্য তাঁর পরিকল্পনা” পৃষ্ঠা...১৭১
 ৩. আত্মিক অর্জদৃষ্টিতে তিনি হলেন সমগ্র পুরাতন নিয়মের মধ্যে অন্যতমক্রম্য” পৃষ্ঠা...১৭২

II. বইটির নাম

- ক. বইটির নামকরণ হয়েছে এর ভাববাণীমূলক মুখপাত্রের বিবেচনায়।
- খ. নামের অর্থ হল “YHWH এর পরিত্রাণ” বা “YHWH উদ্ধার করেন।” হিব্রু নাম যার শেষ হয়েছে “iah” দিয়ে হল একটি YHWH এর একটি সংক্ষিপ্ত রূপ, যেমন নামগুলি যেগুলি শুরু হয়েছে ইংরাজী “j” এবং একটি vowel দিয়ে, উদাহরণ স্বরূপ যিহোশূয় এবং যোয়েল।

III. ক্যানন করণ

- ক. এটি হল চারটি গুটানো পুস্তকের মধ্যে শেষের ভাববাদী নামের প্রথম:
১. যিশাইয়
 ২. যিরমিয়
 ৩. যিহিস্কেল
 ৪. বারোটি (ক্ষুদ্র ভাববাদী)
- খ. এটি প্রথমেই সম্পূর্ণরূপে গৃহিত হয়েছিল ইশ্রায়েলীয়দের পবিত্র লেখনি হিসাবে।

IV. সাহিত্য রীতি

- ক. যিশাইয়ের সাহিত্য দক্ষতা পুরাতন নিয়মের সকল ভাববাদীকে ছাড়িয়ে গিয়েছিল। তার শব্দের কৌশল এবং কবিতা হল মর্যাদাপূর্ণ এবং চমকপ্রদ। বইটি বেশির ভাগ কবিতায়।
- খ. এক বৈঠকে যিশাইয় পুস্তকটি সম্পূর্ণ পাঠ করা ও বোঝা কঠিন। বইটির রূপরেখা করাটাও কঠিন। কারণ হল যিশাইয় ছিলেন একজন প্রচারক, কোন লেখক বা কোন সম্পাদক ছিলেন না। তার বইটিতে তার মৌখিক বার্তা লিপিবদ্ধ করা হয়েছে। সেগুলি একত্রে সংযুক্ত, মাঝে মাঝে:
- ক. ভাব দ্বারা,
 - খ. কালক্রম দ্বারা,
 - গ. প্রাচীন নিকট প্রাচ্যের সংস্কৃতিক আদর্শ দ্বারা যেগুলি আমাদের নিজেদের সংস্কৃতি থেকে একেবারে ভিন্ন।

V. রচয়িতা

ক. রচয়িতা সম্বন্ধে যিহূদী দৃষ্টিভঙ্গি

১. তালমুদের Baba Bathra ১৫^ক বলেছে হিষ্কিয় এবং তার লোকেরা যিশাইয়, হিতোপদেশ, উপদেশক এবং পরমগীত লিখেছে (অর্থাৎ, সম্পাদনা বা সংকলন)। এটি ইঙ্গিত দেয় সমগ্র বইটি ভাববাদীর কাছ থেকে এসেছে।
২. Ben Sirah, “উপদেশক ৪৯:১৭-২৫ পদ, খ্রীষ্ট পূর্ব ১৮৫ অব্দের দিকে লিখিত, বলেছে, “যিশাইয়, আমোষের পুত্র,” বইটি লিখেছেন (১:১; ১২:১; ১৩:১)।
৩. ২ বংশাবলী ৩২:৩২ পদ যিশাইয়ের দর্শন এবং রাজাবলীর সাথে সমান্তরাল সমর্থন করেছে (২ রাজা ১৮:১৯-২০:১৯)।
 - ক. যিরূশালেমের একটি সম্পদশালী রাজ পরিবারের, সম্ভবত রাজা উষিয়ের ভাইয়ের ছেলে।
 - (১) কিছু প্রমাণ আছে যে “iah,” যেটি হল YHWH এর সংক্ষিপ্ত রূপ, প্রায়ই অনন্যভাবে অনুশীলন করা হচ্ছিল যিহূদার রাজ পরিবারে।
 - (২) যিশাইয় রাজার কাছে যেতে পারতেন, রাজাও তার সম্ভাব্য পারিবারিক সংযুক্তির জন্য সমর্থন করতেন।
 - (৩) তালমুদ, “Meg.” ১০^খ
 - খ. একজন ভাববাদীকে বিয়ে করেন (৮:৩)
 - (১) প্রথম পুত্র, “শেয়ার-যাসছব,” যার অর্থ “অবশিষ্ট ফিরে আসবে”
 - (২) দ্বিতীয় পুত্র, “মহের-শালর-হাস-বস” (৮:৩) যার অর্থ “শীঘ্র-লুট-তুরা-অপহরণ”
 - গ. যিশাইয় পুরাতন নিয়মের যে কোন ভাববাদীর থেকে দীর্ঘ সময় ধরে ভাববাদীমূলক পরিচর্যা কাজ পরিচালনা করেছেন। তিনি ছিলেন যোথামের (খ্রীষ্ট পূর্ব ৭৪২-৭৩৫) থেকে হিষ্কিয় (খ্রীষ্ট পূর্ব ৭১৫-৬৮৭) সাথে সম্ভবত মন:শির (খ্রীষ্ট পূর্ব ৬৮৭-৭৩৫) রাজত্বকালে যিহূদায় ঈশ্বরের মুখপাত্র; মন:শি সম্ভবত সহ-প্রশাসক ছিলেন খ্রীষ্ট পূর্ব ৬৯৬ অব্দ থেকে।
 - ঘ. যদি ২ বংশ ২৬:২২ পদ যিশাইয়ের উল্লেখ করে তাহলে তিনি ছিলেন রাজকীয় লেখক এবং রাজার রাজকীয় বংশাবলীর সংরক্ষক।
 - ঙ. ঐতিহ্য বলে তাকে করাত দিয়ে দুই ভাগ করা হয়েছিল মন:শির রাজত্বকালে।
৪. Moses ben Samuel Ibn Gekatilla, প্রায় ১১০ সনে, বলেছেন যে ১-৩৯ অধ্যায় যিশাইয়ের কিন্তু ৪০-৬৬ অধ্যায় লিখিত হয়েছে ২য় মন্দিরের সময়কালে (পারসিয়ান সময়কাল, খ্রীষ্ট পূর্ব ৫৩৮-৪৩০)
৫. Ibn Ezra (১০৯২-১১৬৭ সন) Gekatilla এর পরিচালনা অনুসরণ করেছেন এবং ৪০-৬৬ অধ্যায় যিশাইয়ের বলে অস্বীকার করেছেন।

খ. আধুনিক পণ্ডিতদের লেখক সম্পর্কে দৃষ্টিভঙ্গি

১. R. K. Harrison's *Introduction to the Old Testament*, Eerdmans, 1969 একটি উত্তম ঐতিহাসিক সারাংশ পাওয়া যায়।
২. দুইজন লেখক সম্পর্কে বলার একটি উত্তম কৌশলগত যুক্তির আলোচনা পাওয়া যেতে পারে S. R. Drivers' *Introduction to the Literature of the Old Testament*, reprint 1972.
৩. এমন কোন হিব্রু বা গ্রীক (LXX) পান্ডুলিপি পাওয়া যায়নি যেটি আমাদের দেখায় ১-৩৯ অধ্যায় এবং ৪০-৬৬ অধ্যায়ের মধ্যে বিভাগকে।
 - ক. মরু সাগরের পুঁথিতে ৩৩ অধ্যায়ের শেষে দুই লাইনের একটি ফাকা জায়গা রয়েছে। এটা ইঙ্গিত দেয় যে এখান থেকে একটি বিভাগের, কিন্তু ৩৯ অধ্যায় থেকে নয়।
 - খ. মনে হয় ১-৩৩ অধ্যায় এবং ৩৪-৬৬ অধ্যায়ের মধ্যে একটি সামান্তরাল কাঠামো রয়েছে। এই দ্বৈত কাঠামোর ভিত্তি লেখকের সময়কাল এবং পরে ভবিষ্যৎ, এটা হিব্রু ভাববাদীদের প্রচলিত নিয়ম ছিল (যিহিস্কেল, দানিয়েল এবং সখরিয়)।
৪. আধুনিক পণ্ডিতদের মধ্যে কোন ঐক্যমত নেই এই বিষয়ে যে কতজন লেখক এবং বইটির কোন জায়গা থেকে ভাগ হয়েছে।

গ. যিশাইয় বইয়ের অখণ্ডতার কয়েকটি যুক্তি

- ঘ. যিশাইয়ের উভয় ভাগেই ২৫টি টার্ম পাওয়া যায় যেগুলি পুরাতন নিয়মের আর কোথায়ও পাওয়া যায় না (NIV, Intro. to Isaiah, p. 1014)।
- ঙ. “ইশ্রায়েলের পবিত্রতম” উপাধিটি ১-৩৯ অধ্যায়ের মধ্যে ১৩ বার পাওয়া যায় এবং ১৪ বার ৩৯-৬৬ অধ্যায়ে এবং মাত্র ৬ বার পাওয়া যায় পুরাতন নিয়মের বাকী বইগুলিতে।
- চ. যীশু, যোহন ১২:৩৮, ৪০ পদ, উদ্ধৃতি দিয়েছেন যিশা ৫৩:১ ও ৬:১০ পদ থেকে এবং উভয়ই পদটিই যিশাইয় বলে বলেছেন।
- ছ. যিশা ৪০-৬৬ অধ্যায় থেকে প্যাসেজকে যিশাইয়ের বলে বলা হয়েছে মথি ৩:৩; ৮:১৭; ১২:১৭; লুক ৩:৪; ৪:১৭; যোহন ১:২৩; প্রেরিত ৮:২৮ এবং রোমীয় ১০:১৬-২০
- জ. এমন কোন পান্ডুলিপিগত প্রমাণ পাওয়া যায় যেখানে ৩৯ অধ্যায় থেকে বিভাগ দেখানো হয়েছে (MT অথবা DSS)।
- ঝ. ৬ষ্ঠ শতকে কোন মহান ভাববাদীর (Diedre-Isaiah) বিষয়ে ঐতিহাসিক কোন উল্লেখ নেই। R. K. Harrison, in *Introduction to the Old Testament*, এই বিষয় যুক্ত করেছে,

“১৯ শতকের শেষ দিকে সাহিত্য পদ্ধতি নিয়ে বিতর্ক বিরাট এক প্রচলিত রীতি ছিল, কিন্তু প্রাচীন নিকট প্রাচ্যের ভাষার ব্যাপক জ্ঞানের আলোকে তারা এখন ধরে নিচ্ছে যে অনেকটা কম গুরুত্বপূর্ণ অবস্থান। পদ্ধতিগত দিকটি অত্যন্ত পক্ষপাতমূলক বিবেচনায় বড় আবেদন রাখে Graf-Wellhausen সাহিত্য বিশ্লেষণের তত্ত্বের সমর্থনের জন্য, যিনি বলেছেন কোন অসামঞ্জস্যতা নেই যেটি কোন সযত্নে পঠিত বিষয় বাইবেলের লেখকদের প্রতি আরোপিত হয়, এবং তারপর তার সেই অংশ অস্বীকার করা কারণ প্রতিটি অধ্যায়ের সাহিত্য রূপ এবং

ব্যবহৃত ভাষা কখনই একই রকমের হয় না। দৃশ্যত এটি সেই প্রাথমিক অনুসন্ধানকারীদের কাছে ঘটে নি যেটি কেবল মাত্র সম্ভব ছিল প্রাচীন লেখকদের কাছ থেকে পদ্ধতির ধারণা আহরণ করা যার ফলশ্রুতি হল সকল বিষয়ের সম্যক অধ্যয়ন যা তার প্রতি আরোপিত হয়েছে, এবং সেই পরবর্তী অংশের প্রত্যাখান বা সব কিছু একই অংশ কেবল বৈধ হতে পারে কিছু কঠোর বাহ্যিক নিয়ন্ত্রণের ভিত্তির উপরে।” পৃষ্ঠা...৭৭৬

৬৩. যিশাইয় বইয়ের অনেক লেখকের পক্ষে কিছু যুক্তি।

১. ৪০-৬৬ অধ্যায়ে “যিশাইয়” নামটি উল্লেখিত হয়নি।
২. ৪০-৬৬ অধ্যায় যিশাইয়ের ঐতিহাসিক অবস্থানের সাথে খাপ খায় না।
৩. মনে হয় যিশাইয়ের রেফারেন্সে মিশ্রণ আছে:
 - ক. অশুরিয় অভিযান, নির্বাসন এবং তাদের দস্ত
 - খ. বাবিলের অভিযান, নির্বাসন ও তাদের দস্ত।
৪. স্পষ্টত কিছু কারণ আছে অনেক লেখক তত্ত্বের পক্ষে:
 - ক. ঐতিহাসিক অবস্থানের পরিবর্তন
 - (১) অভিযান পূর্ব যিহূদা, ১-৩৯
 - (২) নির্বাসন, ৪০-৫৫
 - (৩) নির্বাসন উত্তর যিহূদা, ৫৬-৬৬
 - (৪) যিশাইয় ১-৩৯ অধ্যায় মন্দির কখনও পতিত হবে না যখন ৪০-৬৬ অধ্যায়ে এটা দৃশ্যত ইতিমধ্যে পতিত হয়েছে। লেখক মনে হয় নির্বাসনে ছিলেন।
 - খ. ঈশ্বরের মনোনীতদের বর্ণনায় টার্মের পরিবর্তন:
 - (১) Messianic শিঙ
 - (২) দুঃখভোগী দাস
 - (৩) ইস্রায়েল যেমন:
 - ক) স্ত্রী (৫০:১)
 - খ) YHWH এর দাস (৫৪:১৭)

৫. আধুনিক রক্ষণশীল পন্ডিতেরা:

- ক. ৫৬-৬৬ অধ্যায় সম্পর্কে E. J. Young এর মন্তব্য সাহায্যকারী, “আর একটি সম্ভাবনা হল যে আত্মায় পরিচালিত, সম্পাদক ভিন্ন ভিন্ন ভাববাদীদের কাছ থেকে যিশাইয়ের শিক্ষা সংগ্রহ করেছেন এই বিভাগের মূল ভিত্তি হিসাবে।” পৃষ্ঠা..১৮৮
- খ. G. R. K. Harrison এর মন্তব্য, “বর্তমান লেখক এই দৃষ্টিভঙ্গি ধারণ করতেন যে যিশাইয়, অন্যান্য বেশির ভাগ প্রচলিত ভাববাদীমূলক লেখনি, বিভিন্ন সময়ে দস্ত সংগৃহিত শ্লোকের প্রতিনিধিত্বকারী, এবং এরই রকম কাজের কৃতিত্ব কোন আলাদা মর্যাদা লাভ করতো না অন্যান্য পুরাতন নিয়মের বড় বড় ভাববাণীর অনুসারে। এই সংযুক্তিতে এটা উল্লেখ করা গুরুত্বপূর্ণ যে ভিন্ন ভিন্ন পদ্ধতি বা সাহিত্য প্রকাশের উপরে ভিত্তি করে বিতর্ক দ্রুতই এই প্রয়োগ দ্বারা বলুঘিত হয়, যেহেতু একটি শ্লোক হয়তো ভালভাবে নেওয়া হয়েছে লেখকের ভিন্ন ভিন্ন সময়ে তার সৃষ্টিশীলতার কাজের সম্পূর্ণ পদ্ধতির প্রতিনিধিত্বকারী হিসাবে। শ্লোকের সংগ্রহ হিসাবে কাজটির বর্ণনার পক্ষ সমর্থনে সেই টার্মের সবচেয়ে ভাল দৃশ্য ভাববাণীর আরম্ভের পদ সরবরাহ করেছে, যেটি প্রতিষ্ঠা করেছে কাজটির জন্য একটি শিরোনাম, এবং সুনির্দিষ্ট ভাবে প্রকাশিত বিষয় বলেছে যে আমোষের পুত্র যিশাইয় দর্শনে পেয়েছেন উষ্মি, যোথম, আহস, এবং হিক্কিয়ের সময়ে যিহূদা ও যিরূশালেমের বিষয়ে। সকল শ্লোক সংগ্রহের সাথে এটা বেশ চমৎকার প্রমাণ যে বইটি ধারণ করেছে সুপ্রাপ্য নির্বাচিত ভাববাদীমূলক দৈববাণী এবং উপদেশ, এবং এটা খুব সম্ভব যে যিশাইয় উৎপাদন করেছেন তুলনামূলক ভাবে অনেক বিষয় তার বইতে যা রক্ষিত হয়েছে তার চেয়েও। শ্লোক হিসাবে ভাববাণীর প্রকৃতি আরও চিহ্নিত করে যিশা ২:১ এবং ১৩:১ পদে লেখনির উপরে লেখনির উপস্থিতি দ্বারা, যেটি প্রতিনিধিত্ব করতে পারে, বা উপস্থিতির দিকে দেখিয়ে দিতে পারে, পূর্বের সংগৃহিত ভাববাণীর কথা।” পৃষ্ঠা..৭৮০

৬. ৪০-৬৬ অধ্যায়ের সাহিত্য পদ্ধতি ১-৩৯ অধ্যায়ের থেকে আলাদা।

ট. লেখক সম্পর্কে সারাংশের মন্তব্য

১. ঈশ্বরভক্ত পন্ডিতেরা এখনও অনৈক্যের মধ্যে রয়েছেন যে কিভাবে আমাদের পুরাতন নিয়মে যিশাইয় বইটি বর্তমান রূপে এসেছে (DSS এবং MT)। প্রধান গুরুত্ব অবশ্যই স্থাপন করতে হবে মধ্যে দিয়ে প্রকাশিত YHWH এর উদ্দেশ্য ও চরিত্রের বিষয়ে অনুপ্রেরণা এবং বিশ্বাযোগ্যতার উপরে।
২. আমাদের অবশ্যই প্রত্যাখান করতে হবে যে কোন ধরণের পূর্ব অনুমিত ধারণা যা যিশাইয়ের মধ্যে দিয়ে ঈশ্বরের বিশ্বস্ত প্রকাশকে অস্বীকার করে। এতে আরও অর্ন্তভুক্ত আগেকার উক্ত ভাববাণীর প্রত্যাখান এবং পুরাতন নিয়মকে অনন্য মানবিক, সমকালিন, ঐতিহাসিক বিবরণে নামিয়ে আনা।

VI. তারিখ

ক. যিশাইয় হল ৮ম শতকের ভাববাদীর অংশ

১. উত্তরের যোনা, আমোষ এবং হোশেয়, ২য় যারবিয়ামের রাজত্বকালে (খ্রীষ্ট পূর্ব ৭৮৬-৬৪০)
 ২. দক্ষিণের যিশাইয় ও মীখা
- খ. তিনি খ্রীষ্ট পূর্ব ৭৬০ অব্দে জন্ম গ্রহণ করেন এবং খ্রীষ্ট পূর্ব ৭৪২ অব্দের দিকে যে বৎসর উষিয় মারা যান (৬:১) সেই বৎসরে ভাববাদী কাজের জন্য আহবান পান। উষিয়কে আরও অসরিয় বলা হতো (খ্রীষ্ট পূর্ব ৭৮৩-৭৪২)।
 - গ. উষিয় রাজার(খ্রীষ্ট পূর্ব ৭৮৩-৭৪২) শেষ বৎসর থেকে যোথম (খ্রীষ্ট পূর্ব ৭৪২-৭৩৫), আহস (খ্রীষ্ট পূর্ব ৭৩৫-৭১৫), হিক্কিয় (খ্রীষ্ট পূর্ব ৭১৫-৬৮৭) এবং সম্ভবত মন:শি (খ্রীষ্ট পূর্ব ৬৮৭-৬৪২) পর্যন্ত যিশাইয় দীর্ঘ সময়ের জন্য পরিচর্যা করেছিলেন।
 - ঘ. R. K Harrison বলেছেন যে বইটি হল যিহূদার বেশ কিছু রাজাদের সময়ে অনেক বৎসর ব্যাপি ভাববাদী ও উপদেশের শ্লোকের সংগ্রহ করা বই। এটা চূড়ান্ত সংকলন এবং সম্পাদনা করা হয়েছে ভাববাদীর মৃত্যুর পরে, প্রায় ৬৩০ খ্রীষ্ট পূর্বে।
 - ঙ. মনে করিয়ে দেওয়াটার রূপরেখা করা সহজ নয়!

VII. ঐতিহাসিক অবস্থান

- ক. ৮ম শতকের ভাববাদী
 ১. বাইবেলের বিষয়বস্তু পাওয়া যায়:

ক. ২ রাজা ১৪:৩-১৭:৬	ঙ। হোশেয়
খ. ২ বংশ ২৫-২৮ অধ্যায়	চ। যিশাইয়
গ. আমোষ	ছ। মীখা
ঘ. যোনা	
 ২. ঈশ্বরের লোকদের মধ্যে পৌত্তলিকতার অবস্থার সহজতর সারাংশ দেখা যেতে পারে হোশেয়:
 - ক. ২:১৬ পদ, “বালী বলিয়া আর সম্মোধন করিবে না”
 - খ. ৪:১২-১৩ পদ, “..কন্যাগণ বেশ্যা হয়...”
 - গ. ৪:১৭, “ইফ্রয়িম প্রতিমাগণে আসক্ত, তাকে থাকিতে দেও”
 - ঘ. ১৩:২, “তাহারা গোবৎসদিগকে চুম্বন করুক!” (ধর্মানুষ্ঠান)
 ৩. সামাজিক অবস্থান
 - ক. এটা ছিল ইস্রায়েল ও যিহূদা উভয়ের জন্যই অর্থনৈতিক সমৃদ্ধি ও সামরিক বিকাশের সময়। যদিও, এই সমৃদ্ধি কেবল মাত্র ধনিক শ্রেণীর জন্য উপকারী ছিল। দরিদ্ররা শোষিত এবং বঞ্চিত হয়েছিল। সামগ্রিক ভাবে এটা মনে হচ্ছিল যে “হরিণ ও বন্দুক” হয়ে পড়েছে অতিরিক্ত প্রতিমা!
 - খ. ইস্রায়েল ও যিহূদা উভয়ের সামাজিক স্থিরতা এবং সম্পদ বেশ কিছু কারণের সাথে সম্পর্কিত ছিল:
 - (১) উত্তরে ২য় যারবিয়াম (খ্রীষ্ট পূর্ব ৭৮৬-৭৪৬) এবং দক্ষিণে উষিয়ের (খ্রীষ্ট পূর্ব ৭৮৩-৭৪২) দীর্ঘ ও সমৃদ্ধিশালী রাজত্ব।
 - (২) খ্রীষ্ট পূর্ব ৮০২ অব্দে অদদ-নিরারী দ্বারা অসরিয়রা সিরিয়দের পরাজয় করা
 - (৩) ইস্রায়েল ও যিহূদার মধ্যে দ্বন্দ্ব না থাকা।
 - (৪) প্যালেস্টাইনের ভূমিকে সংযোগ সেতু করে উত্তর থেকে দক্ষিণে বাণিজ্য পথের করারোপ এবং সুযোগের ব্যবহার দ্রুত অর্থনৈতিক উন্নতির কারণ হয়েছিল, এমনকি সম্পদশালী শ্রেণীর অমিতব্যয়েরও কারণ হয়েছিল।
 - গ. “Ostraca of Samaria” যার তারিখ ২য় যারবিয়ামের রাজত্বকাল মনে হয় ইঙ্গিত করছে অনেকটা শলোমনের মত প্রশাসনিক সংগঠনকে। এটি মনে হয় নিশ্চিত করছে “থাকা” এবং “না থাকা” এর মধ্যকার বিশাল গুন্যতাকে।
 - ঘ. সম্পদশালীদের অসততা আমোষে স্পষ্টভাবে চিত্রিত হয়েছে, যাকে বলা হয়েছে “সামাজিক ন্যায্যতার ভাববাদী।” বিচার কাজে ঘুষ প্রদান এবং ব্যবসায়ে ওজনে মিথ্যাচার করা ছিল অসদাচরণের দুটি স্পষ্ট উদাহরণ যা দৃশ্যত ইস্রায়েল এবং যিহূদায় খুব সাধারণ হয়ে পড়েছিল।
 ৪. ধর্মীয় অবস্থান
 - ক. এটা একটা সময় ছিল অনেক বাহ্যিক ধর্মীয় কাজকর্মের কিন্তু ছিল খুব সামান্য বিশ্বাস। কনানের উর্বরতার আরাধনা ইস্রায়েলী ধর্মের সাথে মিশে গিয়েছিল। লোকেরা হয়ে পড়েছিল পৌত্তলিক কিন্তু তারা একে বলতো YHWH তত্ত্ব। রাজনৈতিক ঐক্যের প্রতি ঈশ্বরের লোকদের প্রবণতা তাদেরকে পৌত্তলিক আরাধনা ও অনুশীলনে অর্ন্তভুক্ত করেছিল।
 - খ. ইস্রায়েলের পৌত্তলিকতা ২ রাজা ১৭:৭-১৮ পদে বর্ণিত হয়েছে।
 - (১) ৮ পদে তারা কনানীয়দের আরাধনার পদ্ধতি অনুশীলন করছে।
 - ক) উর্বরতার আরাধনা (লেবীয় ১৮:২২-২৩)
 - ১) উচ্চ স্থান, ৯,১০,১১ পদ
 - ২) পবিত্র স্তম্ভ (বাল), ১০,১৬ পদ

- ৩) আশেরা, ১৬ পদ, এগুলি ছিল বালের মহিলা সঙ্গীদের কাঠের প্রতিক। তারা ছিল হয়: খোদাই করা খুটি না হয় জীবন্ত গাছ।
- খ) ধরে নেওয়া ভবিষ্যতের দিব্যদৃষ্টি, ১৭ পদ। একে লেবীয় ১৯-২০ এবং দ্বি বি ১৮ অধ্যায়ে নিন্দা করা হয়েছে।
- (২) ১৬ পদে তারা দুটি সোনার বাছুরের আরাধনা চালিয়ে যাচ্ছিল, YHWH এর প্রতীক হিসাবে, দান এবং বৈথেলে ১ম যারবিয়াম স্থাপন করেছিলেন (১ রাজা ১২:২৮-২৯)।
- (৩) ১৬ পদে তারা বাবিলের astral দেবতাদের আরাধনা করেছে: সূর্য, চন্দ্র, তারকা, এবং নক্ষত্রপুঞ্জের।
- (৪) ১৮ পদে তারা ফৈনিকিয় উর্বরতার অগুন দেবতা মোলকের আরাধনা করেছে, তাদের শিশুদের উৎসর্গ করে (লেবীয় ১৮:২১; ২০:২-৫)। এই অনুশীলকে বলা হয়েছে “molech।” এটা কোন দেবতার নাম ছিল না।
- গ. বালতত্ত্ব (W.F. Albright's *Archaeology and the Religion of Israel* p. 82ff)
- (১) আমাদের সবচেয়ে ভাল প্রত্নতাত্ত্বিক উৎস হল “Baal Epic of Ugarit।”
- ক) এটা বালকে চিত্রিত করেছে ঋতু অনুসারে মৃত এবং উত্থিত দেবতা। সে পরাজিত হয়েছে *Mot* এর দ্বারা এবং পাতালে বন্দি হয়েছে। পৃথিবীর উপরে সকল জীবন রুদ্ধ হয়েছে। কিন্তু, মহিলা দেবীদের (Anat) সাহায্যে, তিনি জীবিত হয়েছেন এবং প্রতি বসন্তে *Mot* কে পরাজিত করেন। তিনি হলেন উর্বরতার দেবতা যিনি আরাধনা করেছেন যাদু অনুকরণ দ্বারা।
- খ) তিনি আরও *Hadad* হিসাবে পরিচিত।
- (২) কনানীয় দেবতাদের মধ্যে *El* হলেন প্রধান দেবতা কিন্তু বালের জনপ্রিয়তা তার জায়গা দখল করেছে।
- (৩) ইস্রায়েলীয়রা বেশির ভাগ ঈশ্বরের মধ্যে দিয়ে Tyrian Baalism এ প্রভাবিত হয়েছিল যিনি ছিলেন সোরের রাজার কন্যা। যাকে অশ্রি তার পুত্র আহাবের জন্য মনোনীত করেছিল।
- (৪) ইস্রায়েলে স্থানীয় উচ্চ স্থানে বালের আরাধনা করা হতো। তিনি একটি খাড়া পাথরের দ্বারা প্রতিকীকরণ হতেন। তার সঙ্গি আশেরা, একটি খোদাই করা খুটি দ্বারা প্রতিকীকরণ হতেন যা প্রতিকীকরণ করতো জীবন গাছের।
- ঘ. প্রতিমাপূজার বেশ কিছু উৎস ও প্রকার উল্লেখিত হয়েছে।
- (১) ১ম যারবিয়ামের দ্বারা দান ও বৈথেলে সোনার বাছুর স্থাপন YHWH এর আরাধনার উদ্দেশ্যে।
- (২) স্থানীয় উচ্চ স্থানে Tyrian উর্বরতার দেব ও দেবীর আরাধনা।
- (৩) সেই সময়ে রাজনৈতিক ঐক্য জড়িত ছিল আবশ্যিকীয় পৌত্তলিকতায়।
৫. ৮ম শতকে অশুরিয় ও বাবিলের অভিযানের সংক্ষিপ্ত সারমর্ম যা প্যালেস্টাইনকে প্রভাবিত করেছিল:
- ক. ৮ম শতকের চারজন ভাববাদী সক্রিয় ছিলেন অশুরিয়াতে টাইগ্রিস-ইউফ্রেগটিস সাম্রাজ্যের উত্থান কালে। ঈশ্বর এই নির্ধূর জাতিকে ব্যবহার করেছিলেন তার লোকদের বিচার করতে, বিশেষ করে ইস্রায়েলীয়দের।
- (১) নির্দিষ্ট ঘটনা ট্রান্স-জর্দান রাজনৈতিক ও সামরিক ঐক্য গঠন করেছিল যা পরিচিত ছিল “Syro-Ephramatic League” নামে (খ্রীষ্ট পূর্ব ৭৩৫)। সিরিয়া আর ইস্রায়েলে চেপ্টা করেছে বল প্রয়োগে অশুরিয়ার বিরুদ্ধে তাদের সাথে যুক্ত হতে। পরিবর্তে আহস সাহায্যের জন্য অশুরিয়াতে একটি চিঠি পাঠিয়েছিল। প্রথম ক্ষমতাসালী মানসিকতার অশুরিয় রাজা, ৩য় তিগ্লৎ-পিলেশর (খ্রীষ্ট পূর্ব ৭৪৫-৭২৭), সামরিক চ্যালেঞ্জের সাড়া প্রদান করেছিলেন এবং সিরিয়া অভিযান করেন।
- (২) পরবর্তীতে, অশুরিয়ার পুতুল রাজা ইস্রায়েলের হোশেয় (খ্রীষ্ট পূর্ব ৭৩২-৭২২), তিনি বিদ্রোহ করেন, আবেদন করেন মিশরের প্রতি। ৫ম শালমনেশর (খ্রীষ্ট পূর্ব ৭২৭-৭২২) আবার ইস্রায়েলে অভিযান পরিচালনা করেন। ইস্রায়েল অধীনতা স্বীকারের আগেই তিনি মারা যান কিন্তু তার উত্তরসূরী ২য় সারগন (খ্রীষ্ট পূর্ব ৭২২-৭০৫), খ্রীষ্ট পূর্ব ৭২২ অব্দে ইস্রায়েলের রাজধানী শমরিয়াকে অধিকার করেন। এই ঘটনায় অশুরিয়রা ২৭,০০০ জনেরও বেশি ইস্রায়েলকে নির্বাসিত করে যেমন ৭৩২ খ্রীষ্ট পূর্বে তিগ্লৎ-পিলেশর হাজার হাজার ইস্রায়েলীয়কে নির্বাসিত করেছিলেন।
- খ. আহসের মৃত্যুর পরে (খ্রীষ্ট পূর্ব ৭৩৫-৭১৫) ট্রান্স-জর্দান দেশসমূহ ও মিশর মিলিত ভাবে আর একটি সামরিক ঐক্য গঠন করে অশুরিয়ার বিরুদ্ধে (খ্রীষ্ট পূর্ব ৭১৪-৭১১)। এটি পরিচিত “অসদোদের বিদ্রোহ” নামে। অশুরিয়রা আবার যখন অভিযান করেছিল তখন যিহূদার অনেক নগর ধংস হয়ে গিয়েছিল। প্রথমিক ভাবে হিষ্কিয় এই ঐক্যকে সমর্থন করেছিলেন কিন্তু পরে তিনি তার সমর্থন তুলে নেন।
- গ. যদিও, আবার আর একটি ঐক্য সুযোগ গ্রহণ করতে চেপ্টা করে খ্রীষ্ট পূর্ব ৭০৫ অব্দে অশুরিয়ার ক্ষমতাসালী রাজা ২য় সারগনের মৃত্যুর পরে, এই ঐক্যের সাথে যোগ দিয়েছিল সমগ্র অশুরিয় সাম্রাজ্য জুড়ে থাকা অনেক বিদ্রোহীরা।
- (১) হিষ্কিয় সম্পূর্ণ ভাবে এই বিদ্রোহে অংশ গ্রহণ করেছিলেন। এই চ্যালেঞ্জের আলোকে সানহেরিব (খ্রীষ্ট পূর্ব ৭০৫-৬৮১) প্যালেস্টাইন অভিযান করেন (খ্রীষ্ট পূর্ব ৭০১) এবং যিরূশালেমের নিকটে শিবির স্থাপন করেন (২ রাজা ১৮-১৯; যিশা ৩৬-৩৯) কিন্তু তার সৈন্যবাহিনী অলৌকিক ভাবে ঈশ্বরের দ্বারা ধংস হয়ে যায়।
- (২) পন্ডিতদের মধ্যে কিছু প্রশ্ন রয়েছে যেমন সানহেরিব কতবার প্যালেস্টাইন অভিযান করেছিল। (উদাহরণ: John Bright এর মতানুসারে খ্রীষ্ট পূর্ব ৭০১ অব্দে একটি অভিযান এবং সম্ভবত আর একটি অভিযান হয়েছিল খ্রীষ্ট পূর্ব ৬৮৮ অব্দে, পৃষ্ঠা..২৭০)
- (৩) হিষ্কিয় অশুরিয়দের হাত থেকে রক্ষা পেয়েছিলেন কিন্তু তার বাবিলিয় প্রতিনিধিদের কাছে যিহূদার সম্পদের গর্বিত প্রদর্শনীর কারণে, যিশাইয় ভাববাণী করেছিলেন বাবিলের কাছে যিহূদার পতন সম্পর্কে (৩৯:১-৮)। নবুখদনিৎসরের কাছে খ্রীষ্ট পূর্ব ৫৮৭-৫৮৬ অব্দে যিরূশালেমের পতন হয়েছিল।
- ঘ. যিশাইয় আরও ভাববাণী করেছিলেন মাদীয়-পারসিয় ২য় কোরসের অধীন থেকে ঈশ্বরের লোকদের পুনরুদ্ধারের (৪১:২-৪; ৪৪:২৮; ৪৫:১; ৫৬:১১)। খ্রীষ্ট পূর্ব ৬১২ অব্দে নীনবীর পতন ঘটে বাবিলিয়দের কাছে কিন্তু বাবিলের নগরির পতন ঘটে খ্রীষ্ট পূর্ব ৫৩৯ অব্দে

কোরসের সেনাবাহিনীর হাতে। খ্রীষ্ট পূর্ব ৫৩৮ অব্দে কোরস একটি আদেশ জারি করেন যে সকল নির্বাসিত লোকেরা, যিহূদী সহ, তাদের নিজেদের দেশে ফিরে যেতে পারবে। তিনি তার কোষাগার থেকে জাতিয় মন্দিরসমূহ পুনর্নির্মানের জন্য অর্থও সরবরাহ করেছিলেন।

খ. মেসোপটেমিয়ার ক্ষমতার একটি সংক্ষিপ্ত ঐতিহাসিক জড়িপ (তারিখ ব্যবহার করা হয়েছে মূলত John Bright's *A History of Israel*, p. 462ff ভিত্তি করে):

১. আশুরিয় সাম্রাজ্য (আদি ১০:১১):

ক. ধর্মীয় এবং সংস্কৃতি ভিষণ ভাবে প্রভাবিত হয়েছিল সুমেরিয়/বাবিলিয় সাম্রাজ্য দ্বারা।

খ. সাম্রাজ্য শাসকদের তালিকা ও কাছাকাছি তারিখ:

- (১) ১৩৫৪-১৩১৮ ১ম অশূর-উবাল্লিত:
 - ক) হিত্তিয় নগর ককর্মীশ জয় করা।
 - খ) হিত্তিয় প্রভাব দূর করতে শুরু করা এবং অশুরিয়াকে উন্নত করতে সুযোগ দান।
- (২) ১২৯৭-১২৬৬ অদদ নিরারী (ক্ষমতামালা রাজা)।
- (৩) ১২৬৫-১২৩৫ ১ম শলমনেষর (ক্ষমতামালা রাজা)।
- (৪) ১২৩৪-১১৯৭ ১ম টুকুলটি-নিমুরতা
 - দক্ষিণে বাবিলের সাম্রাজ্যের প্রথম বিজয়।
- (৫) ১১১৮-১০৭৮ ১ম তিগ্লৎ-পিলেঘর
 - অশুরিয়া মেসোপটেমিয়ায় প্রধান শক্তি হয়ে উঠেছিল।
- (৬) ১০১২-৯৭২ ২য় অশূর-রাবি
- (৭) ৯৭২-৯৬৭ ২য় অশূর-রেশ-ইসুই
- (৮) ৯৬৬-৯৩৪ ২য় তিগ্লৎ-পিলেঘর
- (৯) ৯৩৪-৯১২ ২য় অশূর দান
- (১০) ৯১২-৮৯০ ২য় অদদ-নিরারী
- (১১) ৮৯০-৮৮৪ ২য় টুকুলটি-নিমুরতা
- (১২) ৮৯০-৮৫৯ ২য় অশূর-নাসির-আপাল
- (১৩) ৮৫৯-৮৪২ ৩য় শলমনেষর
 - ৮৫৩ এ ককর্মের যুদ্ধ
- (১৪) ৮২৪-৮১১ ৫ম শামাসি-অদদ
- (১৫) ৮১১-৭৮৩ ৩য় অদদ-নিরারী
- (১৬) ৭৮১-৭৭২ ৪র্থ শলমনেষর
- (১৭) ৭৭২-৭৫৪ ৩য় অশূর-দান
- (১৮) ৭৫৪-৭৪৫ ৫ম অশূর-নিরারী
- (১৯) ৭৪৫-৭২৭ ৩য় তিগ্লৎ-পিলেঘর:

ক) তার বাবিলের সিংহাসনের নামানুসারে ডাকা, পুল, ২ রাজা ১৫:১৯ পদ।

খ) অত্যন্ত ক্ষমতামালা রাজা।

গ) বিজিত লোকদের নির্বাসিত করার পলিসির আরম্ভ।

ঘ) খ্রীষ্ট পূর্ব ৭৩৫ অব্দে “Syro-Ephramatic League” গঠিত হয়েছিল যেটা ছিল ট্রান্স-জর্দান এলাকার ইউফ্রেটিস জলধারা থেকে মিশর পর্যন্ত সকল প্রাপ্য সামরিক উৎসকে একতাবদ্ধ করার একটি প্রচেষ্টা যার উদ্দেশ্য ছিল অশুরিয় উদ্ভিত সামরিক শক্তিকে দমন করা। যিহূদার রাজা আহস যুক্ত হতে অস্বীকার করেন এবং ইস্রায়েল ও সিরিয়া দ্বারা অভিযানের শিকার হন। তিনি যিশাইয়ের পরামর্শ অনুসারে ৩য় তিগ্লৎ-পিলেঘর এর কাছে সাহায্যের জন্য পত্র লেখেন (যিশা ৭-১২)।

ঙ) ৭৩২ অব্দে ৩য় তিগ্লৎ-পিলেঘর অভিযান পরিচালনা করেন এবং সিরিয়া ও ইস্রায়েলকে জয় করেন এবং ইস্রায়েলের সিংহাসনে পুতুল রাজা হোশেয়কে বসান (খ্রীষ্ট পূর্ব ৭৩২-৭২২)। মাদীয়তে হাজার হাজার যিহূদী নির্বাসিত হয় (২ রাজা ১৫-১৬)।

(২০) ৭২৭-৭২২ ৫ম শলমনেষর

- হোশেয় মিশরের সাথে একটি ঐক্য স্থাপন করেন এবং তিনি অশুরিয়দের অভিযানের শিকার হন (২ রাজা ১৭)।

(২১) ৭২২-৭০৫ ২য় সারগন:

ক) ৫ম শলমনেষর দ্বারা সূচিত তিন বছর অবরোধের পরে, তার সেনাপতি এবং উত্তরসূরী ২য় সারগন, ইস্রায়েলের রাজধানী শমরিয় জয় করেন। ২৭০০০ জনেরও বেশি লোককে নির্বাসিত করেন মাদীয়তে।

খ) হিত্তিয় সাম্রাজ্যও বিজিত হয়।

গ) ৭১৪-৭১১ অব্দে ট্রান্স-জর্দান জাতিসমূহ ও মিশরের আর একটি ঐক্য অশুরিয়ার বিরুদ্ধে বিদ্রোহ করে। এই ঐক্য “the Ashdod Rebellion” নামে পরিচিত। যিহূদার হিন্সিয় মূলত যুক্ত ছিলেন। অশুরিয়ার অভিযান পরিচালনা করে এবং বেশ কিছু প্যালেস্টাইন নগরী ধংস করে।

(২২) ৭০৫-৬৮১ সানহেরিব:

- ক) ৭০৫ অব্দে ট্রান্স জর্দান জাতিসমূহ ও মিশরের আর একটি ঐক্য ২য় সারগনের পিতার মৃত্যুর পরে বিদ্রোহ করে। হিন্দিয় সম্পূর্ণ ভাবে এই ঐক্যকে সমর্থন করেছিলেন। ৭০১ অব্দে সানহেরিব অভিযান পরিচালনা করেন। বিদ্রোহ দমন করা হয়েছিল কিন্তু যিরুশালেম রক্ষা পেয়েছিল ঈশ্বরের কাজের দ্বারা (যিশা ৩৬-৩৯ এবং ২ রাজা ১৮-১৯)
- খ) এলম ও বাবিলের বিদ্রোহও সানহেরিব দমন করেছিলেন।

(২৩) ৬৮১-৬৬৯ এশারদন:

- ক) প্রথম অশুরিয় শাসক মিশর আক্রমণ করে জয় করেছিলেন।
- খ) বাবিলের জন্য তার ভীষন সহানুভূতি ছিল এবং রাজধানী তিনি পুনর্নির্মাণ করেছিলেন।

(২৪) ৬৬৯-৬৬৩ অশুরবানিপাল:

- ক) তাকে আরও বলা হয়েছে ইশা ৪:১০ পদে ওসনাপার
- খ) তার ভাই শমস-শূম-উকিনকে বাবিলের রাজা করা হয়েছিল। এটি বেশ কিছু বছর অশুর ও বাবিলের মধ্যে শান্তি এনেছিল কিন্তু ভিতরে ভিতরে ছিল স্বাধীনতার আকাংখ্যা যার বর্হিপ্রকাশ ঘটে ৬৫২ অব্দে, তার ভাইয়ের দ্বারা পরিচালিত।

গ) স্বীকের পতন, ৬৬৩

ঘ) এলমের পরাজয়, ৬৫৩, ৬৪৫

(২৫) ৬৩৩-৬২৯ অশূল-এতিল-ঈলানী।

(২৬) ৬২৯-৬১২ সিন-শের-ইসকুন।

(২৭) ৬১২-৬০৯ ২য় অশূর-উবাল্লিত:

- সিংহাসনের রাজাকে হারণে নির্বাসিত করা হয় ৬১৪ অব্দে অশুর এবং ৬১২ অব্দে নিনবীর পতনের পরে।

২. নব্য-বাবিল সাম্রাজ্য:

ক. ৭০৩-? মর্দক-বলদান:

- অশুরিয় শাসনের বিরুদ্ধে বেশ কয়েকটি বিদ্রোহ শুরু করেছিলেন।

খ. ৬৫২ শমস-শূম-উকিন:

- (১) এশরদনের পুত্র এবং অশুরবানিপালের ভাই।
- (২) তিনি অশুরিয়ার বিরুদ্ধে বিদ্রোহের শুরু করেছিলেন কিন্তু পরাজিত হয়েছিলেন।

গ. ৬২৫-৬০৫ নবোপলেশর:

- (১) নব্য-বাবিল সাম্রাজ্যের তিনি ছিলেন প্রথম সম্রাট।
- (২) তিনি দক্ষিণ থেকে আশুরিয়া আক্রমণ করেছিলেন যখন মাদীয় Cyaxares উত্তর-পূর্ব থেকে আক্রমণ করেছিল।
- (৩) অশুরিয়ার পুরাতন রাজধানী অশুরের ৬১৪ অব্দে পতন ঘটে এবং পরাক্রমী নীনবীর রাজধানীর পতন ঘটে ৬১২ অব্দে।
- (৪) অশুরিয় সেনাবাহিনীর অবশিষ্টাংশ হারণে পালিয়ে যায়। সেখানে তারা একজন রাজাকেও প্রতিষ্ঠা করে।
- (৫) ৬০৮ অব্দে ২য় ফরৌণ নখো (২ রাজা ২৩:২৯) উত্তর দিকে অধসর হন অশুরিয় সেনাবাহিনীর অবশিষ্টাংশকে সাহায্য করতে, তার উদ্দেশ্য ছিল সুরক্ষা অঞ্চল গঠন করা বাবিলের উঠতি শক্তির বিরুদ্ধে। যোশিয়, যিহুদার ঈশ্বরভক্ত রাজা (২ রাজা ২৩), প্যালেস্টাইনের মধ্যে দিয়ে মিশরিয় সেনাবাহিনীর যাতায়াতের বিরোধিতা করেন। মাগিদোতে ছোট একটি যুদ্ধ সংঘটিত হয়। যোশিয় আহত হন এবং মৃত্যুবরণ করেন (২ রাজা ২৩:২৯-৩০)। তার ছেলে, যিহোয়াহস, পরবর্তী রাজা হন। ২য় ফরৌণ নখো হারণে অশুরিয় বাহিনীর ধংস রোধ করার জন্য অনেক দেবিরে এসে পৌঁছান। তিনি বাবিলের সেনাবাহিনী যার নেতৃত্বে ছিলেন রাজা ২য় নবুখদনিৎসর তার সঙ্গে যুদ্ধে লিপ্ত হয়ে পড়েছিলেন এবং ইউফ্রেটিসে কর্কমীশের যুদ্ধে ৬০৫ অব্দে একেবারে পরাজিত হন।

তার মিশরে ফিরে যাবার পথে তিনি যিরুশালেমে থামেন এবং নগরটি লুণ্ঠন করেন। তিনি যিহোয়াসকে পদচ্যুত এবং তিন মাস পরে তাকে নির্বাসিত করেন। তিনি যোশিয়ের আর এক ছেলেকে সিংহাসনে বসান, যিনি ছিলেন যিহোয়াকিম (২ রাজা ২৩:৩১-৩৫)।

(৬) ২য় নবুখদনিৎসর প্যালেস্টাইনের মধ্যে দিয়ে মিশরিয় সেনাবাহিনীকে দক্ষিণে ধাওয়া করেন কিন্তু তিনি তার পিতার মৃত্যু সংবাদ পান ও বাবিলে ফিরে আসেন।

পরবর্তীতে সেই একই বছর তিনি প্যালেস্টাইনে ফিরে আসেন। তিনি যিহুদার সিংহাসনে যিহোয়াকীমকে বসান কিন্তু বেশ কয়েক হাজার নেতৃত্বদানকারী নাগরিক ও বেশি কিছু রাজকীয় পরিবারের সদস্যদের নির্বাসিত করেন। দানিয়েল ও তার বন্ধুরা এই নির্বাসনের অংশ ছিলেন।

ঘ. ৬০৫-৫৬২ ২য় নবুখদনিৎসর:

- (১) ৫৯৭-৫৩৮ অব্দের মধ্যে বাবিল প্যালেস্টাইনের নিয়ন্ত্রণ কাজ সম্পূর্ণ করেছিল।
- (২) ৫৯৭ অব্দে যিরুশালেম থেকে আর একটি নির্বাসন সংঘটিত হয় কারণ যিহোয়াকীম মিশরের সাথে সামরিক ঐক্য স্থাপন করেছিল (২ রাজা ২৪)। ২য় নবুখদনিৎসর আসার আগেই তিনি মারা গিয়েছিলেন। তার ছেলে যিহোয়াকীন বাবিলে নির্বাসিত হওয়া পর্যন্ত মাত্র তিন মাসের জন্য রাজা হয়েছিল। যিহিস্কেল সহ ১০ হাজার নাগরিক, বাবিল নগরীর নিকটে কবার নদীর তীরে পুনর্বসতি স্থাপন করেছিল।

- (৩) ৫৮৬ অব্দে, মিশরের সাথে অবিরত সম্পর্কে, যিরূশালেম নগর সম্পূর্ণরূপে ধংস হয়েছিল (২ রাজা ২৫) এবং গণ নির্বাসন সংঘটিত হয়েছিল। সিদিকিয়, যিনি যিহোয়াকীনের স্থলাভিষিক্ত হয়েছিলেন, নির্বাসিত হন এবং গদলিয়কে শাসনকর্তা হিসাবে নিয়োগ দান করা হয়।
- (৪) গদলিয় যিহূদী বিদ্রোহী সেনাবাহিনী দ্বারা নিহত হন। এই সেনাবাহিনী মিশরে পালিয়ে যায় এবং যিরমিয়কে বাধ্য করে তাদের সাথে যেতে। চতুর্থ বারের মত নবুখদনিৎসর অভিযান পরিচালনা করেন (৬০৫, ৫৯৬, ৫৮৬, ৫৮২) এবং তিনি অবশিষ্ট যিহূদী যাদের তিনি খুঁজে পেয়েছেন তাদের সবাইকে নির্বাসিত করেন।
- ঙ. ৫৬২-৫৬০ অব্দে এভিল-মারদক, যিনি আরও পরিচিতি ছিলেন আমেল-মারদক নামে
- তিনি কারাগার থেকে যিহোয়াকীমকে মুক্ত করেন কিন্তু তিনি বাবিলেই রয়ে যান (২ রাজা ২৫:২৭-৩০; যির ৫২:৩১)।
- চ. ৫৬০-৫৫৬ নেরিগলিসার।
- তিনি ছিলেন নবুখদনিৎসরের সেনাপতি যিনি যিরূশালেম ধংস করেছিলেন।
- ছ. ৫৫৬- রবশাকি-মারদক।
- যিনি ছিলেন নেরিগলিসারের পুত্র কিন্তু নয়মাস পরে গুপ্ত ঘাতকের হাতে নিহত হয়েছিলেন।
- জ. ৫৫৬-৫৩৯ নবোনিদাস:
(১) নবোনিদাস রাজ পরিবারের সাথে সম্পর্কিত ছিলেন না তাই তিনি ২য় নবুখদনিৎসরের মেয়েকে বিয়ে করেছিলেন।
(২) তিনি টেমায় চন্দ্র দেবতা “সীন” এর মন্দির নির্মাণে বেশির ভাগ সময় পার করেছেন। তিনি ছিলেন এই দেবীর মহা পুরোহিতের পুত্র। এটি তাকে বাবিলের প্রধান দেবতা মারদুক এর পুরোহিত মারদুকের বৈরিতায় ফেলেছিল।
(৩) তিনি বিদ্রোহ দমন ও সাম্রাজ্যের অখণ্ডতা বজায় রাখতে বেশি সময় পার করেছেন।
(৪) তিনি টেমায় চলে যান এবং বাবিলের রাজধানীতে, রাজ্যের কাজ তার পুত্র বেলশৎসরের হাতে অর্পণ করেন (দানি ৫)।
- ঝ. ? -৫৩৯ বেলশৎসর (সহ-রাজত্ব)
- ইউফ্রেটের জল হাতে ভিন্ন দিকে প্রবাহিত করে এবং বাধাহীন ভাবে নগরে প্রবেশ করে Gutium এর গোবরিয়াসের অধীনে মাদীয়-পারসিয় সেনাবাহিনী খুব দ্রুত বাবিল নগরির পতন ঘটিয়েছিল। পুরোহিতেরা এবং নগরের লোকেরা পারস্যিানদের মুক্তিদাতা এবং মারদুকের পুনরুদ্ধারকারী হিসাবে দেখেছিল। ২য় কোরস দ্বারা গোবরিয়াস বাবিলের শাসনকর্তা নিয়োগ প্রাপ্ত হন। হয় ২য় কোরস না হয় গোবরিয়াস হলেন দানি ৫:৩১ এবং ৬:১ পদের “মাদীয় দারিয়াস।” দারিয়াস অর্থ “রাজকীয় একজন।”
৩. মাদীয়-পারসিয় সাম্রাজ্য: ২য় কোরসের উত্থান পর্যালোচনা (যিশা ৪৪:২৮; ৪৫:১-৭):
- ক. ৬২৫-৫৮৫ Cyaxares মাদীয় রাজা হয়েছিলেন যিনি বাবিলকে অশ্রিয়দের পরাজিত করতে সাহায্য করেছিলেন।
- খ. ৫৮৫-৫৫০ Astyages মাদীয় রাজা হন। ম্যাডেনা দ্বারা কোরস ছিলেন তার নাতি।
- গ. ৫৫০-৫৩০ আনসামের ২য় কোরস ছিলেন পুতুল রাজা যিনি বিদ্রোহ করেছিলেন।
(১) বাবিলের রাজা নবোনিদাস, কোরসকে সমর্থন করেছিলেন।
(২) ২য় কোরস Astyages কে সিংহাসনচ্যুত করেছিলেন।
(৩) ক্ষমতার সমন্বয় পুনরুদ্ধারের জন্য নবোনিদাস, সামরিক ঐক্য স্থাপন করেছিলেন:
- ক. মিশর।
খ. লুদিয়ার রাজা ক্রোসাস (এশিয়া মাইনর)।
- ঘ. ৫৪৭-২য় কোরস সার্দিসের বিরুদ্ধে যুদ্ধ যাত্রা করেন (লুদিয়ার রাজধানী)।
- ঙ. ৫৩৯ অব্দের ২ নভেম্বর, Gutium এর গোবরিয়াস, কোরসের সেনাবাহিনীর সাথে মিলে, বিনা বাধায় বাবিল জয় করেন। গোবরিয়াসকে বাবিলের শাসনকর্তা করা হয়েছিল।
- চ. ৫৩৯ অব্দের অক্টোবর, “মহান” ২য় কোরস ব্যক্তিগত ভাবে মুক্তিদাতা হিসাবে প্রবেশ করেন। তার জাতিয় দলের প্রতি মহানুভবতার নীতি বহু বছরের প্রচলিত নির্বাসনের জাতীয় নীতি পাল্টে যায়।
- ছ. ৫৩৮- যিহূদী এবং অন্যান্যদের অনুমতি দেওয়া হয় তাদের নিজেদের দেশে ফিরে যাবার এবং তাদের নিজ নিজ দেশীয় মন্দির নির্মাণের।
- জ. ৫৩০- কোরসের পুত্র ২য় কেমবাসিস, তার উত্তরসূরী হন।
- ঝ. ৫৩০-৫২২ ২য় কেমবাসিসের রাজত্বকাল।
- ৫২৫ অব্দে মাদীয়-পারসিয় সাম্রাজ্যে মিশরিয় সাম্রাজ্য যুক্ত করেন।
- সম্ভবত আত্মহত্যা করেছিলেন।
- এ৩. ৫২২-৪৮৬ ১ম দারিয়াস শাসনে আসেন।
(১) তিনি রাজ পরিবারের ছিলেন না কিন্তু ছিলেন সামরিক সেনাপতি।
(২) তিনি পারস্য সাম্রাজ্যকে সংগঠিত করেছিলেন কোরসের Satraps এর জন্য পরিকল্পনা ব্যবহার করে (ইস্রা ১-৬; হগয়; সখরিয়)।
(৩) তিনি লুদিয়ার মত মুদ্রা প্রতিষ্ঠা করেছিলেন।
- ট. ৪৮৬-৪৬৫ ১ম অহশ্বেরস এর রাজত্বকাল:
(১) মিশরিয় বিদ্রোহকে দমন করেছিলেন।
(২) ইচ্ছুক ছিলেন গ্রীস অভিযানের এবং পারসিকদের স্বপ্ন পূরণ করতে কিন্তু ৪৮০ অব্দে খারমোপলি এবং ৪৭৯ অব্দে সালামিসের যুদ্ধে পরাজিত হন।

- (৩) ইস্টেরের স্বামী যাকে বাইবেলে বলা হয়েছে অহশ্বেরস তিনি ৪৬৫ অব্দে গুপ্ত ঘাতকের হাতে নিহত হন।
১. ৪৬৫-৪২৪ অব্দে ১ম অর্ভখস্ত রাজত্ব শুরু করেন (ইস্রা ৭-১০; নহিমিয়; মালাখি):
 - (১) গ্রীকেরা ক্রমশ এগিয়ে যেতে থাকে যতক্ষণ পর্যন্ত না পিলোপানেশিয়ান গৃহ যুদ্ধের সম্মুখীন হয়।
 - (২) গ্রীক দুই ভাগ হয়ে যায় (আথানিয়ান - পিলোপানেশিয়ান)।
 - (৩) গ্রীক গৃহ যুদ্ধ প্রায় ২০ বছর চলেছিল।
 - (৪) এই সময়কালে যিহুদী সমাজ সবলতর হতে থাকে।
- ঠ. ৪২৩-৪০৪ অব্দ ২য় দারিয়াসের রাজত্বকাল।
 ড. ৪০৪-৩৫৮ অব্দ ২য় অর্ভখস্তের রাজত্বকাল।
 ঢ. ৩৫৮-৩৩৮ অব্দ ৩য় অর্ভখস্তের রাজত্বকাল।
 গ. ৩৩৮-৩৩৬ অব্দ আরসেস এর রাজত্বকাল।
 ত. ৩৩৬-৩৩১ অব্দ ৩য় দারিয়াসের রাজত্বকাল।
৪. মিশরের পর্যালোচনা:
- ক. হাইকোস (মেঘপালক রাজা-সেমিটিক শাসক)-১৭২০/১০-১৫৫০ খ্রীষ্ট পূর্ব
- খ. ১৮ তম রাজতন্ত্র (১৫৭০-১৩১০ খ্রীষ্ট পূর্ব)
- (১) ১৫৭০-১৫৪৬ আমোসিস
 - (২) ১৫৪৬-১৫২৫ ১ম আমেনোফিস (১ম আমোনহোতপ)।
 - (৩) ১৫২৫-১৪৯৪ ১ম থুটমোসিস
 - (৪) ? ২য় থুটমোসিস
 - (৫) ? Hatshepsut
 - (৬) ১৪৯০-১৪৩৫ ৩য় থুটমোসিস
 - (৭) ১৪৩৫-১৪১৪ ২য় আমেনোফিস।
 - (৮) ১৪১৪-১৪০৬ ৪র্থ থুটমোসিস
 - (৯) ১৪০৬-১৩৭০ ৩য় আমেনোফিস
 - (১০) ১৩৭০-১৩৫৩ ৪র্থ আমেনোফিস (আখেনাটেন)
 - (১১) ? Smenkhare
 - (১২) ? তুতেনখামেন
 - (১৩) ? Ay
 - (১৪) ১৩৪০-১৩১০ হারেমহাব
- গ. ১৯ তম রাজতন্ত্র (খ্রীষ্ট পূর্ব ১৩১০-১২০০):
- (১) ? ১ম রামেসিস
 - (২) ১৩০৯-১২৯০ ১ম সেটি
 - (৩) ১২৯০-১২২৪ রামেসিস (২য় রামেসিস)
 - (৪) ১২২৪-১২১৬ Marniptah (Merenptah)
 - (৫) ? আমেনমেসেস
 - (৬) ? ২য় সেটি
 - (৭) ? সিপটাহ
 - (৮) ? Tewosret
- ঘ. ২০ তম রাজতন্ত্র (খ্রীষ্ট পূর্ব ১১৮০-১০৬৫):
- (১) ১১৭৫-১১৪৪ ৩য় রামেসিস
 - (২) ১১৪৪-১০৬৫ ৪র্থ - একাদশ রামেসিস
- ঙ. ২১ তম রাজতন্ত্র (খ্রীষ্ট পূর্ব ১০৬৫-৯৩৫)
- (১) ? স্মেনডেস
 - (২) ? হেরিহর
- চ. ২২ তম রাজতন্ত্র (খ্রীষ্ট পূর্ব ৯৩৫-৭২৫ - লিবিয়ান):
- (১) ৯৩৫-৯১৪ শীশক (১ম শীশক বা ১ম শেশংগ)
 - (২) ৯১৪-৮৭৪ ১ম Osorkon
 - (৩) ? ২য় Osorkon
 - (৪) ? ২য় Shoshnek
- ছ. ২৩ তম রাজতন্ত্র (খ্রীষ্ট পূর্ব ৭২৫-৭১৫ - লিবিয়ান)
- জ. ২৪ তম রাজতন্ত্র (খ্রীষ্ট পূর্ব ৭১৫-৭০৯)
- ঝ. ২৫ তম রাজতন্ত্র (খ্রীষ্ট পূর্ব ৭১৫/১৫-৬৬৩ - ইথিয়পিয়া/লুবিয়ান):
- (১) ৭১০/০৯-৬৯৬/৯৫ শাবাকো (শাবাকু)
 - (২) ৬৯৬/৯৫-৬৮৫/৮৪ শেবটেকো (শেবিটকু)

- (৩) ৬৯০/৮৯, ৬৮৫/৮৪-
৬৬৪ তিরহাকা (তাহারকা)
- (৪) ? টানটামুন
- এ৪. ২৬ তম রাজতন্ত্র (খ্রীষ্ট পূর্ব ৬৬৩-৫২৫ - সাইটিক):
- (১) ৬৬৩-৬০৯ ১ম Psammetichus (Psamtik)
- (২) ৬০৯-৫৯৩ ২য় নিকো (নিচো)
- (৩) ৫৯৩-৫৮৮ ২য় Psammetichus (Psamtik)
- (৪) ৫৮৮-৫৬৯ এপ্রিয়াস (হোফ্রা)
- (৫) ৫৬৯-২৫২ আমাসিস
- (৬) ? ৩য় Psammetichus (Psamtik)
- ট. ২৭ তম রাজতন্ত্র (খ্রীষ্ট পূর্ব ৫২৫-৪০১ - পারসিয়া):
- (১) ৫৩০-৫২২ ২য় কামবাসিস (২য় কোরসের পুত্র)
- (২) ৫২২-৪৮৬ ১ম দারিয়াস
- (৩) ৪৮৬-৪৬৫ ১ম Xerxes
- (৪) ৪৬৫-৪২৪ ১ম অর্থক্ষস্ত
- (৫) ৪২৩-৪০৪ ২য় দারিয়াস

* ভিন্ন কালক্রমের জন্য দেখুন *Zondervan's Pictorial Bible Encyclopedia*, vol. 2 p. 231 ।

৫. গ্রীসের পর্যালোচনা:

- ক. ৩৫৯-৩৩৬ ম্যাসেডনের ২য় ফিলিপ:
- (১) গ্রীক গড়ে তোলা ।
- (২) ৩৩৬ অব্দে গুপ্ত ঘাতকের হাতে নিহত হন ।
- খ. ৩৩৬-৩২৩ “মহান” ২য় আকেজাভার (ফিলিপের পুত্র):
- (১) আইসুসের যুদ্ধে পারস্যের রাজা ২য় দারিয়াস পরাজিত হন ।
- (২) ৩২৩ অব্দে জুরে আক্রান্ত হয়ে বাবিলে মারা যান ৩৩/৩২ বছর বয়সে ।
- (৩) তার মৃত্যুর পরে আলেকজাভারের সেনাপতিরা সাম্রাজ্য বিভাগ করেন:
- ক) ক্যাসেনডার - মাকিদনিয়া এবং গ্রীস
- খ) লাইসিমাকাস - থ্রাস
- গ) ১ম সেলুকাস - সিরিয়া ও বাবিল
- ঘ) টলেমি - মিশর ও প্যালেস্টাইন
- ঙ) এন্টিগোনাস - এশিয়া মাইনর (তিনি বেশি দিন স্থায়ী হন নাই)
- গ. প্যালেস্টাইনের নিয়ন্ত্রণের জন্য সেলুসিড বনাম টলেমি
- (১) সিরিয়া (সেলুসিড শাসকগণ):
- ক) ৩১২-২৮০ ১ম সেলুকাস
- খ) ২৮০-২৬১ ১ম এন্টিয়কাস সোসটার
- গ) ২৬১-২৪৬ ২য় এন্টিয়কাস থেউস
- ঘ) ২৪৬-২২৬ ২য় সেলুকাস ক্যালিনিকাস
- ঙ) ২২৬-২২৩ ৩য় সেলুকাস সেরাউনুস
- চ) ২২৩-১৮৭ মহান ৩য় এন্টিয়কাস
- ছ) ১৮৭-১৭৫ ৪র্থ সেলুকাস ফিলোপাটোর
- জ) ১৭৫-১৬৩ ৪র্থ এন্টিয়কাস এফিফানিস
- ঝ) ১৬৩-১৬২ ৫ম এন্টিয়কাস
- ঞ) ১৬২-১৫০ ১ম ডিমিত্রিয়াস
- (২) মিশরীয় (টলেমিদের) শাসকগণ:
- ক) ৩২৭-২৮৫ ১ম টলেমি সোসটার
- খ) ২৮৫-২৪৬ ২য় টলেমি ফিলাডেলফিয়াস
- গ) ২৪৬-২২১ ৩য় টলেমি এভিগেটস
- ঘ) ২২১-২০৩ ৪র্থ টলেমি ফিলোপাটোর
- ঙ) ২০৩-১৮১ ৫ম টলেমি এফিফানিস
- চ) ১৮১-১৪৬ ৪র্থ টলেমি ফিলোমেটোর
- (৩) সংক্ষিপ্ত পর্যালোচনা:
- ক) ৩০১ - বহু বৎসর ব্যাপি প্যালেস্টাইন টলেমির অধীনে

- খ) ১৭৫-১৬৩ ৪র্থ এটিকাস এফিফানিস, সেলুসিদের ৮ম শাসক, জোর করে যিহুদীদের গ্রীক করতে চেয়েছিলেন, যদি প্রয়োজন হয়:
- ১) মল্লযুদ্ধের স্থান নির্মাণ করেছিলেন।
 - ২) মন্দিরে পৌত্তলিক জিউস অলিম্পিয়াসের বেদি নির্মাণ করেছিলেন

VIII. সাহিত্য একক

ক. সংক্ষিপ্ত রূপরেখা

১. ১-৩৯ অধ্যায় – ভাববাদী এবং তার সময়
২. ৪০-৬৬ অধ্যায় (বা সম্ভবত ৪০-৫৫ এবং ৫৬-৬০) – নূতন যুগ

খ. ১-৩৯ অধ্যায়, যিশাইয়ের সময়কালের ঐতিহাসিক অবস্থান (নির্বাসন পূর্ব)

১. ১-৬ অধ্যায়, উষিয় ও যোথাম রাজার অধীনে
২. ৭-১৪ অধ্যায়, আহস রাজার অধীনে
৩. ১৫-৩৯ অধ্যায়, হিক্কিয় রাজার অধীনে (৩৬-৩৯ অধ্যায় ২ রাজা ১৮:১৩-২০:১৯ পদের সমান্তরাল)

গ. ৪০-৬৬ অধ্যায়, নির্বাসন ও নির্বাসন উত্তর সময়কাল হল ভবিষ্যৎ সাম্রাজ্যের রূপ।

১. ১-৩৯ অধ্যায় যেমন যিশাইয়ের প্রচার প্রতিফলিত করে এবং তা স্পষ্টত মৌখিক উপস্থাপনা, ৪০-৫৫ অধ্যায় প্রতিফলিত করে নূতন অবস্থান। ঈশ্বরের বিচার আসছে এবং এখন পুনস্থাপন হল প্রধান বিষয়। আরও আছে পদ্ধতিগত ইঙ্গিত যে এই অধ্যায়গুলি যেমন লিখিত হয়েছে ততটা মৌখিক ছিল না।
২. ১-৩৯ অধ্যায় স্পষ্টত অন্তরীয় হুমকীর বিষয়ে আলোচনা করেছে, এবং বাবিলের হুমকীর মত, নির্দিষ্ট ভাবে ১৩-১৪, ২১ এবং ৩৯ অধ্যায়। ৪০-৫৫ অধ্যায় পারস্য সময়কাল আলোচনা করে এবং ঈশ্বরের লোকদের প্রতিজ্ঞাত দেশে পুনস্থাপন।
৩. যিশাইয়ের শেষ দিকের অধ্যায়গুলি, ৫৬-৬৬, এগুলি eschatological, প্রাচীন নিকট প্রাচ্যের ঐতিহাসিক রূপক ব্যবহার করেছে বিশ্বজনীন এক ঈশ্বরবাদী জগতের YHWH এর অরাধনার ছায়াস্বরূপ।

ঘ. যিশাইয় পুস্তকের রূপরেখা করার কঠিনতা

১. আধুনিক বেশির ভাগ পন্ডিতেরা বইটিকে কমপক্ষে দুটি ভাগে বিভক্ত করেছেন: ১-৩৯ অধ্যায় এবং ৪০-৬৬ অধ্যায়। R. K. Harrison: ১-৩৩ অধ্যায় এবং ৩৪-৬৬ অধ্যায় কারণ DSS টেক্সটে একটি ফাকা স্থান রয়েছে। এটা DSS টেক্সটে একটি সুস্পষ্ট বিভাগ ৩৩ এবং ৩৪ অধ্যায়ের মধ্যে যা প্রশ্ন তুলেছে যে যিশাইয় বইটি তার অনুসারীদের দ্বারা দুটি খণ্ডে রচনা করা হয়েছে। W.H. Brownlee প্রস্তাব করেছেন যে কাঠামোগত দিক থেকে দুটি খণ্ড একটি অপরটির আয়না:

খন্ড ১:

- | | |
|---------------|---|
| ১-৫ অধ্যায় | - ধংস এবং পুনস্থাপন |
| ৬-৮ অধ্যায় | - জীবনীমূলক উপাদান |
| ৯-১২ অধ্যায় | - ঐশ্বরীক আশীর্বাদের প্রতিনিধি এবং বিচার |
| ১৩-২৩ অধ্যায় | - বিদেশী শক্তির বিরুদ্ধে দৈববাণী |
| ২৪-২৭ অধ্যায় | - বিশ্বজনীন পরিত্রাণ এবং ইস্রায়েলের উদ্ধার |
| ২৮-৩১ অধ্যায় | - নৈতিক উপদেশ |
| ৩২-৩৩ অধ্যায় | - জাতির পুনরুদ্ধার |

খন্ড ২

- | | |
|---------------|--|
| ৩৪-৩৫ অধ্যায় | |
| ৩৬-৪০ অধ্যায় | |
| ৪১-৪৫ অধ্যায় | |
| ৪৬-৪৮ অধ্যায় | |
| ৪৯-৫৫ অধ্যায় | |
| ৫৬-৫৯ অধ্যায় | |
| ৬০-৬৬ অধ্যায় | |
২. কিছু কিছু রূপরেখা নজর দিয়েছে ঐতিহাসিক অবস্থানের দিকে অন্যরা নজর দিয়েছে মশীয় বিষয়ক বিষয় বস্তুর দিকে

NIV

- | | |
|---------------|---|
| ৭-১২ অধ্যায় | “ভাববাণীর উপলক্ষ্য যিহুদার বিরুদ্ধে অরামীয় ও ইস্রায়েলীয় হুমকী” |
| ২৮-৩৩ অধ্যায় | “ছয়টি শপথ: পাঁচটি ইস্রায়েলের অবিশ্বাসীদের উপরে এবং একটি অন্তরীয়দের উপরে” |

Leupold

- | | |
|--|------------------------------------|
| | “Immanuel বই” |
| | “The Book of Zion”
(কোণের পাথর) |
৩. সাহিত্য এককের কিছু অনিশ্চয়তার উদাহরণ (১-১২ অধ্যায়)

ক. E. Y. Young দ্বারা ১-১২ অধ্যায়ের রূপরেখা, পৃষ্ঠা..২১১-২১৪:

- (১) ১:১-১২:৬ পদ যিহুদী ও যিরূশালেম বিষয়ক ভাববাণী
 - ক) ১:১-৩১ পদ মহা অভিযোগ
 - খ) ২:১-৪:৬ পদ লোকদের উপরে মশীহের রাজত্ব এবং বিচার
 - গ) ৩:৫-৩০ পদ যিহুদার প্রবল অধার্মিকতা
 - ঘ) ৬:১-১৩ পদ যিশাইয়ের সদাপ্রভুর দর্শন

- ঙ) ৭:১-১২:৬ পদ আহসের রাজত্বকালে ভাববাণী ঘোষণা
- খ. R.K. Harrison দ্বারা ১-২ অধ্যায়ের রূপরেখা, পৃষ্ঠা..৭৬৪:
- (১) ১-৫ অধ্যায়, যিহূদার ধংস ও পুনস্থাপন বিষয়ক ভাববাণী
 - (২) ৬-৮ অধ্যায়, যিশাইয়ের আহবান; জীবনীমূলক উপাদান
 - (৩) ৯-১২ অধ্যায়, বর্তমান জাগতের সাম্রাজ্যসমূহ ও তাদের ভূমিকা
- গ. NIV Study Bible দ্বারা ১-১২ অধ্যায়ের রূপরেখা, পৃষ্ঠা..১০১৬
- (১) ১-৬ অধ্যায়
 - ক) ভূমিকা: নিয়ম ভঙ্গার জন্য যিহূদার বিরুদ্ধে অভিযোগ, ১ অধ্যায়
 - খ) যিহূদা ও যিরূশালেমের ভবিষ্যৎ শাসন এবং গৌরব, ২-৪ অধ্যায়
 - ১) যিরূশালেমের ভবিষ্যৎ আশীর্বাদ, (২:১-৫)
 - ২) যিহূদাকে সদাপ্রভুর শাসন (২:৬-৪:১)
 - ৩) সিয়োনের পুনস্থাপন (৪:২-৬)
 - গ) জাতির বিচার ও নির্বাসন (৫ অধ্যায়)
 - ঘ) যিশাইয়ের অন্যান্য নিয়োগ (৬ অধ্যায়)
 - (২) ৭-১২ অধ্যায়
 - ক) অরামীয় ও ইস্রায়েলের সামরিক ঐক্যের বিষয়ে ভয় না পাবার জন্য আহসকে সতর্ক করা (৭ অধ্যায়)
 - খ) যিশাইয়ের পুত্র এবং দায়ুদের পুত্র (৮:১-৯:৭)
 - গ) ইস্রায়েলের বিরুদ্ধে দণ্ড (৯:৮-১০:৪)
 - ঘ) অশুরিয় সাম্রাজ্য এবং Davidic রাজ্য (১০:৫-১২:৬)
 - ১) অশুরিয়ার ধংস (১০:৫-৩৪)
 - ২) Davidic রাজা ও তার রাজ্য প্রতিষ্ঠা (১১ অধ্যায়)
 - ৩) উদ্ধারের জন্য আনন্দের গান (১২ অধ্যায়)
- ঘ. H.C. Leupold দ্বারা ১-১২ অধ্যায়ের রূপরেখা, পৃষ্ঠা..৩৮-৪০
- (১) যিরূশালেম ও যিহূদা বিষয়ক ভাববাণী (১-১২ অধ্যায়)
 - ক) ভূমিকা: যিশাইয়ের বৈশিষ্ট্যময় বার্তা (১ অধ্যায়)
 ১. শিরোনাম, ১ পদ
 ২. ঐশ্বরীয় অভিযোগপত্র, ২-৪ পদ
 ৩. জাতির প্রফুল্লতাহীন বাহ্যিক অবস্থা, ৫-৯ পদ
 ৪. বর্তমানের আরাধনার প্রকৃতি আরোগ্যের জন্য অকার্যকর, ১০-১৫ পদ
 ৫. মন পরিবর্তনের আহবান, ১৬-২০ পদ
 ৬. যিরূশালেমের দুর্নিতির উল্লেখ, ২১-৩৩ পদ
 ৭. বিচার দ্বারা ইস্রায়েল উদ্ধার পাবে, ২৪-৩১ পদ
 - খ) বিচারের মধ্যে দিয়ে ঈশ্বরের অনুগ্রহশীল প্রতিজ্ঞার পরিপূর্ণতা, ২-৬ অধ্যায়
 ১. মশীহের যুগে সিয়োনের গৌরবময় ভবিষ্যৎ, ২:২-৫ পদ
 ২. সিয়োনের অসম্মানজনক বর্তমান, ২:৬-৪:১ পদ
 - ক) বর্তমানের মূল্যহীন মূল্যবোধের বর্ণনা, ৬-৯ পদ
 - খ) আসন্ন ভয়ংকর বিচার সম্পর্কে ইঙ্গিত, ১০-১১ পদ
 - গ) সদাপ্রভুর দিন সকল মূল্যহীন মূল্যবোধের কি করবে, ১২-১৭ পদ
 - ঘ) প্রতিমার ভাগ্য, ১৮-২১ পদ
 - ঙ) দায়িত্বজ্ঞানহীন নেতাদের প্রতি সদাপ্রভুর অভিযোগ পত্র, ২:২২-৩:১৫
 - ১) অরাজকতার ফলাফলের অবস্থা যখন সদাপ্রভু সকল সমর্থন তুলে নেবেন, ৩:১-১২ পদ
 - ২) নেতাদের অপরাধ যারা এই পরিবেশ এনেছে, ৩:১৩-১৫ পদ
 - চ) যিরূশালেমের দাষ্টিক ও চপল মহিলাদের প্রতি সদাপ্রভুর অভিযোগ, ৩:১৬-৪:১ পদ
 - ছ) সিয়োন পরিস্কৃতকরণ, ৪:২-৬ পদ
 - জ) ঈশ্বরের তাঁর দোষী লোকদের প্রতি বিচার, ৫ অধ্যায়
 - ১) দ্রাক্ষাক্ষেত্রের দৃষ্টান্ত, ১-৭ অধ্যায়
 - ২) ইস্রায়েল দ্বারা তিক্ত দ্রাক্ষার উৎপাদন, ৮:২৩ পদ
 - ৩) আসন্ন বিচার অশুরিয়দের দ্বারা আনা হচ্ছে, ২৪-৩০ পদ
 - ঝ) ইস্রায়েলীয়দের বিচার যেভাবে ভাববাদীর মূল আহবানে অন্তর্ভুক্ত, ৬ অধ্যায়
 - ১) ভাববাদীর দর্শন, ১-৩ পদ
১. উষিয় (যিহূদা)
২. যোথম (যিহূদা)
৩. আহস (যিহূদা)
৪. হিন্কিয় (যিহূদা)
৫. ২য় যারবোয়াম (ইস্রায়েল)

ঘ. বেশ কিছু পণ্ডিতদের মতামত:

১. Keil, খ্রীষ্ট পূর্ব ৭৯০-৭২৫
 - ক. ১:৪, যেহু রাজতন্ত্র পতনের পূর্বে আরম্ভ হয়েছিল
 - খ. ১০:১৪, ৫ম শলমনশরের অভিযান বর্তমান
২. Francisco, খ্রীষ্ট পূর্ব ৭৫০-৭৩৫
 - ক. আমোষের থেকে কিছু সময় পরে
 - খ. ২য় যারবিয়ামের শেষ দিনগুলিতে
 - গ. খ্রীষ্ট পূর্ব ৭৩৫ অব্দের পরে নয়, কারণ অশুরিয়রা গিলিয়াদ দখল করেছিল
৩. Harrison, খ্রীষ্ট পূর্ব ৭২২
 - ক. ২য় যারবিয়ামের মৃত্যু খ্রীষ্ট ৭৫৩ অব্দ
 - খ. ৩য় তিগ্লৎ-পিলেশরকে (৮:৯) মনহেমের কর প্রদান খ্রীষ্ট পূর্ব ৭৩৯ অব্দের দিকে
 - গ. খ্রীষ্ট পূর্ব ৭৩৫-৭৩৪ অব্দে Syro-Ephramatic যুদ্ধের ঘটনা উল্লেখ করা হয়েছে ৫:৮-৬:৬ (আরও ৭-১৪)।
 - ঘ. হোশেয়র দিনগুলি ব্যাখ্যা করেছে ৭:১১; ৯:৬ এবং ১২:২ পদে মিশরের উল্লেখ।
৪. La Sor, Hubbard and Bush, খ্রীষ্ট পূর্ব ৭৩৫-৭২২ অব্দের পরবর্তী কাল
 - ক. ২য় যারবিয়ামের মৃত্যুর পূর্বে শুরু, খ্রীষ্ট পূর্ব ৭৫৩ অব্দ

- খ. হিন্স্কিয়ের রাজতুকাল পর্যন্ত ব্যাপ্ত
 (১) পুতুল সরকার খ্রীষ্ট পূর্ব ৭২৮ অব্দ থেকে
 (২) খ্রীষ্ট পূর্ব ৭১৫ অব্দ থেকে রাজা
 গ. ৩য় তিগ্নাৎ-পিলেষরের রাজতুকালে প্রচার কাজ করেন, খ্রীষ্ট পূর্ব ৭৪৫-৭২৭ অব্দ।

VI. ঐতিহাসিক অবস্থান

“৮ম শতকের ভাববাদীদের ঐতিহাসিক প্রেক্ষাপট” যিশাইয় আলোচনার শুরুতে

VII. সাহিত্য একক

ক. (*Introduction to the Old Testament* by Clyde Francisco, pp. 150-163 থেকে নেওয়া হয়েছে)

১. ভূমিকা, ১:১
২. হোশেয়র পারিবারিক সমস্যা, ১:২-৩:৫
৩. ইস্রায়েলের সাথে ঈশ্বরের দ্বন্দ্ব, ৪:১-১০:১৫
৪. পিতা এবং তার বিপথগামী পুত্র, ১১:১-১২
৫. নামে কি আছে (যাকোব বনাম ইস্রায়েল) ১২:১-১৫
৬. জাতির মৃত্যু, ১৩:১-১৬
৭. বিচারের বিকল্প, ১৪:১-৯

খ. (*Introduction to the Old Testament* by E. J. Young, pp. 252-254 থেকে নেওয়া হয়েছে)

১. ঈশ্বরের তাঁর লোকদের সাথে সম্পর্ক, ১:১-৩:৫
২. ভাববাদীর ভিন্ন ভিন্ন উপদেশ, ৪:১-১৪:৯
 - ক. উত্তরের গোষ্ঠীদের অপরাধ, ৪-৮
 - খ. উত্তরের গোষ্ঠীদের দন্ড, ৯:১-১১:১১
 - গ. অনুতপ্ত লোকদের জন্য ভবিষ্যতের আশীর্বাদ, ১১:১২-১৪:৯

VIII. প্রধান সত্য

ক. YHWH হলেন ব্যক্তিগত ঈশ্বর। একজন প্রেমময় ঈশ্বরের বিরুদ্ধে পাপ, কেবলমাত্র নিয়মের শাসনই অবজ্ঞা নয় (আমোষ)

খ. বাইবেলের সত্য পরিবারের মধ্যকার রূপকের সবচেয়ে ভাল বৈশিষ্ট্য হতে পারে:

১. স্বামী (ঈশ্বর) – স্ত্রী (ইস্রায়েল)
২. পিতামাতা (ঈশ্বর) – সন্তান (ইস্রায়েল)

গ. YHWH বেছে নিয়েছেন প্রতিজ্ঞা, বলিদান এবং নিয়মের মধ্যে দিয়ে পতিত মানুষের সাথে আলোচনা করার। এর মধ্যে অর্ন্তভুক্ত ব্যক্তিগত নির্ভরতা ও নিয়মের বাধ্যতা।

ঘ. নিয়মের প্রতি অবাধ্যতার ফলাফল দন্ড আনে। দন্ড হল সব সময়ই পুনরুদ্ধারের উদ্দেশ্যে। শাসন হল পিতামাতা সূলভ ভালবাসার কাজ (ইব্রীয় ১২:৫ থেকে কয়েকটি পদ) প্রেমের কাজ। ইস্রায়েলের ভবিষ্যৎ আশীর্বাদ তার বর্তমান বাধ্যতার উপরে শর্তযুক্ত।

IX. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এবং সংক্ষিপ্তভাবে ব্যক্তি চিহ্নিতকরণ

ক. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ

১. ব্যভিচারী, ১:২ (NIV “একজন ব্যভিচারী স্ত্রী”)
২. বিবাদ, ২:২ (NIV, “তিরস্কার”)
৩. দ্রাক্ষার পিঠা, ৩:১ (NIV “পবিত্র...”)
৪. হোমর, ৩:২ (NASB এবং NIV)
৫. পবিত্র স্তম্ভ, ৩:৪ (NIV, “পবিত্র পাথর”)
৬. *teraphim*, ৩:৪ (NIV, “প্রতিমা”)
৭. “তারা প্রভুকে জানে না,” ৫:৪ (NIV “তারা সদাপ্রভুর সাথে পরিচিত নয়”)
৮. “সীমার চিহ্ন স্থানান্তর,” ৫:১০ (NIV, “সীমার পাথর”)

৯. “ইফ্রয়িম জাতিগণের সহিত মিশ্রিত হইয়াছে,” ৭:৮ (NASB এবং NIV)
১০. হে শমরিয়, তোমার বৎস,” ৮:৫ (NIV, “তোমার বৎস-প্রতিমা, হে শমরিয়”)
১১. “বায়ুরূপ বীজ বপন করে, বাঞ্ছারূপ শস্য কাটিবে,” ৮:৭ (NASB এবং NIV)
১২. “শোককারীদের খাদ্য,” ৯:৪ (NASB এবং NIV)
১৩. “আমিই ত ইফ্রয়িমকে হাঁটিতে শিখাইয়াছিলাম,” ১১:৩ (NASB এবং NIV)
১৪. প্রেমময় দয়া [hesed] ৪:১; ৬:৬; ১০:১২; ১২:৬ (NIV “বিশ্বস্ততা নাই”)

খ. ব্যক্তি

১. উষিয়, ১:১
২. আহস, ১:১
৩. হিঙ্কিয়, ১:১
৪. যোয়সের (২য়) পুত্র যারবিয়াম, ১:১
৫. গোমর, ১:৩
৬. যাসরিয়েল, ১:৪
৭. লো-রুহামা, ১:৬
৮. লো-আম্মি, ১:৯
৯. বালি, ২:১৬ (NIV, “আমার স্বামী”)
১০. রাজা যারেব, ৫:১৩; ১০:১০:৬ (NIV, “মহান রাজা”)



X. মানচিত্রে অবস্থান

১. আখোর তলভূমি, ২:১৫ (যিহোশূয় ৭:২৬)
২. গিলগল, ৪:১৫
৩. বেথ-আভেন, ৪:১৫ (বৈথেল)
৪. মিসপা, ৫:১
৫. তাবোর পর্বত, ৫:১
৬. গিলবোয়, ৫:৮
৭. রামা, ৫:৮
৮. আদম, ৬:৭
৯. গিলিয়দ, ৬:৮
১০. বাল-পিওর, ৯:১০
১১. লেবানোন, ১৪:৬-৭

XI. শিক্ষার্থীদের সম্ভ্রুটির প্রশ্নাবলী

১. হোশেয় কি বেশ্যাকে বিয়ে করেছিলেন?
২. ইস্রায়েলের সাথে ঈশ্বরের নিয়ম কি শর্তযুক্ত না শর্তহীন?
৩. কিভাবে বাল ও গোমর YHWH এবং ইস্রায়েলের সাথে সম্পর্কিত?
৪. ৬:১-৩ পদ কেন চিন্তা করা হয় যে কেবলমাত্র গভীরতাহীন অনুতাপ হতে পারে?
৫. ৭:৪-৬ এবং ৮:৪ পদে কাকে “তাহারা” pronoun দিয়ে উল্লেখ করা হয়েছে?
৬. ৮:১৩ পদ কি ১১:৫ পদের সাথে সাংঘর্ষিক?
৭. ইস্রায়েল মিশর বা অশুরিয়ায় নির্বাসিত হবে? ১১:৫ পদ তুলনা করুন ৭:১০, ৮:১৩ এবং ৯:৩ পদের সাথে।
৮. কেন রাজনৈতিক ঐক্য সকল পুরাতন নিয়মের ভাববাদীর দ্বারা ঘৃণিত হয়েছে?

প্যালেস্টাইন



যোয়েল পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO JOEL)

I. বইটির নাম

- ক. বইটির নাম ভাববাদীর নামে।
- খ. তার নামটি হল ঈশ্বরের জন্য দুটি নামের সমন্বয়:
১. YHWH – ঈশ্বরের জন্য নিয়মের নাম।
ক. যে কোন হিব্রু নাম যেটি শুরু হতো “J” দিয়ে এবং একটি স্বরবর্ণ হল সাধারণত YHWH এর জন্য একটি শব্দ সংক্ষেপ।
খ. যে কোন হিব্রু নাম যেটি শেষ হতো “iah” দিয়ে সেটাও ছিল YHWH এর জন্য একটি শব্দ সংক্ষেপ (Elijah)।
 ২. El – ঈশ্বরের জন্য সাধারণ নাম।
 ৩. এই দুটি হিব্রু নামের মধ্যে একটি verb অবশ্যই অন্তর্ভুক্ত হবে YHWH (is) El।
- গ. এটি খুব প্রচলিত হিব্রু নাম। ঐতিহাসিক বইতে ১৩ বারেরও বেশি উল্লেখিত হয়েছে।

II. ক্যানন করণ

- ক. এই বইটি হিব্রু ক্যাননের “ভাববাদী” বিভাগের অংশ।
- খ. এটি “বারো” নামের গুটানো পুস্তকের অংশ ছিল। এই বইগুলির লেখনির দৈর্ঘ্য অনুসারে এগুলি ক্ষুদ্র ভাববাদী নামে পরিচিত

III. সাহিত্য রীতি

- ক. এটি হল অর্ধেক গদ্য আর অর্ধেক ক্লাসিক্যাল হিব্রু কবিতা।
- খ. যোয়েল মনে হয় অন্য বেশ কয়েকজন ভাববাদী দ্বারা পরোক্ষ ভাবে উল্লেখিত হয়েছেন:
১. যোয়েল ১:১৫ – আমোষ ৪:৯; যিশা ১৩:৬
 ২. যোয়েল ২:৩ – যিশা ৫১:৩ বা যিহি ৩৬:৩৫
 ৩. যোয়েল ২:১০ – যিশা ১৩:১০
 ৪. যোয়েল ৩:১০ – যিশা ২:৪; মিখা ৪:৩
 ৫. যোয়েল ৩:১৬ – আমোষ ১:২
 ৬. যোয়েল ৩:১৮ – আমোষ ৯:১৩
- গ. যোয়েলের শেষ দিনগুলির কল্পনা রহস্য উদঘাটনমূলক টার্মে প্রকাশিত হয়েছে, “সদাপ্রভুর দিন।”
- ঘ. কিভাবে পঙ্গপালের মহামারী ব্যাখ্যা করা হবে তার তত্ত্ব, ১:৪; ২:২৫ পদ।
১. প্রতিকি/রূপালঙ্কার
 - ক. যিহুদী Targum এর ২:২৫
 - ১) লোকেরা
 - ২) ভাষা
 - ৩) শাসক
 - ৪) সাম্রাজ্য
 - খ. ৬ষ্ঠ শতকের LXX এর MSS এর পাদটিকা
 - ১) মিশরিয়
 - ২) বাবিলিয়রা
 - ৩) অশুরিয়
 - ৪) গ্রীক
 - ৫) রোমীয়রা
 - গ. খ্রীষ্টিয় কমেণ্টেটরগণ (১৮ শতক)
 - ১) অশুরিয়
 - ২) কলদীয়
 - ৩) মাকিদনিয়রা
 - ৪) রোম
 ২. অতীত ঐতিহাসিকতা
 - ক. ভাববাদী হিব্রু verb এর past tense ব্যবহার করেছেন
 - খ. এটি ছিল বৈশিষ্ট্যময় ভাববাদীগত কৌশল যে ঘটনাকে ভাববাদীর জীবনে গ্রহণ করা এবং সেগুলিকে ভবিষ্যতের প্রেক্ষাপটে প্রক্ষেপ করা। ইস্রায়েলীয়দের ভবিষ্যৎ নির্ভরশীল ছিল বর্তমানে তার বিশ্বাস-অনুতাপের মনোনয়নের মধ্যে
 ৩. ভবিষ্যৎ ঐতিহাসিকতা
 - ক. ইস্রায়েলীয়দেরর পাপের কারণে সত্যি সত্যি একটি অভিযান আসছিল
 - খ. পঙ্গপাল ব্যবহৃত হয়েছে কারণ সামরিক রূপক ব্যবহৃত হয়েছে তাদের বর্ণনা করতে:
 - ১) ঘোড়ার মত দেখতে
 - ২) রথের আওয়াজের মত

- ৩) শৃংলাপূর্ণ অগ্রযাত্রা
 গ. যোয়েল সম্ভবত প্রকাশিত বাক্য ৯:৩-১১ পদের সাথে সম্পর্কিত
 ৪. রহস্য উদঘাটনমূলক
 ক. “সদাপ্রভুর দিন” এর উল্লেখ এই ধরনের সাহিত্য রীতির ইঙ্গিত দেয়
 খ. রং এবং জঙ্ঘর ব্যবহার এই সাহিত্য রীতির বৈশিষ্ট্য

IV. রচয়িতা

- ক. কিছু নাই বরং ভাববাদীর নাম এবং সেজন্য তার পিতার পরিচিত, পথুয়েলের পুত্র, ১:১ পদ।
 খ. ভাববাদী সম্পর্কে দুটি ঐতিহ্য রয়েছে:
 ১. রুবেনের গোষ্ঠি থেকে (Pseudo-Epiphanius)
 ২. যিহূদা থেকে কারণ মন্দিরের রুটিন সম্বন্ধে তার জ্ঞান

V. তারিখ

- ক. বইটির সঠিক তারিখ বলার কোন উপায় নেই (G. Campbell Morgan বলেছেন এটা ছিল ভাববাদীদের মধ্যে হয় প্রাচীনতম না হয় শেষতম):
 ১. বইটির ভিতরের ঘটনাবলী অনুসারে দুটি তারিখ বলা যেতে পারে:
 ক. নির্বাসন-উত্তর তারিখ:
 ১) এটা অবশ্যই সম্পর্কিত হবে যিহূদায় অভিযানের হুমকী পঙ্গপালের মহামারী রূপকের মাধ্যমে।
 ২) ৩:২ পদ ইঙ্গিত দেয় যে ইস্রায়েল এর মধ্যেই নির্বাসিত হয়েছে। “ইশ্রায়েল” নামটি এখন যিহূদার জন্য ব্যবহৃত হচ্ছে, ২:২৭; ৩:১-২, ১৬ পদ।
 ৩) ৩:৬ পদ বলছে একজন গ্রীক ক্রীতদাস বাণিজ্যের কথা যেটি ইঙ্গিত দেয় একটি নির্বাসন উত্তর তারিখের।
 ৪) ৩:১,১৭ পদ ইঙ্গিত দেয় যিহূদা এর মধ্যে নির্বাসিত হয়েছে এবং আবার অভিযানের বিপদের হুমকীতে আছে যেহেতু সে একই পাপ করে চলেছে।
 ৫) কোন রাজার কথা উল্লেখিত হয়নি যেটি ইঙ্গিত দেয় নির্বাসন উত্তর প্রেক্ষাপটের। যোয়েল তার বার্তা প্রাচীন ও যাজকদের উদ্দেশ্যে বলেছেন।
 ৬) অভিযানকারীদের বলা হয়েছে “উত্তর দেশীয়” যেটি ইঙ্গিত দেয় মোসোপটেমিয়ার (অশুরিয়, বাবিল, পারস্য) অভিযান, ২:২০ পদ।
 ৭) নির্বাসন পূর্ব বাল দেবের উপাসনার বৈশিষ্ট্যকে উল্লেখ করা হয়নি।
 খ. নির্বাসন পূর্ব তারিখ:
 ১) মনে হয় মন্দিরের উল্লেখ রয়েছে, ১:৯,১৩-১৪; ২:১৭ পদ।
 ২) ৩:৪,৬,৮ পদে শত্রুর উল্লেখ করা হয়েছে (ফেনিকিয়া, পলেষ্টিয়া, ইদোম, সাবিররা) এটি নির্বাসন পূর্ব, নির্বাসন কালীন নয়।
 ২. অভ্যন্তরীণ ঘটনাবলী থেকে:
 ক. ক. হিব্রু ক্যাননে বইটির অবস্থান ইঙ্গিত দেয় নির্বাসন পূর্ব তারিখ।
 খ. যদিও এটি অমোষের পরে রাখা যেতে পারতো কারণ তারা উভয়েই “YHWH এর দিন” এর কথা বলেছেন এবং পঙ্গপালের অভিযান দন্ডের প্রতিক হিসাবে। এছাড়াও, এটি হল ইতিবাচক আশীর্বাদের পরিদর্শন, বিচার নয়। এটি আসলে নির্বাসন উত্তর প্রেক্ষাপটে খাপ খায়।
 ৩. লেখক মনে করেন নির্বাসন উত্তর প্রাথমিক তারিখ ঘটনার সঙ্গে সবচেয়ে ভাল খাপ খায়।
 খ. প্যালেষ্টাইনের অভিযানের উপরে ভিত্তি করে তারিখ নির্ধারণের তত্ত্ব:
 ১. যোয়াসের রাজত্বকালে (খ্রীষ্ট পূর্ব ৮৩৭-৮০০)
 ২. উষিয়ের রাজত্বকালে (খ্রীষ্ট পূর্ব ৭৮৩-৭৪২)
 ৩. সিদিকিয়র রাজত্বকালে (খ্রীষ্ট পূর্ব ৫৯৮-৫৮৬)
 ৪. সরুবাবিলের রাজত্বকালে (খ্রীষ্ট পূর্ব ৫৯৮)
 ৫. মালাখির সময়কালে (খ্রীষ্ট পূর্ব ৪৩০)
 ৬. ঈশ্বরের লোকদের ভবিষ্যৎকালীন eschatological অভিযান
 গ. সাহিত্যগত সম্পর্ক বিদ্যমান:
 ১. যোয়েল ৩:৩২ এবং ওবদীয় ১৭ পদের মধ্যে। তারা উভয়েই নির্বাসন উত্তর।

২. যোয়েল ৩:১৬ এবং আমোষ ১:২ পদের মধ্যে। যোয়েল অনেক ভাববাদী থেকে উদ্ধৃতি দিয়েছেন, সম্ভবত যোয়েল আমোষের উদ্ধৃতি করেছেন।

ঘ. যোয়েলের তারিখ সম্পর্কে John Calvin বেশ ভাল একটি পয়েন্ট দেখিয়েছেন, “যেহেতু যেখানে কোন নিশ্চয়তা নেই এটা সবচেয়ে ভাল হবে যে সময়কে ছেড়ে দেওয়া যেটি শিক্ষা দেয় অমিমাংসিত; আর আমরা যেমন দেখবো, এটি কোন মহান গুরুত্বপূর্ণ নয়। হোশেয়র সময় না জানা হতে পারে পাঠকদের একটি বড় ক্ষতি, কারণ অনেক অংশ রয়েছে যেটি ইতিহাসের জ্ঞান ছাড়া ব্যাখ্যা করা যেতে পারে না; কিন্তু যেমন যোয়েলে এর খুব কমই দরকার, তার মতবাদের জানাটা হল প্রমাণ, যাদও তার তারিখ অজ্ঞাত ও অনিশ্চিত।”

VI. ঐতিহাসিক অবস্থান – ডিসেম্বর ১৯১৫ সনের National Geographic পত্রিকা (XXVIII, No. 6) লিপিবদ্ধ করেছে প্যালেস্টাইনে পঙ্গপালের মহামারি। এই প্রবন্ধটি খুবই সাহায্যকারী ভাববাদীর পরোক্ষ উল্লেখ বুঝতে।

VII. সাহিত্য একক

ক. অভিযানরত সৈনিকদের প্রতিক প্রতিনিধিত্বকারী হিসাবে এক ভয়ানক পঙ্গপালের মহামারির দর্শন, ১:১-২:২৭

খ. সদাপ্রভুর দিন হবে আশীর্বাদের দিন ঈশ্বরের অনুতপ্ত লোকদের উপরে অভিশাপ নয়, ২:২৮-৩:২১ (সফনিয় ছিলেন ঠিক এর বিপরীত)

VIII. প্রধান সত্য

ক. ভাববাদী তার সময়ের ঘটনা দেখেছেন ভবিষ্যৎ ঘটনার ছায়া হিসাবে।

খ. যোয়েল অনুতাপের জন্য একটি জাতিয় দিনের আহ্বান জানিয়েছেন, ১:১৩-১৪; ২:১২-১৭ পদ।

গ. যদি ঈশ্বরের লোকেরা অনুতাপ করে, ঈশ্বর দৈহিক ও আত্মিক উভয় দিকেই সমৃদ্ধির এক নতুন দিন আনবেন (দ্বি বি ২৭-২৮।)

ঘ. ঈশ্বর চারিদিকে জাতিগণকে দন্ড দেবেন! ৩:১-১৭

ঙ. আত্মিক নবায়নের এই নতুন দিন (২:২৮-২৯) কার্যকর হবে:

১. পুরুষ ও মহিলাতে,
২. বৃদ্ধ ও যুবকগণে,
৩. দাস ও স্বাধীনে (প্রেরিত ২; গালা ৩:২৮)

চ. “সদাপ্রভুর দিন” আমোষ, যোয়েল এবং সফনিয়ের একটি বৈশিষ্ট্যময় শব্দগুচ্ছ। এখন আমরা কিভাবে ঈশ্বরের প্রতি সাড়া প্রদান করবো, সিদ্ধান্ত নিতে হবে যদি এটি একটি আশীর্বাদের বা বিচারের দিন হয়।

ছ. ২:১৩ পদে ঈশ্বরের চরিত্র বর্ণিত হয়েছে ২:১৩ (যাত্রা ৩৪:৬; গীত ১০৩:৮-১৩ এবং নহি ৯:১৭)।

জ. ২:২৮-৩২ পদের আত্মা ঢেলে দেওয়া প্রতিফলিত করে নতুন নিয়মের যুগ (যির ৩১:৩১-৩৪ এবং যিহি ৩৬:২৬-২৭)।

IX. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এবং সংক্ষিপ্তভাবে ব্যক্তি চিহ্নিতকরণ

ক. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ

১. “তাহার শাখা সকল গুলু হইয়া পড়িয়াছে,” ১:১৭ (NASB এবং NIV)
২. “সদাপ্রভুর দিন সল্লিকট,” ১:১৫ (NASB এবং NIV)
৩. “সিয়োনে তুরী বাজাও,” ২:১,১৫ (NASB এবং NIV)
৪. “আপন আপন বস্ত্র না চিড়িয়া তোমার অন্তকরণ চির,” ২:১৩ (NASB এবং NIV)
৫. কৃপাময় ও স্নেহশীল (*hesed*), ২:১৩ (NIV, “প্রচুর ভালবাসা”)
৬. “আমি মর্তের উপরে আপন আত্মা ঢেলে দেব,” ২:২৮ (প্রেরিত ২:১৬ থেকে কয়েকটি পদ) (NIV, “...লোকদের উপরে”)
৭. “আর যে কেহ সদাপ্রভুর নামে ডাকিবে সেই রক্ষা পাইবে,” ২:৩২ (প্রেরিত ২:২১; রোমীয় ১০:১৩।) (NIV “প্রত্যেকে যারা প্রভুর নামে ডাকবে তারা সকলে উদ্ধার পাবে”)
৮. “তাহারা আমার প্রজাদের জন্য গুলিবাট করিয়াছে,” ৩:৩ (NASB এবং NIV)
৯. “তোমরা আপন আপন লাঙ্গলের ফাল ভাঙ্গিয়া খড়্গ গড়..” ৩:১০ (NASB এবং NIV)

খ. ব্যক্তি



১. সর্বশক্তিমান (*El Shaddai*), ১:১৫
২. সাবীয়রা, ৩:৮

X. মানচিত্রে অবস্থান

১. সোর, ৩:৪
২. সিদোন, ৩:৪
৩. ফিলিস্তিয়া
৪. যবন (গ্রীক)
৫. ইদোম, ৩:১৯
৬. সিয়োন, ২:১
৭. সিড্রিম উপত্যকা, ৩:১৮ (NIV, "... Acacias")


XI. শিক্ষার্থীদের সম্ভষ্টির প্রশ্নাবলী

১. ১:৪ পদের পঙ্গপাল কি ভিন্ন রকমের পঙ্গপাল অথবা পঙ্গপালের জীবন-চক্রের ভিন্ন ধাপ?
২. কেন যাজকদের বলা হয়েছে শোক করতে?
৩. ১:১৫ পদে ব্যবহৃত ঈশ্বরের নামটি ব্যাখ্যা করুন।
৪. ২ অধ্যায়ের কোন দুটি পদ নুতন নিয়মে ব্যবহৃত হয়েছে? আর কার দ্বারা?
৫. ৩:১৫ পদ কি আক্ষরিক অথবা রূপক এবং কেন?



**ප්‍රාචීන
ලිකිට් ප්‍රාච්‍ය**

প্যালেস্টাইন



০ ১০ ২০ ৩০ ৪০
মাইল মাপনি

আমোষ পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO AMOS)

I. বইটির নাম

- ক. বইটির নাম ভাববাদীর নামানুসারে।
- খ. আমোষ অর্থ:
১. “বোঝা হওয়া।”
 ২. “বোঝা বহন কর।”
 ৩. “বজায় রাখা।”
 ৪. একটি Rabbinical ঐতিহ্য বলতে চেষ্টা করেছে যে এটা তাদের দ্বারা প্রদত্ত এমন একটি উপাধি ছিল যারা তার বার্তার বিরোধিতা করতো, ইঙ্গিত দিচ্ছে যে তিনি স্পষ্ট ভাবে বলতে পারতেন না বা তোতলা ছিলেন।
- গ. এটি কেবল মাত্র এই নামের একটি ঘটনা পুরাতন নিয়মে।

II. ক্যানন করণ

- ক. এই বইটি “পরবর্তী ভাববাদী” বিভাগের অংশ।
- খ. এটি “বারো” এর মধ্যে একটি, ক্ষুদ্র ভাববাদীদের তালিকায়।
- গ. MT দ্বারা এটি ক্ষুদ্র ভাববাদীদের মধ্যে তৃতীয় স্থানে, যদিও LXX একে দ্বিতীয় স্থান দিয়েছে।

III. সাহিত্য রীতি

- ক. এটি হল লিখিত ভাববাদীদের মধ্যে প্রথম।
- খ. এটি হল ক্লাসিক্যাল হিব্রু ভাববাদীবাদ। এটি হল চমৎকার হিব্রু কবিতা ও কল্পনার একটি উদাহরণ।

IV. রচয়িতা

- ক. যিহূদী ঐতিহ্য সব সময়ই বলতে চেষ্টা করেছে যে লেখক হতে পারেন তকোয়ার আমোষ।
- খ. মানুষ আমোষ:
১. তিনি ছিলেন যিহূদার তকোয়া নিবাসী যেটি ছিল বেথেলেহমের প্রায় পাঁচ মাইল দক্ষিণ-পূর্বে।
 ৩. তিনি ভাববাদী ছিলেন না বা কোন ভাববাদী পরিবারের বা সমাজের অংশ ছিলেন (৭:১৪)। মূলত ভাববাদী একসাথে সমাজের মধ্যে বাস করতেন। পরবর্তী কেউ কেউ জায়গাটির নামে চিহ্নিত হয়েছিলেন।
 ৪. দৃশ্যত তিনি একজন ছোট মেঘ” পালক ছিলেন (১:১)। তাকে বর্ণনা করতে যে টার্ম ব্যবহৃত হয়েছে তা দুর্লভ কিন্তু ব্যবহৃত হয়েছে ভেড়ার মালিক হিসাবে (২ রাজা ৩:৪)।
 ৫. তিনি ছিলেন: (১) ফল বাগানের মালিক; বা (২) “সুকোমর ফল সংগ্রাহক” (৭:১৪)। এটা অন্তর্ভুক্ত হতে পারে অন্য জায়গায় বৎসরান্তে স্থানান্তর। এই গাছগুলিকে বলে “fig mulberry।” ফলগুলি অনেকটা ডুমুরের মত। এটা অবশ্যই সঠিক ভাবে পাকার জন্য বিদ্ধ করতে হতো। এটি ছিল নিকট প্রাচ্যের লোকদের জন্য খুব গুরুত্বপূর্ণ ফসল। দায়ুদ এর জন্য বিশেষ তত্ত্বাবধায়ক নিয়োগ করেছিলেন (১ বংশ ২৭:২৮)।
 ৬. যিহূদী ঐতিহ্য বলে তিনি ব্যবসায়ে ভাল করছিলেন। এটা আজকের সাধারণ দৃষ্টিভঙ্গি থেকে একেবারে আলাদা যে তিনি একজন গরীব গ্রাম্য কৃষক ছিলেন। কারণ তার কবিতা ও সাহিত্যের অনন্য দক্ষতার জন্য যিহূদী ঐতিহ্য সঠিক! আমরা ২য় শমুয়েল ১৪:২ পদ থেকে কয়েকটি পদ পাঠ করলে জানতে পারি যে তকোয়া দৃশ্যত পরিচিত ছিল এর জ্ঞানী নাগরিকদের জন্য। তিনি ইস্রায়েলে প্রথম ভাববাদী ছিলেন যিনি তার বার্তা লিপিবদ্ধ করেছিলেন। লক্ষ্য করুন first person, first person ৫:১; ৭:১-৯; ৮:১ ধহফ ৯:১ পদে।
 ৭. তিনি ইস্রায়েলের উত্তর রাজ্যে প্রচার করেছিলেন। আমরা নিশ্চিত ভাবে জানি যে বেথেল ছিল প্রচার এলাকা কিন্তু সম্ভবত ইস্রায়েলের আরও অনেক ভৌগোলিক এলাকা ছিল।

গ. লেখকত্ব সমস্যা আসলেই সমস্যায়ুক্ত কারণ:

১. বইটি ইঙ্গিত দেয় যে তিনি ছিলেন একজন দরিদ্র কৃষি কর্মী।
২. পদ্ধতি ও কবিতা অনন্য, ইঙ্গিত দেয় একজন ভাল শিক্ষিত ব্যক্তির।
৩. বলা হয়েছে তার বক্তৃতা মৌখিক ভাবে দেওয়া হয়েছে কিন্তু সেগুলি খুব কাঠামোকৃত এবং সুসম যেটি ইঙ্গিত দেয় লিখিত বক্তৃতার।
৪. অনেকে মনে করেন যে আমোষ সম্পাদকীয় বা অনুলীপিকারকদের সাহায্য নিয়েছিলেন।

V. তারিখ

ক. এটা অপেক্ষাকৃত সহজ তার ভাববাণীর তারিখ করা, খ্রীষ্ট পূর্ব ৭৫০ এর দিকে, ১০ বছর এদিক ওদিক হতে পারে।

খ. আমোষের প্রথম পদ হল সবচেয়ে বড় এবং যে কোন পুরাতন নিয়মের যে কোন বইয়ের তারিখ করার চেয়ে মূল্যবান:

১. উষিয় রাজত্ব করেছেন প্রায় ৭৮৩-৭৪২ খ্রীষ্ট পূর্বের দিকে (Bright)
২. ২য় যারবিয়াম রাজত্ব করেছেন প্রায় ৭৮৬-৭৪৬ খ্রীষ্ট পূর্বের দিকে (Bright)
৩. এছাড়া ভূমিকম্প বইটির তারিখ করার চেষ্টায় সাহায্য করেছে (১:১; ৮:৮; ৯:১,৫)। যোষেফাস একে সম্পর্কিত করেছেন ২য় বংশ ২৬:১৬-২১ পদের সাথে যখন উষিয় বলিদান উৎসর্গ করেছিলেন। হাসোরের প্রত্নতাত্ত্বিক অধ্যয়ন এই বলে খ্রীষ্ট পূর্ব ৭৬০ অব্দ প্রায় (Yadin, 1964)।

গ. ৫:৮ এবং ৮:৯ পদে চন্দ্র-সূর্যের গ্রহণের কথা উল্লেখ করা হয়েছে। এটা হতে পারে একই ঘটনা যেটি অশুরিয় তথ্যাবলীতে উল্লেখ করা হয়েছে যেটি ঘটেছিল জুন ১৫, ৭৬৩ খ্রীষ্ট পূর্বে, যদিও, আর একটি সম্পূর্ণ চন্দ্র-সূর্যের গ্রহণ হয়েছে ফ্রেব্রুয়ারী ৯, খ্রীষ্ট পূর্ব ৭৮৪ অব্দে।

ঘ. আমোষ অমথসিয়ের সম্মুখাসম্মুকী হয়েছিলেন, বৈথেলের তখনকার যাজক ২য় যারবিয়ামের কর্তৃত্বের অধীনে ছিল, এটিই বইটির তারিখ করেছে (৭:১০-১৭)।

VI. ঐতিহাসিক অবস্থান

ক. সমান্তরাল বাইবেলের উপাদান পাওয়া যায়:

১. ২ রাজা ১৪:৩-১৭:৬
২. ২ বংশ ২৫-২৮
৩. হোশেয়
৪. যিশাইয়
৫. মিখা

খ. ঈশ্বরের লোকদের মধ্যে প্রতিমাপূজার অবস্থার সাধারণ সারাংশ দেখা যেতে পারে হোশেয়তে:

১. ২:১৬, “আমাকে আর বালী বলিবে না”
২. ৪:১২-১৩, “..কন্যারা বেশ্যার কাজ করবে...”
৩. ৪:১৭, “ইফ্রিম প্রতিমাগণে আসক্ত; তাহাকে থাকিতে দেও”
৪. ১৩:২ “ লোকেরা গোবৎসদিগকে চুম্বন করিয়াছে!” (ধর্মানুষ্ঠান)

গ. সামাজিক অবস্থান

১. এটা ইস্রায়েল ও যিহূদা উভয়ের জন্য অর্থনৈতিক সমৃদ্ধি ও সামরিক বিস্তারের জন্য সময় ছিল। যদিও, এই সমৃদ্ধি কেবলমাত্র ধনীক শ্রেণীর জন্য উপকারী হয়েছিল। গরীবেরা শোষিত হচ্ছিল এবং অন্যায়ে শিকার হচ্ছিল। এটা প্রায় মনে হয় যে “অর্থ এবং বন্দুক” অতিরিক্ত প্রতিমা হয়ে পড়েছিল!
২. সামাজিক স্থিরতা ও সমৃদ্ধি ইস্রায়েল ও যিহূদা উভয়ের কাছেই সম্পর্কিত ছিল বেশ কয়েকটি কারণে:
 - ক. উত্তরে ২য় যারবিয়ামের (খ্রীষ্ট পূর্ব ৭৮৬-৭৪৬) এবং দক্ষিণে উষিয়ের (খ্রীষ্ট পূর্ব ৭৮৩-৭৪২) দীর্ঘ ও সমৃদ্ধিশালী রাজত্বে।
 - খ. মিশর ও মেসোপটেমিয়ার সামরিক অবনমনে।
 - গ. ৮০২ খ্রীষ্ট পূর্বে ৩য় অদদ-নিরারী দ্বারা অশুরিয়রা সিরিয়াকে পরাজিত করণ।
 - ঘ. ইস্রায়েল ও যিহূদার মধ্যকার দ্বন্দ্বের অভাব।
 - ঙ. উত্তর থেকে দক্ষিণে প্যালেস্টাইনের ভূমির সেতুর মধ্যে দিয়ে বাণিজ্য পথের করারোপ এবং সুযোগের ব্যবহারের কারণে দ্রুত অর্থনৈতিক সমৃদ্ধি, এমনকি ধনীক শ্রেণীর অমিতব্যয়িতা বেড়েছিল।
৩. “Ostraca of Samaria” যার তারিখ ২য় যারবিয়ামের রাজত্বকাল মনে হয় উল্লেখ করছে একটি প্রশাসনিক সংগঠনের অনেকটা শৈলীর অনুরূপ। এটি মনে হয় নিশ্চিত করছে “আছে” এবং “অভাব” এর মধ্যে বড় ধরনের গুণ্য স্থান।
৪. আমোষে ধনীদের অসততা সুস্পষ্টভাবে চিত্রিত হয়েছে, যাকে বলা হয়েছে “সামাজিক ন্যায্যতার ভাববাদী।” বিচারালয়ের ঘুষ লেনদেন এবং ব্যবসায়ের ওজনে কারচুপি হল দুটি সুস্পষ্ট অসদাচরণের উদাহরণ যা ইস্রায়েল ও যিহূদা উভয় স্থানেই খুব সাধারণ ছিল।

ঘ. ধর্মীয় অবস্থান

১. এটি ছিল বাহ্যিক ধর্মকর্মের এক দারুণ সময় কিন্তু তার মধ্যে ছিল খুব সামান্য বিশ্বাস। কনানীয়দের উর্বরতার আরাধনা ইশ্রায়েলীয় ধর্মের মধ্যে অন্তর্ভুক্ত হয়েছিল। লোকেরা ছিল প্রতিমাপূজক কিন্তু তারা একে বলতো YHWHism। ঈশ্বরের লোকদের রাজনৈতিক ঐক্যের প্রতি আগ্রহ তাদেরকে পৌত্তলিক আরাধনা ও অনুশীলনে অর্ন্তভুক্ত করেছিল।
২. ২য় রাজা ১৭:৭-১৮ পদে ইশ্রায়েলীয়দের প্রতিমাপূজা প্রকাশিত হয়েছে।
 - ক. ৮ পদ, তারা কনানীয়দের আরাধনার অনুশীলন অনুসরণ করতো।
 - ১) উর্বরতার আরাধনা
 - ক) উচ্চ স্থলী, ৯,১০,১১ পদ
 - খ) পবিত্র স্তম্ভ (Baal), ১০,১৬ পদ
 - গ) আশেরা, ১৬ পদ এগুলি ছিল বালের মহিলা সঙ্গির কাঠের প্রতিক। সেগুলি হয় খোদাই করা না হয় জীবন্ত গাছ।
 - ২) অতিলৌকিক অর্ন্তদৃষ্টি, ১৭ পদ এই বিষয়ে লেবীয় ১৯-২০ এবং দ্বি বি ১৮ অধ্যায়ে বিশদ আলোচনা করা হয়েছে।
 - খ. ১৬ পদ, তারা ক্রমাগত দুটি সোনার গোবৎসের আরাধনা করছিল, যেটি YHWH এর প্রতিকিকরণ করেছিল, ১ম যারবিয়াম দ্বারা দান ও বৈথলে স্থাপন করা হয়েছিল (১ রাজা ১২:২৮-২৯)।
 - গ. ১৬ পদ, তারা বাবিলের আকাশের দেবতাদের আরাধনা করতো: সূর্য, চন্দ্র, তারকা এবং নক্ষত্রপুঞ্জের।
 - ঘ. ১৮ পদ, তারা ফৈনিকিয়ার উর্বরতার আগন দেবতা মোলকের আরাধনা করতো (লেবীয় ১৮:২১; ২০:২-৫)।
৩. Baalism (cf. W. F. Albright's *Archaeology and the Religion of Israel*, page 82ff)।
 - ক. আমাদের সবচেয়ে ভাল উৎস হল "উগারিটের বাল মহাকাব্য।"
 - ১) বালকে চিত্রিত করা হয়েছে ঋতু অনুসারে মারা যায় এবং আবার জীবন পাওয়া একজন দেবতা হিসাবে। সে Mot দ্বারা পরাজিত হয় এবং পাতালে তাকে বন্দি করে রাখা হয়। পৃথিবীর সকল জীবন রুদ্ধ হয়ে যায়। কিন্তু, মহিলা দেবীদের সাহায্যে তিনি জীবিত হয়ে ওঠেন এবং প্রতি বসন্তে Mot কে পরাজিত করেন। সে ছিল একজন উর্বরতার দেবতা যিনি যাদুর অনুকৃতি দ্বারা আরাধিত হতেন।
 - ২) তিনি আরও হদদ নামে পরিচিত।
 - খ. El হলেন কনানীয় দেবতাদের মধ্যে প্রধান কিন্তু বাল জনপ্রিয়তায় তার স্থানকে দখল করে নিয়েছিল।
 - গ. ঈষেবল দ্বারা Tyrian Baalism এ ইশ্রায়েল সবচেয়ে বেশি প্রভাবিত হয়েছিল যে ছিল সোরের রাজার মেয়ে। তাকে অশ্রি তার পুত্র আহাবের জন্য বেছে নিয়েছিল।
 - ঘ. ইশ্রায়েলের বালের আরাধনা করা হতো স্থানীয় উচ্চস্থলীতে। তাকে প্রতিকিকরণ করা হয়েছে একটি উল্লভ পাথর দ্বারা। তার সঙ্গি ছিল আশেরা, যেটি প্রতিকিকরণ হয়েছিল খোদাই করা কাঠের খুটি যা প্রতিকিকরণ করতো জীবন গাছের।
৪. বেশ কিছু উৎস এবং প্রকারের প্রতিমাপূজা উল্লেখিত হয়েছে।
 - ক. ১ম যারবিয়াম দ্বারা দান ও বৈথলে সোনার গোবৎস স্থাপন করে YHWH এর আরাধনা করা।
 - খ. Tyrian উর্বরতার দেব ও দেবতার আরাধনা করা হতো স্থানীয় উচ্চস্থলীতে।
 - গ. আবশ্যকীয় প্রতিমাপূজা অর্ন্তভুক্ত ছিল সেই সনময়ের রাজনৈতিক ঐক্যে।

ঙ. উত্তরের রাজনৈতিক অবস্থান

১. ২য় যারবিয়াম ছিলেন ইশ্রায়েল শেষ শক্তিশালী রাজা। তিনি ছিলেন যেহর গোষ্ঠীর চতুর্থ এবং ভাববাণী করা শেষ রাজত্ব (২ রাজা ১০:৩০)। তিনি ছিলেন দীর্ঘ এবং রাজনৈতিক ভাবে সফল রাজত্বকারী (খ্রীষ্ট পূর্ব ৭৮৬-৭৪৬)।
 ২. ২য় যারবিয়ামের মৃত্যুর পরে ২৫ বছরের মধ্যে সেখানে ছয় রাজা রাজত্ব করেন।
 - ক) সখরিয় (২য় রাজা ১৫:৮-১২)। ছয় মাসের মধ্যে তিনি গুপ্ত ঘাতকের হাতে নিহত হন।
 - খ) শল্লুম (২য় রাজা ১৫:১৩-১৫)। এক মাসের মধ্যে তিনি গুপ্ত ঘাতকের হাতে নিহত হন।
 - গ) মনহেম (২য় রাজা ১৫:১৬-২২)। তিনি দশ বৎসর রাজত্ব করেন কিন্তু ৩য় তিগ্লৎ-পিলেষসকে বিরাট অংকের কর দিতেন।
 - ঘ) পেকহ (২য় রাজা ১৫:২৩-২৬)। তিনি দুই বৎসর রাজত্ব করেন এবং গুপ্ত ঘাতকের হাতে নিহত হন। তিনি অশুরিয়দের কাছে বেশ কয়েকটি নগর হারান।
 - ঙ) হোশেয় (২য় রাজা ১৫:৩০, ১৭:১-৬)। তিনি নয় বৎসর রাজত্ব করেন এবং ৭২২ অব্দে শমরিয়ার পতনের সময় তিনি অশুরিয়দের দ্বারা নির্বাসিত হন।
৩. সংক্ষিপ্ত সারাংশ ৮ম শতকে অশুরিয় ও বাবিলিয়দের সামরিক অভিযানের যা প্যালেস্টাইনকে প্রভাবিত করেছিল:
- ক) ৮ম শতকের চারজন ভাববাদী অশুরিয় টাইগ্রিস-ইউফ্রেটিস সাম্রাজ্যের উত্তানের সময়ে রাজত্ব করতেন। ঈশ্বর এই নির্ধূর জাতিকের তাঁর লোকদের দন্ড দেবার জন্য ব্যবহার করবেন, বিশেষ করে ইশ্রায়েল। নির্দিষ্ট ঘটনা ছিল টাম্প-জর্দান রাজনৈতিক ও সামরিক ঐক্য গঠন যা পরিচিত নামে "Syro-Ephramatic League" (খ্রীষ্ট পূর্ব ৭৩৫)। সিরিয়া ও ইশ্রায়েল জোর করেছে যিহূদীকে যেন অশুরিয়ার বিরুদ্ধে তাদের সাথে যোগ দেয়। পরিবর্তে আহস একটি চিঠি পাঠালেন অশুরিয়ার কাছে সাহায্যের জন্য। প্রথম শক্তিশালী সাম্রাজ্য মানসিকতার অশুরিয় রাজা ৩য় তিগ্লৎ-পিলেষর (খ্রীষ্ট পূর্ব ৭৪৫-৭২৭), এই সামরিক চ্যালেঞ্জের প্রতি সাড়া প্রদান করেন এবং সিরিয়া অভিযান করেন। পরবর্তীতে, ইশ্রায়েলে অশুরিয়ার পুতুল রাজা হোশেয় (খ্রীষ্ট পূর্ব ৭৩২-৭২২), বিদ্রোহ করেন, তারা সাহায্যের আবেদন করেন মিশরের কাছে। ৫ম শলমনেষর (খ্রীষ্ট পূর্ব ৭২৭-৭২২) আবার ইশ্রায়েলে অভিযান পরিচালনা করেন। ইশ্রায়েল অধীনতা স্বীকার করার আগেই তিনি মৃত্যুবরণ করেন কিন্তু তার উত্তরসূরী, ২য় সারগন (খ্রীষ্ট পূর্ব ৭২২-৭০৫) ইশ্রায়েলের

রাজধানী শমরিয়াকে খ্রীষ্ট পূর্ব ৭২২ অব্দে অধিকার করেন। এই সময়ে অশুরিয়রা প্রায় ২৭০০০ জনেরও বেশি ইশ্রায়েলীয়কে নির্বাসিত করে যেমন এর আগে খ্রীষ্ট পূর্ব ৭৩২ অব্দে তিগ্লাৎ-পিলেশর হাজার হাজার নির্বাসিত করেছিলেন।

- খ) রাজা আহসের মৃত্যুর পরে (খ্রীষ্ট পূর্ব ৭৩৫-৭১৫) অশুরিয়ার বিরুদ্ধে আর একটি সামরিক ঐক্য গঠিত হয় ট্রাঙ্গ-জর্দান দেশসমূহ ও মিশরের সমন্বয়ে (খ্রীষ্ট পূর্ব ৭১৪-৭১১)। এটি পরিচিত "Ashdod Rebellion" নামে। অনেক যিহূদী নগর ধংস হয়ে যায় যখন অশুরিয়া আবার অভিযান চালায়। প্রথম দিকে হিন্কিয় এই ঐক্যকে সমর্থন করেছিলেন কিন্তু পরে তার সমর্থন তুলে নিয়েছিলেন।
- গ) যদিও, আর একটি ঐক্য খ্রীষ্ট পূর্ব ৭০৫ অব্দে অশুরিয়ার শক্তিশালী রাজা ২য় সারগণের মৃত্যুর পরে সুযোগ নেবার চেষ্টা করেছিল, যাদের সাথে যুক্ত হয়েছিল অনেক বিদ্রোহী যেটি সমগ্র অশুরিয়া ব্যাপি ঘটেছিল। হিন্কিয় সম্পূর্ণ ভাবে এই বিদ্রোহে অংশ গ্রহণ করেছিলেন। এই চ্যালেঞ্জের আলোকে সনহেরিব (খ্রীষ্ট পূর্ব ৭০৫-৬৮১) প্যালেস্টান (খ্রীষ্ট পূর্ব ৭০১) অভিযান চালান এবং যিরূশালেমের নিকটে শিবির স্থাপন করেন (২য় রাজা ১৮-১৯; যিশা ৩৬-৩৯) কিন্তু তার সৈন্যরা অলৌকিক ভাবে ঈশ্বরের দ্বারা ধংস হয়ে যায়। এখানের পন্ডিতদের মধ্যে কিছু প্রশ্ন রয়েছে যে সনহেরিব কতবার প্যালেস্টাইন অভিযান পরিচালনা করেছিলেন (উদাহরণ স্বরূপ: John Bright খ্রীষ্ট পূর্ব ৭০১ অব্দে একটি অভিযানের উল্লেখ করেছেন এবং সম্ভবত আর একটি খ্রীষ্ট পূর্ব ৬৮৮ অব্দে, পৃষ্ঠা..২৭০)। হিন্কিয় অশুরিয়দের দখল থেকে রক্ষা পান কিন্তু বাবিলনীয় প্রতিনিধিদের কাছে যিহূদার সম্পদের অহংকারী প্রদর্শনের কারণে, যিশাইয় ভবিষ্যৎবাণী করেছিলেন বাবিলের কাছে যিহূদার পতনের(৩৯:১-৮)। খ্রীষ্ট পূর্ব ৫৮৭-৫৮৬ অব্দে নবুখদনিৎসরের কাছে যিরূশালেমের পতন ঘটে।
- ঘ) যিশাইয় আরও ভবিষ্যৎবাণী করেছিলেন মাদীয়-পারস্যের শাসক ২য় কোরসের অধীনে ঈশ্বরের লোকদের পুনঃপ্রতিষ্ঠার (৪১:২-৪; ৪৪:২৮; ৪৫:১; ৫৬:১১)। বাবিলের কাছে খ্রীষ্ট পূর্ব ৬১২ অব্দে নিনবির পতন ঘটে কিন্তু বাবিলের পতন ঘ খ্রীষ্ট পূর্ব ৫৩৯ অব্দে কোরসের সেনাবাহিনী হাতে। কোরস একটি আদেশ জারি করেন যে যিহূদী সহ সকল নির্বাসিত লোকেরা, যার যার দেশে ফিরে যেতে পারবে। এমনকি তিনি তার রাজকোষ থেকে জাতিয় মন্দির পুনর্নির্মাণের জন্য অর্থ বরাদ্দও করেছিলেন।

VII. সাহিত্য একক

- ক. জাতির বিরুদ্ধে অভিযোগ ১:১-২:৩ (সম্ভবত ২:১৬ পদ পর্যন্ত)
১. সিরিয়া (দমেশক), ১:৩-৫
 ২. পলেষ্টিয় (গাজা), ১:৬-৮
 ৩. ফৈনিকিয়া (সোর), ১:৯-১০
 ৪. ইদোম, ১:১১-১২
 ৫. অম্মোন, ১:১৩-১৫
 ৬. মোয়াব, ২:১-৩
- খ. ঈশ্বরের বিরুদ্ধে বিশেষ অভিযোগ, ২:৪-৬:১৪
১. যিহূদা, ২:৪-৫
 ২. ইশ্রায়েল, ২:৬-৬:১৪ (ইশ্রায়েলের উপরে দন্ডের প্রসঙ্গ ৬:১৪ পদ পর্যন্ত)
- গ. দন্ডের দর্শন, ৭:১-৯:১০
১. পঙ্গপাল, ৭:১-৩
 ২. আগুন, ৭:৪-৬
 ৩. ওলন রেখা, ৭:৭-১৭
 ৪. গ্রীষ্মের ফল, ৮:১-১৪
 ৫. একটি পবিত্র স্থানের ধংস, ৯:১-১০
- ঘ. মশীহ বিষয়ক আশা, ৯:১১-১৫

VIII. প্রধান সত্য

- ক. আমোষ মোশির নিয়ম লংঘনের জন্য ইশ্রায়েলের উপরের ঈশ্বরে ক্রোধ সম্পর্কিত ছিলেন। আমাদের উপলব্ধি করা দরকার যে পুরাতন নিয়মে যৌথ ভাবে দায়িত্ব ও ব্যক্তিগত বিশ্বাসের মধ্যকার সম্পর্ক। আমাদের রয়েছে সমাজিক পাপের সমস্যা যেমন ইশ্রায়েল করেছিল, যদিও, প্রায়ই আমাদের মনে দুটি মানদণ্ড বিরাজ করে:
১. আমাদের ব্যক্তিগত নিজস্ব জীবন ও বিশ্বাস;
 ২. আমাদের যৌথ, সামাজিক জীবন।
- খ. ঈশ্বরের সার্বভৌমত্ব পৃথিবীর সব কিছুর উপরে যা হল নিয়মের ইশ্রায়েলের বাইরে জাতিগণের উপরে YHWH এর বিচারের প্রেক্ষাপট। এটা হল ইশ্রায়েলের এক ঈশ্বরবাদ উপলব্ধি ভিত্তি।

- গ. ২:৯-১২ পদ, ইস্রায়েলের বিরুদ্ধে ঈশ্বরের বিচার আমাদের অবশ্যই দেখতে হবে ইতিহাসে তাঁর অনুগ্রহের কাজের আলোকে। ঈশ্বরের নির্বাচন এবং ইস্রায়েলের সাথে নিয়ম তাঁর ভয়ংকর বিচারের মঞ্চ প্রস্তুত করেছে। এটা অবশ্যই স্মরণে রাখতে হবে যে “যাকে যত বেশি দেওয়া হবে, তার কাছে তত বেশি চাওয়া হবে” (লুক ১২:৪৮)
- ঘ. ৫ অধ্যায়ে যুক্ত বিশ্বাস এবং জীবন পৃথক করা যায় না! আমোষ দরিদ্রদের শোষণের জন্য ধনীদের দোষারপ করেছেন।
- ঙ. ইস্রায়েল ভ্রান্ত ভাবে নির্ভর করতো:
৪. তার ধর্ম ৪:৪-৫; ৫:২১-২৩)।
 ৫. তার অর্থনৈতিক সমৃদ্ধি (৬:১ থেকে কয়েকটি পদ)।
 ৬. তার সামরিক শক্তি, (২:১৪-১৬; ৬:১৩, ১৩)
- চ. ইস্রায়েলের বিশ্বাসহীনতার মধ্যেও ঈশ্বরের নিয়মের মধ্যে আশা ছিল, ঈশ্বরের মশীহ, ৯:৮-১৫।।

IX. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এবং সংক্ষিপ্তভাবে ব্যক্তি চিহ্নিতকরণ

- ক. টার্ম এবং/অথবা/শব্দগুচ্ছ
১. “ভূমিকম্প,” ১:১ (NASB এবং NIV)
 ২. “প্রাচীর,” ১:৭ (NIV, “দুর্গ”)
 ৩. “রাজদন্ড,” ১:৮ (NASB এবং NIV)
 ৪. “ইদোমের রাজার অস্থি দন্ড,” ২:১ (NASB এবং NIV)
 ৫. “এক জোড়া পাদুকার অভাব,” ২:৬; ৮:৬ (NASB এবং NIV)
 ৬. বেদির শৃংগ,” ৩:১৪ (NASB এবং NIV)
 ৭. “হস্তিদন্তের গৃহ,” ৩:১৫ (NIV “হস্তি দন্তে গৃহ সজ্জিত”)
 ৮. “আমি তোমাদের উৎসব সকল ঘৃণা করি, অগ্রাহ্য করি,” ৫:২১ (NASB এবং NIV)
 ৯. পুষ্ট পশু, ৫:২২ (NIV, “বেছে নেওয়া সহভাগিতার উৎসর্গ”)
 ১০. ওলন রেখা, ৭:৭ (NASB এবং NIV)
 ১১. “শমরিয়ার পাপ,” ৮:১৪ (NIV “শমরিয়ার লজ্জা”)
- খ. ব্যক্তি
১. নাসরিয়, ২:১২
 ২. বাসনের গাভী সকল, ৪:১
 ৩. বিলাপ-নিপুন,” ৫:১৬ (NIV, “শোককারীরা”)
 ৪. *Sikkuth*, ৫:২৬ (NIV “পবিত্র স্থল”)
 ৫. *Kiyyun*, ৫:২৬ (NIV “পাদপীঠ”)
 ৬. অমর্থনীয়, ৭:১০
 ৭. ২য় যারবিয়াম, ৭:১০
 ৮. দর্শক, ৭:১২



X. মানচিত্রে অবস্থান

১. তকোয়া, ১:১
২. কর্মিল, ১:২
৩. গিলিয়দ, ১:৩
৪. যষা, ১:৬
৫. অসদোদ, ১:৮
৬. অঙ্কিলোন, ১:৮
৭. ইক্রোণ, ১:৮
৮. তিমন, ১:১২
৯. বসরা, ১:১২
১০. রব্বা, ১:১৪
১১. বৈথেল, ৪:৪
১২. গিলগল, ৪:৪

১৩. সদোম, ৪:১১
১৪. বেরসেবা, ৫:৫
১৫. হামাথ, ৬:১৪
১৬. দান, ৮:১৪



XI. শিক্ষার্থীদের সম্ভাব্য প্রশ্নাবলী

১. আমোষ কি একজন দরিদ্র গ্রাম্য কৃষক ছিলেন না ধনী ব্যবসায়ী?
২. আমাদের ব্যক্তিগত পাপ অথবা আমাদের সমাজিক পাপের জন্য আমরা দায়ি?
৩. ৩:২-৮ পদে কি গুরুত্ব দেওয়া হয়েছে?
৪. কেন বৈথেল ও গিলগল অভিযুক্ত? ৪:৪-৫ পদে কেন ধর্মীয় কাজ কর্ম অভিযুক্ত?
৫. কেন ঈশ্বর ইস্রায়েলের উৎসর্গ অগ্রাহ্য করেছেন?
৬. ৫:২৫-২৬ পদ কেন ব্যাখ্যা করা খুব কঠিন?
৭. আমোষ কি উৎসর্গের পদ্ধতিকে দোষারপ করেছিলেন?
৮. ঈশ্বর কি তাঁর মন পরিবর্তন করেছেন?
৯. কিভাবে অনুতাপ ক্ষমার সাথে সম্পর্কিত? (৭ অধ্যায়)
১০. ঈশ্বরের বিচার কি জাগতিক না eschatological?



ප්‍රාචීන ලිඞ්කට් ප්‍රාඞ්

প্যালেস্টাইন



ওবদীয় পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO OBADIAH)

I. বইটির নাম

- ক. বইটির নাম ভাববাদীর নামানুসারে।
- খ. নামের অর্থ “YHWH এর দাস”
- গ. এটি ছিল একটি প্রচলিত হিব্রু নাম (১ রাজ ১৮:৩; ১ বংশ ৩:১২; ৭:৩; ৮:৩৮; ৯:১৬,৪৪; ১২:৯; ২৭:১৯; ২ বংশ ১৭:৭; ৩৪:১২; ইস্রা ৮:৯; নহি ১০:৫; ১২:২৫)

II. ক্যানন করণ

- ক. এই বইটি পরবর্তী ভাববাদী বিভাগের অংশ” (উপদেশক ৪৯:১০)
- খ. এটি “বারো” দলের ক্ষুদ্র ভাববাদীদের মধ্যে (Baba Bathra 14b)
১. যিশাইয়, যিরমিয় এবং যিজেক্কেলের মত, সেগুলি একটি গুটানো পুস্তকে আবদ্ধ হয়ে যায়
 ২. বারো বংশের প্রতিনিধিত্বকারী প্রতিষ্ঠানের প্রতিকি সংখ্যা
 ৩. প্রতিফলিত করে বইটির সময়ানুক্রমের ঐতিহ্যগত দৃষ্টিভঙ্গি।
- গ. “বারো” বা ক্ষুদ্র ভাববাদীদের শৃংখলা অনেক পণ্ডিতদের যুক্ত করেছে সময়ানুক্রমিক ধারাবাহিকতায়। যদিও, এই দৃষ্টিভঙ্গিতে সমস্যা রয়েছে:
১. MT এবং LXX এর মধ্যে প্রথম ছয়টি বইতে পার্থক্য রয়েছে।

<u>MT</u>	<u>LXX</u>
হোশেয়	হোশেয়
যোয়েল	আমোষ
আমোষ	মিখা
ওবদীয়	যোয়েল
যোনা	ওবদীয়
মিখা	যোনা
 ২. অভ্যন্তরীণ ঘটনাবলী সময়ানুক্রমে আমোষকে হোশেয়র আগে রেখেছে
 ৩. যোয়েলের তারিখ খুবই বিতর্কিত। আমি তাকে তালিকাভুক্ত করেছি ওবদীয়ের সাথে নির্বাসন উত্তর ভাববাদী হিসাবে

III. সাহিত্য রীতি -- ক্লাসিক্যাল হিব্রু কবিতা

IV. রচয়িতা

- ক. ভাববাদী সম্পর্কে কিছুই জানা যায় না
- খ. বেশ কয়েকটি তত্ত্ব :
১. মহাসভা ৩৯^খ (Talmud) বলেছে তিনি রাজা আহবের দাস ছিলেন ১ রাজা ১৮:৩-১৬
 ২. Pseudo-Epiphanius (প্রাথমিক মন্ডলী) তার “ভাববাদীর জীবন” বলেছে তিনি ছিলেন রাজা অহসিয়ের (খ্রীষ্ট পূর্ব ৮৪২) একজন উচ্চ পদস্থ সামরিক কর্মকর্তা ২ রাজা ১:১২ থেকে কয়েকটি পদ
 ৩. John Calvin বলেছেন তিনি যিরশালেম ধংসের একজন প্রত্যক্ষদর্শী ছিলেন (২য় নবুখদনিৎসর বা বাবিল দ্বারা ৫৮৬ খ্রীষ্ট পূর্বে)
- গ. নাম হতে পারে একটি উপাধি।

V. তারিখ

- ক. এই বইটি ভাষাগত ভাবে যিরমিয় ৪৯:৭-১২ (ওবদীয় ১-৯ পদ) এবং যোয়েল ৩:৩২ পদের (ওবদীয় ১০ পদ) সাথে সম্পর্কিত:

১. E. J. Young এই শৃংখলায় বইটি রেখেছেন: ওবদীয়, যিরমিয়
 ২. R. K Harrison এই শৃংখলায় বইগুলি রেখেছেন: ওবদীয়, যিরমিয়
 ৩. Keil এই শৃংখলায় বইগুলি রেখেছেন: ওবদীয়, যোয়েল, যিরমিয়
- খ. এটা স্পষ্ট যে বইটি যিহূদার অভিযান এবং ইদোমিয়দের দ্বারা যিরূশালেমের হয়রাণির করার সাথে সম্পর্কিত। কিছু সম্ভাব্য তারিখ হল:
১. রহবিয়ামের ৫ম বৎসরে মিশরের ফরৌণ, শিশকের দ্বারা যিরূশালেম দখল, খ্রীষ্ট পূর্ব ৯২২-৯১৫ অব্দ। (১ রাজা ১৪:২৫-২৮; ২ বংশ ১২:২-১০)।
 ২. যিহোয়ামের রাজত্বের সময়ে যিরূশালেম দখল হয়েছিল আরব লীগ ও পলেষ্টিয় দ্বারা, ৮৪৯-৮৪২ খ্রীষ্ট পূর্ব (২ রাজা ৮:২০ থেকে কয়েকটি পদ; ২ বংশ ২১:১৬-১৭; ২২:১ পদ।
 ৩. যোয়াসের রাজত্বের সময়ে যিরূশালেম দখল হয়েছিল সিরিয়দের দ্বারা, ৮৩৭-৮০০ খ্রীষ্ট পূর্ব (২ বংশ ২৪:২৩-২৪)।
 ৪. অমর্থসিয়ের রাজত্বের সময়ে ইস্রায়েলীয়রা (যিহোয়াহস) যিরূশালেম দখল করেছিল ইদোমিয়দের পরাজিত করার পরে (২ রাজা ১৪:৭-১৪ (৮৪২ খ্রীষ্ট পূর্ব)
 ৫. ইদোমিয়দের দ্বারা যিহূদা আক্রান্ত (২ বংশ ২৮:১৭; ১৯:৮-৯; ২ রাজা ১৬:১-২০)।
 ৬. নবুখদনিৎসর বেষ কয়েকবার যিরূশালেম দখল করেছিলেন, খ্রীষ্ট পূর্ব ৬০৫, ৫৯৭, ৫৮৬, ৫৮২ অব্দ:
 - ক. খ্রীষ্ট পূর্ব ৬০৫, যিহোয়াকীমের রাজত্ব (দানি ১:১-২)
 - খ. খ্রীষ্ট পূর্ব ৫৯৭, যিহোয়াকীমের রাজত্ব (২ রাজা ২৪:৮-১৭; ২ বংশ ৩৬:৯-১০; যিহিস্কেল
 - গ. খ্রীষ্ট পূর্ব ৫৮৬, সিদিকিয়ের রাজত্ব (২ রাজা ২৪:১৮-২৫:২১; ২ বংশ ৩৬:১১-২১; বিলাপ; গীত ১৩৭:৭
 - ঘ. খ্রীষ্ট পূর্ব ৫৮২, গদলিয় বাবিলিয় শাসনকর্তা (২ রাজা ২৫:২২-২৬)
- গ. পন্ডিতেরা দুটি তারিখ সমর্থন করেছেন:
১. যিহোয়ামের রাজত্বের প্রথম দিকের তারিখ (খ্রীষ্ট পূর্ব ৮৪৯-৮৪২) কারণ:
 - ক. বইটি অবস্থান “বারো” এর মধ্যে
 - (১) ৮ম শতকের দল বিভাগ: আমোষ, হোশেয়, মিখা, (যোয়েল?) এবং ওবদীয়
 - (২) ৭ম শতকের দল বিভাগ: নহুম, হবককুক এবং সফনীয়
 - (৩) নির্বাসন উত্তর দল বিভাগ: হগয়, সখরিয় এবং মালাখি
 - খ. ওবদীয় মন্দিরের ধংস উল্লেখ করেন নাই
 - গ. জাতিগণের উল্লেখ নির্বাসন পূর্ব, নির্বাসন উত্তর নয়
 - ঘ. পাপ যেগুলি ৮ম শতকের ভাববাদীদের উল্লেখ করা সবগুলিই একই রকম ছিল
 - ঙ. কোন অরামিক শব্দ, বাগধারা বা প্রকাশ নেই
 ২. পরবর্তী কালের তারিখ যেটি সম্পর্কিত ২য় নবুখদনিৎসরের যিরূশালেম অভিযানের সাথে
 - ক. ১১-১৪ পদ মনে হয় ৫৮৬ খ্রীষ্ট পূর্বে যিরূশালেম পতনের সাথে খাপ খায়
 - খ. এই অভিযানে ইদোম অংশ গ্রহণ করেছিল
 - (১) যিহূদার পতনে উল্লাস
 - ক) গীত ১৩৭:৭
 - খ) বিলাপ ২:১৫-১৭; ৪:২১
 - গ) যিহি ৩৬:২-৬
 - ঘ) ১ এডরাস ৪:৪৫,৫০
 - (২) যিহূদার পতনে সাহায্য করেছিল:
 - ক) যিহি ২৫:১২-১৪
 - খ) যিহি ৩৫:১-৫

VI. ঐতিহাসিক অবস্থান

- ক. ইদোম, ভাববাণীর বিষয়, ১-৯, ১৮, ২১ পদ
১. মরু সাগরের পূর্বে যাকোবের ভাই এসৌ থেকে ইদোম জাতি (আদি ২৫-২৯; ৩২-৩৩)। ইদোম অর্থ “লাল” যখন এসৌ অর্থ “লোমশ” (আদি ২৫:২৫, ৩০)।
 ২. ইস্রায়েলকে আদেশ করা হয়েছে ইদোমকে সম্মান করতে (দি বি ২৩:৭)
 ৩. ইস্রায়েল ও ইদোমের নিরবিচ্ছিন্ন সমস্যা ছিল:
 - ক. গণনা, ২০:১৪-২১
 - খ. বিচার ১১:১৬-১৭
 - গ. ১ শমু ১৪:৪৭-৪৮
 - ঘ. ২ শমু ৮:১৪
 - ঙ. ১ রাজা ১১:১৪-২৫

- চ. ২ রাজা ১৪:২২; ১৬:৫-৬
 ছ. ২ বংশ ২০:১০-৩০; ২১:৮ থেকে কয়েকটি পদ
 জ. আমোষ ১:৬,৯
৪. ইদোমের বিরুদ্ধে অন্যান্য ভাববাণী:
 ক. যিশা ৩৪:৫ থেকে কয়েকটি পদ; ৬৩:৬৩:১ থেকে কয়েকটি পদ
 খ. যিরমিয় ৪৯:৭-২২
 গ. বিলাপ ৪:২১-২২
 ঘ. যিহিস্কেল ২৬:১২ থেকে কয়েকটি পদ; ৩৫:১ থেকে কয়েকটি পদ; ৩৬:২-৬
 ঙ. আমোষ ১:১১-১২
- চ. ইদোম অভিযুক্ত হয়েছিল কারণ:
 ক. তার অহংকার, ৩-৪ পদ
 (১) ভৌগলিক নিরাপত্তা
 (২) রাজনৈতিক ঐক্য ও সামরিক শক্তি
 (৩) বাণিজ্য সমৃদ্ধি
 (৪) ঐতিহ্যগত প্রজ্ঞা
 খ. যিহূদা, তার আত্মীয়ের প্রতি অবজ্ঞা, ১০-১৪ পদ
 (১) যিরূশালেমের পতনে আনন্দ (বিলাপ ২:১৫-১৭; ৪:২১)
 (২) সাহায্য করতে অস্বীকার (১৫ পদ)
 (৩) শত্রুর সক্রিয় সাহায্য (১৪ পদ)
 (৪) যিহূদার সম্পত্তি নিয়ে নেওয়া (যির ১৩:১৯)
 গ. YHWH কে তার প্রত্যাখান এবং অবহেলা (১৬ পদ)

খ. ইদোম হল সকল জাতির জন্য প্রতিক যারা ঈশ্বর ও ঈশ্বরের লোকদের বিরুদ্ধে বিদ্রোহ করবে, ১৫-২১ পদ (গীত ২)।

গ. সম্ভাব্য ভাববাণীর ঐতিহাসিক পরিপূর্ণতা

১. যিরূশালেম পতনের প্রায় ৫ বছর পরে খ্রীষ্ট পূর্ব ৫৮০ অব্দে নব্য বাবিলিয়দের দ্বারা ইদোমের ধংস।
২. খ্রীষ্ট পূর্ব ৫৫০-৪৪৯ অব্দের দিকে Petra থেকে Nabatean Arab দ্বারা ইদোমের স্থানচ্যুতি, (মালাখি ১:২-৫)। নহিমিয়ের চারিদিকের শত্রুর তালিকায় ইদোমের নাম উল্লেখিত হয়নি কিন্তু এর পরিবর্তে আরবীয় গোষ্ঠির নাম। ইদোম নেগেভে স্থানান্তরিত হয়েছিল।
৩. খ্রীষ্ট পূর্ব ৩১২ অব্দে অলেক্সান্ডারের সেনাপতি এন্টিগোনাসের দ্বারা ইদোমের পরাজয় (Diodorus Seculus এ লিপিবদ্ধ)
৪. খ্রীষ্ট পূর্ব ১৭৫ অব্দের দিকে নেগেভে যিহূদা ম্যাক্কাবী দ্বারা উদোমের পরাজয় (১ ম্যাক্কাবী ৫:৩,১৫; ২ ম্যাক্কাবী ১০:১৫; যোষেফাসের *Antiquities of the Jews* ১২:৮:১; ১৩:৯:১)
৫. খ্রীষ্ট পূর্ব ১২৫ অব্দে John Hyrcanus দ্বারা ইদোমীয়দের যিহূদী ধর্ম গ্রহণে বাধ্য করা। এখন তাদেরকে বলা হয় ইদোমীয়।
৬. রোমীয় সেনাপতি, টাইটাস, ৭০ সনে সম্পূর্ণরূপে ইদোমীয় প্রভাব ধংস করেছিলেন।

VII. সাহিত্য একক

সংক্ষিপ্ত রূপরেখা গ্রহণ করা হয়েছে Allen এর “যোয়েল, ওবদীয়, যোনা, এবং মিখা” এর উপরে *The New International Commentary* সিরিজ থেকে, পৃ...১৪২

ক. ইদোমের ধংস (২-৯)

১. ইদোমের অবনতি (২-৪)
২. ইদোমকে সম্পূর্ণ ভাবে পদানত করা (৫,৬)
৩. ইদোমের ঐক্যের সাথে বিশ্বাস ভঙ্গ (৭)
৪. ইদোমের প্রজ্ঞা ও যোদ্ধা হারানো, ৮,৯)

খ. ইদোমের ভুল কাজ (১০-১৪, ১৫^ক)

১. ইদোমের অপ্রত্যাশিত আচরণ (১০,১১)
৩. ইদোমের উপহাস বরা (১২)
৪. ইদোমের লংঘন (১৩)
৫. ইদোমের যৌথ প্রচেষ্টা ও আসন্ন প্রতিশোধ (১৪, ১৫^ক)

গ. Yahweh এর দিনে ইদোম (১৫^ক, ১৬-২১)

১. Yahweh এর দিন (১৫^ক, ১৬)

২. অবশিষ্টাংশের ভূমিকা (১৭,২১)
৩. যিহূদীয়ার আগুন এবং ইদোমীয় শষ্যের কণা (১৮)
৪. দেশ পুনরুদ্ধার (১৯-২০)

VIII. প্রধান সত্য

- ক. ঈশ্বরের শত্রু এবং ঈশ্বরের লোকদের শত্রুরা শান্তি প্রাপ্ত হবে। ইদোম হল বিদ্রোহাত্মক, অবিশ্বাসী জাতির প্রতিক (১৫ পদ)
- খ. ঈশ্বর তাঁর লোকদের গৌরবান্বিত করবেন তাঁর নিয়মের প্রতিজ্ঞানুসারে। পবিত্রতা হল YHWH এর লক্ষ্য তাঁর লোকদের জন্য।
- গ. ইতিহাসের অবস্থা উল্টে যাবে। ইদোম ধংস হবে; ঈশ্বরের লোকেরা আশীর্বাদ লাভ করবে।

IX. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এবং সংক্ষিপ্তভাবে ব্যক্তি চিহ্নিতকরণ




- ক. টার্ম এবং/অথবা/শব্দগুচ্ছ
 ১. “তুমি ঈগল পক্ষীর ন্যায় উচ্ছে বাসা স্থাপিত হয়,” ১:৪ (NIV, “তারার মধ্যে তোমার বাসা নির্মাণ কর”)
 ২. “কারণ তোমার ভ্রাতা যাকোবের প্রতি কৃত দৌরাত্র...,” ১:১০ (NASB এবং NIV)
 ৩. “যিরূশালেমের উপরে গুলিবাট করিয়াছিলে,” ১:১১ (NASB এবং NIV)
 ৪. “সদাপ্রভুর দিন সন্নিহিত,” ১:১৫ (NASB এবং NIV)
- খ. ব্যক্তি
 ১. এসৌ, ১:৮

X. মানচিত্রে অবস্থান

১. ইদোম, ১:১
২. তিমন, ১:৯
৩. সিয়োন পর্বত, ১:১৭
৪. নেগেভ, ১:১৯,২০ (অথবা “নেগেব”)
৫. শেফেলাহ, ১:১৯ (NIV, “পাদদেশ”)
৬. গিলিয়দ, ১:১৯


XI. শিক্ষার্থীদের সম্ভাব্য প্রশ্নাবলী

১. ওবদীয় পুস্তকের কেন্দ্রীয় ভাব কি?
২. কেন ইদোম এত ভয়ংকর ভাবে বিচারিত হয়েছিল?
৩. সকল জাতির জন্য কেন ইদোম প্রতিক হিসাবে ব্যবহৃত হয়েছে?
৪. ওবদীয় পুস্তক কি নুতন নিয়মে উদ্ধৃত বা পরোক্ষ ভাবে উল্লেখিত হয়েছে?



ପ୍ରାଚୀନ ଲିକଟ୍ ପ୍ରାଚ୍ୟ

প্যালেস্টাইন



০ ১০ ২০ ৩০ ৪০
মাইল মাপনি

যোনা পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO JONAH)

I. বইটির নাম

- ক. বইটির নাম ভাববাদীর নামানুসারে।
- খ. নামের অর্থ “কবুতর।” এটি ছিল ইস্রায়েল জাতির প্রতীক:
১. গীতরচক দ্বারা এটি ইতিবাচক হিসাবে ব্যবহৃত হয়েছে, গীত ৬৮:১৩; ৭৪:১৯,
 ২. হোশেয় দ্বারা নেতিবাচক হিসাবে ব্যবহৃত হয়েছে, ৭:১,
 ৩. পরমগীত দ্বারা স্নেহশীল রূপক হিসাবে ব্যবহৃত হয়েছে, ২:১৪; ৫:২; ৬:৯।

II. ক্যানন করণ

- ক. এই বইটি “পরবর্তী ভাববাদী” বিভাগের অংশ” (উপদেশক ৪৯:১০)
- খ. এটি হল বারোটির প্রথম, ক্ষুদ্র ভাববাদীদের দলে (Baba Bathra 14b)
১. যিশাইয়, যিরমিয় এবং যিজিস্কেলের মত, সেগুলি একটি গুটানো পুস্তকে আবদ্ধ হয়ে যায়।
 ২. বারো বংশের প্রতিনিধিত্বকারী বা প্রতিষ্ঠানের প্রতীকি সংখ্যা।
 ৩. প্রতিফলিত করে বইটির সময়ানুক্রমের ঐতিহ্যগত দৃষ্টিভঙ্গি।
- গ. “বারো” বা ক্ষুদ্র ভাববাদীদের শৃংখলা অনেক পণ্ডিতদের যুক্ত করেছে সমায়ানুক্রমিক ধারাবাহিকতায়। যদিও, এই দৃষ্টিভঙ্গিতে সমস্যা রয়েছে:
১. MT এবং LXX এর মধ্যে প্রথম ছয়টি বইতে পার্থক্য রয়েছে।

<u>MT</u>	<u>LXX</u>
হোশেয়	হোশেয়
যোয়েল	আমোষ
আমোষ	মিখা
ওবদিয়	যোয়েল
যোনা	ওবদিয়
মিখা	যোনা
 ২. অভ্যন্তরীণ ঘটনাবলী সময়ানুক্রমে আমোষকে হোশেয়র আগে রেখেছে।
 ৩. যোয়েলের তারিখ খুবই বিতর্কিত। আমি তাকে তালিকাভুক্ত করেছি ওবদিয়ের সাথে নির্বাসন উত্তর ভাববাদী হিসাবে।

III. সাহিত্য রীতি

- ক. এই বইটি বাকী ক্ষুদ্র ভাববাদী থেকে আলাদা। এটি গদ্যে লিখিত ব্যতিক্রম কেবল ২:২-৯ পদ।
- খ. যোনা পুস্তকের সাহিত্য রীতি অনেক বিতর্কিত। অনেক পণ্ডিতেরা এই পুস্তকের অলৌকিক, ভাবিষ্যৎবাণীমূলক এবং ধর্মতাত্ত্বিক দিক নিয়ে বিব্রত বোধ করেন। কেউ কেউ এভাবে বইটিকে দেখেন:
১. রূপক হিসাবে
 ২. দৃষ্টান্ত (কৌতুক ব্যবহার করে)
 ৩. প্রচলিত রূপ হিসাবে
- গ. যোনার নামটি তার বাবার মতই হিব্রুতে বিরল। এই নামগুলির মত নামের একজন লোক ও তার পিতার উল্লেখ হয়েছে ২ রাজা ১৪:২৫ পদে। সে ২য় যারবিয়ামের রাজত্বকালে বাস করতো (খ্রীষ্ট পূর্ব ৭৮৩-৭৪৩)। যীশু যোনাকে একজন ঐতিহাসিক ব্যক্তি বলে উল্লেখ করেছেন, মথি ১২:৩৯-৪০; ১৬:৪ এবং লুক ১১:২৯ পদ।
- ঘ. এটি সম্ভব যে যোনা, ইয়োবের মত, লিখিত হয়েছিল এবং/অথবা বিস্তারিত হয়েছিল একজন জ্ঞানী লোক দ্বারা ধর্মতাত্ত্বিক সত্য শিক্ষা দিতে। বেশির ভাগ ভাববাদীমূলক বই ভাববাদীর বার্তা লিপিবদ্ধ করেছে কিন্তু যোনাই কেবল একমাত্র ভাববাদী যার বার্তা কেবল ৩:৪ পদে পাঁচটি শব্দে লিখিত হয়েছে।

IV. রচয়িতা

- ক. ভাববাদী হলেন লেখক। ১:১ পদে তিনি পরিচিত হয়েছে অন্যান্য ক্ষুদ্র ভাববাদীদের মতই।
- খ. যোনা এবং তার পিতা অমিদ্ভিয়, ছিল বিরল হিব্রু নাম; উভয় দেখা গিয়েছে ২ রাজা ১৪:২৫ পদে। ২য় যারবিয়ামের সময়কাল থেকে নাসরথের গাথ-হেফর পর্যন্ত ভাববাদী ছিলেন।
- গ. এটা সম্ভব যে একজন হিব্রু জ্ঞানী ব্যক্তি ঐতিহাসিক চরিত্রের জীবনী নিয়েছেন, ইয়োবের মত, এবং তা প্রসার করে ধর্মতাত্ত্বিক সত্য উপস্থিত করেছেন। সম্ভবত যোনা ইস্রায়েলের রাজার দ্বারা আহূত হয়েছিলেন তার সমর্থনে ইস্রায়েলের শত্রুদের সম্বন্ধে প্রচার করতে। যোনা ছিলেন রাজকীয় উত্তরাধিকারী লেখক/ভাববাদী। এটা ব্যাখ্যা করতে পারে যে কেন তিনি মনে হয় এই বইতে খুব প্রতিরোধী। একজন জ্ঞানী ব্যক্তি হয়তো তার আত্মপক্ষ সমর্থন শুনেনিছিলেন এবং বিশ্বজনীন প্রয়োগ দেখেছিলেন এবং যোনার অভিজ্ঞতা লিপিবদ্ধ করেছিলেন (John Harris, ETBU, 1998)।

V. তারিখ

- ক. যদি ২ রাজা ১৪:২৫ পদের যোনা যদি এই বইয়ের লেখক হন তাহলে সময়টি হবে খ্রীষ্ট পূর্ব ৬১২ অব্দে নীনবির পতনের পূর্বে এবং ২য় যারবিয়ামের (খ্রীষ্ট পূর্ব ৭৮৩-৭৪৩) রাজত্বকাল অবশ্যই সমর্থিত হয়।
- খ. প্রায়ই বলা হয়ে থাকে যে যোনার পুস্তক দেবিতা লেখা হয়েছে কিন্তু এটি সাধারণত নির্ভর করে:
১. ভবিষ্যৎবাণী মূলক ভাববাণী প্রত্যাখান,
 ২. ঐতিহাসিক হিসাবে বইটির অলৌকিক উপাদান প্রত্যাখান,
 ৩. ধারণা করা হয় যে এটি যাদের উদ্দেশ্য করে বলছে তারা হল গর্ভীত ও স্বতন্ত্র নির্বাসন উত্তর জাতি।

VI. ঐতিহাসিক অবস্থান -- অশুরিয় ইতিহাসে দুটি তারিখ রয়েছে যা হতে পারে নীনবীর মন পরিবর্তনের উপলক্ষ্য।

- ক. ৩য় অদদ-নিরারীর (খ্রীষ্ট পূর্ব ৮১০-৭৮৩) রাজত্বকালে এক ঈশ্বরবাদের প্রতি বোঝা
- খ. ৩য় অসরদানের (খ্রীষ্ট পূর্ব ৭৭১-৭৫৪) রাজত্বকালে অশুরিয়াতে ভয়ংকর মহামারি

VII. সাহিত্য একক

- ক. অধ্যায় বিভাগ দেখায় যে ঘটনাটির ধারাবাহিকতা
- খ. সংক্ষিপ্ত রূপরেখা
১. ১ অধ্যায় – ঈশ্বরের ইচ্ছার প্রত্যাখান এবং যোনার ইচ্ছা স্থলাভিষিক্ত। ঈশ্বর জয়লাভ করেন!
 ২. ২ অধ্যায় – যোনার মন পরিবর্তন (কবিতা লেখা হয়েছে past tense এ এবং যিরশালেমের মন্দিরে আরাধনার চিত্র অংকিত)
 ৩. ৩ অধ্যায় – ঈশ্বরের ইচ্ছা গৃহিত হয়। নীনবীর মন পরিবর্তন করে।
 ৪. ৪ অধ্যায় – ঈশ্বরের চরিত্র যোনার মনোভাব ও কাজের সাথে তুলনা করে প্রকাশিত হয়েছে।

VIII. প্রধান সত্য

- ক. এই বইতে পরজাতিয়েরা ধার্মিক যখন ভাববাদী বিদ্রোহাত্মক
১. নাবিক
 ২. নীনবিবাসি
- খ. ৩:১০ এবং ৪:১১ পদে পরজাতিয়দের প্রতি ঈশ্বরের ভালবাসা দেখা গিয়েছে। ঈশ্বর কেবল মাত্র মানুষকে ভালবাসেন না কিন্তু জীবজন্তুকেও, ৪:১১ পদ
- গ. ঘৃণ্য, নির্ভর অশুরিয়ারা YHWH দ্বারা গৃহিত তাদের মন পরিবর্তন ও তাঁর প্রতি বিশ্বাসের উপরে ভিত্তি করে, ৩:৫-৯ পদ। তাদের যিহুদী হবার কোন আবশ্যিকতা নেই।
- ঘ. যোনা প্রতিক্রিয়ায় হয়েছে ঈশ্বরের ইস্রায়েলকে আহবানের এই জগতে স্বর্গ রাজ্যের যাজক হবার জন্য (আমি ১২:৩; যাত্রা ১৯:৪-৬)। ইস্রায়েল হয়ে পড়েছিল প্রচারমূলক ও পরিগ্রাহ্যার্থক হবার পরিবর্তে জাতীয়তাবাদী, একেবারে স্বতন্ত্র এবং গর্ভীত।

IX. টার্ম এবং/অথবা শব্দগুচ্ছ এবং সংক্ষিপ্তভাবে ব্যক্তি চিহ্নিতকরণ

ক. টার্ম এবং/অথবা/শব্দগুচ্ছ

১. “সদাপ্রভু একটা বৃহৎ মৎস্য নিরূপণ করিয়াছিলেন,” ১:১৭ (NIV, “একটি বড় মাছ যোগান দিয়েছিলেন”)
২. পাতাল ২:২ (NIV, “কবর”)
৩. কূপ ২:৬ (NASB এবং NIV)
৪. “ঈশ্বর অনুশোচনা করিলেন,” ৩:১০ (NIV, “তিনি সহানুভূতিপূর্ণ হয়েছিলেন”)
৫. “কৃপাময় ও হেহশীল (*hesed*), ৪:২ (NIV, “প্রচুর ভালবাসা”)
৬. “সদাপ্রভু এক গাছ নিরূপণ করিলেন, ৪:৬...একটি কীট, ৪:৭...বায়ু, ৪:৮ (NIV, “যুগিয়ে ছিলেন”)
৭. “মনুষ্য আছে যাহারা দক্ষিণ হস্ত হইতে বাম হস্তের প্রভেদ জানে না,” ৪:১১ (NASB এবং NIV)
৮. “আর অনেক পশুও আছে,” ৪:১১ (NIV, “এবং অনেক গরু বাছুরও আছে”)

খ. ব্যক্তি



১. অমিত্তি ১:১
২. “স্বর্গের ঈশ্বর” ১:৮

X. মানচিত্রে অবস্থান

১. নীনবি, ১:২
২. তর্শীশ, ১:৩
৩. যাহো, ১:৩



XI. শিক্ষার্থীদের সম্ভটির প্রশ্নাবলী

১. যোনা কি একজন ঐতিহাসিক ব্যক্তি?
২. কেন যোনা নীনবি যেতে চাইছিলেন না?
৩. বড় মাছটি কি এই বইয়ের প্রধান ব্যাখ্যামূলক বিষয়? কেন বা কেন নয়?
৪. ঈশ্বরের চরিত্র বর্ণনা করুন। (১:৯; ৪:২)
৫. প্রধান চরিত্র কে যোনা না ঈশ্বর? কেন?
৬. ইস্রায়েলের জন্য বইটি কি বার্তা দেয়? ইস্রায়েলের মত কি যোনা ছিল?
৭. কিভাবে যীশু এই বইটি ব্যবহার করেছেন?



প্রাচীন
লিকট প্রাচ্য

প্যালেস্টাইন



মিখা পুস্তকের ভূমিকা

(INTRODUCTION TO MICAH)

I. বইটির নাম

- ক. বইটির নাম ভাববাদীর নামানুসারে।
- খ. তার নামটি হল মিখায়াহ এর সংক্ষিপ্ত রূপ (বিচার ১৭:১,৪; ১ রাজা ২২:১৩) যার অর্থ “কে YHWH এর মত।”

II. ক্যানন করণ

- ক. এই বইটি “পরবর্তী ভাববাদী” বিভাগের অংশ” (উপদেশক ৪৯:১০)
- খ. এটি হল “বারো” এর প্রথম, ক্ষুদ্র ভাববাদীদের দলে (Baba Bathra 14b)।
১. যিশাইয়, যিরমিয় এবং যিহিস্কৈলের মত, সেগুলি একটি গুটানো পুস্তকে আবদ্ধ হয়ে যায়।
 ২. বারো বংশের প্রতিনিধিত্বকারী বা প্রতিষ্ঠানের প্রতীকি সংখ্যা।
 ৩. প্রতিফলিত করে বইটির সময়ানুক্রমের ঐতিহ্যগত দৃষ্টিভঙ্গি।
- গ. “বারো” বা ক্ষুদ্র ভাববাদীদের শৃংখলা অনেক পন্ডিতদের যুক্ত করেছে সময়ানুক্রমিক ধারাবাহিকতায়। যদিও, এই দৃষ্টিভঙ্গিতে সমস্যা রয়েছে:
১. MT এবং LXX এর মধ্যে প্রথম ছয়টি বইতে পার্থক্য রয়েছে।

<u>MT</u>	<u>LXX</u>
হোশেয়	হোশেয়
যোয়েল	আমোষ
আমোষ	মিখা
ওবদীয়	যোয়েল
যোনা	ওবদীয়
মিখা	যোনা
 ২. অভ্যন্তরীণ ঘটনাবলী সময়ানুক্রমে আমোষকে হোশেয়র আগে রেখেছে।
 ৩. যোয়েলের তারিখ খুবই বিতর্কিত। আমি তাকে তালিকাভুক্ত করেছি ওবদীয়ের সাথে নির্বাসন উত্তর ভাববাদী হিসাবে।

III. সাহিত্য রীতি

- ক. যদিও ধর্মতত্ত্বে এটি আমোষের মত, এটি পদ্ধতিতে এক নয়। যদিও মিখা আমোষের কবিতার মত সুন্দর ভাবে বিকশিত নয়, তবে এর নির্ভরতার শক্তিশালী বক্তব্য রয়েছে।
- খ. একে বৈশিষ্ট্যময় করা হয়েছে পাশাপাশি অবস্থিত বিচার এবং পুনস্থাপনের বার্তায় যার মধ্যে কোন পরিবর্তন নেই। সত্যকে দুটি রঙে অংকন করা হয়েছে কালো/সাদা!
- গ. ভাববাদী শক্তিশালী, আবেগময়, অর্ন্তদৃষ্টিমূলক বার্তা দিয়েছেন নিয়মের ঈশ্বরের!
- ঘ. মিখা হলেন একজন ভবিষ্যৎবাণীর ভাববাদী:
১. অশুরিয়ার কাছে শমরির পতন, ১:৫-৭; ৬:৯-১৬
 ২. বাবিলের কাছে যিরুশালেমের পতন, ১:৯-১৬; ৩:১২; ৪:১০-১২; ৬:৯-১৬
 ৩. নির্বাসিত যিহূদী লোকদের ফিরে আসা, ২:১২-১৩; ৫:৫-৯; ৭:৭-২০
 ৪. মিখায়ার জন্ম স্থান, ৫:২ এবং তাঁর বিশ্বজনীন রাজ্য, ৫:৪
 ৫. পরজাতীয় জাতিদের আসন্ন বিশ্বাস, ৪:১-৫

IV. রচয়িতা

- ক. ঐতিহ্যগত ভাবে মোরোসেথ-গাথ থেকে আসা ভাববাদী মিখাকে সমগ্র ভাববাণীর লেখক হিসাবে দেখা হয়েছে।

- খ. আধুনিক পন্ডিতির চেষ্টা করেছেন মিখা বইটিকে ভাগ করতে বেশ কয়েকজন লেখকদের মধ্যে যেভাবে তারা মোশির লেখাকে লিখেছিলেন। যদিও, অভ্যন্তরীণ প্রমাণ রয়েছে যে বইটির একতা রয়েছে:
১. বেশ কিছু অধ্যায় শুরু হয়েছে হিব্রু টার্ম “শোন” (*shema*, দ্বি বি ৬:৪) দিয়ে, ১:২; ৩:১; ৬:১।
 ২. রূপক “মেঘপালক”/“মেঘ” সামগ্রিক ভাবে ব্যবহৃত হয়েছে ২:১২, ৩:২-৩; ৪:৬; ৫:১ থেকে কয়েকটি পদ; ৭:১৪ পদে।
 ৩. ৮ম শতকের অন্য ভাববাদীদের কথা সমগ্র বইতে পরোক্ষ ভাবে উল্লেখিত হয়েছে (৪:১-৩ এর সাথে যিশা ১:২-৪)।
- গ. মিখা, অনেক দিক দিয়ে, ব্যক্তিত্বে এবং বার্তায় আশোষের মতই। তাদের বাড়ীও ছিল কেবলমাত্র ২০ মাইল তফাতে। তারা দুজনেই গ্রাম থেকে আসা লোক ছিলেন, যিশাইয়ের মত রাজকীয় দরবারের রাজনৈতিক এবং ক্ষমতার সংগ্রামে অর্ন্তভুক্ত ছিলেন না।

V. তারিখ

- ক. ১ অধ্যায়ের ১ পদ বলে কতদিন এবং কোন সময়ে মিখা পরিচর্যা করেছিলেন: “যোথম, আহস ও হিষ্কিয়ের সময়ে।”
- খ. যিরমিয় ২৬:১৮ পদ বলে যে তিনি হিষ্কিয়ের রাজত্বের সময়ে ভাববাণীর কাজ করেছিলেন।
- গ. যেহেতু ১:১ পদ যেমন শমরিয়াকে তেমনি যিরুশালেমকে উদ্দেশ্য করা হয়েছে এবং ৬:১-১৬ পদ হল একটি দরবারের দৃশ্য যেখানে ভাববাণী করা হয়েছে ইস্রায়েলের পতনের, তিনি অবশ্যই খ্রীষ্ট পূর্ব ৭২২ অব্দে শমরিয়ার পতনের পূর্বে ভাববাণীর কাজ করেছিলেন।
- ঘ. তার পরিচর্যা শমরিয়ার পতনের পরও চলেছিল। বইটি মনে হয় তার সমগ্র পরিচর্যার বার্তার সংগ্রহ।

VI. ঐতিহাসিক অবস্থান

- ক. মিখা হলেন ৮ম শতকের ভাববাদী যিনি পরিচর্যা করেছেন দক্ষিণের রাজ্যে তার সমসাময়িক যিশাইয় ভাববাদীর সাথে।
- খ. এটা ছিল সমৃদ্ধি ও সামরিক সম্প্রসারণের সময়। সে সময়ে অনেক ধর্মীয় কাজকর্ম হচ্ছিল কিন্তু এটি ছিল কনাণীয় উর্বরতার আরাধনা YHWএর নাম ব্যবহার করে।
- গ. ৩য় তিগ্গৎ-পিলেষরের গতিশীল নেতৃত্বের অধীনে অশুরিয় সম্রাজ্যের উন্নতি আঘাত করার পর্যায়ে এসেছিল।
